# তপোভুমি নর্মদা

চতুৰ্থ খণ্ড

### প্রকাশক ঃ শ্রীআনন্দ মোহন ঘোষাল ৪১, দানেশ শেখ লেন। হাওড়া - ৭১১ ১০৯

প্রকাশ ঃ দোল-পূর্ণিমা ১৩৬৪

### প্রাপ্তিস্থান ঃ

- (১) মহেশ লাইব্রেরী ২/১ শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা - ৭০০ ০৭৩
- (২) সংস্কৃত পুস্তক ভাণ্ডার ৩৮ বিধান সরণী, কলিকাতা - ৭০০ ০০৬
- (৩) নাথ ব্রাদার্স ৯ শ্যামাচরণ দে ষ্ট্রীট, কলিকাতা - ৭০০ ০৭৩
- (৪) দে বুক ষ্টোর ১৩ বঙ্কিম চ্যাটাঙ্কী ষ্ট্রীট, কলিকাতা - ৭০০ ০৭৩

#### মুদ্রাকর ঃ

ট্রায়ো প্রসেস পি-১২৮ সি. আই, টি **ল্লোড** কলিকাতা-৭০০ ০১৪

### লেখক-পরিচিতি

দি বৈদিক রিসার্চ ইন্টিট্টে-এর ডিরেটর, প্রাচ্য ও পাশ্চার্ড বিভায় বহু অধাতী সুপণ্ডিত, বেদাধনায়ী শ্রীশৈলেজনারায়ণ গোষাল ১৯২৮ সালের হে মার্চ দোল-পূর্ণিমার দিন মেদিনীপুর জেলার অন্তগত কালিয়াডা নামক গ্রামে জন্মগ্রহণ করেন। পিতা অগ্নিহোত্রী ব্রাহ্মণ প্রশীভূষণ গোষাল ও মাতা প্রভাবতী দেবার ইনি মধাম পুত্র।

পিতার ইচ্ছাসুসারে বেদাধায়ন ও ভারতকে জান` এই আদেশ শিরোধায করে কৈলাস, মানস-সরোবর, শতপন্থ, কেদারবদ্যাসহ কাশ্মীর থেকে কন্যাকুমারিকা পর্যন্ত সমগ্র ভারতবর্ধ চারবার পরিভ্রমণ করেন।

১৯৫৭ সালে প্রথম গ্রন্থ 'আলোকতীর্থ' প্রকাশিত হয়। সেই গ্রন্থে তিনি বেদ-বিরোধী মূর্তিপূজা, ভাগবভ, রামায়ণ, মহাভারত সম্পন্ধে সমাজে প্রচলিত ভুল ধারণাদি খণ্ডন করেন এবং মৃতন আলোর পর দেখান।

রক্ষণনীল এবং গোঁড়া গণ্ডিত্সমাজ প্রচণ্ড কুক হয়ে এই এত্রের প্রতিবাদে কয়েকটি পুল্ডক প্রকাশ করলেও বিক্রিক্তিত দার্শনিক জাজগদাশচন্দ্র চটোপাধারে, ঐতিহাসিক ভঃ রাধাক্ষ্দ মুগোপাধারে, ভঃ কালিদাস নাগ, মনীষী চিন্তানায়ক জাসোন্দ্রনাথ ঠাকুর, ৬ঃ সুক্ষার সেন প্রমুখ পণ্ডিত্যণ, এই সং প্রচেটার উচ্ছুদিত প্রশংসা করেন।

ওথাকথিত গণ্ডিতস্নাজের স্মালোচনার এবং অপ্যুক্তির অক্ষরশঃ খণ্ডন করেন 'আলোক-বন্দ্না' (১৯২৮) নামক দ্বিতীয় গ্রন্থে।

পিতামাতাই শিব শিবানী—প্রত্যেকের জীবনে পিতামাতাকেই আরাধ্য দেবতা হিসাবে পূজা করা উচিত—এই তত্ত্বকাশ করেন তাঁর 'পিতরে'। ( ১৯৫৭ ) গ্রন্থে।

ঋষি-পিতার শেষ আদেশানুসারে মাত্র কুড়ি বছর বয়সে নর্মদার উৎসম্থল
মধাপ্রদেশের অমরকতক থেকে গুজরাটের ভূগুকছে [ যেখানে নর্মদা সমূদ্রে
গিয়ে মিলেছেন ] পর্যন্ত উভরতট নগ্রপদে পরিক্রমাকালে যেখানে যা
দেখেছেন ভারই পূজানুপূজ্য বর্ণনা করেছেন তাঁর এই 'তপোভূমি নর্মদা'
গ্রন্থে। কয়েক খণ্ডে প্রকাশিতবা এই গ্রন্থে উচ্চকোটি সাধু-

মহারাদের সাধন-পণ, সাপদ-শঙ্গ গভীর অরপোর প্রঘাট ও আরও সব বিচিত্র অভিজ্ঞতার কথা।

প্রস্থাকারে অপ্রকাশিত অনেক রচনার মধ্যে রয়েছে Science In The Vedas. বেদান্ত-সার, পাতঞ্জল যোগ-দর্শন, বৈদিক ভারত, প্রাচীন ভারতের যুদ্ধ-বিচ্চা প্রভৃতি আরও অনেক গ্রন্থ।

১৯৫৭ সালের ৮ই সেপ্টেম্বর রাত্তি ১২টায় পিতৃপক্ষের পূণ্যক্ষণে সমাধিত হয়ে লেখক শিবতনু প্রাপ্ত হন।

## Get Bangla eBooks



আরো বাংলা বইয়ের জন্য নিচের লিংকে ক্রিক করুন

www.banglabooks.in

### গ্রন্থসূচী

পৃষ্ঠা ১—৩৯১

মহেশ্রের পথে যাত্রা—মহেশ্বর ও অহলাবিজ্-এর সমাধি মন্দির দর্শন— মার্কণ্ডের যোগাপ্রমে স্থিতি – মহেশ্বরের সান্ধা-আরতি – যোগাপ্রমে তুরীয়জী कर्क् रुर्रायां वाथा।, बाजा छर्क्रिब ७ वाकानमोत्रकात छर्क्रित जीवन ७ শাস্ত্র আলোচনা এবং সুমিউ ভন্তন গান—ডাঃ বংশীলালন্ধীকে চতুর্মুখী রুদ্রাক मान-गटम्बत जान-अमवाटि योहिमकी यहारित मर्गन ७ क्यमछात्र**ीकी**त সম্প্রদায়ের সঙ্গে শৃলপাণি অভিমূখে যাত্রা—মতীন্দ্রভারতীর সঙ্গে আলাপ— মতীন্দ্রভারতী কর্তৃক মোহাস্ত নগেন্দ্রভারতীন্দীর সঙ্গে পরিচয়—মোহাস্তনীর সরল ও সহদর ব্যবহার—শৃলপাণির ঝাড়িতে ধর্মপুরীর দ্বীপে কালেশ্বর ভৈরবের মন্দিরে অবস্থান —ভীলদের আচার-আচরণ ও ইতিহাস আলোচনা— সহস্ৰলিঙ্গ কালেশ্বর ভৈরবের আরতি—মতীন্দ্রের সুমিউ গান—মোহাস্তজীর ভাব-সমাধি-হ্বৰ-বিভিন্ন শিবলিকের ষর্মণ বর্ণনা-রাক্ষ্যদের প্রকৃত ষ্ত্রপ নিয়ে শাস্ত্র আলোচনা—কালেশ্বর মন্দির ত্যাগ—প্রকৃতির নৈগগিক দৃশ্য— নীলকণ্ঠেশ্বর মহাদেব দর্শন—রোশনলালের নৌকাতে চিতাবাদের আক্রমণ— ভীলনস্য কর্তৃক পুটপাট—বড়বাণীর ব্যারাকবাড়ীতে অবস্থান—ভ্যোতিষচর্চা —निभात्रभूदत चनरवात कन्नरन यमान-यिहिन-भारेवन कर्ज्क त्रव छीनरक আক্রমণ ও উদ্ধার—পল্লীবাসীদের কৃতজ্ঞতা আপন—মাণ্ডবগড় কেল্লার পরে যাত্রা—আক্রমণোগ্রত কালো চিভার দল—অগ্নি প্রাকারের মধ্যে রাত্রিবাস— মহান্ত্ৰা সোমানন্দের আবিষ্ঠাব—কালো চিতার পলায়ন—রক্ষা—মোহান্তব্দীর মূবে ওঘৰতীর কদর্য উপাধ্যান—দলত্যাগ—ভীল পল্লীতে আশ্ররলাভ— অাথিতেরতা—লছুর সঙ্গে হাডনোরার উদ্দেশ্যে যাত্রা—যোহান্তজীর সঙ্গে यहार्टित्व चात्रि स्वाहालकोत्र नगाधि माननम्य, विनन-वागरएव विकास का अपने का निवास का निवा ও তার উপদেশ দান-অকালবাড়া তাগে ও কোটেখরের উদ্দেশ্যে যাত্রা-আংগ্রেলক কোটেখ্রের পৃজা—কোটেখরের মন্দিরে ভীলদের আক্রমণ্— করণাত্রীক্ষীর আবিষ্ঠাব ও ভীলদের হাত হতে প্রাণরকা—করণাত্রীকীর

সঙ্গলাভ ও শাস্ত্রার্থ আলোচনা—করপাত্রীজীর যোগ-বিভৃতি—করপাত্রীজী কর্ত্ক রতনভারতীর মন্ত্রহরণ ও পুনরায় মন্ত্র-জাগরণ--পিতৃপুরুষের ভর্পণ--বেদ্বতী আশ্রমের শাশ্রতী মারের গল্প-মহাভারতের গল্প-শাশ্রতী মারের আগমন ও বি চুড়ী ভোগ প্ৰদান—হাপেশ্বর জন্মলে প্রবেশ—মেগনাদ তীর্থ দর্শন ও বর্ণনা—ধর্মরারের মন্দিরে রাত্রিবাস—ছির্ণাক্ষতীর্থ—হম্মের তপ্সা-ক্ষেত্রে যম সম্বন্ধে আলোচনা—হিরণফাল—ভরগ্ধর ঝাড়ি-সুডং শুকু—কাটা ফুটে সাতজন নাগা চলংশক্তিহীন-পথে চরম চুর্ডোগ-সাপের উপর অবার্থ বেদমন্ত্রের প্রয়োগ— ঋষিক্ষেত্র হাতনী সঙ্গুমের ধর্মশালার অবস্থান—মানস্পটে প্রশামনাদ্রীর আবির্ভাব ও ভংগনা-কপালীবাবার দেবা ও এতিথেয়তা -বিশ্ববারা ও ষরংপ্রভার সিকিস্থান দর্শন –কপালীবাবার জ্ঞানগর্ভ শার খালোচনা, সরস্বতীর ষরুপ ও বিভিন্ন ক্লের বর্ণনা-সকলকে লুকিয়ে মোহাস্তজীর পিড়-ভর্পণ--র্ষাক্পি রুদ্রের খারতি --কপালীবাবার কাছে গ্রামের বুড়ী শাতশার বর্ণনা—একাদশ রুদ্রের স্বরূপ—এগারটি ডুংরি অতিক্রম — হাপেশ্বরের মন্দির-প্রাঞ্গণে হিতি—বিস্মারকর হাপেশ্বর লিজ দর্শন—পুনরায় করণাত্রীজীর দর্শনশাভ ও করণাত্রীজী কর্তৃক প্রত্যেকের হৃদয়ে য য গুরুর প্রকাশ-বানপক স্থম-পাগুলা ঘটি ও পাগুলী মার প্রস্থ জন্দে রাত্রিবাস-পুন্ধরিণী তার্থ-সবিতা হিরণাগাণির ব্যাখ্যা ও হিরণাপাণি মহাদেবের আরতি —মোহাওজীর ভাব-সম্ধি—কোণ্যা আলোকিত রাত্রে নৰ্মণাতটে অলৌকিক দৃশ্য দৰ্শন--গবে বাঘ ও মহিষের লড়াই-- আদিতোশ্বর यिनत-मुन्नेन बाष्ट्रकाकीय मुश्यि योतात एकन ७ योतात कीवनी धाटनाहमा —আদিতোশ্বর মন্দির ভাগে।

## তপোভূমি নৰ্মদা

å

### ॥ হর নর্মদে হর॥

মগুলেশ্বর অতিক্রম করে আমি ভাল রাপ্তা পেলাম, যেন সমতল অঞ্চল দিয়েই আমি ইটিছি। বামদিকে নর্মদা বয়ে চলেছেন। ডানদিকে সুউচ্চ বিদ্ধাপর্বত। বিদ্ধাপর্বতের দিকে তাকালেই ছরাবগাই ঘন অরণা চোথে পড়ছে। কিন্তু আমার এই চলার পথে তেম্মন কোন জল্প নেই। মনে হচ্ছে যেন আমি সমতলভূমির উপর দিয়েই ইটিছি। সমতলভূমির ছধারে থেমন গাছপালা থাকে তেমনি এখানেও তেমন কিছু সেগুন, করঞা, পেরারা, কাঁঠাল এবং নাম-না-জানা কিছু কিছু বনার্ক যঞ্জত্ত্র ছড়িয়ে আছে। রাস্থার কাছে এবং রাস্থা হতে দুরে অনেক ঘরবাড়ীও চোখে পড়ছে।

-- আপ্ভেইয়া কিধর যায়েজে ! আপ্নর্মান মাইয়াকো পরকর্মাকর্ রহে হো !

মূব তুলে তাকিয়ে দেখলাম, শিখা উপবীতধারী সভায়াত এক আহ্মণ নর্মদার ঘাট থেকে আমাকে জিজ্ঞাসা করছেন।

वािय वनुमनऋভादि हे छेखत निनाम-की हैं।।

তিনি নর্মদার ঘাট থেকে উঠে এসে সামনে দাঁড়িয়ে বললেন—লেকিন্
আপ্ নাহি জানতে হো, মারীকো ডাহিনে তরফ রাখকে পরকর্মা কী বিধি
হো। যো সাধু রুপ্তা পরকর্মা করতা হৈ, উহ্ সদৈব দক্ষিণতট্সে পরকর্মা
উঠাতা হৈ। কেঁপুকী দক্ষিণতট্সে পরকর্মা করনেসে নর্মদামাতা ডাহিনে
তরফমেঁই রহতা হৈ। ফিন্ ব্রোচসে উত্তরতট পরকর্মা করনেসে 'নর্মদা
হরববং ডাহিনা তরফমেঁই রহতা হৈ। আপু কোল জমাত্ কা সাধ
পরকর্মা করনেসে আপুকো গলতি নেহি হোতা থা।

— আপ্কো উপদেশকে লিয়ে বহুং সুক্রিয়া জানাতা হ'। লেকিন্ লেড্কা যব্ মারীকো প্রণাম করতা হৈ, উহ্ আপনা মায়ীকো ডাহিনেদে, বাঁরাদে,

আগলিলে, পিছলিলে সৰ ভ্ৰফলে প্ৰণাম নিৰেদন কৰু সক্তে হৈ কি নেছি? হম্ সাধু নেহি হৈ, হম মায়ীকী এক অবোধ লেড্কা হঁ। হম্ অন্তৰ্গে ভানতা হঁ, হম্ সচ্মুচ সবিশেষ বিধিসে প্ৰকৰ্মা ক্ৰনেকে লাৱেক নেহি। ইসীওয়ান্তে মাতাজীকো হাদিক প্ৰণাম নিৰেদন ক্ৰতা হঁ।

হ্মার। ভাবনা এহি ছার। এহি শোচতে শোচতে যা রহেঁ – নমঃ
পুরস্তাদথ পৃষ্ঠতন্ত্বে, নমোহস্তুতে সর্বত এব সর্ব ( দীতা ১১।৩৯ )। এ মারী!
ভূমহারা সামনেমেঁ প্রণাম, পশ্চাৎমেঁ প্রণাম, তৃতাপ সর্ববাস্তা: ইস্লিরে
পরকর্মা কি চংসে সর্বহি দিক্সে প্রণাম করতা হাঁ।

এই বলে আমি ব্রাহ্মণকে নমস্কার জানিয়ে আবার হাঁটতে লাগলাম নিজের পথে। আমি মনে মনে প্রশারদাসজীকে শারণ করে বলতে লাগলাম, ভূমি ত সর্বদর্শী, ভূমি চেয়ে দেখ, আমি তোমার প্রথম উপদেশ 'হাস বোল্ খাপা নহো কিনীসে' একথা রক্ষা করতে পেরেছি কিনা! আমি ব্রাহ্মণের কথার বিন্দুমাত্র কেশে উটিনি, হেসেই কথা বলেছি!

যতদূর এগিরে যাচ্ছি. সমতলের শোভা একই রকম। ধরণীর উচ্চাবচ ভূমিরেখা এখানে সুপরিস্ফুট, বন তাদের ঢাকেনি, কোথাও ফু'এক ঝাড় পাহাড়ী বাঁশ, কোথাও অদ্রের শৈলশ্রেণী থেকে ছোট ছোট ঝরণা বরে চলেছে বন্ধুর উপলান্ত্ত পথে, কোথাও বা দেখা যাচ্ছে দূরে ফু'একটা বস্ত্রাম। এর আগেও ফু'একবার যা মনে হয়েছিল এখনও মনে হল, কি হবে পরিক্রমার কট্ট সয়ে, এই অপরূপ দৃশ্যাবলীর মধ্যে নর্মদার কোলে একটা পর্ণকৃটীর বেঁধে রয়ে গেলে কেমন হর! সদ্ধার এই স্থান নিশ্চরই শান্ত তপোবনের মত হবে। নর্মদার জল ও গাছের ফল খেরে শৈবাগমের সাখনার ভূবে গেলে নিশ্চরই কৃতার্থ হওরার মত জীবনের বর্ণফলল নিশ্চরই কিছুনা-কিছু সংগ্রহ করে উঠতে পারব। আর তা যদি নাও হয়, তব্ও নর্মদার কলকলোলে, পাহাড়ী বেণ্বনের ছায়ার, নৈশ বাতালে কীচকের রদ্ধে রদ্ধে বাঁলি বাজবে, পর্ণকৃটীরে শুরে শুরে নিশ্তর নিশীথে তা শুনবো আধো ঘুম আথো জাগরণের মধ্যে।

হঠাৎ একটা গাছের শিক্জে ঠোকর থেরে সতর্ক হলাম। সতর্ক হলাম মনেও। মনের উদাস ভাবের দিকে তাকিরে জ্রকৃটি হানলাম, রারা করা ত দুরের কথা, উত্তন ধরাতেই কানিস্ না, এখনও জ্বরগত প্রাণ, পেটে যথন কুধার আগুন অদাবে তখন।এই নির্ক্তন কুটারে বলে সাধন-ভজন করার সং কতদিন বজার থাকবে? আগে সংকল্প রক্ষা, পরিক্রমার শপথ রক্ষা করা তারপর অন্ত কথা।

কতটা যে পথ ইাটা হয়ে গেল ব্ঝতে পারছি না। বেলা বোধহর দশটা বাজতে যায়। যত মহর গতিতে ইাটি না কেন, তিন মাইল নিশ্চরই ইেটে ফেলেছি। মাদলের শব্দ কানে ভেনে আসছে। মিনিট দশেক ইাটার পরেই দেখি রান্তার কিছুদ্রেই ধাওয়া এবং ধৃদর বর্ণের মহরীন্ গাছের তলায় একদল মেয়ে পুরুষের জটলা। অনুমান করলাম, এখানে হাট বসেছে। হাট এদের কাছে একটা দেখবার মত জিনিষ! গোঁড, ওয়াঞ্চি, ভীল সবাই এখানে দল বেঁথে ভাল সাজগোজ করে হাটে আসবেই। হাট এদের কাছে উৎসবের জায়গা। এখানেই সাতদিন পরে পাঁচ গাঁয়ের লোকজনের সলে দেখাশোনা হয়, গল্পগুল্ব হয়, তাই হাটবারটা এদের কাছে একটা আমোদের দিন। আদিবাদী পুরুষদের প্রায়্ম সকলেরই হাতে তীর, ধনুক, গোঁড, ছত্রী প্রত্বেদের হাতে বড় বড় মোটা মোটা লাঠি বা টালি। তীর ধনুক বা লাঠি-টালি হাতে না নিয়ে এদেশের মেয়ে পুরুষ কেউ পথে চলে না। ওয়াঞ্চি ভীল প্রভৃতি জাতের মেয়েদের বেশও বিচিত্র। তাদের চ্লে প্রুষ করঞ্জার তেল, খোঁপা চিলে ও বাঁকা, তাতে ব্নো ফুল গোঁজা।

আমি হাটের দিকে কিছুটা এগিরে গিরে 'মহেশ্বর আর কতদূর' এই কথা জিল্ঞানা করার অভ্হাতে উকি মেরে দেখে এলাম হাটে বিক্রী হচ্ছে বীচিওরালা হলদে ও নাদা রং এর বেগুন, টোমাটো, পেঁরাজ, শুটকী মাছ, কুমড়ো, ভাগুা, মকাই, জেঁাদা অর্থাৎ নালনে পিঁপড়ার ভিম, বাধর অর্থাৎ মদ তৈরী করবার মভ মসলা, দেখতে কদমার মভ, মাটির হাঁড়িকুড়ি, মহরার তেল, করঞ্জার ভেল, তাঁভে ভৈরী মোটা কাপড় ও গামছা। হাটের একপাশে মাদল বাজছে। মেরে পুরুষ পরস্পরের কোমর জড়াজড়ি করে গোলাকারে নাচছে, তাদের মাঝখানে ঠাাঙে ছুরি বাধা ছটো লড়াকু মোরগের অ্টাপটি চলছে।

হাা, এই মুরগীর লড়াই একটা আকর্ষণের বস্তু বটে এদের জীবনে। সিংভূম, ময়ুরভঞ্জ ও মেদিনীপুর জেলার বিভিন্ন স্থানে গাঁওতালদেরকেও দেখেছি, এখানে নর্মদাতটে পরিক্রমাপথে গাঢ়াসরাইতেও দেখে এসেছি, আদিবাসীরা মুরগী লড়াই দেখে প্রচুর আনন্দ ও উন্মাদনা অনুভব করে। হাটে এলে কেনাবেচা, ব্যবসা-বাণিজা, টাকা রোজগার—এসব জীবনের অতি তুফ জিনিব। এর কি দাম আছে জীবনে। আসল জিনিব হল মুরগীর লড়াই!

আমি হাট থেকে উঠে এলাম বড় রাস্তার। একজন লোককে জিজাসা করলাম—এহি মহলাকী নাম ক্যা ? উত্তর এল মাজনা দাদার।

— মহেশ্বর ঔর ক্যাতনা দূর বা !— 'করীব দো মিল'।

লোকটি শুধু মহেশ্বের দ্রত্ব বলেই ক্ষান্ত হল না. ঝট্পট্ নেমে পড়ল নর্মদার জলে। এক হাঁটু জল পর্যন্ত নেমে আমাকেও ইশারা করল সেখানে নেমে যেতে। আমি রাল্ডার উপর গাঁঠরী ফেলে দিয়ে মা নর্মদার জল মাধায় ছিটিয়ে, প্রণাম করে এগিয়ে গেলাম লোকটির কাছে। আমাকে আঙ্লুল বাড়িয়ে দ্রে পশ্চিমদিকে তাকাতে বলল। ভাল করে দৃষ্টি দিতেই জ্লুলাকীর্ণ নর্মদাতটেই তিন চারটি মন্দিরের চূড়া এবং কয়েকটি সুউচ্চ অট্টালিকা চোখে পড়ল। লোকটি 'জয় মহেশ্বর, জয় মহেশ্বর' বলে যুক্ত করে মহেশ্বের উদ্দেশে দণ্ডবং জানাল। কমণ্ডলুতে জল ভরে উঠে এলাম রাশ্তায়। এই সময় লোকটি আমাকে পুর কাকুতি-মিনতি করে জানাল—আপ পরকরমাকারী লাধু হো। হমায়া পাঁচ বরষ্কা লেড্কা আজ পাঁচ মাহিনা ভারী বিমারমেঁ হায়। দাবাব্টিসে কুছ্ হোতাই নাই। আপ্ মুঝে কুছ্ আছ্টা দাবা দিজিয়ে। মেরে নাম মদনলাল বদ্রী।

আমি ভাবলাম, সাধারণ সরলপ্রাণ গ্রাম্য এই পাহাড়ী লোকটির কোন দোষ নেই। সাধুর বেশে থাকলেই ভক্তলোক তাকে সাধুবলে ভেবে নের। আর সাধু যদি হন, তাহলে তাঁর কোন সিদ্ধাই থাকবে না, তিনি ভ্ত-ভবিদ্বং গণনা করতে পারবেন না কিংবা দাবাইবৃটি করতে পারবেন না একি কখনও সম্ভব ? শুধু এখানে নর, সারাভারত ভূড়ে সাধারণ লোকের এই বদ্মমূল ধারণা। শুধু এখন নর, প্রাচীনকাল থেকে ইর্মধ্রেজী তথাকথিত সাধুবেশধারী লোকরা প্রসা রোজগারের ফিকিরে নানাবিধ কলাকৌশল শিধিয়ে আসচ্চন। সেইজন্যই ত কবীর সাহেব বাল করে বলেছিলেন—

> চাঁড়া করুঁ চাঁপড়া করুঁ করুঁ দাবাই বৃটি, সহজে মহস্তাই মিল গয়া, কৃষ্ণ প্রেম গঈ চটি।

মহাকাপরে পড়লাম। তার হাতে দেখছি কদ্রাক্ষ ও তিন চারটে মাছলি বাঁধাই আছে। কাজেই কদ্রাক্ষ দিয়ে কোন লাভ নেই। আমি তাকে ভাল করে ব্ঝিয়ে বললাম—আমি সাধু নয়, দাবাবৃটি কিছুই জানি না। ভূমি মহেখরে বা অন্য কোথাও হতে পাশকরা ডাক্ডারের কাছ হতে দোবাই' এনে ছেলের চিকিৎসা কর, মহেখরের কপায় সে সেরে উঠবে। কিছু কে শোনে কার কথা। আমার গায়ে আলখালা, হাতে কমগুলু, সাধুনই বললেই হল! সে সহসা আমার পা তুটো চেপে ধরল। অগতাা তার হাত হতে রেহাই পাবার জন্ম আমি ঝোলা হাতড়ে ধাবড়ীকুণ্ডে পাওয়া একটি সৃদৃশ্য ক্ষটিক লিছ তার হাতে দিলাম। বললাম, ইনি স্ববিদ্ধ বিনাশন। এঁর নিভাপুজা করে য়ানজল বাচ্চাকে খাওয়াতে থাক। আশাকরি, এঁর দয়ায় তোমার সন্তান সেবে উঠবে। ডাক্ডাররা যে চিকিৎসাবিদ্যা আয়ত্ত করেছেন, সেও এঁর ক্পাতে। কাজেই তাঁদের দেওয়া দাবাবৃটি মহেশ্বরেই আনীর্বাদ বলে জেনে যথাবিধি চিকিৎসা করাও তাতে মহেশ্বর ভূমটই হবেন।

আমার কথা লোকটির কর্ণগোচর হল বলে মনে হল না। সে তথন দরবিগলিত অফ্র হয়ে ক্ষটিক লিঙ্গকে বৃকে চেপে ধরে বিজ্বিজ করে কি বকে যাছে। এই লোকটিই আমাকে জলে নেমে সর্বপ্রথম মহেশ্বরের গলির দেখাল, কাজেই ধ্বজা দর্শনী ষর্মপ শিবলিঙ্গটি দিয়ে তৃপ্তি পেলাম ; আরপ্ত এই ভেবে শান্তি পেলাম যে এই তর্লত শিবলিঙ্গ একজন প্রকৃত ভক্তের হাতেই পড়ল। ভক্তকে আপনভাবে থাকতে দিয়ে আমি গাঁঠরীটি বগলে নিয়ে হাঁটা সুক করলাম। সুন্দর পাথরের রান্তা সোজা চলেছে মহেশ্বরের দিকে। পথের ধারে যত্রতিত্ত অরবাড়ী রয়েছে। প্রচারী ত সাইকেল আরোহীরও অভাব নেই। রান্তার ত্থারেই শাল, সেগুন, অশ্বথ, বেল, অঞ্চন ধাওয়া ও আমলকী গাছ চোথে পড়ছে। আমি নিক্তরেগে হেঁটে চলেছি ইন্দোরের হোলকার বংশের মহারাণী শিবতপ্রিণী অহলাবোল-এর পুণাজীবন অনুধান করতে করতে।

মহারাস্ট্রের গৌরব ছত্রপতি শিবাজীর মৃত্যুর পর তাঁর পৌত্র শাহু চিং-পাবন ব্রাহ্মণ বালাজী বিশ্বনাথের পুত্র বাজীরাওকে নিযুক্ত করেছিলেন পেশোয়া রূপে। সেই পেশোয়া বাজীরাও একবার ছল্লবেশে তীর্থ পর্যটনে

वितिस है स्मादित का हा का हि लाधुनिया बाद्य अरन जिनि निषेत छेखान তরদ দেখে কিভাবে তা অতিক্রম করবেন ভেবে পাচ্ছিলেন না। দলের তলার সঁচালো পাথর, মাঝে মাঝে দহ, সেই দৃহগুলো আবার বিষাক্ত সাপে ভত্তি। এমন সময় তাঁর কাছে একটি লোক এলে বলে--আমার নাম মলছর ভেঁবওয়ালা। হোলকার গোষ্ঠীর মারাঠা, বিদর্ভে বাডী চিল আগে। বিজাপুরী সুলতান ফোত হওয়ার পর আমাদের জায়গীর বাজেয়াপ্ত করে ৰের মুখলেরা। পালিয়ে এসে এখানে কিছু জমি কিনে, ভৈঁদ পুৰে দিন গুজরান করছি। এখানকার মুখল চৌকিতে হুধ দিতে গিয়ে আমি দেখে এসেছি জনাকুড়ি মুখল দৈনিক রওনা হচ্ছে আপনাকে ধরতে। আপনার পরিচয় তারা জেনেছে। আসুন, আমি আপনাকে অপেকাকৃত নিরাপদ স্থান দিরে নদীর অপর পারে পৌছে দিই। মলহর পেশোয়াকে পথ দেখিয়ে জল পেরিয়ে যেখানে এনে উঠেছিল, সে জারগাটা সংকীর্ণ, তার চুই দিকে খাড়া পাহাড় : ঠিক যেন একটা ষাভাবিক গিরিবর্ম। পেশোয়া নদীর এপারে এসেই দেখতে োলেন মলহরের কথাই ঠিক। জনাকুড়ি সশস্ত मूचल रिमिक ज्थन नमीत छल्छ। कृत्न करनत मर्सा त्नरम প्राकृत्छ। मनहत নতজাত্র হয়ে বলল--পেশোয়া আপনাকে চিনেছি, আপনি ছুটে পালান, বাড়তি তরোয়াল ঘদি একখানা প্রাকে, তাহলে দিয়ে ঘান আমাকে। দরকার হলে, আমি ওদের রুখর যতক্ষণ পারি। আপনার জীবনের অনেক माम। आननात जना यनि यामाग्र जीवन नित् इत्र, कर्जवात्वाद्धरे तनव। याज আমি ভেঁগ চরাই, কিন্তু দেহে আমার সৈনিকেরই রক্ত। কর্তবাসাধনে तक्मानहे ज टेमनिटकत काक ! व्यापनि यान, निटक वाँठून, मात्रार्घाकार्किक বাঁচাৰ।

পেশোরা নিজের তারোরালটি মলহরের হাতে দিরে বিষণ্ণ চিত্তে বিদায় নিলেন। মূখল সৈনিকরা মলহরের কাছাকাছি তথন পৌছে গেছে। কিছু সংকীর্ণ গাঁটিতে একাধিক সৈনিকের একসলে তারোরাল চালানো সম্ভব নর। এক-একজন করে এগিয়ে আসে, আর মলহরের তারোরালে বারেল হয়ে পড়ে যার জলে। সাপেরা এমনি ভেসে উঠে হেঁকে ধরে হতাহভ সৈনিকদেরকে। পরপর পাঁচটি সৈনিকের এইরকম দশা দেখে বাকী সৈন্মরা গালি দিতে দিতে পিছন ফিরল। ভারা ফিরে গিরেই চড়াও হল মলহরের

বাড়াতে। ব্রী-পূত্র হল নিহত, তার বরে আগুন লাগিয়ে দিয়ে তার তৈঁলের পালকে তাড়িয়ে নিয়ে তুলল নিজেদের চৌকিতে। নলহরের জমি জারগাও বাজেয়াপ্ত হয়ে গেল।

বিপদের এই বন্ধুকে ভোলেননি বাজীরাও। সর্বহারা মলহরকে নিজে সন্ধান করে নিজের কাছে নিয়ে এসেছিলেন তিনি। উত্তরকালে সেই ভেঁসওয়ালা মলহর পরিচিত হয়েছিলেন ভারত ইতিহাসের অল্যতম কৃতি পুরুষরূপে। ইল্যোরে হোলকার রাজবংশের তিনিই প্রতিষ্ঠাতা। আর মহীরুদী অহলাবাদ হলেন তাঁরই পুত্রবধু।

चांगात्मत्र धारमत मधाचन निरत्न श्रीक चहनाविषे त्राष्ठ। कार्ष्कहे শিশুকাল হতেই তাঁর পুণ্যনাম শুনে আসছি। কিশোর বরতে যখন স্কুলপাঠা ইতিহাসে তাঁর কথা পড়তাম, তখন বাবা ইতিহাসের বই-এ তাঁর ছাপানো ছবিটিকে দেখিরে বলতেন-এই মহীয়সী মহিলার কথা চিরকাল মনে बायित, हेनि हत्मन मर्त्जात मारकत कना ! अंत नहा च नात्नत, विश्विषठः খ্মনত্ত শিবনিষ্ঠার কোন তুলনা হয় না। মলহর রাওএর পুত্র খান্দেরাও-এর সঙ্গে তাঁর বিবাহ হয়েছিল, কিছু অসংযম ও বিলাসের স্রোতে গা ভাদিয়ে তাঁর অকালে মৃত্যু হয়। কাজেই অল্লবরদেই অহলাবাল বিধবা হন। তার একমাত্র পুত্র মালেরাও তখন শিগু। সেই একমাত্র পুত্রও যৌবনে উপনীত হওরার নলে সঙ্গে শিবগতপ্রাণা মারের সক্স মহৎ আদর্শ জলাঞ্জলি দিয়ে অনাচারী ও ব্যভিচারী হয়ে যায় এবং শেষ পর্যন্ত উন্মাদ অবস্থায় আত্মহত্যা করে। শোকের উপর শোক, তাঁর একমাত্র কলা বালবিধবা হয়ে সতীদাহের নিয়মানুসারে যামীর চিতার আত্মবিসর্জন করে। তাঁর খণ্ডর মল্ভর রাওয়ের যখন দেহান্ত হয়, তখন অহল্যাবাল-এর বয়স মাত্র একত্রিশ বংসর। সেই বয়সেই রাজ্যের শাসনদণ্ড হাতে নিয়ে পল আত্মীয় স্বজনের ৰড়থন্ত্ৰের বিরুদ্ধে তাঁকে যুদ্ধে লিপ্ত হতে হয়। অন্য যে কেউ হলে এত শোকে হৃঃবে পাথর হরে যেড, ভাবত যে ঠাকুরের নিতা উপাসনা করেও যধন এত গু:খ-শোক তখন সে ঠাকুরকে ডেকে লাভ কি ় কিছু অহল্যাবাঈ ছিলেন প্রকৃত ভক্ত। ভিনি জীবনের সকল শোক গুংখকে মহাদেবের চরণে भूम्भाक्षनित यक नयर्भभ करत निविध्यात विष्णात स्टा थाकरण्य। महारमस्वत ৰাতুল চৰণ আঁকড়ে ধৰেই তিনি এত বিৰুদ্ধ সংবাতের মধ্যেও সুষ্ঠভাবে

রাজা পরিচালনা এবং নিরম্ভর কলাাণযজ্ঞে ত্রতী থেকেছেন। রাজধানী ইন্দোর অহলাবাঈএর সৃষ্টি। তাঁরই সুশাসনে ইন্দোর রাজা ঐশ্ব ও সমৃদ্ধিতে ভরে উঠেছিল। আমার গস্তবাস্থল মহেশ্বর তীর্থে তিনিই নাকি মহানগর স্থাপন করেছিলেন এবং বহু মন্দির, সুবিস্তৃত ঘাট তৈরী করে মহেশ্বরকে মধ্যপ্রদেশের বারাণসী করে তুলেছিলেন।

पत्रा भ पान- अ प्रति भरमद कीवल मानवी विश्वह हिस्मन **क**हलाविके। লক লক দীন হ:থী আতুর এবং সাধু সন্ন্যাসী তাঁকে ডাকতেন করুণামন্ত্রী মা বলে। তাঁর জনহিতকর কাথ, দয়া এবং দান কেবল ইলোর রাজ্যের মধ্যেই শীমাবদ্ধ ছিল না। মর্ত্যের এই শংকর-কন্যা সারা ভারতবর্ষের নানাস্থানে অসংখ্য দেবমন্দির, বছ রাজপথ, জলাশয়, পাতৃশালা, অল্পত্র, সদাবর্ভ এবং নদীতীরে মানঘাট নির্মাণ করে গেছেন। সহত্র সহত্র আতুর, ভিক্ষুক, সর্বহার। এবং সাধু মহাত্মাকে অর বস্তু দান ছিল তাঁর দৈনিক বত। গ্রার বিষ্ণুপাদ মন্দির এবং কাশীর বিশ্বনাথ মন্দির, উভন্ন মন্দিরের বর্ণমণ্ডিত চূড়া ও ষর্ণকলস, অহল্যাবাঈ-এর অরুপণ দানেই গড়ে উঠেছিল। এই নর্মদাতটের কত ভীর্থকে যে তিনি জাগ্রত করে গেছেন তার ইয়তা নেই। অমরকন্টকে দেখে এসেছি তার দানে নির্মিত আদি যাত্রী-নিবাস, এখন তার নাম ष्यह्मानिक धर्माना, जन्तनभूत १३ मित्क गार्ननत्रकन्, गत्या श्रेवहमाना নর্মদার স্ফটিক-পাহাড়ের উপর খেত শিবলিক স্থাপন করে ধর্মার্থীদের 'জলে হরি' পরিক্রমার সুযোগ তিনিই করে দিয়ে গেছেন। ওঁকারেশ্বরে বিষ্ণুপুরীর খাটে অমলেশ্ররের মন্দিরে আজ তাঁর দান ও ব্যবস্থাপনায় নিতা বাইশজন ব্ৰাহ্মণ পনেরো হাজার আট শত সন্ত নির্মিত মূম্ময় শিবলিঙ্গ পূজা করে জলে বিদর্জন দিয়ে চলেছেন। সেইসব ব্রাহ্মণ যাতে সপরিবারে ষাচ্ছনেদ জীবিক। निर्वाह कत्राज भारतन, जात्रभ भाका वत्सावस्त्र करत्र श्राहन जिनि ....।

হঠাৎ চোখে পড়ল হাজারখানিক গরু গলায় ঘটিবাঁধা, সমগ্র রাস্তা ঢেকে এগিয়ে আসছে। চিস্তাস্ত্র ছিল্ল হল। আমি রাস্তা থেকে নেমে একটা হরিতকী গাছের গোড়ার গিল্লে দাঁড়ালাম। প্রায় কুড়ি মিনিট ধরে গরুর দল হাঁটছে ভ হাঁটছেই। তারা রাস্তা থেকে সরে যেতেই রাস্তার উঠে হাঁটা সুক্র করেছি, এমন সময় চোখে পড়ল একটি একতলা পাথরের বাড়ী, খোলার ছাউনি। গেটে একজন পুলিশ দাঁড়িয়ে আছে। গেটের গারেই একটি লাইনবোর্ড, ভাতে হিন্দীতে লেখা আছে—'পুলিশ-চোকি, মহেশ্বর, জেলা ইন্দোর, মধ্যপ্রদেশ।'

আমি তাহলে এসে গেছি মহেশ্বে। কনটেবল মহোদয়ের গলায় একটা মালা, কপালে চন্দনের ফোঁটা। বাবাজা, বোধহয় রান ও মন্দির দর্শন করে এসে রাজকার্যে ব্রতী হয়েছেন। তাঁকেই আমি জিজ্ঞালা করলাম—মন্দির কোন্ দিকে ? সম্রজভাবে তিনি একটি ছোট রাল্ডা দেখিয়ে দিলেন। ঘাটে এসে পৌছে গেলাম। লাল পাথর দিয়ে বাঁধানো এত বড় ঘাট আমি কল্পনাতেও আনতে পারিনি। এত বিশাল এর বিস্তৃতি এবং দৈর্ঘা যে আমি থ্রই আশ্চর্যান্বিত হলাম। যতদ্র চোখে পড়ছে, নর্মদাতট বড় বড় লাল পাথরে যেন মুড়ে দেওয়া হয়েছে। কাশীতে গলার ঘাটও বছদুর পর্যন্ত, বাঁধানো সন্দেহ নেই, তবে এইরকম বড় বড় চওড়া লাল পাথরের বাঁধানো ঘাট কাশী ত দুরের কথা সমগ্র ভারতবর্ষে আর কোধাও আছে কিনা সন্দেহ।

বাটে অনেক লোক ঘুরে বেড়াচ্ছে, মহেশ্বর মন্দিরেও ভক্তের ভীড়। আরও তিন-চারটি মন্দির আছে, সেগুলিতে তত ভীড় নেই। আমি মহেশ্বর মন্দিরের সামনের ঘাটেই গাঁঠরী ঝোলা রেখে সান করতে নামছি এমন সময় এক সম্রান্ত যুবক আমাকে এসে বললেন যে আপনি তাড়াতাড়ি সান সেরে মন্দিরে না গেলে এখন আর দর্শন পাবেন না। বেলা বারটা বাজলেই মন্দির বন্ধ হয়ে যাবে। আমি তাঁকে ধলুবাদ জানিয়ে সান করতে নামলাম। সান ও তর্পণাদি সেরে এক কমগুলু জল নিয়ে মন্দিরে চুকলাম। এখানে দেখছি, দক্ষিণী ত্রাহ্মগদের দাপট বেশী। তাঁরা কোন ভক্তকেই ছু মিনিটের বেশী মহেশ্বরের অর্চনার জন্য সময় দিছেন না। শিবলিলটি চমৎকার মন্দ। প্রায় ছু'ফুট উঁচু শিবলিক, মাধায় একটি রূপার সাপ। আমি ইউমন্ত্র জপ করতে করতে মহেশ্বরের মাধায় জল ঢাললাম, তারপর প্রণাম করে বেরিয়ে এলাম। ঘাটে এসে দেখি, সেই ভদ্রলোক আমার গাঁঠরী ও ঝোলার কাছে বলে আছেন। আমি তাঁকে বললাম—ছিঃ ছিঃ আমার ঝোলা গাঁঠরী পাহার। দেবার জন্য এই রৌজে আপনার অহেতৃক বলে থাকার দরকার ছিল না। আমি পরিক্রমাবালী। পরিধেয় আলশালা, চাদর, কম্বল ছু'চারখানা বই,

বড়জোর করেকটা রন্ধাক ও শিবলিল ছাড়া আর কি আছে ? এই জিনিব চোরেও ছোঁবে না।

—না, তার জন্য নয়, এখানে চুরি হয় না। তবে ঐ যে দেখছেন
মহেশ্বরের বিশাল বিশাল যাঁড়গুলো ঘুরে বেড়াচছে, ওরা শিং-এ করে
খাটাখাটি করত, হয়ত জলেও ফেলে দিতে পারত। তাছাড়া এই
মন্দিরের পেছনের মহল্লাতেই আমার বাড়ী। এখন কোন কাজ নেই। আমি
ডাব্রুরার প্রান্তি আমার বাড়ী। এখন কোন কাজ নেই। আমি
ডাব্রুরার স্পাল থেকে ডাব্রুরার বন্ধ। হাতে সময় আছে, আর সময় থাকলেই
আমি এই সুন্দর ঘাটে ঘুরে বেড়াতে ভালবাসি। সে যাক্রে, আপনি
মহেশ্বরকে দর্শন করলেন আর মহেশ্বের প্রতিষ্ঠাত্রী দেবীজী অহল্যাবাল্পএর
সমাধি-মন্দির দেখবেন না । ঐ ও মন্দিরের পাশেই সমাধি-মন্দির দেখা
যাচেছ।

আমি বললাম-নিশ্চয়ই দেখব, তবে গ্র'চার মিনিট অপেকা করুন, আমি এখনই আদছি। এই বলে আমি ভাড়াতাড়ি ঘাটে নামলাম। মহেশ্ব দর্শনের তাড়ার আমি মর্তোর এই শিবকন্যার উদ্দেশ্যে তর্প: করতে ভূলে গেছলাম। धामि चार्टि त्वस्य छर्पन करत्र अलाम। मिल्दितः शास्त्रहे खरुनातिके-अत স্মাধি-মন্দির। একতলা পাথরের বাড়ী, দরজা খোলাই আছে। ঘরের মধ্যে একটি প্রশন্ত বেদী। চিতাগ্নিতে ভগ্মীভূত তাঁর মরদেহের ভগ্মাবশেষের উপর এই বেদী। বেদীর উপর একটি শিবলিল। যিনি জীবনে বোধহয় বাইশ কোটি টাকা এবং মনখানিক সোনা দান করে গেছেন জনকলাণ ও ধর্মকার্যে, कांत्र मगाधि-मन्द्रित अख्यानि चाहिर्राहत । माधात्र हर्द छाउर्छ शाहिनि । মনে বড় ছঃখ হল। সেই ভাক্তারবাবু আমাকে জানালেন—দেবীজী অहनाविष- এর দেহান্ত হরেছিল তাঁর এই **প্রিয় মহেশ্বরেই।** ভেতরে চুকে দেখুন, দেওয়ালে তাঁর একটি প্রতিমৃতি খোদাই করা আছে। তাঁর মান গন্তীর মুখ, ननाটে অঞ্জ হঃখ শোকের ছাপ, সর্বাকে ন্তক বেদনার ছায়া; সমত হুই চোবে কিন্তু অপার করুণা ও মমতা যেন করে পড়ছে। হাত দুখানি বুকের কাছে, বাম হাতের উপর ডান হাতটি লান্ত, তাতে একটি শিবলিক ধরে রেখেছেন। শিবগতপ্রাণা এই মহীয়সী দেবীমূর্তি যেন কৃতাঞ্জলি-পুটে মহাদেবের চরণে আতি জানাচ্ছেন—

প্রভু! দক্ষিণা লও আমারে
দিবার আমার নাই কিছু গো,
ভধ্ই তৃমি আছ

মোর ভাগ্তারে॥

স্মারক-মন্দির হতে বেরিয়ে এলাম। সেই ডাব্রারকে বললাম, আপনি এবারে আসুন, আমার নিত্যকর্ম কিছু বাকী আছে।

—আপকো ভিক্ষা তো আভিতক্ নাহি হয়।। একটি বাড়ী দেখিয়ে বললেন—ওহি হায় দেবীজীকা অৱসত্ত্ব। বোজ পাঁচশো নারায়ণকো উধর সেবা মিলতি হায়। আপ চলিয়ে হমারা সাথ। কোট অসুবিধা নেহি হোগা। অৱসত্ত্বকা পাশমেঁ ধর্মশালা ভি হায়। দেবীজীনে প্রতিষ্ঠা কিয়ে থে, উধর্ রাতমেঁ আপ ঠার সকতে হৈ।

আমি তাঁকে ধলুবাদ জানিয়ে বললাম, খানা হমারা সাথমেঁই হায়। আপ বেফিকর্ রহে। তিনি বললেন—হমারা নাম ৬া: বংশীলাল ছিবেদী। সামকা বখং হম্ ফিন্ মিলেলে।

এই বলে তিনি চলে গেলেন। আমার তখন সতাই খুব কুধা পেয়েছে।
আমি নর্মদার ঘাটে গিয়ে ঝোলা থেকে কলমুল চিবিয়ে কুয়ির্ভি করলাম।
আজ পর্যন্ত বছলোকের ব্যবহৃত ধর্মশালার রাত্রিযাপন কিংবা কোন অরসত্ত্রে
তথা লালরখানার বছলোকের সঙ্গে ভাত-কটি ভক্ষণে আমার কোনদিন প্রবৃত্তি
হরনি। আমি ঝোলা গাঁঠরী ইত্যাদি মন্দিরের পেছনে নিয়ে গিয়ে চাতালের
উপর কম্বল বিছিয়ে মহর্ষি তণ্ডিকৃত শিবভাবের পৃত্তিকাটি নিয়ে পাঠ করতে
লাগলাম। রৌলালোকিত মুক্ত আকাশের তলে এইরকম পরিচ্ছয় এইরকম
ঝক্রকে বিশাল ঘাটে নর্মদার দিকে শুধু ভাকিয়ে থাকলেই মন আপনা
হতেই নিবিষ্ট হয়ে যায়। আমি নিবিষ্ট চিত্তে মহাদেবের ভব করতে
লাগলাম। আমার পাঠ শেষ হতেই তাকিয়ে দেখি, একটু দ্রেই সেই ডাঃ
বংশীলাল গাঁড়িয়ে আছেন।

আমি জিলাসা করলাম-আপ্ফিন্ আগরে ?

—কি করব বলুন, আপনি আমাদের দেশে পরিবাজনে এসে উপবাসে থাকবেন কিংবা একান্থ নিরাধার ও নিরাশ্রের মত এখানে মন্দিরের চাতালে

পড়ে থাকবেন, এটা আমার মন যেনে নিতে পারছে না। সন্ধার পর আমার চেম্বার খালি পড়ে থাকে, দেখানে রাত কাটালে নিজেকে ধন্য মনে করব। আপনার কথা আমার গুরুদেব তুরীয় ব্রহ্মচারীজীকে বলেছি। তিনি পরিক্রমাবাসীদের সেবা করতে ভালবাসেন। একটু দূরেই মার্কণ্ডেয় যোগাশ্রম। আমার গুরুদেবই সেই আশ্রমের অধ্যক্ষ। তিনিও আপনাকে সঙ্গে করে নিয়ে যেতে বলেছেন।

- মার্কণ্ডেয় যোগাশ্রম বলতে কি সেই নর্মদা রহস্যের উদ্গাতা, নর্মদার মানসপুত্র মহামূনি মার্কণ্ডেয় প্রতিষ্ঠিত কোন আশ্রমের কথা বলছেন ?
- —না, না, সেই মহামুনি মার্কণ্ডের নন। আমাদের প্রমণ্ডকদেব মার্কণ্ডের ব্রহ্মচারীজীর কথা বলচি। তিনি ছিলেন নর্মদাতটের একজন প্রসিদ্ধ হঠযোগী। তিনি গৌরীশংকরজীর সঙ্গে নর্মদা তিনবার পরিক্রমা করেছিলেন। পরিক্রমান্তে শেষজীবনে এইখানে ঝোপড়া করে সমাগত সাধু সন্মানী ও গুলী নিবিশেষে সকলকে হঠযোগের প্রক্রিয়া শিক্ষা দিতেন। তাঁর দেহান্তের পর তাঁর প্রধান শিস্তা আমাদের গুরুজী এই যোগাশ্রম স্থাপন করেছেন। তিনি এখানে হঠযোগের ষট্কর্ম ধৌতি, বিস্তি, নেতি, নৌলীক্রিয়া ত্রাটক ও কপালভাতির শিক্ষা দিয়ে থাকেন। আজ মার্কণ্ডেয় ব্রহ্মচারীজীর জন্মতিথি। ভূপাল ইন্দোর প্রভৃতি স্থান হতে বহু গন্মমান্ত শিস্তা-শিস্তা আশ্রমে এসে সমবেত হয়েছেন। দেবীজীর ধর্মশালায় তাঁদের থাকার বন্দোবস্ত করা হয়েছে। আপনি আশ্রমেরই একটি ঘরে থাকবেন গুরুজীর সজে। আপনার কোন অসুবিধে হবে না।

আমি ডাক্তারের সঙ্গে কথা বলতে বলতেই মনে মনে ভাবছিলাম এই কোলাছলের মধ্যে আমার যাওয়া ঠিক হবে কি না। এমন সময় ডাক্তার বলে উঠলেন—ওহো। গুরুজী কুদ্ আ গয়া। পেছন দিকে তাকিয়ে দেখি, পককেশ পক্ষাশ্রু এক জটাজ্ট বয়য় সাধু হাসিমুখে আমার দিকেই এগিয়ে আসছেন। আমি উঠে দাঁড়িয়ে তাঁকে অভিবাদন করতেই তিনি 'হর নর্মদে' বলে আমাকে জড়িয়ে ধরলেন। বললেন—আজ হমার। গুরুজীকা জন্মতিথি হৈ, পরিক্রমাবাসীকো হম্ ছোড়েজে থোড়ি। এই বলে আমার লাঠি কমগুলু ও ঝোলা তিনি নিজের হাতে তুলে নিলেন। গাঁঠরীটা বগলদাবা করে নিলেন ডাক্তার বংশীলাল। মহেশ্র-মন্দিরের

পশ্চিমনিকে প্রায় ত্র'শ গজ দুরে নর্মদার ধারেই এই আশ্রম। আশ্রমের সামনে বড় বড় সতরঞ্জি পাতা হয়েছে, একটা চৌকির উপর ফুল দিরে সাজানো ছটি বড তৈলচিত্র—একটি মার্কণ্ডের ব্রহ্মচারীজীর এবং বিতীরটি গৌরীশংকরজীর। চারপাঁচজন লোক কারবাইডে অলে এইরকম চারপাঁচটি গ্যাসবাতি সন্ধার আলার জন্য ব্যবস্থা করেছেন। তুরীয় ব্রহ্মচারীজী আশ্রমবাড়ীর মধ্যে আমাকে নিয়ে তুললেন একটি ঘরে। আশ্রমবাড়ী বলতে ঠাকুরঘর সহ চারখানা ঘর। একটি প্রশন্ত ঘর যোগাভ্যাস শেখানোর জন্য। বাকী ছটি ছোট ঘর, একটিতে বয়ং তুরীয় ব্রহ্মচারীজী থাকেন. বাকী ঘরখানি আমার জন্য নির্দিষ্ট হল। ঘরে কম্মল বিছিয়ে বসতে না বসতেই একখানা রেকাবিতে পুরা লাড্ড; নিজ হাতে নিয়ে এলে তুরীয়জী বললেন—কুপা করকে পা লিজিয়ে। আভি সুর্যান্ত নাহি হয়া, দের হায়। আমি হাত জোড করে বললাম, হম্নে কন্মুল পা লিয়া। আপ্ত পরিক্রমাকা নিয়ম জানতে হায়, দো-দফে খানাকী হকুম নেহি।

আমার উত্তর শুনেই তিনি কপালে হাত চাপড়ে বললেন হমারা নদীব মন্দা হৈ। গুরুজীকা জন্মতিথিমেঁ নর্মদামারী পরিক্রমাবাদীকো মিলা দিরা, লেকিন উনকা দেবা করনেকা মোকা নেহি মিলা। লেকিন্ কাল সবেরেই আপ্কো ইধর ভিক্ষা লেনে হোগা। ভিক্ষা পাকর্ আপ ইধরদে যাত্র করেলে। মুঝে বাত দিজিয়ে:

বন্ধ সাধুর আন্তরিকতা দেখে অগত্যা আমি কথা দিলাম। কিছুক্ষণ পরে বাইরে বেরিয়ে এসেই দেখি সূর্যান্তের আর বেশী দেরী নেই। অন্তগামী সূর্যের মান রিশ্ম নর্মদার জলে পড়ে কিক্মিক করছে। সেই মনোহারী দৃশ্যের বর্ণনা করা আমার পক্ষে সন্তব নয়। নর্মদাঘাটের সেই দৃশ্য আমি চোথ ভরে, মন ভরে, উপভোগ করলাম। এদিকে দেখছি, যোগাশ্রমে এক এক করে ভক্তদের আগমন সুক্ত হয়েগেল। আমি এগিয়ে গেলাম মহেশ্রের মন্দিরের দিকে। সেখানে আরতির আয়োজন হচ্ছে। সন্ধা। হতেই পুরোহিত আরতি আয়ন্ত করলেন। শিঙা ভন্তর ও দামামা বাজতে লাগল। মহেশ্রকে রাজপোষাকে সাজানো হয়েছে। লিলের মাধায় রৌণ্য মৃকুট পরানো হয়েছে। মগুলেশ্রের, গণ্ডিত ভট্টনায়ায়ণ ভার্গবন্ধীর যে প্রাণ্টালা আয়তি দেশে এসেছি, সেইরকম আরতি আয় কোথাও দেশলম না ১ অনরকন্টকের

নর্মদা উদ্গম মন্দিরেও না, ওঁকারেশ্বরের মন্দিরেও না। কিছুক্ষণ আরতি দেখে আমি নর্মদা ও মহেশ্বরকে প্রণাম করে ফিরে এলাম যোগাপ্রমে। গ্যাসবাতি অলচে, নারী-পুরুষ, তরুণ-তরুনী, র্ছ-র্ছা সব মিলিয়ে বোধ হয় শতখানিক লোক বলে আছেন প্রদাবনত চিত্তে। এখানেও আরতি হচ্ছে। ভুরীর ব্রহ্মচারীজী তাঁর গুরু মার্কণ্ডের ব্রহ্মচারীজীর তৈলচিত্রে চামর দোলাচ্ছেন। ভক্তরা সমবেত কর্তে গাইছেন—

শিবগুরু, শিবগুরু, শিবগুরু রাম। রেবা শিব, রেবা শিব, রেবা রেবা রাম॥

আর্ডি শেষ হল। আমি সকলের পেছনে আসনের এককোণে গিয়ে বসলাম। আমাকে দেখতে পেরেই তুরীয়জী হাত ধরে নিয়ে গৌরীশংকরজীর যেখাৰে তৈলচিত্ৰ সেখাৰে বসালেন। ডাজার বংশীলালও আমার পাশে এনে বসলেন। একগুচ্ছ শিখা ও উপবীতধারী, কপালে রামানুক সম্প্রদারের जिनक थात्रण करत कुष्पन शिख्य अक्टा श्रथक शानिहात छेशत वरनिहानन, গলার ফুলের মালা গায়ে রেশমী চাদর। তাঁদের কৌতৃহলী দৃষ্টি অমুসরণ করে তুরীয়জী তাঁদের কাছে আমার পরিচয় দিলেন-বাংলা মূলুকসে ইনোনে মাইয়াকে। পরক্রমা করনেকো লিয়ে আয়া হৈ। পণ্ডিতজীরা তাঁদের পার্শ্বে উপবিষ্ট ত্ব'তিনজন ভক্তকে মুখ নিচু করে বললেন--বাচ্পনমেঁ পরকর্মা করনেকো লিয়ে আয়া উহত আচ্ছাই হৈ। লেকিন্, বাঙালী शात । वांडानी यह नि बाजा देर, উनका आठांत विठात आच्छा त्निर शात । পণ্ডিভজীদের শ্রুতিমধুর বাক্য তারা চুপিসারে বললেও আমার শ্রুতিগোচর হল। আমি মনে মনে মহাস্থা প্রলয়দাসজীকে স্মরণ করে জানালাম ভূমি উপদেশ দিয়েছিলে, 'হাস বোল, ব্যাপা ন হো কিসীদে'। এই দেখ পণ্ডিতদের কথার আমি বিন্দুমাত্র রাগ করিনি! ওদিকে তুরীয়কী বলতে धात्रष्ठ करतरहन-पृष्मीत अकरातरात जनावादिकी छेपनरक कछत्त (धरक याननाता अम्बद्धन, याननाता या नर्यमा ७ अक्ट्रास्ट यानीवीम धर्ग करून। अकर्तरदा अभाव कक्नाव आमि जांव अन्मिं रर्शसांत अक्रिया मीर्पिन बर्ब थोननारम्बरक निका मिरा बानि। चाननाबा चरनरकरे निम्हत्वरे অনুভৰ করেছেন যে ৰট্কৰ্ম ছারা শরীরের মধ্যন্থ নাড়ীগুলির মলগুছি হয়।

### তপোভূষি নৰ্মদাৰ্

তাতে দৃঢ় বলিষ্ঠ শরীর দ্বির যৌবন ও নীরোগ যাত্ম লাভ হয়। এই হঠযোগের অভ্যান সভত গোপনে করা কর্তব্য।

> হঠবিতা পরা গোপ্যা যোগিনা সিদ্ধিনিচ্ছতা। ভবেৎ বীর্ঘবতী গোপ্যা নির্বীর্ঘা তু প্রকাশিতা॥

ং হঠযোগের প্রক্রিয়া গোপনে অভাাস করলে তা বীর্ঘবতী হয়, আর সকলের সামনে একজন নটের মত ভেল্কীবাজি দেখালে তা নিবীর্য হয়ে পড়ে অর্থাৎ তাতে কোন আখাান্ত্রিক কল্যাণ হয় না। আমার গুরুদেবের काट्ड स्ट्रान्ट्न, व्यामिश्र वात्रवात्र वटमहि य र्ठायां वालाट्म निक्रिमाल कद्रा हान नर्वार्थ श्रामा वाहार मध्य। वाहार्य वश्वत मानीविक ক্রিয়ার বিশেষ দক্ষর আছে। একথা সকলে অবশাই ধীকার করবেন যে দ্রবাগুণ শরীরের উপর অবশ্যই ক্রিয়া করে। শরীর সুস্থ না থাকলে মনও সুত্থ থাকে না। অসুত্ব দেহ-মন নিয়ে কি যোগ সাধনা সন্তব ? যোগ ত দুরের কথা কোন সাংসারিক সৃক্ষ বিষয়েও চিন্তা করা সম্ভব হয় না। রাজসিক তামসিক আহার কিংবা অতিভোজনে ইন্দ্রিরবর্গ চঞ্চল হয়, মনও চঞ্চল হয়। সাত্তিক ভোজনও যদি মাত্রাভিরিক্তভাবে গ্রহণ করা হয়, তাতেও শরীরে অসুথ জন্মে এবং মন চঞ্চল হয়। চঞ্চল মন দিয়ে ধানি পূজা रह ना। आहाद मःयम এवः देखित मःयद्यत महम रहिर्यान अलाम করতে পারলে মন মহ অন্যান্ত ইন্দ্রিয়বর্গ শান্তভাব ধারণ করে, ক্রেম ঈশ্বর বিষয়ে সমাধানের যোগ্য হয়ে ওঠে। যোগশাল্তের সর্বশ্রেষ্ঠ গ্রন্থ পাতঞ্জল দর্শনে যে, যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধারণা ধ্যান স্মাধি প্রভৃতি অন্টাঙ্গ যোগের বর্ণনা আছে, তাও আত্মত করতে হলে স্**র্বা**গ্রে हर्रद्यांश खलात करा श्राक्त । अहेकना त्यांश्रमाद्यत निर्मम-

> হঠং বিনা রাজযোগঃ রাজযোগং বিনা হঠঃ। ন সিধ্যতি ভতঃ যুগামানিষ্পত্তঃ সমভ্যসেৎ॥

হঠযোগ ছাড়া রাজ্যোগ এবং রাজ্যোগ ছাড়া হঠযোগ কখন সিও হয় না, সেইজন্য একই সময়ে ছুই যোগ অভাাস করতে হয়। যারা সংসার সুখের বাইরে অন্য কোন দিবা সুখ কল্পনা করতে পারে না, সেইসব ভোগাকাজীদেরও উচিত হঠযোগ অভাাস করা। প্রসিদ্ধ নাথযোগী এক গোরক্ষনাথজী বলেছেন—মনথির মেঁ, প্রনথির, প্রনথির মেঁ বিন্দু অর্থাৎ হঠযোগের সাধনে মনস্থির হলে বায়ুন্থির হর আর বায়ুন্থির হলে বিন্দুন্থির হয়। বিন্দুর অর্থ বীর্ঘ, ষাট ফোঁটা রক্ত গাঢ় হলে একফোঁটা বীর্ঘ দিংপর হয়। আর যাট ফোঁটা বীর্ঘ ঘণীভূত হলে একফোঁটা ওজঃ ধাতু জন্ম। যারা ওজঃ ধাতুর অধিকারী তারাই সংসারে চরম সুধ দিতে এবং চরম সুধ ভোগ করতে সমর্থ। কাজেই সুখী সংসার জীবনের জন্যও অন্ততঃ হঠযোগ অন্তাসের প্রয়োজন আছে। ইত্যাদি।

তুরীরজীর বজ্তা শেষ হল, এইবার তিনি পূর্বোক্ত গুজন পণ্ডিভের একজনকে অনুরোধ করলেন কিছু বলতে। তিনি সহাস্যে বললেন আপনে যোগ কা বারেমেঁ আচ্চা ভাষণ দেকর কামাল কর দিয়া, ঔর হম্ বলেগা কাা!

- वाल देवताना का वादत्रमें मन्यियह कि निष्म कृष्ट् विल्या।
- এক্ষচারীজী! শংকরাচারিয়া নে বৈরাগ্যশতকম্মেঁ বৈরাগ্য মহিমা আছিতেরেদে বর্ণন কর্ চুকা। ওহি বৈরাগ্যশতকম্ পূরি বাাখা। করেছে ভো দোখলী বীত যায়েগা। দশ মিন্টমে বলেগা ক্যাং খার, আপ্কো আদেশ শিরোধার ফায়। লেও ভাইয়ো! বহিনো। বৈরাগ্যকা বারেমেঁ থেংড়া কুছ শুন লিজিয়ে।

এইভাবে গৌরচন্দ্রিকা করে তিনি যা বললেন তার বাংলায় সারমর্ম হল—বৈরাগা পরম ধন। বৈরাগ্য ছাড়া ঈশ্বরপ্রাপ্তি হন না। গীতাতে আছে, অর্জুন শ্রীকৃষ্ণকে যখন বললেন যে, মন অতি চঞ্চল এবং ইন্দ্রিরাদির বিক্ষেপ উৎপাদক। আকাশস্থ বায়ুকে মুইিতে আবদ্ধ করা যেমন হংসাধা তেমনি মনকেও বিষয় বাসনা হতে নিক্রদ্ধ করাও অত্যন্ত হংসাধা। তখন ভগবান তাঁকে উত্তর দিলেন যে, মন যে হ্নিরোধ ও চঞ্চল তাতে কোন সন্দেহ নেই। তব্ও হে কৌন্তেয়, নিত্য যোগাভ্যাদেও বৈরাগ্যের সেই মনকেও সংযত করা যায়—অভ্যাদেন তু কৌন্তেয় বৈরাগোন চ গৃহতে। বৈরাগ্য বলতে বোঝায় ঐহিক ও পারলৌকিক বিষয়ভোগে বিভ্ষা। বিষয়ভাগে লিপ্ত মন নিয়ে সাধনা করা যায় না। তাই আবহুমান কাল থেকে তামাম হিল্পুছানে বৈরাগ্যের মহিমা কীর্তন করা হয়েছে। এইজন্মই আমাদের দেশে সহস্র সাধু সয়্যাসী বৈরাগ্য অবলম্বন করে অর্থাৎ আপন প্রিয়-পরিক্ষন

ত্যাগ করে গভীর অরণ্যে ও গিরিগুহার বাস করে ভগবানের সাধনা করে চলেছেন। देवबाशा अवनश्चन कब्राउ शावाम कान शिव्हान होन थाक ना, একমনে ভগবানকে ডাকা যায়। সংসারে শোক-তঃথের আঘাতে জর্জরিত হয়ে অনেকে দংসার ত্যাগ করে ভগবানের দয়ায় অপার শাল্তির সন্ধান পেরেছেন সেইরকম উদাহরণের অভাব নেই। এই সংসারে নারী ও অর্থ এই হুইটি ভগবংলাভের অন্তরায়। খনেক ঠকে মানুষ শেখে যে অর্থ নাশবান আর প্রাণপ্রিয়া প্রেয়সী নারী বিশ্বাস্থাতিনী। অনিত্য অর্থলাল্সা ও বিশ্বাস্থাতিনী নারী নিয়েই জগং ডুবে আছে। নারী ও অর্থের প্রতি যোহ মারাত্মক ক্ষররোগের মত, তিলে ডিলে মানুষকে ক্ষয় করে। ঐ রোগ নিরাময়ের বৈরাগ্যই একমাত্র মহৌষধ। বৈরাগোর উজ্জ্বল দৃষ্টাস্ত হিসেবে আমি আপনাদের কাছে রাজা ভর্ত্তরির গল্প বলছি শুনুন। স্কন্দপুরাণের অবস্তীখণ্ডে তাঁর জীবন-বৃত্তান্ত আছে। দেবরাজ ইন্দ্রের অংশ সম্ভূত গন্ধৰ্বসেন উজ্জন্ধিনীর রাজা ছিলেন। তাঁর হুই পুত্র ভর্তৃহরি ও নিক্রমাদিতা, কলার নাম মৈনাবতী। গন্ধবসেনের মৃত্যুর পর ভর্তৃহরি সামান্তকাল রাজত বৈরাগ্য অবলম্বনপূর্বক পরম যোগীতে পরিণত হয়েছিলেন। রাজা ভর্ত্রি যে কারণে গৃহত্যাগী হয়েছিলেন তা শুনলেই আপনারা সংসারের প্রধান মোহপাশ যে কামিনী, তার স্বরূপ বুঝতে পারবেন। কোন একসময় জয়ন্ত নামক একজন তপষা ইন্দ্রকে প্রসন্ন করে একটি অগতফল লাভ করেছিলেন। তিনি সেই ফলটি পরম শিবভক্ত রাজা ভর্ত্রিকে উপহার দিয়ে বলেছিলেন যে ফলটি ভক্ষণ করলে তাঁর যৌবন অটুট থাকবে এবং সুদীর্ঘ জীবন লাভ করবেন। রাজা প্রেমবশতঃ সেই ফল নিজে না খেয়ে ভোগের পাত্রী তাঁর পরমাসুল্বরী রাণীকে খেতে দিলেন। এদিকে রাণীর একজন উপপতি ছিল। তার যৌবন অটুট থাকলেই রাণীর সুথ বেশী হবে। তাই তিনি ফলটি নিজে না খেয়ে সোহাগ ভরে উপপতির হাতে দিলেন। ঐ উপপতির আবার প্রাণের টান ছিল এক বারালনার প্রতি। তাই সেই ফলটি নিজে না খেরে বারাজনার খৌবন অটুট রাখার জনা তাকে উপহার দিল। বারাঙ্গনা ফলের গুণ চনে ভাবল, নিজের কলুবিত জীবনকে দীৰ্ঘতর করে লাভ কি ? আমার বহুভোগ্যা যৌবনশ্রীকে দীর্ঘায়িত করে কোন পুরুষার্থ লাভ করব ? তার চেয়ে প্রজাবংসল দয়ালু রাজা যদি

অৰ্থাৎ-

এই অমৃতফল ভক্ষণ করেন, তাহলে অটুট যৌবন শক্তির অধিকারী হয়ে তিনি আরও দীর্ঘকাল ধরে প্রজাদের মঙ্গল সাধন করতে পারবেন। এই ভেবে দে পরদিন রাজসভায় গিয়ে পরমগ্রদ্ধা ভরে ফলটি রাজার হাতে দিয়ে এল। ফলটি হাতে পেয়ে রাজা ত বিস্ময়ে হতবাক্। মহাস্মা প্রদত্ত যে ফল তিনি প্রাণাধিকা প্রেয়সীকে দিয়েছিলেন, সেই ফল কিভাবে বারাজনার হাতে গেল সে সম্বন্ধে পুঝানুপুঝ অনুসন্ধান করে আগ্রন্থ সমূহ বিবরণ তিনি জানতে পারলেন। সংসারী লোকের ভাব-ভালবাসা এবং ভোগরাগ যে কত অকিঞ্চিৎকর তা তিনি মর্মে মর্ম্ম অনুভব করলেন—অনুভব করলেন যে জাগতিক প্রেমের কোন মূল্য নেই। এর মূলে আছে শুধুই বঞ্চনা, দেহসুঝ, যার্থপরতা এবং বিশ্বাসগাতকতা,।

সংসারের উপর রাজার ঘোর বিভ্ঞা জন্মাল। রাজ্যপাট ত্যাগ করে তিনি সন্ন্যাস গ্রহণ করলেন। সেই সময়কার তাঁর একটি বিখ্যাত খেতোজি পণ্ডিত সমাজে আপ্তবাক্যের মত প্রচলিত আছে। ভর্ত্হরির সেই হৃদর্ম মথিত দীর্ঘশাস পূর্ণ শ্লোকটি হল—

> যাং চিন্তয়ামি সভতং ময়ি সা বিরক্তা সাপি অভামিচ্ছতি জনং স জনোহভাসক্তঃ। অস্মংকৃতে চ পরিত্যাতি কাচিদভা। ধিকং তাং চ তং চ মদনং চ ইমাং চ মাং চ॥

যার চিন্তা সদা করি, বিরক্ত সে আমার উপর, চাহিছে সে অক্সজনে, অত্যে পুনঃ আসক্ত সে নর। অপর কেহ বা মোরে, তুষ্ট করে চাহে পুনরায় ধিক্ নারী ধিক্ নরে, ধিক্ কামে, ভারে ও আমায়॥

পূর্বেই বলেছি, সংসারে গৃটি বস্তু মোহকরী—অর্থ ও নারী। মানুষ এই গৃটি নিয়েই মন্ত থাকে। কিন্তু সংসার জীবনের আকর্ষণ এই গুটি জিনিষ্ট মানুর্যকে আঘাত দের। পত্নীর কাছে মর্মান্তিক আঘাত পেরে রাজা ভর্তৃহরি রাজাপাট ত্যাগ করেছিলেন এবং পত্নীর সংশ্রব ছিল্ল করে বৈরাগ্য অবলম্বন করেছিলেন। বৈরাগ্য অবলম্বন করেই তিনি যোগী হতে পেরেছিলেন।

শন্নাদ গ্রহণের পর তিনি নীতিশতক, শৃলারশতক, বৈরাগ্যশতক এবং ক্ষোটবাদের বিখ্যাত গ্রন্থ বাক্যপদীর ও ভট্টিকাব্য রচনা করতে পেরেছিলেন। ভারতীয় সংস্কৃতির ভাতারে তাঁর শেষোক্ত গ্রন্থ ছটি অমর অবদান। ভর্তৃহরি রাজা হিসেবে রাজত্ব করে, যতই ভোগসুখ করন না একদিন না একদিন তাঁকে কালগ্রাসে পতিত হতে হত। আমাদের দেশে কত রাজা এসেছেন এবং গিয়েছেন। কিন্তু কে তাঁদেরকে মনে রেখেছে? কিন্তু যোগী ভর্তৃহরিকে তাঁর বাক্যপদীর, তংপ্রতিপান্থ ক্ষোটবাদ এবং ভট্টিকাব্যের জন্ম ভারতবাগী চিরকাল মনে রাখবে। আপনারা মনে রাখবেন বৈরাগ্য প্রভাবেই ভর্তৃহরির মধ্যে এই প্রতিভা ও বোধির ক্ষুরণ ঘটেছিল। ভোগ মানুষকে ক্রমে অন্তঃহীন অন্ধকারের মধ্যে ঠেলে নিয়ে যার কিন্তু বৈরাগ্য দের পরমা শান্তি। বৈরাগং পরমং সুখং। অলম্ ইতি।

পণ্ডিতজীর বক্তা শেষ হতেই তুরীয়জী আমার হাত চেপে ধরে অনুরোধ করলেন—'আপ্ ভি থোড়া কুছ্ বলিরে'। আমি তাঁকে আমার অক্ষমতা জানালাম। পণ্ডিতজীও মন্তব্য করলেন—সব্সে সব কুছ্ হোতা নেহি। বেচারা কো কেঁও পরেসানি করতে হো! তা শুনেও তুরীয়জী বললেন—থোড়া কুছ। পাঁচ মিনিট কা লিয়ে যো কুছ হো কহিয়ে জী। আমি আর র্দ্ধ সাধুর অনুরোধ ঠেলতে পারলাম না। আমি মহেশ্রজী এবং যোগী মার্কণ্ডের বক্ষচারীজীর উদ্দেশ্যে প্রণাম নিবেদন করে বলতে সুক্ করলাম—

যোগ ও বৈরাগ্য সম্বন্ধে ময়ং তুরীয়জী এবং পণ্ডিতজী সারগর্জ ভাষণ দিয়েছেন। আমি সেই যোগ ও বৈরাগ্য সম্বন্ধে কিছু বলতে পারলে খুনা হতাম। কিন্তু আমি নিজে যোগীও নয়, বৈরাগীও নয়। আমার বাবার আদেশে নর্মদা পরিক্রমা করতে বেরিয়েছি মাত্র। এইমাত্র পণ্ডিতজী বৈরাগ্যের মহিমা ব্যক্ত করতে গিয়ে যেভাবে নারী চরিত্র সম্বন্ধে বিরূপ মস্তব্য করেছেন, তা স্বাংশে মেনে নিতে পারছি না, ভর্তৃহরি বললেও না। ভর্তৃহরি আপন পত্নীর ব্যভিচার ও বিশ্বাস্থাতকতায় মর্মাহত হয়েছিলেন বলে মনের যন্ত্রণায় তিনি যা ইচ্ছে বলতে পারেন, কিন্তু সেইটাই মেয়েদের সম্বন্ধে স্বিভাকার ছবি নয়। মেয়ের আয়পুর্ণার জাত, মায়ের জাত। দেশে ত্রাভাচারিণী থাকতে পারে, সকল কালেই ছিল এখনও আছে,

কিন্তু সতী সাধ্বীরও অভাব নেই। এ জগতের রূপ রস ও মধুর উৎস হলেন নারী। ন + অরি, স্ত্রীলিজে ঈপ্ প্রভার করেও নারী শব্দ সিদ্ধ করা যায়। নারীকে কোনমতেই সাধনার পথে বাধা বলা যায় না, অরি বা শক্র ভাবা যায় না। পুরুষ ও নারীর অন্তর্ম্ কামলোল্পতা বা চঞ্চল ইন্দ্রিরবর্গই আসল অরি। নারীর শুধু কামকটাক্ষই নেই, তার হাদরে আছে অপার মমতা শ্রেহ সেবা ও ভালবাসার উৎস।

এই সময়ে মেয়ে শ্রোতারা হাততালি দিয়ে উঠলেন। তুরীরজী হাত তুলে তাঁদেরকে শান্ত থাকতে ইন্দিত করলেন। আমি বলতে লাগলাম-চোখের সামনে মা নর্মদা এবং চিরুম্মরণীয়া অহল্যাবাল-এর স্মৃতি চিহ্ন ধাকলেও এক মহীয়দী নারীর প্রতিষ্ঠিত ঘাটে বদে সমগ্র নারীজাতি সম্বন্ধে পণ্ডিতজী যে সৰ অপ্ৰান্ধেয় উক্তি করেছেন তা যেমন আমি মেনে নিতে পারছি না, তেমনি মেনে নিতে পারছি না রাজা ভর্ত্বরি সম্বন্ধে তাঁর বিকৃত তথাকে। রাজা ভর্তহরি কস্মিনকালেও বাকাপদীয় কিংবা ভটিকাবা মচনা करबननि। वाणिकातिनी श्वीत छेशत वित्रक हरत थिनि मन्नामधर्ग करबिहरनन, সেই রাজা ভর্ত্বরি এবং বাকাপদীয়কার ভর্ত্বরি উভয়েই যতন্ত্র বাকি। রাজা ভর্ত্বরি মালব দেশের অন্তর্গত উজ্জারিনীর রাজা ছিলেন ( ৬১-৭ম শতাব্দী )। পশুতজ্ঞীর কথা মত তার পিতার নাম গন্ধর্বদেনই ছিল বটে। সন্ন্যাসগ্রহণের পূর্বে তিনি বৈষাত্তের ভ্রাতা যশোধর্মার হাতে রাজ্যভার অর্পণ করেছিলেন। এই যশোধর্মাই মিহিরকুল ও অন্যান্য হণদেরকে প্যু দন্ত कद्र "विक्रमानिछा" উপाधि গ্রহণ করেছিলেন। সন্ন্যাস গ্রহণের পর রাজা ভর্ত্রির তপস্যা ক্ষেত্র ছিল বারাণদীর দল্লিকটম্ চুণার পর্বত। চুণারে এখনও তাঁর স্মাধিক্ষেত্র ব্লক্ষিত আছে। পণ্ডিতক্ষী এইটুকু কথা ঠিকই বলেছেন যে রাজা ভর্ত্হরি লিখিত বইএর নাম শুলারশতক, নীতিশতক ও বৈরাগাশতক। বাকাপদীয়কার ভর্ত্তরি হতে রাজা ভর্ত্তরির পার্থকা চেনবার জন্য তাঁর লেখন শৈলীরও (style) যৎকিঞ্চিৎ পরিচয় দেওয়া প্রয়োজন মনে করছি। প্রথমে শুকারশতকের কথাই ধরা যাকৃ। এই বই-এ কেবল কামকলারই কথা নেই। চপলমতি যুবকরা যাতে কোন মতে ক্ষণিক প্রলোভনের কাঁদে পা না দেয়, সেজন্য অনেক সাবধান বাণীও উচ্চারিত হয়েছে। স্ত্রীঘটিত ব্যাপারে কবি নিজের জীবনে গভীর মর্ম্যাতনা

ভোগ করেছিলেন বলে সমগ্র মাতৃজাতি সম্বন্ধে নয় কেবল চটুলকামিনীদের সম্বন্ধে তাঁর বক্রোজি—

জন্মন্তি সার্ধমন্তোন পশাস্তান্তং সবিভ্রমন্।
সদয়ে চিন্তয়ত্তাকং প্রিয় কো নাম যোষিতান্।
বাক্যলাপ করে কারও সনে—
স বিভ্রমে চাহে অন্য পানে।
হৃদায়ে চিন্তয়ে অন্যে,
নারীর যে কে বা প্রিয়,
কেই বা তা জানে ?

'বৈরাগ্যশতকে' ধ্বনিত হয়েছে তীব্র বৈরাগ্যের সূর। সংসার অনিতা, এখানে তৃষ্ণার নির্ত্তি কোনমতেই সম্ভব নয়, তবুও বাসনা বদ্ধ জীব কিভাবে সেই মরীচিকার পেছনে উন্নত্তের মত ছুটে চলেছে, রাজা ভতৃহিরি তা দেখিয়েছেন বৈরাগ্যশতকের পঞ্চম শ্লোকে:

উৎখাতং নিধিশস্কয়া ক্ষিতিতলং ধ্যাতা গিরিধাতবো।
নিজীর্ণঃ সরিতাং পতির্পতয়ো য়ড়েন সস্তোষিতাঃ।
মন্তরোধনতৎপরেণ মনসা নীতাঃ শাশানে নিশাঃ
প্রাপ্ত কার্নবরাটকোহপি ন ময়া তৃষ্ণেহধুনা মুঞ্চমাম্।
রতন মিলিবে ভাবি ক্ষিতিতল করেছি খনিত
গিরি হতে ধাতু আনি অনলে করেছি বিগলিত।
সাগরে দিয়েছি পাড়ি, নুপগণে তৃষেছি য়তনে,
কেটেছে শাশানে নিশা একমনে মল্লের সাধনে;
পাই নাই কানাকড়ি কোনখানে কখন কোথায়।
গুগো তৃষ্ণে! এবে তুমি ছাড্ছ আমায়॥

বৈরাগাশভকের কোন কোন শোক শংকরাচার্য বিরচিত মোহমূলারের শোক অরণ করিয়ে দেয়। মোহমূলারে আছে—

> অঙ্গং গলিতং পলিতং মুগুং দন্তবিহীনং জাতং তৃগুম্। করধুতকম্পিতশোভনদণ্ডং তদপি ন মুগুতি আশা ভাগুম্॥ ৮

এরই পাশাপাশি বৈরাগ্যশতকের একটি লোক শুনুন, মানুষের ভোগ-লালসার নগ্রপটি দেখাতে গিয়ে ভর্ত্বরি শংক্রাচার্যের মতই তীত্র খেদের সঙ্গে বলেছেন।

ভিক্ষাশেনং ভদপি নীরসমেকবারং
শয্যা চ ভূং পরিজনো নিজ দেহমাত্রম্।
বস্ত্রঞ্চ জীর্ণপট্থগুনিবদ্ধকন্থাঃ
হা হা তথাপি বিষয়ান্ ন পরিত্যজন্তি॥ ১৬
নীরস ভিক্ষার, ভাও জোটে একবার,
ভূমিশয্যা, নিজ দেহমাত্র পরিবার,
জীর্ণ বস্ত্রে গাঁথা কন্থা ভাহাই বসন,
হায়রে বিষয় তবু নাহি ভ্যক্তে মন॥

সংক্রেপে এই হল রাজা ভর্ত্হরির জীবন ও কবিক্তির পরিচয়।
একমাত্র নাম সাদৃশ্য ছাড়া এঁর সঙ্গে বাকাপদীয় ও ভট্টকাব্য প্রণেতা আচার্য
ভর্ত্হরির জীবন ও জীবন-বেদে আর কোন মিল নেই। বৈরাগ্যশতকাদি
প্রণেতা ভর্ত্হরি ছিলেন রাজা কিন্তু বাকাপদীয়কার রাজা ছিলেন না। তিনি
ছিলেন রাজার আপ্রিত একজন বিচারমল্ল পণ্ডিত। তাঁর পিতার নাম
প্রীষামী। গন্ধর্বসেন পুত্র রাজা ভর্ত্হরি আর প্রীষামীর পুত্র বাকাপদীয়কার
আচার্য ভর্ত্হরি ত্লনে পৃথক পৃথক ব্যক্তি। টড ও ফাগুর্সনের ইতিহাল
হতে জানা যায়, খৃদ্যীয় সপ্তম শতাব্দীতে গুজরাটে কাথিয়াবাড়ের অন্তর্গত
বল্লভীপুরে প্রীধর সেন নামে এক রাজা রাজত্ব করতেন। তাঁদের বংশের
নাম বল্লভী বংশ। এই বল্লভী বংশ নিজেদেরকে প্রীরামচন্দ্রের পুত্র লবের
বংশধর বলে দাবী করতেন। প্রীধর সেনের আপ্রায়ে থেকেই যে আচার্য
ভর্ত্হরি বাকাপদীয় ও ভট্টকাব্যের মত অমর গ্রন্থ রচনা করেছিলেন,
ভট্টর বাইশ সর্গের একটি শ্লোকই তার প্রমাণ। তিনি লিখেছেন—

কাব্যমিদং বিহিতং ময়া কল্পভ্যাং শ্রীধর সেন নরেন্দ্র পালিভায়াম্।
(॰ লোক)

চৈনিক-পরিবাজক হিউ এন-সাঙ এবং ইংসিম্পের ভ্রমণ-র্ত্তাপ্ত হতেও আমরা ভর্ত্হরির (বাঁকে আমি অভঃপর আচার্য ভর্ত্হরি বলে উল্লেখ করব) স্থিতিকাল নির্ণর করতে পারি। ইংসিঙ্ লিখেছেন, ৬৭৩ খড়াপে তাঁর ভারত আগমনের ৪০ বছর পূর্বে অর্থাৎ ৬৬৩ খড়াপে ভর্ত্রির দেহাস্ত ঘটে।

এই ঐতিহাসিক বিবরণ ছাড়াও উভর ভর্ত্হরির মধ্যে একটি বৈসাদৃখ্য আছে যা দিয়ে সহজেই বোঝা যায় যে উভরে সম্পূর্ণ পৃথক ব্যক্তি। উভর ভর্ত্হরির গ্রন্থাবদী কোন নিরপেক্ষ পাঠক যদি পাঠ করেন, তা হলে একটু লক্ষা করলেই ব্যতে পারবেন যে বৈরাগ্যশতকাদি প্রণেতা রাজা ভর্ত্হরি হভাব কবি হলেও তাঁকে ব্যাকরণে বিশেষজ্ঞ বলা যায় না। কারণ তাঁর রচিত কোন কোন শ্লোকে অপাণিনীয় পদের বহুল প্রশ্লোগ আছে। কিন্তু বাকাপদীয়কার আচার্য ভর্ত্হরি ছিলেন ধ্রন্ধর বৈয়াকরণ। অসামান্য প্রতিভাবলে তিনি ষরচিত ভট্টতে বেদের চকু ব্যাকরণকে কাবারূপ দিতে পেরেছিলেন। ভট্টিকাব্য চারখণ্ডে বিভক্ত। ১ম হতে ৫ম সর্গের নাম প্রকাণ্যগু, ৬৯ হতে ৯ম সর্গের নাম অধিকারখণ্ড, ১০ম হতে ১০ল সর্গের নাম প্রসন্ধনাতে, অলংকার শাস্ত্রের যে বিচার আছে, তাতে আচার্য ভর্ত্হরিকে একজন শ্রেষ্ঠ আলক্ষারিক বলা যায়।

কিন্তু এছ বাহা। আচার্য ভর্তৃহরির সর্বশ্রেষ্ঠ পরিচয়, তিনি ক্ষোটবাদ তথা শব্দবক্ষবাদের অন্যতম শ্রেষ্ঠ প্রবক্ষা।

আমার পূর্ববর্তী বক্তা শ্রদ্ধের পণ্ডিত মশাই হুই ভর্ত্ছরিকে এক ভেবে যে বিকৃত তথা পরিবেশন করেছিলেন তা নীরবে গলাধঃকরণ করা আমার পক্ষে সম্ভব হল না বলে আমি হুঃখিত। আমার প্রগলভতার জন্ম পণ্ডিতজীর কাছে মার্জনা চাইছি। কি করব আমি 'মছলিখোর বাঙালী' বলেই হয়ত এই ধুউতা প্রকাশ করে ফেললাম। আমার ঋষি-কল্প পিতার শিক্ষার আমি এই সংস্কারে গড়ে উঠেছি যে, সত্যসন্ধ ঋষিরা যে শাস্ত্রের দ্রুটা এবং প্রণেতা তাঁদের সেই শাস্ত্রবাণীতে কিংবা কোন ঐতিহাসিক সত্য ঘটনার মধ্যে মিথ্যার কৃষক মিশিয়ে বিকৃতি ঘটালে গুরুতর অপরাধ হয়। শাস্ত্রবাণীই আমাদের জানদেহ তথা আন্তর সন্তার একাধারে জনিয়ত্রী ও ধাত্রী। মাতাপিতার সঙ্গে মানুবের এই জন্মের সন্বন্ধ কিন্তু শাস্ত্র আমাদের যে কতজন্মের মাতাপিতা তার ইয়তা নেই। সুত্রাং শাস্ত্র যে সকল তত্ত্

অবধারণ করেছে সে সহস্কে কেউ পর্যন্থোগ করলে তা বসে বসে সহ্ করে যাওয়াটাকে আমি কোন মতেই পুত্রোচিত কাজ বলে ভাবতে পারি না। হর নর্মদে।

আমি ভাষণ শেষ করে সকলকে নমস্কার জানিয়ে বসে পড়লাম। সজে সলে দেখলাম, সেই জ্জন পণ্ডিত উঠে পড়লেন। তাঁরা যে আমার উপর বিলক্ষণ কটে হয়েছেন, তাঁদের হাবভাবেই তা ব্যতে পারলাম। তুরীয়জী তাঁদেরকে বললেন—'ঠর থোড়া বৈঠ যাইয়ে। আভি রাখী মাঈকী ভজন হোগা।'

—'উহ্ হমলোগ্ আপ্না কোঠিমেঁ বৈঠ্কর শুনুলা'—এই বলে তারা চলে গেলেন। তুরীয়জা হাসতে হাসতে আমার দিকে তাকিয়ে বললেন— আপ্কা কোঈ কসুর নাহি হয়া। পশুং পহেলে আপ্কো ঠোক্র মারা। ইহ্ বালালী হৈ, উহ্ উড়িয়া হৈ, ইহ্ মছলিখোর হৈ, উহ্ ছাতুখোর হৈ, গ্রায়না সওয়াল বহাং গল্পা চিজ হায়।

এইবার তাঁর ইন্সিতে তাঁর রাথীমা তানপুরা নিয়ে ভজন আরম্ভ করলেন। তিনি সুরের ইন্দ্রজাল রচনা করে মধুর কণ্ঠে গাইতে লাগলেন—

ত্যজ মন থরি বিমুখন্কে। সঙ্গ্ যাকে সঙ্গ কুমতি উপজ্জ হৈ করত ভজনমেঁ ভঙ্গ । কাগহি ক্যাহ্ কপুর চুনায়ে ধান্ নহায়ে গঙ্গু। খরকো ক্যাহ্ অরগজালেপন মরকট ভূষণ অঙ্গ। সুমতি সুসঙ্গতি তিনহিঁন ভবেত পিয়ত বিষয়রস ভঙ্গ। সুরদাস প্রভু কারি কমরিয়া চচ্থ ন হ্জা রঙ্গু॥

অর্থাৎ হে মন! যে লোক হরি সেবায় বিমুখ, তার সংসর্গ পরিত্যাগ কর। কারণ, তার সঙ্গদোষে কুপ্রবৃত্তির উৎপত্তি হয় এবং ভজন নউ হয়ে যায়। কাককে যদি কর্পুর ভোজন করানো হয় আর কুকুরকে যদি গঙ্গায়ান করানো যায়, তা হলেই বা কি হবে ? গর্ধভের গায়ে গন্ধন্তব্য লেপন করলেই বা কি! আর মর্কটের অংশ অলঙ্কার পরালেই বা কি! সুমৃতি ও

প্রবাগ—শান্ত্রীয় সিদ্ধান্তের প্রতিকৃশ তর্ক উত্থাপন কিংবা সত্য মিধ্যার বঙ মিশিয়ে বিকৃত তথ্য পরিবেশনকে পর্যনুষোগ বলা হয়।

সংসঙ্গ তাদের ভাল লাগে না, তারা বিষয়-রস-রূপ সিদ্ধি পান করে বুঁদ্ হয়ে থাকে। সুরদাস বলছে, প্রভূ! হরিবিমূখ ব্যক্তি কৃষ্ণবর্ণ করল বরূপ; তাকে অনু বর্ণ করা যায় না অর্থাং তাকে কিছুতেই হরিভক্ত করতে পারা যায় না।

আকাশে চতুর্দনীর চাঁদ। চাঁদের হাসির যেন বান ডেকেছে আকাশে।
বিদ্ধাপর্বতের কোলে এই মনোরম নির্জন পরিবেশে, জ্যোৎয়া-প্লাবিত
বাতাবরণ সূরলোকের মায়াজাল সৃষ্টি করেছে। আমরা শ্রোভারা যেন
ক্রমেই হারিয়ে যাছিছ কোবাও। গায়িকার বয়স বড়জোর ত্রিশ বা বত্রিশ
হবে। গলায় রুজাক্ষের মালা, কপালে চন্দন ভিলক। তাঁর ভাববিহ্বল
অশ্রুসিক্ত নয়নে জলের ধারা গড়িয়ে পড়ছে। তিনি প্রথম গানটি শেষ
করেই তানপুরাতে মধুর ঝ্লার তুলে আর একটি গান ধরলেন।

তব গুণ কেয়া জগংগুরো! জৌ পাপ করম ন নাশে।
সিংহ শরণ কেঁও যাইয়ে জৌ জমুক গরাসে?
এক বুঁদকে কারণ চাতক নিত হুঃখ পাবে!
প্রাণ গয়ে সাগর মিলে ফিন্ কৌন কাম মেঁ আবে?
মৈঁ নহি প্রভু হৌ নহি কুছ্ অহৈ ন নেরা।
আবসর লাজ রাখ্লে মধু দাসী তুমারা॥

যদি পাপ কর্মের নাশই না হয়, তবে হে জগদ্গুরো! তোমার মহিমা কি ? যদি জয়ুকেই গ্রাস করে তবে সিংহের শরণ কেন নিয়েছি? এক বিশু জলের জন্য চাতকী নিরস্তর কট পাচেছ। এইভাবে যদি প্রাণবিয়োগ হয় আর পরে যদি সাগরও মেলে তখন তাতে আর কোন কাজ দেবে না। আমি কিছু নই, আমারও কিছু নেই হে প্রভু! আমার বলতে একমাত্র ভূমিই আছ। আমাকে এই জুঃখ ও লজ্জা হতে রক্ষা কর, মধু তোমারই, এ দাসী তোমারই।

গারিকা গানের প্রত্যেকটি কলি ঘ্রিয়ে ফিরিয়ে এমন দরদ দিয়ে ও কিরিম কঠে গাইলেন যে তাঁর তানপুরার ঝন্ধার শুরু হলেও পাঁচমিনিটকাল কেউ কোন কথা বলতে পারলেন না। সকলেরই চোখে জল। অবশেষে তুরীরজী বাজ্পক্রদ্ধ কণ্ঠে উৎসবের সমাপ্তি ঘোষণা করলেন। ডাঃ বংশীলাল ঘড়ি দেখে বললেন রাত্রি দশটা ।

এইবার কয়েকজন ভক্ত আমাকে থিরে ধরলেন। তাঁরা ইন্দোর থেকে এসেছেন। তাঁরা প্রভাব করলেন—আপু হমারা সাধ্যে ইন্দোর চলিয়ে। উধর লালবাগ, মানিকবাগ প্রাসাদ, শীশমহল (কাঁচ মন্দির) হুকুমচাঁদ ইন্দুপুরী বাগেরা বহোৎ দেখনেকা লায়েক চিজ হৈ। সেই পিক্-কণ্ঠা গায়িকা বললেন—উধর ছত্রীবাগ্যে হোলকার বংশকা বড়া বড়া মহারাজাকে স্মৃতি-মন্দির হৈ। স্বলে যে উঁচা মন্দির মলহর রাও হোলকার জীকো, স্বলে যে ছোটা উহ্ হায় স্বলে মহীয়নী দেবী অহল্যাবাঈকা।

আমি তাঁদেরকে মিটি করে বুঝিয়ে বললাম, পরিক্রমা করতে বেরিয়েছি,
আমি সথের ভ্রমণকারী নয়, নিছক ঐতিহাসিক তথ্যানুসন্ধানও আমার লক্ষা
নয়। এখান থেকে তট ধরে থেতে থেতে যদি ইলোর শহর সামনে পড়ে
তাহলে ইলোর ও ছত্রীবাগে নিশ্চয়ই যাবো। না হলে বিলাসবৈভববহুল
কোন শহরের কলকারখানা আধুনিক দোকান প্সার ঐশ্বর্য আড়ম্বর দেখতে
আমার কোন রুচি নেই।

—ঠিক হার, পরিক্রমান্তে এক দফে যারেগা ত !—গারিকা বললেন।

—তাই বা কি করে বলি। নর্মদাতটে দাঁড়িয়ে হাঁ না কোন কিছুই বলা উচিত হবে না। নর্মদার কুলে দাঁড়িয়ে কিছু বললে তা পালন করতে হয়, এই হল পরিক্রমার কঠিন শপথ। তাঁরা নমস্কার বিনিময় করে চলে গেলেন ধর্মশালার দিকে। আমার হাত জড়িয়ে ধরে তুরীয়জী প্রসয় চিত্তে চুকলেন আশ্রমে।

তুরীয়ন্ধী তাঁর আশ্রম সেবককে বললেন—কাল সুবে সুবে ভোগ প্রস্তুত করিয়েগা। ইনোনে ভিক্ষা লেকর যাত্রা করেঙ্গে।

রাত্রি অনেক হরে গেছল, তাই আর রথা কালক্ষেপ না করে শুরে পড়লাম। থুব ভোরেই ঘুম ভেঙেছে। আশ্রমে কাউকে দেখতে পেলাম না। দরজা খোলা। শৌচাদি সেরে আমি নর্মদাতে নামলাম রান করতে। রান তর্পণাদি সেরে শ্রীশ্রীমহেশ্বরকে দর্শন করতে চললাম। পথেই ভুরীয়ানক্ষজীর সঙ্গে দেখা হল। তিনি মহেশ্বরের পূজা করে ফিরছেন। মহেশ্বের মাথার জল ঢেলে বক্দনাদি সেরে বেরিয়ে আসতেই ডা: বংশীলালের সঙ্গে দেখা হল। তিনি আমার সঙ্গে আশ্রম পর্যন্ত এলেন। আশ্রমে এসে বস্তেই বংশীলালকী আমাকে জিল্ঞাসা করলেন—গতকাল আপনি যখন এসে

পৌছলেন, তখন রান করে মহেশ্বের পূজা করতে গেলে আমি আপনার গাঁঠরী আগলে দাঁড়িরেছিলাম। সেই সময় আপনি বলেছিলেন, আপনার গাঁঠরীতে বা ঝোলায় কিছু কলাক এবং শিবলিল ছাড়া আর কিছু নেই। আপনার সেই কথাতেই জেনেছি, আপনার কাছে রুদ্রাক্ষ আছে। আমার বাবাকে বছর ছই আগে এই মহেশ্বেই জনৈক পরিক্রমাবাসী প্রাচীন মহাত্মা একটি চারম্থী রুদ্রাক্ষ ধারণ করতে বলেছিলেন। তাঁর কাছে চারম্থী রুদ্রাক্ষ ছিল না। সেই থেকে সাধু দেখলেই আমি তাঁর কাছে চারম্থী রুদ্রাক্ষ আছে কিনা খোঁজ করি। আপনার কাছে আছে কি গ

—একটু অপেকা করুন, আমি ঝোলা হাতডে দেখি।

ঝোলাতে থুঁজতে থুঁজতে একটি চারমুথী রুদ্রাক্ষ হাতে উঠে এল। আমি রুদ্রাক্ষটি হাতে নিয়ে বললাম—এই রুদ্রাক্ষ তুর্লভ বস্তু। শিবপুরাণের জ্ঞানসংহিতায় ৩১তম অধ্যায়ে চতুর্মুথী রুদ্রাক্ষের গুণ সম্বন্ধে বলা হয়েছে—

> চতুরুথী তদা জ্বেয়া চৌরাশ্চান্ধা ভবন্তি হি। জলে তু মুচ্যমানা সা মজ্জতি ন তরেদিহ॥

অর্থাৎ চারমূথী রুদ্রাক্ষ জলে ভাসে না, জলে দিলেই ডুবে যায়। যে ধারণ করে তার ঘরে চোর চুরি করতে এলে চোরের চোখে আঁধি লাগে। সে কোন মূল্যবান বস্ত্র চোখে দেখতে পায় না।

—ঠিক বলেছেন। ইন্দোর শহরে আমার বাবা কাপড়ের বাবসা করেন। বছর ছই আগে সেই দোকানে গভীর রাত্রে চোর চুকে আমাদের যথাসর্বস্থ চুরি করে নিয়ে যায়। সেই আথাত বাবা এখনও সামলে উঠতে পারেন নি। তাই বোধহয়, সেই প্রাচীন মহাল্লা বাবাকে এই ক্লাক্ষ ধারণ করতে বলেছিলেন।

আমি আপনার হাতে এই কদাকটি দিচ্ছি তবে আপনাকেও আমার একটি অনুরোধ রাধতে হবে। আমি মণ্ডলেশ্বর হতে মহেশ্বরে আসার পথে মাজনা-দাদার নামক গাঁরে যেখানে হাট বলে, সেখানে মদনলাল বদরী নামক একজন লোকের সঙ্গে দেখা হয়েছিল। তার পাঁচ বছর বরসের একমাত্র পাঁচ মাস ধরে নানারকম অসুথে ভুগছে। সাদাসিধে পাহাড়ীলোক জড়ি বৃটি কবচ মাগুলি ভুক্তাক করে যাছে। অর্থাভাবে কোন আধুনিক চিকিৎসা করাতে পারছে না। আপনি যদি দরা করে বাচ্চাটিকে পরীকা করে ঔষধ-পত্র দিয়ে সুস্থ করে তুলতে পারেন, তাহলে আমি বিশেষভাবে বাধিত হব।

ডা: বংশীলাল আমার কথা শুনে এক কথার রাজী। আমাকে সোৎসাহে বলে উঠলেন—আপনি যদি দয়া করে আজ এখানে থেকে যান, তাহলে আমি বিকেলের মধ্যে মাজনা-দাদারে গিয়ে শিশুকে দেখে আপনাকে সব সমাচার জানিরে দেবে।

আমি বললাম—অত তাড়াহড়ে। করার প্ররোজন নেই। আপনি রোগীকে ঔষধ-পত্র দিয়ে নিরাময় করার চেইটা করবেন, এইটুকু জেনেই আমি খুনী। ফলাফল মহেশ্বের হাতে।

এইনময় তুরীয়জী জানালেন—ভোজন প্রস্তুত। আমি অরপ্রিয় বাঙালী বলে হয়ত আমার জন্য ভাগু। দিছ ও থি সহ ভাত তৈরী করা হয়েছে। আমি ভিক্ষাগ্রহণ করে তুরীয়জীর কাছ হতে বিদায় নিতে যেতেই তুরীয়জীর বললেন—'বনবাসী কোল ভীল নর্মদাকে কিনারে কিনারে রহতে হৈ। পহিলে ইয়ে জঙ্গলী কল্মূল ফল তথা মাংস পর হী নির্বাহ করতে থে, অব তো ইয়ে ছোটে ছোটে গাঁব বনাকর রহনে লগে হৈ। ইয়ে অব ভী ভীর প্রস্তুর লকড়ি আদি কাটনেকে কুল্হাডী ভী রাখতে হৈ। ইয়ে নিশানা লাগানে মেঁ বড় দক্ষ হোতে হৈ। পরিক্রমাকালে যাত্রীয়োঁ পর সামান দেখতে হৈঁ ভো উসে লুট লেতে হৈ। জিন পর কুছ সামান নহীঁ হোতা ঞাায়েসে সাধুরোঁ কো খানে কে লিয়ে অর ভী দে দেতে হৈ। পহিলে ভো বছৎ হী লুটপাট হোভী গী। অব ভো খোডা কম হো গঈ হৈ। ফির ভী লুটপাট ভো চলতী হী হৈ। মা নর্মদা আপ্রা ভালা করে।'

আমি তুরীয়জীকে 'নমো নারায়ণায়' জানিয়ে এগিয়ে চললাম নর্মদার তটধরে। রান্তা ভালই, হাঁটতে কোন কন্ট হচ্ছে না। ডাঃ বংশীলাল আমার পেছনে পেছনে কতকটা এগিয়ে দিয়ে গেলেন। আমাকে জানালেন—খলঘাট এখান থেকে বড়জোর সাত আটমাইল হবে। এই পথ ধরে আপনার কোন কন্ট হবে না। মাইল গুই যাবার পর হয়ত রান্তা খারাপ পড়বে। আপনি যদি মাইলখানিক উত্তর-পশ্চিমে একটু নর্মদা-তট থেকে উপরে উঠে যান, তাহলে পাকা রান্তা পাবেন। ঐ রান্তা গেছে সোজা

ইন্দোর শহরের দিকে। ঐ রান্তায় বাস চলে। আমাদের মার্কণ্ডের যোগাল্রমে যেসব ভক্তদেরকে গতকাল সন্ধ্যায় দেখেছিলেন, তাঁরা ইন্দোর থেকে বাস রিন্ধার্জ করেই এখানে এসেছিলেন। আজ ভোরেই ধর্মশালা থেকে তাঁরা বাসে চড়েই ইন্দোরের পথে যাত্রা করেছেন। ভবে সেই পথে গেলে রান্তা ভাল পেলেও নর্মদা কিনার হতে ক্রমশংই দূরে চলে যাবেন; নর্মদাকে চোখে চোখে রেখে পরিক্রমা করা সম্ভব হবে না। আমি তাঁকে ধন্যাদ জানিয়ে বললাম —ভাল রান্তা, পাকা রান্তার জন্য নর্মদা তট ছেড়ে আমি যাব না। অমরকন্টক থেকে আসছি, মুন্তমহারণা ও ওঁকারের ঝাড়ি লাখড়াকোট ও সীতাবনের মত মহাজ্বল অতিক্রম করে এসেছি। এখন লক্ষা মহাভ্রমন্বর শূলপানির ঝাড়ি। কাজেই সুথকর পথের লোভে আমি নর্মদা মাতার কোল ছেড়ে জন্য পথে পা বাডাব না। এবারে আপনি ফিরে যান, আগামীকাল ২৭শে ভাল সোমবার। আর্ভি পন্তিদের মতে এটি শিবের বার। কালই মহেন্থরকে স্পর্শ করিয়ে আপনি কিংবা আপনার বাবা চারমুখী রুদ্রাক্ষটি ধারণ করবেন।

— আপনি নিশ্চিন্ত থাকুন; আজ্জাই কিছুক্ষণ পরেই ঔষধপত্র নিয়ে মাজনা-দাদার গ্রামের মদনলাল বদরীর ছেলেটিকে আমি দেখতে যাব।

পুনরার তাঁকে সূক্রিয়া জানিয়ে সামনের দিকে পা বাড়ালাম। কিছুদূর কেঁটে গিয়ে আমি পেছন দিকে একবার তাকালাম। তখনও ডাক্রার দাঁড়িয়ে আছেন; আমাকে দেখে হাত নাড়ছেন।

মাইল ছুই হেঁটে যাবার পরেই সভাই এবার রান্তা খারাণ পেলাম। ছোট ছোট পাথরের টিলা, উঁচু টিলা নর্মদার কোল পর্যন্ত এগিয়ে এসেছে। কোথাও প্লাবিত করে, কোথাও বা সেইসব টিলা ভেদ করে নর্মদা বরে চলেছে। ভানদিকে তাকিয়ে দেখি বিদ্ধাপর্বত ঘন জললে ঢেকে গেছে। পায়ে চলার দাগ খুঁজে খুঁজে আমি আঁকা-বাঁকা পথে ইটিতে লাগলাম। এইভাবে প্রায় ঘন্টা ছুই ইটিার পর আমি একটা বাঁধানো পরিষ্কার ঘাটে এসে পৌছলাম। ঘাট থেকে একটু দ্রে ছু'চারটে পাকাবাড়ী এবং একটা মন্দিরের চূড়া দেখতে পেলাম। ঘাটে ছুজন লোক ছিল, তালেরকে জিজাসা করতেই জানাল এইটাই খলঘাট। 'ইছ্ সাটক নদীকী সংগম হৈ। ইছ্ খানকো যাটলিলী তীর্থ ভি কছা যাতা হৈ। ওছি দেখিয়ে, বাটলিলীকা

মন্দির দেখাই দেতা হার। আপ্ যাইরে না, উধর নাগা সাধুরে কো ছাউনী পড়া হার।

আমি বাটে নেমে নর্মদা স্পর্শ করলাম। হাত-মুখ ধুয়ে জল খেলাম।
নর্মদার অপর পারে অর্থাৎ দক্ষিণতটে বছলোকের বসতি চোখে পড়তে
সেই স্থানের পরিচয় জিজ্ঞানা করতেই সেই ছটি লোক উত্তর দিল—'উধর্
উহ্ গাঁও ফায় গোপালপুরা। উস্কা পাশমেঁই কসরাবাদকী বস্তি।' হাটে
দাঁড়িয়েই একটু দ্রেই নর্মদার উপর একটা পুল চোখে পড়ল। আবার
আমার কোতৃহলী দৃষ্টি অনুসরণ করে সেই লোক ছটির একজন আমাকে
জানাল—'আগরাসে জো বম্বই কো পকী সড়ক যাতী হৈ, উহ্ য়হী
নর্মদাকো পার করতী হৈ। নর্মদাজী পর পানি সে ১৫ ফুট উচা পকা পুল
হায়। কহতে ইে বক্ষাজীনে ইসী স্থান পর তপ কিয়া থা।' এই বলেই
লোক ছটি সেই ভর ছপুরবেলা কানের কাছে হাত রেখে দরাজ গলায় গেয়ে
উঠল—

রেবা ধার অনেক ইভ, অদ্ভূত মাঁকো টাট হৈ। সাটক-সংগম ষাটশিব, অভি সমীপ খলঘাট হৈ॥

ভক্তদের ভাবোচ্ছাসে কোন বাধা না পড়ে, তাই সতর্ক হয়ে সেখান থেকে ঘাটের উপর দিকে বাটলিঙ্গী মন্দির লক্ষ্য করে ইটিতে লাগলাম। মনে মনে ভাবছি, নর্মদা এতদঞ্চলের প্রাণের দেবী। অমরকণ্টক থেকে রেবাসংগ্যম পর্যন্ত যা নর্মদাকে কেন্দ্র করে কত যে প্রবাদ, লোক-সাহিত্য, বাংলাদেশের নানা মঙ্গলকাব্যের মত কাব্য ও ছড়া যে তৈরী হয়েছে, তার ইয়ভা নেই। বাটলিঙ্গী মন্দিরের ছয়ারে এসে পৌছে গেলাম। দরক্ষাতে ঠেলা দিতেই দরকা থুলে গেল। পাথরের দেওয়ালে গুণে গুণে দেখলাম, ঘাটটি বিভিন্ন ধরণের শিবলিজ খোদাই করা আছে। আর মন্দিরের মেঝেতেও প্রতিষ্ঠিত আছেন ঘাটটি বিভিন্ন প্রকারের শিবলিজ। আমি সাফ্টাকে প্রণতি কানিয়ে দরকা টেনে বন্ধ করছি, এমন সময় 'হর নর্মদে, হর নর্মদে', শব্দে কোলাহল উঠল। মন্দিরের বাইরে বেরিয়ে এসে দেখি একজন সাধু, মাথায় জটা চুড়া করে বাঁধা, হাতে ত্রিশূল, কাঁধে ঝোলা, আর তাঁর পেছনে প্রায় ত্রিশক্তন নাগা। তাঁদের কারও হাতে ত্রিশূল, কারও

হাতে মোটা লাঠি। প্রত্যেকেরই কাঁখে ছোটবড় গাঁঠরী, তাঁরা সারিবজ-ভাবে এসে মন্দির পরিক্রমা করতে লাগলেন। কেউ কেউ শাঁখ, শিলা বা ডম্বরু বাজাচ্ছেন। তাঁদের সঙ্গে ছজন কুলীর কাঁথে তাঁবু 🗷 নিশান--সঙ্গে ত্ত্বৰ পণ্ডিতও আছেন। তাঁরা মন্দির পরিক্রমা করেই নর্মদার খাটে গেলেন। আমার পূর্ব দৃষ্ট একজন লোক দৌড়ে এসে বললেন-ইয়ে সাধুয়েঁ। ছাউনি উঠাকর চল্ পড়ে। আপ্ পরিক্রমামেঁ যায়েছে ত ইন্লোগোঁকা সাথ যাইয়ে, আপকা মাসানি হোগা। আমি মুহুর্তকাল চিন্তা করে সিদ্ধান্তে এলাম, লোকটি ঠিকই বলেছে। এই ছোট্ৰ জমাত্টির সঙ্গ ধরাই আমার পক্ষে মঙ্গলজনক হবে। সকলের কাছেই শুনে আসছি, শৃলপাণির ঝাডিপথ ভয়ন্বর। আমার মা যখন তখন বলে থাকেন—'লোক লক্ষ্মী'। এই বিদেশে অজানা ভয়ত্বর পথে পাছি দিতে হলে সাথী থাকা ভাল। चामि जाजाजाजि चाटि ट्यीटइ जाँदिन त्र त्रहत्न शिक्त मांजानाम । त्याना, গাঁঠরী ও তামু নিশান প্রভৃতি রেখে সকলেই নর্মদা স্পর্শ করলেন। একজন নাগা ঝোলা থেকে রূপার একটি পঞ্চপ্রদীপ বের করে তাতে ঘৃতসিক্ত ভুশার বাতি সাজিয়ে তাঁদের প্রধান দশপতি সেই জটাজুট চুড়াধারীর হাতে দিলেন। তিনি পঞ্জাদীপ জেলে নর্মদা মায়ীর আরতি আরম্ভ করলেন। সঙ্গে সঙ্গে সমবেত কণ্ঠে বন্দনাপাঠ সুরু হল।

ওঁ নমোহস্ততে দেবি সমুদ্রগামিনি
নমোহস্ততে দেবি বরপ্রদে শিবে।
নমোহস্ততে লোকদ্বয়সৌখ্যদায়িনি
হানেক ভূতোঘ সমাপ্রিতেহনছে॥

হে সমূদ্ৰকো জানেবালী দেবি! তুম্ হে নমস্কার হৈ। হে বরদান দেনেবালী দেবি! হে কল্যাণ করণেবালী দেবি। তুম্ হে নমস্কার হৈ। হে ইস্লোক তথা পরলোক দোনোঁ লোকমেঁ সুখ দেনেবালী দেবি! হে অনেক প্রকারকে প্রাণীয়োঁ সে প্রশংসিত পাপরহিত দেবি। তুমইে বারবার প্রণাম হৈ।

আরতি শেষ করে দলপতি মহাক্সা নিজে এবং অক্যান্য সকলের মাধার নর্মদার জল ছিটিয়ে দিয়েই শিক্ষা ও ডম্বক বাজাতে বাজাতে নর্মদার তট

धरत हैं।हेट नागरनन। धामि औरनत श्रिह्म श्रिह्म हैं।हेट नागनाम। नीवर्त ताथहत्र मारेम जित्नक द्वैति याश्रवात भन्न त्मरे मम्भिक द्वैतक वनातन-'रेटा मुन्यदात महला दि। रेथत (थाए। विलाम किया यात्रः' এरे বলে তিনি একটি আবলুৰ গাছের তলায় বদার উভোগ করতেই একজন নাগা শশবাত্তে একটি হরিণছাল বিছিয়ে দিলেন এবং এক কল্কে গাঁছা সেকে দিলেন। অন্যান্য নাগারাও বিভিন্ন গাছের তলায় গিয়ে দলপতিকে আড়াল করে গঞ্জিকা দেশত বত হলেন। আমিও তাঁদের কাছ থেকে একটু দূরে বসে বিশ্রাম করতে লাগলাম। এই সময় একজন অল্লবয়সী ( বরুস বোধহয় ৩৪।৩৫ ) নাগা আমার কাছে এসে জিজ্ঞাসা করলেন-আপু কাহাঁকা রহমেবালা হো? আপু ক্যা একেলা প্রকর্মা কর্ রহে হো ! আমি সংক্রেপে আমার এটান্ত বললাম। আমার কথা গুনেই পরিস্কার বাংলার বললেন— আপনি বাঙ্গালী জেনে আমার খুব আনন্দ হল, আমিও বাঙালী। মেদিনীপুর জেলার বাদাড় গ্রাম আমার জন্মস্থান। বি. এ. পাশ করে যখন কলকাতার গিয়ে এম. এ. পড়ার উভোগ করছি, সেই সময় মেদিনীপুর শহর হতে দশবার মাইল দুরে ধলহার। নামক গ্রামে শ্রীশ্রীপাগলীমা নামে যোগদিদ্ধা মায়ের কংশ শুনি। তাঁর অলোকিক যোগবিভৃতি চিল। এতিদিনই তাঁর কাছে হাজার হাজার লোক যেত ভাগ্য গণনা করতে। তাঁর সামনে গিয়ে দাঁড়ালেই দিনি নাম ধাম, কে কিজন্য এসেছে, কোনু সম্যায় পড়ে এসেছে, তার প্রতিকারই বা কি, তা তিনি গড়গড় করে বলে দিতেন। মনে হত, যে ভক্ত তাঁর সামনে দাঁড়িয়ে আছে, তাঁর সমগ্র জীবনপট তাঁব সামৰে যেন আয়নায় প্ৰতিফলিত হয়ে গেচে। তিনি কেবল দেখচেন আর বলে যাছেন। এমন কি. তাঁর কাছে দেই ধলছারা গ্রামে আসতে আসতে. ভক্ত কোথায় কোথার বিশ্রাম করেছিল বা কার সঙ্গে কি কি কথা বলেছিল, তাও তিনি বলে দিতে পারতেন। তাঁর ন ইঞ্চি দীর্ঘ একটি অউধাতু নির্মিত গৌরী মৃতি ছিল। এই খ্রীশ্রীগৌরীই ছিলেন তাঁর ইউদেনী। তাঁর গৌরী-পূজার রীতিও ছিল বিচিত্র। একটা ছোট্ট তামার বাটিতে ছটাকখানিক মধু নিয়ে তিনি মন্দিরে চুকতেন ঠিক বেলা ১২-টায়। চুকেই অল্লীল ভাষায় গালি পাড়তেন গোরীর উদ্দেশ্যে—'কি লো! বাপভাতারি! স্বাই জানে. শিব তোর ভাতার! সেই ভাতারকেই তুই পারে করে দলছিস্। আবার

তাকে ছেলে ছিসাবে পেটে ধরে বলে আছিস্। ওলো ব্রহ্মাণ্ড ভাণ্ডোদরি, নে নে হাঁ কর, আগে তোর পেটের আলা মেটাই।' এই বলে তিনি আঙ্লে করে মধু তুলে তুলে গৌরীমুভির ঠোটে ঠেকাতেন আর সেধানে সঙ্গে সঙ্কে করে অগ্নিফুলিল অলে উঠত। হাজার হাজার ভজের সামনেই এই ঘটনা নিতা ঘটত।

সারা মেদিনীপুর জেলা জুড়ে তাঁর নাম ছিল। তাঁর অলোকিক ক্ষমতার কথা ছড়িয়ে পড়েছিল সারা বাংলাদেশ জুড়ে। কলিকাতাতেও তাঁর অজত্র ধনী মানী ভক্ত ছিল। আমি এম. এ. তে ভতি হওয়ার জন্য যখন উদ্গ্রীব, কিন্ত বাসার অভাবে বিশ্ববিদ্যালয়ে ভতি হতে পার্ছি না। সেই সময় আমাদের বাদাড় গ্রামেরই তাঁর কিছু ভক্ত আমাকে বলেন—কলিকাভান্ন আমাদের পাগলী यारात व्यत्नक भिग्ना क वारहन, ज्ञि পাগলী यारात भन्न नाख, তিনি ইচ্ছে করলেই তোমাকে কলিকাতার থেকে এম. এ. পড়ার ব্যবস্থা অভি সহজেই করে দিতে পারবেন। সেই আশাতেই আমি মা-বাবাকে সঙ্গে নিয়ে পাগলীমাকে দর্শন করতে ঘাই। গিয়ে দেখি তার সামনে প্রায় একমাইল দীর্ঘ লাইন, শুধু মানুষ আর মানুষ। আমরা তিনজনও লাইনে গিরে দাঁড়ালাম। তখন ছিল চৈত্র মাস। প্রথম রৌদ্রে দাঁড়িয়ে থাকতে থাকতে বাবা অচৈতন্য হলে পড়েন। আমি তাঁকে ধরে বসিয়ে ছুটে যাই একটা পুকুরে अन आनरछ। अन এনে বাবার চোবে-মুখে ঝাপটা মারচি, এমন প্ৰয় জনতার মধ্যে চাঞ্চ্যা দেখা দিল, রব উঠল পাগলীমা আসছেন। আমি চোখ ফিরিয়ে দেখলাম, নগেন সাধু নামে তাঁর এক ভীমকায় ভক্ত চিৎকার করে বলতে বলতে আসচেন—বাদাড় হতে ঈশান মাইতি নামে কেউ এসেছে কি । এনে থাকলে হাত ভোল, হাত ভোল। আমি তাডাতাড়ি উঠে দাঁড়িয়ে হাত তুললায়। নগেন সাধুর পেছনেই পাগলীযা। ষর্ণকান্তি ছাতি, ষ্ণকেশী ভৈরবীমৃতি। কণালে বড় সিন্দুরের কোঁটা, সি থিতেও সিন্দুর, বেঁটে-খাটো মানুষ্টি, আমাদের কাছে এবে বাবার মাথার হাত দিলেন। বাবা চোখ মেলে তাকাতেই তিনি বললেন—'একটু আগে জল খা দিকি।' নগেন সাধুর দিকে তাকিয়ে বললেন—'একে কোলে করে ঐ আতদ ( অশ্বথ ) গাছটার ছারার বিরে বসিরে দে। আভাম থেকে ভোগ এনে খাইরে দে। একুনি, একুনি। আগে এরা তিনজন খাবে। তারপর গৌরী খাবে। আমার দিকে ভাকিরে বললেন—ভোর এম. এ. পড়া হবে না বাছা। ভোর সন্ন্যাস র্ত্তি। ঝাড়েশ্বরের থানে, তমাল নদীর খারে পড়ে থাক্গে যা। ঝাড়েশ্বর লোক জুটিরে দেবেন।

এই বলেই তিনি আশ্রমে ফিরে গেলেন। একটু পরেই সেই নগেন সাধু গামলার শালপাতা ঢাকা দিয়ে প্রচুর অন্নব্যঞ্জন এনে দিলেন। নগেন সাধু বললেন—'তোমরা খাওয়া দাওয়া সেরে কিছুক্ষণ বিশ্রাম করে বাড়ী ফিরে যাও। পাগলী আমাদের ষয়ং ব্রক্ষয়ী। বেটি একবার যা বলে দিয়েছে তার আর রদবদল হবে না। আমি ছিলাম ডাকাত। বেটির পাল্লায় পড়ে আমি সাধু বনে গেছি। দীর্ঘ চল্লাশ বছর ধরে মাকে দেখছি ত।'

আমি বললাম — আপনার কথা মানতে পারলাম না। দৈবই সব নর,
পুক্ষকার বলে একটা কথা আছে। আমি এম. এ.-তে ভতি হয়েই মার
সঙ্গে এসে দেখা করব।

আমার কথা শুনেই তিনি অট্টাট্ট হাসিতে ফেটে পড়লেন—হাসতে হাসতেই ছড়া কাটলেন,—কত গেল রখ রথী, শেওড়াতলার চকোতি।

আমরা কতকটা হতাশ হয়েই ফিরে এলাম ধলহারা থেকে। বাড়ী যেতে যেতে বাবা বলেছিলেন—'মতি! তুই কিছু ভাবিদ নি। তুই আমার একমাত্র ছেলে। আমার একশ বিবে জমি আছে। জমি বেচে বেচে আমি ভোর পড়ার ধরচ চালাব, মেসের ধরচাও চালাব। তুই কয়েকদিন পরেই কলকাতার চলে যা। একটা মেসে থাকা খাওরার ব্যবস্থা করে এম. এ.-তে ভতি হয়ে যা।' কিছু মানুষ ভাবে এক, ঘাটে যায় আর এক রক্ম।

আপন ইচ্ছায় জীব কোটি বাঞ্চা করে।
কৃষ্ণ না পুরালে বাঞ্চা কে পুরাতে পারে?

বাড়ী ফিরে যাওরার তিনদিন পরেই আমি প্রবল অরে আক্রান্ত হলাম। গায়ে বসন্তের গুটি দেখা দিল। মা বাবার অক্রান্ত সেবা এবং স্লেছস্পর্শে আমি পনের দিন পরে সুস্থ হয়ে উঠলাম। কিন্তু মা পড়লেন মারান্ত্রক বসন্ত রোগে। কবিরাজ বললেন—রক্তচামদল বসন্ত। সারা শরীরে লাল ছোট ছোট ঘামাচির মত গুটি বেরোল। মাত্র তিনদিন রোগ ভোগ করেই তাঁর জীবনান্ত ঘটল। বাবারও শরীরে বসন্ত দেখা দিল। এগার দিনের

जिन जिनिश्व शंक इरनन। यामात मंदीरहरे कालरतांश व्यथम **अर**न रहारन মেরেছিল। আমি গেলাম বেঁচে কিন্তু মা বাবা চলে গেলেন। আমার সব সাধ চুৰ্-বিচুৰ্ণ হল। আমি একদিন গ্ৰাম ছেডে, সেই শাশানভূমি ছেডে বেরিয়ে পড়লাম পথে। ঘুরতে ঘুরতে একদিন একটি গ্রামের নির্জন কালী মন্দিরে রাত্তিবেলা আশ্রয় নিলাম। মন্দির বলতে একটা বড়ের আটচালা। भागान। भागात्नत्र शात्र पिरत्रहे अकहा (इति नही वरत्र हरमहा । नकान হতেই একজনকে ভিজাসা করলাম—এটি কোন্ নদী ? লোকটি উত্তর निम—'তুমাन नहीं, आপनि ঝাড়েশ্বরের মন্দির যাবেন ত ? नहीं তে এক हैं। इन, ननी পেরিরে চলে যান-এ তো यन्निরের চূড়া দেখা যাচ্ছে। ज्यान नही ७ बाएज्युदात नाम त्याना गाउरे जागात भागनी गारमत कथा মনে পড়ে গেল! বুঝলাম তিনি অমোঘ নিয়তির অদৃখ্য বিধান সেদিন ওনিয়েছিলেন আমাকে। তমাল নদীতে স্নান করে গিয়ে পৌছলাম ঝাড়েশ্বর মন্দিরে। সেখানে পৌছে দেখি পাঁচ পাঁচটা বিরাট বিরাট বটগাছ থিরে আছে মন্দিরকে। মন্দিরের পেছনেই এক বিরাট দীঘি। বটগাছের তলার ধুনি জেলে বলে আছেন এক সাধু। আমি তার কাছেই দীকা নিই, ঝাড়েশ্বরে গৃদিন থেকে সেই সাধুর সঙ্গেই কাশীতে পৌছি। কাশীতে জীৰকুণ্ডে কেনারাম বাবার মঠে থেকে আমি ব্যাকরণ ও কাব্য পড়তে আরম্ভ করে আচার্য উপাধি প্রাপ্ত হই। আমি যে মহাত্মার সঙ্গে কাশীতে পৌছেছিলাম, তিনি ছিলেন অঘোরপন্থী। কেনারাম বাবার মঠটাও অবোরপন্থীদের আখড়া। অবোরপন্থীদের বীভংস কার্যকলাপ আমি সঞ করতে পারছিলাম না। ইতিমধ্যে আমার আশ্রয়দাতারও দেহাল্ড গটেছে। সেই সময় প্রয়াগে অর্থকৃত্তমেলা হচ্ছিল। আমি কানী ছেড়ে প্রয়াগে চলে যাই। সেইখানেই এই মহাপুরুষের দর্শন পাই। এঁর নাম ঐতীনগেন্দ্র ভারতী ৷ নর্মদাতটের প্রসিদ্ধ মহাত্মা নর্মদা পরিক্রমার অন্যতম প্রবর্তক ক্ষলভারতীজীর গদীর বর্তমান মোহান্ত ইনি। এবার আপনার বভান্ত আমাকেও কিছু বলুন।

আমি বল্লায— আপনি এতক্ষণ ধরে যা শোনালেন, তাহল "মার কাছে মাসীর বাড়ীর গল্প"। কারণ আপনার বর্ণিত হান, ও নির্ভির অমোঘ খেলা স্বই আমার ঘনিষ্ঠভাবে জানা চেনা। আপনার বালাড় গ্রাম আমি

চিলি। বাদাড় গ্রামে কংসাবতী নদীর তীরে যে বিখাত জগলাথ মন্দির, ভার স্থাধিকারী পারিয়াল বাড়ী আমার বাবার মামা বাড়ী। সেই দাহর বাড়ী আমি বাবার সলে হু'তিনবার গিয়েছি। আমার জন্মছান কালিরাড়া গ্রাম। আমাদের গ্রাম হতে ১১ মাইল দুরেই অকড়া, বাজার-চণ্ডী, কুলিয়াড়া, মেউদীপুর, রামনগর, মুকণ্ডদপুর প্রভৃতি গ্রাম পেরিয়েই আপৰার বাদাড গ্রাম: ধলহারা গ্রামের পাগলীয়া আয়ার অভান্ত সুপরিচিত, অত্যন্ত কাছের মানুষ। তিনি তান্ত্রিক ছিলেন বলে এবং তন্ত্রের প্রতি আমার বাবার অশ্রদ্ধা ছিল বলে, আমি যখন তখন তাঁর কাছে যেতে পারতাম না অর্থাৎ আমার বাবা আমাকে থেতে দিতেন না। আমার বাবা ছিলেন কটুর বেদপন্থী, অগ্নিছোত্রী সান্বিক ত্রাহ্মণ। তিনিই আমার জীবনের যথাসর্বয়। তবুও একবার তাঁর অনুষ্তি নিয়ে আমি পাগলীমাকে দর্শন করতে গিয়েছিলাম। তখন আমার বয়দ নয়, স্বেমাত্র তখন উপনয়ণ হত্তে। আমার বাবার কথা বাদ দিলে একথা অধীকার করে লাভ নেই যে মহাযোগিনী পাগলীমার দর্শনই আমার জীবনের প্রথম সাধুদর্শন। তাঁর মূহর্মুত সমাধির অবস্থা আমি দেখেছি। ধলহারা গ্রামে আমাদের বছ আস্ত্রীয় चाट्न। जाँदम्ब वाजी शिल्मे चामि भागमीमाटक मर्मन कर्वा याजाम। তিনি গৌরীমৃতির গোঁটে মধু ছোঁয়ালেই যে আলো জলে উঠত তা অন্ততঃ দশবার আমি নিজের চোবেই দেবেছি। তাঁর অলৌকিক বিভৃতির অনেক घটना আমার জানা আছে। একবার আমার দাদা, আমাদের গ্রামবাসী পুঁটিরাম পাত্ত নামক পাগলী মায়ের এক ভক্তের সঙ্গে পাগলীমাকে দর্শন করতে গিরেছিলেন। তিনি তাঁর সামনে দাঁড়াতেই ভাবাচ্ছর অবস্থার বলতে লাগলেন—'এই যাঃ ! গেল গেলরে ! যাকৃ ঠিকমত লাফিয়ে ধরতে পারল না। তোর মায়ের সরের বাটি বেঁচে গেল। পরে যাভাবিক কণ্ঠয়রে वनरमन-- एजात्र मा पि कत्रवात्र जन्म अकवािं मत मिकारण त्ररश्रह। একটা বিল্লী ঝাঁপ দিয়েছিল সরের বাটি লক্ষ্য করে। কিন্তু তোর বোন সময় মত এসে পড়ায় রক্ষা পেল। কিছুক্ষণ পরেই আবার ভাবের খোরে বলতে লাগলেন-ভীষণ কালবৈশাখীর ঝড় উঠেছে। ভীষণ বৃষ্টি সুরু হয়ে গেল। মূত্র্ত বাজ পড়ছে। তোর বাবা আমার নিন্দা করে, এবার বামুন क्स रत ! अको वाक बाधान शक्रम वाबून कार ! जान कथान नाना

এবং অন্যান্ত সকলেই চমকে আকাশের দিকে তাকিয়ে দেখলেন, আকাশ পরিকার, বেলা তখন ৪টা, চারদিক রোদে ঝলমল করছে। পরকণেই পাগলীমা বললেন-না: তোর বাবা রক্ষা পেরে গেল। তোর বাড়ীর পুৰ্বদিকে মাঠের মধ্যে ঝাঁকড়া আঞ্চ ( অখ্য ) গাছটা আছে তার তলায় তোর বাবা দৌড়ে এলে দাঁড়িয়ে পড়েছেন। ছ' ছ' বাবা! ও বামুনের চোখে আগুন, মুখে আগুন, ফুরে আগুন, বাজের বাপেরও কমতা নেই, ঐ বামুনের ক্লেতি (ক্লিড ) করতে। দাদা পরদিন বাডীতে এসে মিলিয়ে নিষেছিলেন, সরের বাটতে বিল্লীর ঝাঁপ এবং কালবৈশাখীর ঝডের মুখে বাবার অখথ গাছের তলায় দাঁড়ানো, মৃত্র্যুত্ বাজ পড়া প্রভৃতি বটনা সবই সময় ও কাল ধরে অক্ষরে অক্ষরে ঠিক। কাজেই একটু আগে যে चानि रनत्न (कछ नाननी गाउत्रत्न (ठाएशत नागतन এटन माँफालनह তার সমগ্র জীবনপট, তার ভূত ভবিষ্যুৎ বর্তমান যেন একটা আয়নার মধ্যে ষচ্ছভাবে প্রতিফলিত হয়ে উঠত, তার অলোকিক দৃষ্টি প্রদীপে দবই ভেদে উঠত, তাতে কোন সন্দেহ নেই। তাঁর তিরোধানের সময় আমি উপস্থিত ছিলাম। ১৯৫০ সালের বাসস্তী পূজার দিনে তিনি যোগাসনে বসে মহা-সমাধিতে প্রবেশ করেন। মৃত্যুর ১৫ দিন আগে থেকে তিনি তাঁর দেহাল্ডের তিথি, বার ও ক্লণ সকল ভক্ত শিশুদের কাছে পূর্বাক্টেই জানিয়ে দিয়েছিলেন। তার পরের বছরেই ফাল্পন মাসে শিবচতুর্দশীর দিন আমার বাবাও যোগন্থ रुष्त्र (पर्वत्रका कर्त्रन।

বাবার প্রাদ্ধান্তেই আমি গৃহত্যাগ করে বুরে বেড়াচ্ছি। বাবার খুব ইচ্ছে ছিল, আমি নর্মদা পরিক্রমা করি, তিনি দেহে থাকাকালেই এম. এ. পরীক্ষা দেবার পরেই তিনি আমাকে পাঠিয়েছিলেন অমরকন্টকে। সেবার অমরকন্টক হতে জবলপুর পর্যন্ত আমি বুরে যাই। বাবার দেহাল্ডের পর তাঁর ইচ্ছে বা আদেশ পালনের জন্য আমি বেরিয়ে পড়েছি, অমরকন্টক হতে রেবাসংগম পর্যন্ত সমগ্র নর্মদা পরিক্রমা করার জন্য। এইখানেই আমার জীবনের সঙ্গে আপনার জীবনের একটা মর্মান্তিক সাদৃশ্য দেখছি। আপনার পিতার মৃত্যুর পর আপনি সংসার ত্যাগ করে বেরিয়ে এসেছেন, বাবাকে হারিয়ে আমার জীবনের গতিপথও গেছে বদলে।

আমার কথা শেব হতে না হতেই মোহান্ত মহারাজ হাঁক পাড়লেন---

আভি সব তৈয়ার হো যাও। যাত্রা করেছে। মতীক্ষর কাঁছা গৈল বাং মতীক্ষর ং

মতীলর অর্থাৎ মতীক্র ভারতীক্ষী ত্রান্তব্যন্তে উঠে দাঁড়ালেন। আমার হাত ধরে বললেন--'চলুন, আপনাকে গুরুজীর সলে পরিচর করিয়ে দিই।' তাঁর সঙ্গে আমি গিয়ে মোহান্ত মহারাজকে অভিবাদন ও দশুবং জানালাম। মতীক্রজী ভাড়াভাড়ি আমার পরিচয় এবং আনুপুর্বিক বৃত্তান্ত জানাতেই মোহান্তজী আমাকে হাসিমূবে বললেন—মতীক্ষরকা দোভ হ্যারাভি দোস্। আপ হ্যারা পাশ্মেঁ চলিরে গণ্গপাতে (অর্থাৎ গল্প করতে করতে) হমলোগ চলেকে। ইতিমধ্যে নাগারা প্রস্তুত হরে সুশৃললভাবে গাঁড়িয়ে পড়েছেন। মোহাগুজী রব তুললেন—হর নর্মদে। এক नत्त्र नवारे वत्न छेठेरनन—हत्र नर्भत्तः। दिना छथन द्वाध हत् छुछ। वा আড়াইটা হবে। নাগারা যথারীতি শিক্ষা ভম্বক মাঝে মাঝেই বাজাতে লাগলেন। আমি তাঁর পাশে পাশেই গল্প করতে করতে হাঁটতে লাগলাম। তিনি বলতে থাকলেন-মতীলর খুব যোগনিষ্ঠ। প্রয়াগের কুম্ভমেলায় ওর সঙ্গে অম্যার সংযোগ ঘটে। আমিই ওকে সন্ন্যাস দিয়েছি। ওর সেবায় আমি थुवरे भक्कि। वृक्षिमान ७ विद्यान। আজকাল আমার ওকে ছাড়া চলেই না। শুনলাম, তুমি তার একরকম গ্রামবাসী বললেই চলে। নর্মদা মার महिया वर्ष ( संघ कता यात्र ना। नर्मना शतिक्रमाहे अकता महा छशजा। তাই আমার দাদাগুরু বক্ষলীন মহাত্রা কমলভারতীজী নর্মদা পরিক্রমার মাহাত্ম্য বা প্রচারকে ত্রত হিদাবে গ্রহণ করেছিলেন। আমি তাঁকে বললাম — আমি মণ্ডলেখ্রে আপনার আশ্রমে শুনে এসেছিলাম, কোন গুরুতর প্রয়োজনে আপনি নাকি গুজরাট গিয়েছেন। এভাবে আপনার সঙ্গে দেখা হয়ে যাবে ভাৰতেও পারিনি। আপনি ত এভাবে **জললের পথে প**দব**জে** না গিয়ে ট্রেন বাদ প্রভৃতির দাহাযোও দহজেই গুজরাট যেতে পারতেন। —তা যেতে পারতাম। আনুষ্ঠানিকভাবে তিনবার আমি নর্মদা পরিক্রমা শেষ করেছি। গুজরাটে আমাদের দাদাগুরুর আমল থেকে আমাদের বছ শিগ্য ভক্ত আছে। তাই প্রতিবছরই এই সমর একবার করে আমাকে গুজরাট যেতে হয়। কিন্তু সম্প্রতি আমি পাঁচজন নৃতন ভক্তকে সল্ল্যাস দিয়েছি। ভাবলাম, যদি মণ্ডলেশ্বর থেকে কড়াই প্রসাদ করে পরিক্রমা ওঠাই

এবং ভারোচে গিরে রেবা-সংগ্রমে পরিক্রমা শেষ করি তাহলে সে বেচারাদের একরকম রুপ্তা পরিক্রমা হয়ে যাবে। এতেও অনেকটা পূণা। তাই এইভাবে চলেছি। আমি খলঘাটে সাতদিন ছিলাম। সেধানে মহারুদ্র যজের আরোজন করেছিলাম। অগণিত ভক্তের ভীড় হয়েছিল। তাই আটকে পড়েছিলাম। যাক্ তাতে আমার ভালই হয়েছে। নতুবা তোমার সঙ্গে দেখা হত না। তুমি আমার আশ্রম হতে ফিরে এসেছ। সেধানে যে অপদার্থরা রয়েছে, অনুমান করছি, তারা অতিথি বা অভাগত হিসাবে নিশ্চয়ই তোমার আপায়ন করেনি। মা নর্মদা এইভাবে তোমাকে মিলিয়ে দিয়ে আমার সেই অপরাধ খণ্ডন করালেন।

—না, না আপনার আশ্রমে গুজন সন্নাসীর সঙ্গে দেখা হরেছিল।
আমি তাঁদের কাছে অভ্যাগত হিসাবে আতিথা গ্রহণ করতে যাইনি। আমি
পণ্ডিত ভট্টনারারণজীর বাড়ীতে উঠেছিলাম। তিনি এবং তাঁর ধর্মপত্নী
আমার যথেই যতু করেছেন। তাঁর সঙ্গেই আমি আপনার আশ্রমে গিরেছিলাম আপনার খোঁজ করতে। আপনার সঙ্গে দেখা করার খুব আগ্রহ
ছিল, মা নর্মদা আমার সে ইচ্ছা পূরণ করেছেন। খলগটে তাই সহস।
দেখা হয়ে যেতে, তখন আপনারা প্রস্থানোভত জেনে আমি প্রপাঠ খলগাট
থেকে আপনাদের জমাতের সঙ্গ ধরেছি বা বলতে পারেন আপনাদের
পিছু নিরেছি।

এই বলে আমি হেলে ফেললাম। তিনিও হাসতে হাসতে বললেন—
তালই করেছ। মতীল্বকে আমি সন্তানের মত ভালবাসি, রদ্ধ হয়েছি,
যদি আমার 'গুরুচক্রে' তাঁর নাম ওঠে, তাহলে হয়ত আমার অন্তিমকালে
তাকেই পরবর্তী মোহান্ত পদে অভিষিক্ত করে যাব। মতীল্বরের (মতীক্রের)
দেশের লোক বলে তুমিও আমার সন্তানতুলা। তাছাড়া তুমি পিতৃ আদেশে
নর্মদা পরিক্রমার মত সুকঠিন বাত গ্রহণ করেছ বলে আমার মন দ্রবীভূত
হরেছে। তুমি আমার সম্প্রদায়ের হও আর না হও, আনুষ্ঠানিকভাবে
সন্তাস গ্রহণ কর আর না কর, বারাই নর্মদা পরিক্রমা করেন, তাঁরা
সকলেই নর্মদার সন্তান। সেই হিসাবে আমরা সকলেই সহোদর ও সূহদ।
এই শিক্ষাই আমাদের দাদাগুরু ক্ষলভারতীন্তী আমাদেরকে দিয়ে গেছেন।
তুমি কিছুদিন থাকতে থাকতেই বুনতে পারবে, আমাদের কোন সাম্প্রদারিক

গোঁড়ামি নেই। তুমি কোন সংকোচ করে। না আমাদেরকে নিজের লোক ভেবেই ভারোচ রেবা সংগম পর্যন্ত আমাদের সঙ্গে আমাদের সংগ্র থাকা। ধর্মপুরী থেকেই আমাদের যে যাত্রাপথ সুক হবে, সেই যাত্রা হবে কঠিনতম পরীক্ষার মধ্য দিয়ে, পরিক্রমাবাসীর অগ্নি পরীক্ষা। এই অগ্নি পরীক্ষার নাম শূলপানির ঝাড়ি। যেমন কঠোর পাছাড়ী পথ, তেমনি ভরম্বর গভীর জলল। দক্ষিণ ভেটে রাজঘাট থেকে শূলপানিশ্বর মহাদেবের মন্দির, আর এই উত্তরতট চিখলদা থেকে পিপ্লাদের আশ্রম পর্যন্ত এই জললের সীমা। এই ভটেও শূলপানির মন্দির আছে। উভন্ন ভটেই ঘন গভীর জলল। মুখ্মহারণা বা বা ওঁকারেশ্বর ঝাড়িভেও হিংস্র শ্রাপদের ভর আছে বটে, কিছু এই জললে তাদের সংখ্যা ছনেক বেশী, তারপর আছে গুলিস্ত ভীলদের লুট্পাট ও অত্যাচারের ভর। কাজেই দলবদ্ধ হয়ে একসলে যাত্রা করাই ভাল। তুমি যতদিন আমার জমাতে থাকবে, ততদিন তুমি আমার সন্তানের মতই থাকবে। অস্ততঃ আমি তোমাকে সেই চোখেই দেখব।

মহায়ার সরল ও সহাদয় বাবহার আমাকে মুগ্ধ করল। লাখড়াকোটের জঙ্গল পথে মহেশ গিরি ও তাঁর সেই হুর্লান্ত নাগাদের সজে এঁর কত তফাং! তাঁদের সাম্প্রদায়িক গোঁড়ামির আলায় আমি অতিষ্ঠ হয়ে উঠেছিলাম। কিন্তু এঁর মন কত উদার! এই গুণেই এঁর অপর গুরু আতা মোহনগিরি কিছু অনুচর নিয়ে আলাদা হয়ে গেলেও অধিকাংশ শিয়্যবর্গ এঁকেই তাঁদের দলপতি হিসাবে মাল্য করেন এবং মতীল্র ভারতীর মত অনেক শিক্ষিত যুবকও এবই নিশান বা পতাকার তলে এসে মিলিত হয়েছেন।

এমন সময়, মতা লু ভারতী জা পেছন থেকে চিংকার করে উঠলেন গুরুজী! সামনের দিকে তাকিয়ে দেখি পাছাড়া পথ জলে থৈ থৈ করছে। পশ্চিমগামিনী নর্মদার সুন্দরের ঘাট থেকে আমরা উত্তর দিকে ক্রমশঃ উঁচুতে উঠে আসছিলাম জলল ঘেরা পাথরের চাঙড় ভিভিয়ে ভিভিয়ে। হঠাং এখানে জল কোথা হতে এল ! নর্মদার আবির্ভাবই ঘটল কিভাবে!

কিছু জিজ্ঞাসা করার আগেই মোহাস্তজী বললেন—যে বছর প্রবল বর্ষা হয়, সে বছর নর্মদার কল উজান বেয়ে ধর্মপুরী মন্দিরকে থিরে ফেলে। তখন মন্দিরকে একটি দ্বীপ বলেই মনে হয়। এখানকার লোকেরা 'ধর্মপুরী দ্বীপ' বলে। এবছর প্রবল বর্ষণ হয়েছে, তাই নর্মদা কূল প্লাবিত করে উঠে এসেছেন। তু' তিন মাস প্রেই এ জল থাক্বে না।

নর্মদার জল স্পর্শ করে, মাথায় ছিটিরে হুজন নাগা আগে আগে চলতে থাকলেন সত্র্কভাবে পা ফেলে ফেলে। তাঁদের পেছনে তাঁদেরই পদক্ষেপ লক্ষা করে মোহাস্তজীও জলে নেমে হাঁটতে লাগলেন। তাঁকে ঘিরে রেখেছেন মতীকু ও আর একজন নাগা। আমি তাঁদের পেছনে। জলের নিচে পাথর; জল বেশী নয়, ইাটুর নিচে। তবে একটু এদিক সেদিক বা অসাবধান হলেই গভীর দহে পড়ে হাবুড়ুবু খেতে হবে। একথা অগ্রবর্তী নাগারা পথের ডাইনে বাঁরে লাঠি ঠেকিয়ে দেখিয়ে দিচ্ছেন এবং হঁসিয়ার করছেন। প্রায় আধ্বকী লেগে গেল জল পেরিয়ে মন্দিরের কাছে পৌছাতে। প্রায় ২০০ ফুট উঁচু পাহাড় টিলার উপর পাধরের বিরাট প্রাচীন মন্দির। মন্দিরের সীমার উঠতে কুড়ি-পঁচিশ ফুট বাকী এমন সময় গোটা দশেক বুনো কুকুর দলবেঁধে তেড়ে এল। ভীষণাকার এই কুকুররা জ্যান্ত মানুষের यांश्म हिं एक हिं एक श्राञ्च । नाशादनत शाही भनहार थमरक माँ फिरा अपन : সে কেবল মিনিট খানিকের জন্ম। চোখের নিমেষ ফেলতে না ফেলতেই নাগাদের হাত হতে আট-দশটা ত্রিশূল উৎক্ষিপ্ত হল সজোরে কুকুরের দর্লকে লক্ষা করে। অবার্থ লক্ষা। তাদের চারটের গায়ে ত্রিশূল গিয়ে विक रुन। त्र कि विकठे हिश्कात। তারা यেन আরও মারমুখী रूत्त তেড়ে আসতে চায়। কিন্তু শিঙা ডম্বকর শব্দে শেষ পর্যস্ত কুকুরের দল পিছু হটল। আমরা কালেশ্বর ভৈরবের মন্দিরে উঠে এলাম। মন্দিরের पत्रका हम्ना कानकारण हिल, এथन (नहे। यनिएतर गर्धा এरक अरक চুকে সকলেই সাফীলে প্রণাম করে ছাউনী ফেলার ব্যবস্থা করতে লেগে গেলেন স্বাই। তাঁবু টাঙালো, কাঠ কেটে এনে ধূনি আলার ব্যবস্থা, ইতাাদি সব কাজই আধঘন্টার মধ্যে চুকে গেল। বেলা তখন বোধহয় সাভে পাঁচটা কিংবা ছটা হবে। তখনও রোদ আছে। মহেশ গিরির নাগাদলেও দেখেছি, এখানেও দেখছি, নাগারা মিলিটারী ডিসিপ্লিনে স্বাই মিলে কাজ করে, ক্ষিপ্র এবং ত্বড়িংগতিতে।

মন্দিরের চারণাশ প্রশন্ত চওড়া বারান্দা। নাগারা যে যার কমগুলুতে

টিলার তলদেশ থেকে উপচানো নর্মদার জল এনে বারান্দা এবং মন্দিরের অভ্যন্তর ভাগ ধুরে মুছে লাফ করে ফেললেন। মন্দিরের বারান্দা থেকে যেদিকে তাকাই সে দিকেই দেখি খন জলল। ভাল করে লক্ষ্য করলে কোথাও কলগের মধ্যে ছড়ানো ছিটানো ছু' চারটে জললী কুটার চোখে পড়ছে। মহাস্তজী বললেন—দক্ষিণ-পশ্চিম দিকে তাকাও, বাকানারার জলল চোখে পড়বে। ওখানে ভীলদের বাস। এই মন্দিরের কালেশ্বর ভৈরবজী দক্ষিণদিকে নর্মদার দিকে মুখ করে আছেন। এখান থেকে ঠিক সোজাসুজি তাকাও; নর্মদার দক্ষিণতটে বছ ঘরবাড়ী চোখে পড়বে। পাশাপালি ছটি বস্তি—একটির নাম কঠোরা, আর-একটির নাম বাক্ষণগাঁও। কিছু অন্যান্য যে দিকে তাকাবে শুধু জলল আর জলল। এখান থেকে চিখলদা পৌছে আমরা যতই এগুবো, ততই জলল আরও ঘন হবে! ভীল, ভীলালা ছাড়া আর কোন মানুষজন চোথে পড়বে না।

আমি জিঞাসা করলাম, পরিক্রমার পথে বারবার নানাজনের মুখে ভীলদের কথা ভানে আসছি। হ'চারজন ভীলকে দেখেছি। তাদের কালো-কূচ্কুচে লোহাপেটা শরীর এবং তাদের দ্রড়িষ্ঠ, বলিষ্ঠ আছা আমাকে মুগ্ধ করেছে। তাদের মুখের সরল হাসি দেখে তাদেরকে আদে ভরহর জীব বলে মনে হরনি। ওরা সতাই কি নিষ্ঠুর প্রকৃতির !

—আগে শূলপাণির ঝাড়িতে প্রবেশ কর, চিখলদা অভিক্রম কর, তারপর নিজের চোখেই ওদের ষরপের পরিচর পাবে। ভীলরা মধ্যপ্রদেশের সহক সরল আদিবাসী সন্দেহ নেই কিন্তু অভাবের আলার এরা লুটপাট করতে বাধা হয়। তখন এরা সত্যই ভরঙ্কর। এদেরকে নর্মদামায়ীর খাস চৌকিদারও বলা যায়। পরিক্রমাবাসীরা ঠিক ঠিক শুচিশুদ্ধভাবে নিয়ম নিষ্ঠার সলে পরিক্রমা করছে কিনা, কোন অনাচার করছে কিনা, ত' এরা লক্ষা রাখে। কালো কালো গাছের আড়ালে নিজেদের কালো মিশ্মিশে শরীরকে মিশিয়ে দিয়ে এরা সংগোপনে অনুসরণ করতে থাকে। এদের সোজা হিসেব, মা নর্মদার শরণ নিয়ে যারা পরিক্রমার বেরিয়েছে, মা নর্মদাই ত তাদেরকে পালন করবেন, যথাসময়ে তাদেরকে আহার যোগাবেন। ভারজন্ম পরিক্রমাবাসী সাধু নিজের কাছে খাছ বা টাকাকড়ি সঞ্চয় করে রাখবেন কেন ? তব্ও যদি কেউ রাখেন, তাহলে এদের হাতে তাদের

নিস্তার নেই। কোন সাধুকে যদি একান্তই অসহায় এবং নি:সম্বল দেখে, তাহলে এরাই তাকে যা তাদের যংকিঞ্চিৎ সম্বল আছে, তাই দিয়ে অর্থাৎ মকাই জোয়ার প্রভৃতি দিয়ে সাধুদেরকে আহার্য দিয়ে থাকে।

আর্থ অনার্থ এই ভেদ বিচারের কথা আমি মুখে উচ্চারণ করব না। কারণ আমাদের গুরুপরম্পরায় এই শিখেছি যে সবাই শিবের সন্তান। এরা কতকটা কোল বা মুগুাজাতীয়, ছোটনাগপুর অঞ্চল থেকে মান্দালা জব্বল-পুর সমগ্র নিমাড় জেনা হয়ে মধাভারত ও রাজপুতনায় একসময় এরা ছড়িয়ে পড়েছিল। রাজপুতরা নিজেরাই যীকার করে যে ভীলরা তাদের পূর্ববর্তী। শিশোলীয় রাজপুত গোহ ভীলদের রাজা হয়েছিলেন। ভীল সর্লার নিজের আঙ্লুল কেটে তাঁয় কপালে রাজভিলক পরিয়ে দিয়েছিল। ভীলদের আদি দেবতা মহাদেব। তাদের মধ্যে এই উপকথা বা কিংবদন্তী প্রচলিত যে য়য়ং শিবের ঔরষে এক পরমাসুন্দরী বলুরমণীর গর্ভজাত সন্তান থেকে ভীলজাতির উৎপত্তি। তারা এই বলে গর্ব অনুভব করে যে, তারা য়য়ং শিবের বংশধর, তাই শিবপুত্রী নর্মদার বিশেষ য়েহদৃষ্টি তাদের উপর আছে।

শোনা যার, রাজপুতদের সঙ্গে প্রাচীনকালে ভীলদের সামাজিক মেলামেশা ভ বৈবাহিক সম্বন্ধ ছিল। ছিল্ ব্রাহ্মণা ধর্ম রাজপুতদের উপর প্রভাব বিস্তার করার পর রাজপুতদের চোখে ভীলরা পতিত হয়ে যায়। একবার এক ভীল সর্লার নাকি মহাদেবের বাহন নন্দীর গায়ে অস্ত্রাঘাত করেছিল, তাই শিবসন্তান হয়েও নন্দীর অভিশাপে তারা নাকি নিবাদে পরিণত হয়ে গেছে। এইরকম একজন ভীলের তীরে কৃষ্ণও নাকি প্রাণ হারিয়েছিলেন। সেই অপরাধেও নাকি তারা পূর্বগৌরব হারিয়ে সর্বহারায় পরিণত হয়েছে। ভীলদেরকে নিয়ে এইরকম কত যে উপকথা ও রোচক কাহিনী রচিত হয়েছে তার শেব নেই। মারাঠারা মধ্যভারত অধিকার করার সময় খানীয় অধিবাসী ভীলদের উপর নিদাকণ অত্যাচার করেছিল। সেই অত্যাচারে অতিষ্ঠ হয়ে ভীলরা বলুদসূতে পরিণত হয়েছে। তাই দলবন্ধ নিষ্ঠুর দসূত্রতি এখন ভীলদের জীবিকা। উনবিংশ শতান্দীর গোড়ার দিকে ভীলদসূদের দমন কয়তে রটিশ সরকার অভিযান চালিয়েছিলেন। শেব পর্যন্ত তাদেরকে দমন করে বৃত্তিশের অনুগত একদল ভীল সৈল্যদলও তৈরী করেছিলেন জেনারেল আউটরাম। বর্তমানে নর্মনাত্রের বহু অঞ্চলে ভীলরা কৃষ্ণিকর্মে

মন দিয়েছে। পথে যেতে যেতেই দেখতে পাবে। তবে শূলপাণির ঝাড়িতে ভীলদু সা আছেই, লুগুনই তাদের প্রধান উপজীবিকা। আমি যতদুর জানি, আমার মতে ভীলরা সাহসী, পরিশ্রমী এবং সত্যবাদী জাতি। ভীলালারা ভীলদেরই একটি শাখা, গোঁড় থেকে যেমন রাজগোঁড়, তেমনি ভীল থেকেই ভীলালদের উৎপত্তি। মধ্যভারতের পার্বত্য অঞ্চলের ভীলদের সঙ্গে রাজপুতদের মিলনের ফলেই এই খণ্ড জাতিটির সৃষ্টি হয়েছে। ভীল নারীর গর্ভে এবং রাজপুত পুরুষের উর্বেষ ভীলালাদের জন্ম। ভীলালারা নিজেদেরকে উচ্চবংশীর এবং তাদের মধ্যে বাঁরা রাজা জমিদার তাঁরা নিজেদেরকে ক্ষত্রির বলে দাবী করেন। ওঁকারমান্ধাতার বর্তমান রাজবংশও ভীলালা জাতের। নাথুভীলকে যুদ্ধে হারিয়ে তাঁর সুক্রী কলাকে বিবাহ করেছিলেন রাজপুত চৌহান বংশীর রাজা।

কথা বলতে বলতে সন্ধ্যা হয়ে গেল। আকাশে পূর্ণচন্দ্রের উদয় দেখে আমার মনে পড়ে গেল যে আজ ২৭শে ভাত্র, রবিবার, পূর্ণিমা। মোহান্তজী বললেন—আভি আরত্রিক কা ইন্তেজাম করিয়ে। তাঁর বলার আগেই দেখলাম কালেশ্বরের মন্দিরে বি-এর প্রদীপ জালা হয়ে গেছে। পঞ্চপ্রদীপ ভালানো হয়ে গেছে। একটি তামার পাত্রে পাঁচটি বিশ্বপত্র এবং কতকটা চন্দনও ঘুঁটে রাখা হয়েছে। কমগুলুর জলে থাচমণ করে কালেশ্বর ভৈরবের মাধায় জল ঢালতে ঢালতে মোহান্তজী মন্ত্রোচ্চারণ করলেন—

ওঁ ঋতং সভ্যং পরংব্রহ্ম পুরুষং কৃষ্ণপিঙ্গলম্। উধর্বরেতং বিরূপাক্ষং বিশ্বরূপায় বৈ নমঃ॥ শিবলিকে চন্দন ও বিল্পত্র অর্পণ করতে করতে বলতে লাগলেন—

- ওঁ সভোজাতং প্রপতামি সভোজাতায় বৈ নমঃ।
   ভবে ভবে নাতি ভবে ভজস্ব, মাং ভবোস্তবায় নমঃ॥
- ২। ওঁ বামদেবায় নমো জ্যেষ্ঠায় নমঃ শ্রেষ্ঠায় নমো রুদ্রায় নমঃ কালায় নমঃ কলবিকরণায় নমো বলবিকরণায় নমো বলপ্রমথনায় নমঃ ॥
- ৩। ওঁ অবোরেভ্যোহণ বোরেভ্যো বোর বোরতরেভ্য:। সর্বতঃ সর্বসর্বেভ্যো নমস্তে অস্তু রুদ্ররূপেভ্য:॥

- ৪। ওঁ তৎপুরুষায় বিল্পাহে মহাদেবায় ধীমহি,তল্পো রুজঃ প্রচোদয়াৎ ওঁ॥
- ওঁ ঈশানঃ সর্ববিভানাং ঈশ্বরঃ সর্বভূতানাং ব্রহ্মাধিপতি-ব্রহ্মণোহধিপতি ব্রহ্ম শিবো মে অস্তু সদাশিবোম।

পূজা এবং আরতি সেরেই তিনি মন্দির থেকে বেরিয়ে এসেই নিশানটিকে আরতি করে, সাফালে প্রণাম নিবেদন করলেন। এবার সুক্ করলেন মন্দির পরিক্রমা। মন্দিরের চারধারে চারটে বড় বড় ধূনি জালা হয়েছে। মোহাজ্ঞীর পেছনে কেউ শিঙা ডম্বকু বাজাতে বাজাতে; কেউ বা হাততালিম্বই শিববন্দনা করতে করতে তিনবার পরিক্রমা করলেন। মন্দিরের বারান্দার চারদিক থিরে সবাই বসতেই মোহাজ্ঞী বললেন—চার চার আদমি করকে জাগতে রহো। কোই পতা নেহি, জানোয়ার আ সকতে হৈ। চারো তরফ জঙ্গল দেখাই দেতা হৈ। বিচ্বিচ্মেঁ 'হর নর্মদে, হর নর্মদে' পুকারতে রহো। আভি আধাবন্টাকে লিয়ে কীর্তন চালু রাখিয়ে।

मजीला की की करितत धुता धत्रत्मन । সমন্তবে স্বাই গাইতে লাগলেন-

( জয় ) যোগেশ্বর শংকর ধূর্জটী স্মরহর, বম্ বম্ বম্।
শন্তু শুভকর, জয় শশাক্ষ-শেথর, বম্ বম্ বম্।
এাস্থক বোামকেশ, পিনাকী গঙ্গেশ বম্ বম্ বম্।
জয় করুণাকর, বরদঅভয়কর, বম্ বম্ বম্।
জয় শিব শংকর দয়াল মনোহর জয় শিব রাম।
জয় শিবওঁকারা হরশিবা ওঁকারা রেবা রেবা রাম॥

তন্ময় হয়ে ভাবগদগদ কঠে স্বাই কীর্তনে মেতে উঠলেন। আধ্বন্টা পরেই কীর্তন শেষ করে মোহান্তজী গিয়ে তাঁর নিজম্ব তাঁবৃতে চুকলেন। আমি ও মতীক্রজী তাঁর অনুমতী নিয়ে মন্দিরের বারান্দায় কম্বল পেতে তরে পড়লাম। রাত্তির শেষ প্রহরে মতীক্রকে পাহারা দিতে হবে। আমাকেও জাগাতে অনুরোধ করলাম। চারজন বাদে আর স্বাই ত্রে পড়লেন। রাত্তির প্রথম প্রহর ঐ চারজনকে জাগতে হবে।

পৃণিমার চক্রকিরণে সমগ্র বনভূমি উন্তাসিত হয়ে উঠেছে। কালেখর

टिजर्रा उँठ हिना थिएक यिपिक जाकांक्टि, त्रहेपिक्टे स्वन चारनात्र हिंडे, নয় হাসির চেউ খেলছে। শুরু গল্পীর রাত্রির নির্জনতার মধ্যে সাধারণত মনে ভরের শিহরণ জাগে। অস্ককার রাত্তি হলে মনে হয়, আমার চারদিকে, निः भन शनमभारत काता यन अरम माँ फिरहर ह, कि उपन कारह अरम कि हू ফিসফিস করছে। সে সময় একটা গাছের পাতা পড়লেও চমকে উঠতে হয়, কারণ সে সময় নিরক্ষ অন্ধকারের জন্য চোখে ত কিছু দেখা যায় না। चमृश्र वस्तरे मत्न ভत्त काशाय। किन्न এरेडकम शृनिमा बाजि, शूर्ग कारियाय চোখের সামনে স্বকিছুই অবারিত, স্বই স্পান্ত, দুরের দৃশ্রপটও স্পন্টভাবে চোবের সামনে ভাসছে। এখনও মনে শিহরণ জাগছে, কিন্তু তা ভয়ের নয়, ष्यानत्मन मिहत्र। मूर्यत्र त्याहनीत्रा ष्यात्म त्यन। ठाँदमत्र त्य अमन याङ् चात्र गांधूर्य चार्ट्स, छ। প্রাদাদে বা কৃটীরের চার দেওয়ালের মধ্যে গাঢ় খুমে অচেতন থেকে জানালা বা ফোকড় দিয়ে চাঁদ দেখে অনুভব করা যায় না। মুক্ত আকাশতলে প্রকৃতির খোলামেলা মুকালনেই জ্যোৎসারাতের মদিরতা ভালভাবে বোঝা যায়। আমি বিছানা থেকে উঠে মন্দিরের চারদিকে বেড়াতে मागनाम। यात्रा अथम अहरतत अहती, जिम्मधाती स्मर्ट नांगा চात्रकन আমাকে কিছু জিজাসা করবেন বলে মনে হল, কিছু তাঁদের কথা ভালভাবে আমার কানে চুকল বলে মনে হল না, আমি কোনমতে 'হঁ হাঁ' করে নিজের সুখানুভূতিতে আবেগ চঞ্চ হয়ে তাঁদের কাছ হতে সরে এলাম। চাঁদের দিকে একদৃষ্টিতে তাকিয়ে তাকিয়ে ভাবছি, হে শিবসুন্দর! তোমার সৃষ্টি এত রমণীর ! হঠাৎ দেবলাম, উল্কার মত একটা আলোর শিখা হাউই-এর মত নেমে আসছে তীত্রবেগে, মনে হল সেটা যেন মন্দিরের চূড়ার উপর' পদ্ধল। আমি তাডাতাডি সরে এলে মন্দিরের বারান্দার পাতা নিজের বিছানার এসে বসলাম। মন্দিরের গর্ভগৃছে যে ঘন্টা ঝোলানো আছে, তাতে শব্দ উঠল 'টং'। পূৰ্ণিমায় জ্যোৎস্না-স্নাত এরকম সুন্দর রাত্তি যে জীবনে এই প্রথম দেখছি তা তো নয়। তবে আজকের রাত্রি এত মোহন এত **মধুর লাগছে কেন ? মন্দিরের ভেতর থেকে এত সুগন্ধিই বা ভেসে আসছে** কিভাবে ?

আকাশের পাগলাকরা জ্যোৎসা আর মন্দিরের পাগলাকরা সোরভ আমাকে তল্লাছের করল। আমি ঘুমিরে পড়লাম। তখন রাত্রি বড়লোর দশটা। ব্যের মধ্যে মনে হল, জটাজুট কেউ যেন আমার পালে বসলেন '
হঠাং বুম ভেঙে গেল। তড়াক করে উঠে বসলাম। মোহাল্ডলী ফিস্ফিস্
শব্দে মতীক্রকে ডাকছেন। এখন তাঁর জটা চূড়া করে বাঁধা নেই। জটাজুট
মুক্ত দিগন্থর। আমি মতীক্রকে ঠেলা দিতেই কাা হয়া শের্, না, ডাকু !
বিহানার পালে রাখা ত্রিশূলটাকে জাপটে ধরেছেন তিনি। মোহাল্ডলী হেসে
উঠতেই মতীক্র থতমত খেয়ে বসে পড়লেন। মোহাল্ডলী বললেন—মতীন্দর!
এই পরমান্চার্য রাত্রিটা কি আমরা ব্যিরেই কাটাব ! বাইরে তাকিয়ে দেখনা,
চক্রকিরণ আজ চক্রশেধ্বের ইন্সিতে মায়াজাল বিস্তার করেছে। তৃমি
চক্রশেখর কালেশ্বেজীকো একঠো ভজন শোলাও। যো কুছ্ হো, আপ্
গাইরে, হম সমন্ লেলে।

মতীক্রজী চোথ রগড়াতে রগড়াতে নিজের টাাক ঘড়িটা জ্যোৎয়াতে দেখে নিয়ে গজরাতে গজরাতে বলতে লাগলেন—এখন রাত্রি চুটা। এখন সময় আপনার গান শোনার ইচ্ছে হল। আমাদেরকে আপনি ঘুমোতে দেবেন না। এখন করলে আপনার কাছ থেকে পালাব। কিছু তাঁর কথা মোহাস্তজীর কানে চুকল বলে মনে হল না। তিনি জড়িত কণ্ঠমরে বলতে লাগলেন—মতীলর। মৈ বিনীত করতা হঁ, যো কুচ্ হো, আপ গাইরে।

—তব শুনিয়ে, হম্ বাংলামেঁ গানা গাতা হ'। এই বলে মতীক্রজী গান জুড়লেন—

বেলপাতা নেন মাথা পেতে, গাল বাজালে হন খুশী।
মান-অপমান সমান ত তাঁর, তাঁর কাছে নয় কেউ দোষী।
ভোলানাথ এত ত ভূলে থাকেন, তবুনেচে আসেন যে তাঁয় ডাকে
'বম্ ভোলা' বোল বলে, কেন লও না যেচে যে যা খুশী
যা ফেলে দেছে, নেয় সে বেছে, ভালমন্দ নাই ছঁসই
ডাকলে পরেই সাড়া দেয় সে, কালের বিষও নেয় শুষি।

মতীক্রজীর গলা যে এত মিন্টি তা আমার জানা ছিল না। যেমনি পৌক্রফীপ্ত দরাজ গলা তেমনি দরদ ও অনুরাগের স্পর্গে মর্মস্পর্শী তার মীড়ক ও মুর্ছনা! ওস্তাদ শিল্পীর সুর ও রাগ সিদ্ধ কণ্ঠবর যেন! গানটি শেষ হতেই আবার মোহান্তজী চুলুচুলু নেত্রে বলে উঠলেন—বঢ়িরা! বঢ়িরা। বেটা ঔর একঠো।

এবারে আরও যেন দরদ চেলে মতীক্রজী গান সুরু করলেন—
শংকর ভোলা ভাবে নাচিছে রে।
বম্ বম্ বম্ ববম্ অবিরাম গালে বাজিছে রে॥
ভূজল-ভূমণ হাড়মালা গলে, তাবণ কুগুল ঝলমল দোলে
তিনিয়ন জলে শশান্ধ হাসে ভালে, আবেশে চরণ টলিছেরে।
শংকর ভোলা ভাবে নাচিছে রে।

চুম্বক যেমন পোহাকে আকর্ষণ করে তেমনিভাবে সুরের অপরূপ যাহুতে मध रात्र. •थात्र तर नांशांरे पूम हाए अटन गाँफिरत गाँकिरत शांन खनहिन। জ্যোৎস্নালোকিত রাত্রিতে এই সুন্দর পরিবেশে সবাই যেন একটা ফলৌকিক আবেশের থোরে তুলছেন। আমার নীরস প্রাণেও দোলা লেগেছে। সহসা মোহাস্তজী ভাবের খোরে চুলুচুলু নেত্রে গুল্তে গুল্তে গুম্ করে মন্দিরের মেঝেতে পড়ে গেলেন। সবাই শৃশবাত্তে বলে উঠলেন—'গুরুজীকো সমাধি লাগ গিয়া'। তুজন বলিষ্ঠদেহী নাগা তাঁকে ধরাধরি করে তাঁর তাঁবুতে नित्त शित्त एरेट्स फिल्मन। यञीलुकी किन्न जान शामात्मन ना, जिनि সমান তালে অশ্রুক্ত করে গাইতে লাগলেন। গান গাইতে গাইতে তিনিও স্মাধিমগ্ন গুরুদেবের দেহকে খিরে তাঁবুতে গিয়ে চুকলেন। তাঁকে তাঁর বিছানার উপর শুইরে দিয়ে আমরা স্বাই বাইরে বেরিয়ে এলাম। তাঁবুতে পাহারা দেবার জন্য ত্রিশূল হতে দাঁড়িয়ে রইলেন একজন নাগা সন্ন্যাসী। গুরুদেবের শ্যাকে থিরে হাতে তাল দিতে দিতে মতীল্রজী গেয়ে চললেন তাঁর ভজন। তাঁবু থেকে ফিরে এসে বিছানায় বসে বসে ভাবতে লাগলাম, মতীন্দ্রজী যে ভজনটি এখনও গেয়ে যাচ্ছেন, একাজ ধুব ভালই। ভাব-সমাধি হতে যোগীকে বৃাধিত করার এইটাই সঠিক প্রক্রিয়া। দাধারণত আশ্রম-গুরুর স্মাধি হলে যে প্রসঙ্গ বা সূত্র ধরে মহাস্কার স্মাধি হয়, শিল্পরা তার আসল কারণ ও রহস্টি বাদ দিয়ে 'হরিবোল হরিবোল' বলতে বলতে কিংবা রাম নাম, শিবনাম বা ছুর্গানাম করতে উদ্দণ্ড নৃত্য বা কলরোল সুক করে দেন। তাতে ভাব-সমাধি ভাঙতে দেরী হয়, সমাধি ভাঙার পর তাই

অধিকাংশ যোগীকে ক্লান্ত ও অসুত্বতে দেখা যায়। অবশ্য যে সব ভণ্ড-তপ্যীয়া শিল্পদের মধ্যে পসার জমানোর জন্য সমাধির ভাগ করে নানারকম acting posing করে থাকে, ভাদের কথা খতর। নতুবা প্রকতক্ষেত্রে মতীক্র-গৃহীত পন্থাই সমাধি-ভঙ্গ করার সঠিক পদ্ব। যে মদ্রের ধ্বনিতে বা নামগানে সাধকচিত্র উদ্বেশিত হয়, যে নামের উন্মাদনায় তাঁর তথ্রীতে তপ্ত্রীতে চিতিশক্রির স্পাদন জাগে, তাঁর মনপ্রাণ উধাও হয়ে যায় ভূমার ভূমিতে. সেই চৈতন্য ভূমি হতে তাঁকে ব্যাথিত করতে হলে সেই নাম, বীজ বা ভজনের ধুন্ ধরে রাখতেই হবে। মতীক্রজী নির্ভূপ পদ্বাই অবলগন করেছেন।

মনে হচ্ছে এখন রাত্রি ৩টা। এখনও সকাল হতে খনেক বাকী। আমি আবার শুয়ে পড়লাম। যখন ঘুম ভাঙল, তখন আমার গায়ে সূর্যরশ্মি এদে পড়েছে। ধড়ফড় করে উঠে বসলাম। উঠে দেখি, প্রত্যেকেই যে যার কাজে তৎপর হয়ে উঠেছে। যঞ্জুত তৈরী করা হয়েছে। যঞ্জাঠ প্রচুর বনফুল এবং থি কুণ্ডের কাছে সাজানো আছে। প্রত্যেকের স্থান ও ভন্ম-বিলেপন পৰ্বও শেষ হয়েছে। আমি তাড়াতাড়ি কমণ্ডলু নিয়ে এই পাহাড়ী টিলার তলার থেখানে নর্মদার জল বর্মার সময় এসে জমা হয়েছে, দেখানে গিয়ে পৌছলাম। মোহাস্তজী ও মতীকুজীকে দেখলাম, তাঁদের স্নান হয়ে গেছে, তাঁরা সূথাগা ভর্পণ করছেন। আমিও স্নান তর্পণ শেষ করলাম। মন্দিরে ফিরে এদে দেখি, তিনি মন্দিরের ভেতরে কালেশ্বর ভৈরবের কাছে বসে আছেন। বোধহয় পূজা করবেন। আমাকে হাতের ইসারায় ভাকলেন। আমাকে ইন্সিত করলেন শিবলিঙ্গটির উপর জল ঢালতে। আমি মন্ত্র পড়ে স্থান করালাম এবং শিবলিষ্টি হাত দিয়ে ভাল করে মার্কনা করলাম। তারপর প্রণাম করে উঠে খাসব, তিনি বললেন-কালেখর ভৈরবজীকী या। नित्र भाग त्वरा (दूँ, देवका नाम महत्रानित्र। महत्रानित्र हें हे জিসমেঁ খুব লকীর পড়ী হো। তুমি ভাল করে দেখ, এতে বিশেষ কোন **हिक्ट (मथ्ड भा अ कि ना ?** 

তাঁর কথায় শিবলিজের চারপাশ ঘূরে ঘূরে ধূব তীক্ষ দৃষ্টিতে পর্থবেক্ষণ করতেই দেখতে পেলাম শিবলিজের গায়ে এনেকগুলি সৃক্ষ সৃক্ষ রেখা নিচের দিকে নেমে এসেছে। আমি সে কথা তাঁকে বলতেই তিনি বললেন—গিন্তী করিয়ে। আমি গুণে তাঁকে বললাম—২৮টি সৃক্ষরেখা দেখতে পাচ্ছি। — সহস্রলিন্ধনে পাঁচ, সাত, নয়, বাব, বোল, চবিবেশ ইয়া পাঁচিশঠো ধারিয়া হোতা হৈ। ইয়ে ধারিয়া জলধারায়ো কী ভোতক হোতী হৈ। হনে গুরুজাকে সাথ যব কৈলাস, মানস-সরোবর গয়ে থে, উস্ বখং এক বিরাট শিবলিন্দনে হাজার সে অধিক ধারিয়া দেখ চুকা হৈ। ইন্ সহস্রলিন্দনে জিতনা অধিক ধারিয়া হোংগী, উহ্ (বহ) শিবভক্ত কে লিয়ে উত্না হী অধিক পৃজ্ঞা হোগা, জাদা ফলপ্রদ ভি হোগা।

তাঁর কথায় খামি মুগুমহারণ্য হতে ওঁকারেশ্বর ঝাড়ি পর্যন্ত তটে তটে যেখানে যত শিবলিঙ্গ দেখেচি, সেগুলি নিবিউমনে চিস্তা করতে লাগলাম। মা নর্মদার দয়ায় মনে গড়ে গেল। আমি তাঁকে বললাম—সে ছানের নামও ধর্মপুরা। লাখড়াকোটের জঙ্গলে ঢোকার আগে পামাথেড়িও তিথিখাটের মধ্যস্থলে নর্মদাতটেই সেই ধর্মপুরীছিত মন্দিরেও এইরকম শিবলিজ গ্রামি দেখেছি। তাতে এইরকম স্ক্রেরেখা আমি দেখেছি, কিন্তু রেখার সংখ্যা গুণে দেখিনি এবং তা যে সহত্রলিজ তা আমি ব্রতে পারিনি।

উন্মেঁ চবিবল ঠো বেখা হৈ। দো ধর্মপুরীমেঁ দোনো শিবলিক সহস্রাক্ষ হৈ, সদা জাগ্রত হৈ। বহােং কিসিম্কা শিবলিক হােতা হৈ। আজ মহামৃত্যুঞ্জয় যজ্ঞ সুক হােগা। সাম্কা বখং আপ্কো বাতারেকে, কালভি হ্ম্লােগ ইধরই রহেকে। আভি আপ্ যজ্ঞবেদীকা পাশ যাকর বৈঠিয়ে। কালেশ্রজীকা পূজা করকে মায় ভি যাতা হঁ।

আমি মন্দিরের গর্ভগৃহ হতে বেরিয়ে এনে ভিজে গামছা রোদে শুকোতে দিয়ে যেখানে যজের আয়োজন হয়েছে, সেখানে গিয়ে বসলাম। ছজন পশুত অয়ি আবাহন, অয়িপুজা এবং মহায়ৃত্যুক্তয় শিবপূজার সব উপাচার সাজিয়ে ফেলেছেন। ছজন চার কমগুলু বি যে কোগা থেকে সংগ্রহ করে আনলেন ব্রতে পারলাম না। ঐপ্রীকালেশ্বর ভৈরব মহাদেবের সামনেই যজ্ঞ করার বাবস্থা হয়েছে। উভয় পশুতজী প্রারম্ভিক পূজা পর্ব শেষ করলেন, শেষ করলেন গণেশ, সূর্য, নারায়ণ, শিব, ছগা ও নর্মদার পূজা। সবাই মিলে আমরা নর্মদা ও নর্মদেশ্বর মহাদেবের শুব পাঠ করিছে, এমন সময় মোহাস্তজী এসে যজ্ঞকুগুকে তিনবার পরিক্রমা করে যজ্ঞকুণ্ডে অয়িস্থাপন করলেন। পশুতজীরা অয়িস্থাপনের মন্ত্র পাঠ করলেন। মোহাস্তজী চমসে বি নিয়ে আহতি দিতে থাকলেন, আমরা সকলেই

উঠে দাঁড়িয়ে যঞ্চকুণ্ডের চারদিকে র্তাকারে ঘুরে ঘুরে বেদম্ম পাঠ করতে লাগলাম—

ওঁ ইমং স্তোমমহতে জাতবেদসে রথমিব সং মহেমা মনীষয়া।
ভদ্রা হি নঃ প্রমতিরস্ত সংসত্তগ্নে সখ্যে মারিষামা বয়ং তব।
ওঁ অগ্নয়ে স্বাহা॥

( कार्यम, ১ম, ৯৪ मू, ১)

বন্দনীয় জাতবেদা হতাসনের তরে আজি,
তাঁর চলিফু রথের মত গড়ছি মোরা স্থোত্ররাজি।
দীপ্ততর হউক মতি অগ্নিদেবের সম্ভক্তনে।
হিংসা তাঁরে ছোঁয় না কভু, অগ্নি যাঁরে বন্ধুগণে॥
ওঁ ত্বমধ্বর্ফু হোতাসি প্রাঃ প্রশাস্তা পোতা জন্মা পুরোহিতঃ।
বিশ্বা আত্মিলা ধীর পুস্তস্থাে সথ্যে মা রিষামা বয়ং তব॥
ওঁ অগ্নেয়ে স্বাহা॥

( ঐ, মন্ত্র ১ )

হে হতাশন, হে অধ্বর্গ ! তুমিই যাগের মুখ্য হোতা, হে পুরোহিত আজন্মকাল, হে প্রশাস্তা ! তুমিই পোতা। পূর্ণ কর যজ্ঞ মোদের জানো তুমি সকল কর্ম, হিংসা তারে পায় না কভু, তুমি যাহার রও হে বর্ম॥ ওঁ বধৈছ শৈংসাঁ অপ ছচো। জহি দুরে বা যে অস্তি

বা কে চিদত্রিণঃ।

অথা যজ্ঞায় গৃণতে স্থাং কৃষ্যগ্নে সখ্যে মা রিষামা বয়ং তব ॥ ওঁ অগ্নয়ে স্বাহা॥

( 山, 河西 > )

বিনাশ কর ভীক্ষ অস্ত্রে, ছৃষ্ট যারা নট মতি, হনন কর শত্রুজনে নিকট-দুরে যাদের গতি। সুগম কর পন্থা মোদের ভোমার যাগে আমরা ব্রডী, আমরা ভোমার! কে হিংসিবে ? তুমি খুসী যাহার প্রতি॥ বেদমন্ত্রে কিছুক্ষণ এইভাবে আহতি দেবার পর, মোহাস্তজীর উচ্চারিত মন্ত্র অনুসরণ করে আমরা বলুভে লাগলাম—

ওঁ শুভকরায় নর্মদা শংকরায় তে নমঃ শিবায়।
ওঁ জুং সঃ স্বাহা॥
ওঁ কর্মপাশনাশ নীলকণ্ঠ তে নমঃ শিবায়।
ওঁ জুং সঃ স্বাহা॥
ওঁ শর্মদে নর্মভত্মকণ্ঠ নীলকণ্ঠ তে নমঃ শিবায়।
ওঁ জুং সঃ স্বাহা॥
ওঁ সংসার-ঘোর-ছুংখ-হারিণে নীলকণ্ঠ তে নমঃ শিবায়।
ওঁ জুং সঃ স্বাহা॥

ওঁ অস্তুশ্চিনাত্তিক-লিঙ্গরূপ-দেহম্ নীলকণ্ঠ তে নম: শিবায়। ওঁ জুং সঃ স্বাহা॥

এইসব মন্ত্রে আছতি প্রদান শেষ হলে মোহান্তজী এবং তাঁর কঠে কথ মিলিয়ে জামরাও "ওঁ নর্মদায়ৈ যাহা" মন্ত্রে পাঁচবার আছতি প্রদান করলাম। তারপরেই তিনি সক্ষেত করলেন মতীক্রকে। তাঁর সক্ষেত্রের মর্ম আমরা কেউ ব্যতে পারলাম না। কিছু মতীক্র ঠিকই ব্যলেন। তিনি তাড়াতাড়ি দৌড়ে গিয়ে যে চারজন নাগা আমাদের জন্ম মলিবের পেছনে চাঁদোয়া টালিয়ে ভোজন প্রস্তুত করছিলেন, তাঁদেরকে ভেকে আনলেন। মোহান্তজী সেই চারজনকে একে একে পূর্বোক্ত সকল মন্ত্র পাঠ করিয়ে আছতি দেওরালেন। তারপর পূর্ণাছতি সমর্পণ করা হল।

এই না হলে দলনেতা! যিনি দলনেতা হন, তাঁকে সব সময় সকল দিকে সকলের প্রতি সমৃদ্ধ্যি দিতে হয়। ঐ চারজন নাগা নীরবে আমাদের জন্য কাজ করছিলেন। যজ্ঞকুণ্ডে এসে আছতি অর্পণের সময় তাঁদের ছিল না। তাঁদের গুরু ভক্তিকেও বলিহারি! ভক্তি প্রভাবে তারা এই সার কথা ব্বে নিয়েছেন যে গুরুর আদেশ পালন করা এবং নতমন্তকে গুরু বাক্য পালন করাই সকল দৈবকর্ম, যাপযোগ, ধর্মকর্মের সার কথা এবং শেষ কথা। প্রকৃত গুরু, যিনি পিতা ষ্বরূপ, তিনিও তাঁর অন্যু ভক্তকে, নীরব ক্ষী

এবং নীরব সেবককে কণনও ভূলতে পারেন না। মোহান্তজীর ছারা উচ্চারিত ও নির্বাচিত ঋথেদের মন্ত্রপ্রতি আজ মনে আমার দোলা দিরেছে, বিশেষ মন্ত্রের শেষ ছটি শব্দ। প্রতিটি মন্ত্রের শেষে আমরা বললাম—বরং তব অর্থাৎ হে প্রভু! আমরা তোমারই, আমরা তোমারই। এতে মন্ত্রাংশের গভীর ও গৃঢ় বাজনা সুপরিক্ষুট হরেছে। ভক্ত যথন স্বাস্তঃকরণে এই সার সতা বুঝে প্রেমের দাবীতে বলতে পারে, প্রতু! আমি তোমার', তখন আর তার চাওয়: পাওয়ার কিছু থাকে না। 'বয়ং তব', নিতাসির, বেদমন্ত্রের এই সিদ্ধ বাণীতে শুধু সাধনার শেষ কগাই নেই, এতে সাধনার নিতাসিদ্ধ প্রণালী ও পন্থার সক্ষেত্ও রয়েছে।

गिरमन्तिदात रात्राकात मकरनहे कृष्टि **७ ७**७ नित्य (छाष्ट्रान राम (शनाम । মোহান্তজীও আমাদের সঙ্গে বলে আহার করলেন। বেলা ৩টার সময় ৰতীক্ৰজী এদে জানালেন যে মোহান্তজী আমাকে ডাকছেন। আমি তংক্ষণাৎ তাঁর তাঁবুতে গিয়ে চুকলাম। তিনি বললেন—'সকালে আমি कारमध्य टेडवरकीय मागरन कथा पिरम्हिमाग, यक श्रकांत्र मिरमिरमय कथा আমি জানি, তোমাকে আমি তা জানাব। বলচি শোন। বর্ধমানলিক, चर्यभात्रीश्वतिक, शिवरेवानी विवाह, अँकावनिक, (क्यां किंक, शांवानिक, স্পীলিজ, মুখইয়ানি (য়ানী) মুখ্যলিজ, সহস্ৰলিজ (যায়সা সামনে মেঁ काल्यंत रेखतरको ), ठल्र्जान ইরানি চল্রমোলীলিল, আর্থকলিল, ষয়ন্ত-निज, भुव्यनिज, नर्भरमध्य, भिथवनिज, रेडवनिज, रागनिज, रेकनानिज, जिनकनित्र, উक्ष नित्र, देविकनित्र, गांगभजानित्र, अधीयलयनित्र, कार्धनित्र, কর্পুরলিল, পারদলিল, ক্ষণিকলিল, ইস্ অউবিংশ প্রকার কী লিল হোতা হৈ। শিবশাস্ত্র কী অনুসার 'মানুষলিঙ্গ' নামক ঔর একপ্রকার শিবলিঙ্গ হোতা देह। छन (में किन् विভिन्न (छन देह-यथा, नर्वनम, बाल्डिक, नार्वतिनिक, ত্তৈরাশিক আদি। রহৎ সংহিতা ঔর শৈবশান্ত্রমে শিবলিগ্রকা ভেদ কা বৰ্ণন হৈ। মিট্ৰ সে ইয়া পথর সে মৃত্যু নির্মিত যো শিবলিক হোতা হৈ উনকো 'মনুমুলিক' কहा যাতা है। 'কাৰ্চলিক' প্ৰাচীনতম প্ৰকার্নোকে निविनक देह। देह (योर्थकानस्य हन्दनरका नक्ड़ी रम वनामा यांडा था।

'কর্প্রলিক' পথরকে বনে শিবলিক্সকে অভাবমেঁ কর্প্রসে তুরস্ত পূজা কে লিয়ে বানা লিয়া যাতা হৈ। পথরোমেঁ গহরা সফেদ রং কা শিবলিক যিস্কো কৰ্ণুরকী দানা কী ভরহ দেখাই দেভা হৈ, উস্কো 'কৰ্ণুরিলিল' কলা যাতা হৈ।

'ক্ষণিকলিল' কুছ ভী পাসমেঁন হোনে পর পূজা ব মিট্রলে তুরন্ত বনা লিয়া যাতা হৈ। সমূদ্র পার কর লহা জানে সে পহলে রামচক্রজী নে সমূদ্রতটপর পূজাকা শিবলিল বনাকর ভগবান শিবকী পূজা কী থা। রামচক্রজীকী ভক্তিকা প্রতাপদে পশ্চাং ওহি শিবলিল প্রভারময় হো গরা। লেকিন্ উন্ পথরকা উপর পূজাকা প্রকাশ হৈ। উনীকা নাম সেতৃবন্ধকা 'রামেশ্বর'লী। অতঃ পথর মেঁ যিস্ শিবলিল পর পূজোনা প্রাকৃতিক রপ সে চিত্রণ হোতা হৈ, উসে উসী পূজালিলকা প্রতীক মানকর পূজালিল কহা যাতা হৈ।

পঞ্চাশ সাল প্রেলে মেরে গুকজী এক দফে বাংলা মুসুকমেঁ গয়ে থে। উস্ বখং উনোনে তুমহারা দেশমেঁ বর্ষমান নামক স্থানমেঁ 'বর্ষমানেশ্রর' শিবলিল দেখেঁথে। উহ্ শিবলিল বাড়ভা যাতা হৈ। কাশীমেঁ তিলভাভেশ্র মহল্লেমেঁযো শিবলিল হাার, উহ্ ভিল তিল বাড়ভি যাতী। ওহি দোনো শিবলিল "বর্ষমান শিবলিল" হৈ।

'হর্ধনারীশ্বর' উহ হৈ, যিন্ শিবলিককো আধিভাগ সফেদ আধিভাগ কৃষ্ণবর্ণ ইয়া পিল্লবর্ণকা হোডী হৈ। ইয়ে নর্মদামেঁ উভূত হোডা হৈ। "নর্মদেশ্বর শিবলিক" কৃষ্ণবর্ণ, নীলবর্ণ, পিল্লবর্ণ, তুধকা তর্হ সফেদ, ক্টিকবর্ণ ইয়া গাঢ় পীলা বর্ণ কী হোতি হৈ। হরবধং নর্মদামেঁ কুদরতী কা ধেল হৈ, ইহু সদৈব জাগ্রং শুরু চিংশক্তি সম্পন্ন হৈ।

'বাণলিক' শালগ্রাম কী তরহ্ কালে পথর কে হোতে হৈ ঔর নর্মদা তথা রেবা নদীয়ো কা ভঁবর ইন্ হে তৈয়ার করতী হৈ। নর্মদা কী ধাবড়ী-কুও মেঁ কল 'ভঁবর হৈ। উহাঁ নর্মদা নদী 'হকীক' নামক পথর কো আপনে বহাব (স্রোত) কে সাথ লাতী হৈ ঔর ইন্ কুণ্ডোমেঁ গিরা দেতী হৈ। ইন্ কুণ্ড মেঁ তেজী ভঁবর হৈ যো ইন্ পথর কো ঘুমা ঘুমা কর শিবলিক কারণ দে দেতী হৈ। 'বাণলিক' য়হাঁ সে নিকালে গয়ে শিবলিক কহলাতে হৈ। মান্তা হৈ কি মুগাঁর ইয়া ঐশীশক্তিয়োঁ হী প্রকৃতি দারা বিভিন্ন প্রকার কে শিবলিকো কা নির্মাণ করাতি হৈ।

मिर का अक नाम मनिज्य मा ठलामीनी जा ठलाजान जी देह वर्षार

মশুকপর চল্দমা কো ধারণ করনে বালে। প্রকৃতি দ্বারা নির্মিত ইস্ ওরহ 'চন্দ্রমৌলী' লিঙ্ক কণ্ডী কতা প্রাপ্ত হো গাতে হৈ কোন্ধ কোন্ধ শিবভক্ত সাধক।

ইসী তর্হ শিবকো কৈলাসপতি ভী কহা যাতা হৈ। যিস্ ভর্হ চন্দ্রভাল ইয়া চন্দ্রমালীশ্বর লিক্কে উপরী হিস্তেমে প্রকৃতি দারা চন্দ্রমা চিত্রিত কর দিয়া যাতা হৈ, ইসী তর্হ 'কৈলাসলিক' বিলুকুল সফেদ হুবিয়া রং কা হোতা হৈ উর উপরী হিস্তেমে বর্ফ (বর্ফ) জমনে জৈসা প্রাকৃতিক চিত্র হোতা হৈ, ঐসা হৈ। কুল মিলাকর 'কৈলাসলিক' এগায়সা দিখতা হৈ যৈসে বর্ফ কা অভাকার ত্কড়া রখা হৈ। ইস্ তরহ কে শিবলিচ্চ ধাবভীকৃত্ত তথা খালাত খাড়ী ( যহাঁ নর্মদা সমুদ্রমে মিলতী হৈ ) দোনো স্থানো দৈববশাৎ প্রাপ্ত হোতে হৈ।

'মুখলিক উহ হৈ যিন্পর প্রকৃতি বারা শিবলিক পর গাঁখ নাক মুঁহ আদি চিঞিত কর দিয়া যাতা হৈ। প্রকৃতি বারা ষয়মেব নির্মিত ইস তরহ কে 'মুখলিক' বেহদ কম প্রাপ্ত হোতা হৈ। খাম্বাত খাড়ী ছোড়কে প্রকাহী নেহি মিলতা। বাপাবীয়োঁ। হরবার প্র বারাণসীয়োঁ মুখলিক। নামমেঁ যো দো চারঠো বেচতা হৈ, উহ্ বানাউটি চীজ হৈ। 'মুখলিক' আপ্নে চংগ কা ছুর্লভ শিবলিক হৈ।

'দৈবিকলিজ' উহ্ হৈ জিনহে দেবতারোঁ। নে স্থাপিত কিয়া থা। দৈবিকলিজোপর নজনকানন কী ছবি রহতী হৈ। 'আর্ধকলিজ' ঋষিয়োঁ। ঘারা স্থাপিত কিয়া থা। ইন্লিজ্কোঁ পুস্প চড়ে ছয়ে অবশ্য দিখাই দেতি হৈ! 'গাণপত্যলিজ' জিন্কা পর গণেশজী সম্বন্ধিত কুছ্ চিক্ জন্দর অভিত রহেগা।

অক্সপ্রদেশকে গুড়ীমল্লম নামক স্থানমেঁ ভারতকা প্রাচীনতম শিবলিছ বিরাজমান হৈ। ইহ্ শিবলিঙ্গ পাঁচফুই উঁচা হৈ জার গহরে (গাড়) ভূরে রংগ কে হৈ। যিন্ শিবলিঙ্গ ঐসাই উঁচা শুর ঐসাই গ্রুরে রংগ কী হোতা হৈ, উন্কো 'গুড়ীমল্লম' শিবলিঙ্গ কহা যাতা হৈ।

'উপ্লে বিক' বছ হৈ যহ নীচে সে জ্যাদা ওর উপরসে কম বাাস বালা হোতা হৈ। নিবকী অন্য প্রতীক ভী ইসমে চিহ্নিত হোতে হৈ জৈপে চক্রমা, ব্রিশূল সর্প, নন্দী যোনি আদি। সিরুঘাটাকে লোগ (সিরুনদের তীরবর্তী বাসিলারা ) সমস্ত পৃথী কো হি উধ্ব লিঙ্গ মানতে থে ওর উনকো মানতা থা কি 'উধ্ব লিঙ্গ'লে জীবন কা সুজন হয়া হৈ ওর জীবনধারা জী ইসী কী বদলিত চল রহী হৈ। উত্তরভারত কে অনেক ছানো পর জো উধ্ব লিঙ্গ মিলে হৈ, উন্মে উপরী হিস্তে কা ব্যাস অধিক হৈ। পর উপর কোট শিবচিহ্ন হোনা উধ্ব লিঙ্গ কী আবশ্যক সর্ত হৈ। লক্ষ্ণোতথা মথুরা সংগ্রহশালয়েঁ । মেঁ ইস তরহ কে অনেক শিবলিঙ্গ সংগ্রহীত হৈ: কুশানম্গনমেঁ 'উধ্ব লিঙ্গ' কী উপাসনা বহুৎ লোকপ্রিয় হো গঙ্গ থী ওর ইস্ যুগমেঁ ইন্কা নির্মাণ ভী ব্যাপক রূপমেঁ হয়া থা।

'ক্লোভিলিঙ্গ কো প্রচানকে লিয়ে কোই তক্লিফ্ নেছি। উনকা অলরমেঁ কুদ্ জ্যোতি চমকাতে হায়। জ্যোতিলিঙ্গকে রূপমেঁ হি ভগবান শিবজী প্রলী বার ইস্ সৃষ্টিমেঁ প্রগট হয়ে। সবছি নর্মদেশ্বর লিঙ্গমেঁ জ্যোতিঃ ইয়া চিদ্শক্তি তো হায়ই হায় লেকিন জ্যোতিটিল্লমেঁ ইয়ে জ্যোতিঃ জ্যাদা সে জ্যাদা প্রগট হৈ। ইস্ নর্মদাত্টমেঁ বাঁহা বিমলেশ্বর জ্যী বিবাজমান হৈ উধর্ কভী কভী কোই কোই ভাগাবান জ্যোভিলিঙ্গ প্রাপ্ত হোতা হৈ। হর নর্মদে। আভি চলিয়ে বাহারমেঁ। মন্দিরমেঁ বৈঠেগা।'

তাঁকে প্রণাম জানিয়ে তাঁর তাঁবৃহতে বাইরে বেরিয়ে এলাম। তাঁর নাগা শিস্তরা যে মাঁর কর্তব্য করে থাচ্ছেন। প্রচুর কাঠ সংগ্রহ করে এনে রেখেছেন। মতীক্জী মন্দিরের এককোণে বসে পুঁথি পাঠ করছেন আপন মনে। মোহাস্তজীকে দেখে স্বাই তাঁকে থিরে বসলেন। স্থাণ্ডের আর বেনী দেরী দেই। একজন নাগা মন্দিরের অভ্যন্তরে সান্ধ্য আরভির আয়োজন করছিলেন। তিনি এসে মোহাস্তজীকে বললেন—আরভিককো স্ব ইন্ছেজাম করকে রাখা।

— সাম হোনে দিজিয়ে বেটা। আজ ভাদ্র মাহিনাকা আঠাইশ্ তারিখ হৈ। প্রতিপদা। সাম হোনেকা করীব দেড় দো ঘন্টা কা বাদ চল্রমা কী রোশনী নিকালেজে। পাহারা জোরদার রাখিয়ে গা। ভূলো মং হমলোগ শুলপাণিকী ঝাড়িকা নজদিগ্ আ গয়া।

আমার দিকে তাকিয়ে বললেন—ওঁকারেশ্বসে খলঘাট করীব যাট মিল হোগা। খলঘাটসে ভি হমলোগ ঔর ভি যোল মিল আগে চলা আয়া। খলঘাটসে হমলোগ খরগৌন জিলামে ঘুষ গয়ে। শন্ধা হয়ে গেণ। মন্দিরের চারকোণে চারটি ধূনি জেলে চারজন নাগার ত্রিশূল হাতে পাহার৷ বসে গেল। মন্দিরে চুকে মোহাগুজী কালেশ্বর ভৈরবের মাথার জল চেলে চন্দ্রের গাচ প্রলেপ মাণিয়ে দিলেন। শিক্সা ভক্ষর বাজাতে বাজাতে নাগার৷ রোল ভুললেন—

যোগী শিবশংকর ভোলাদিগন্বর জয় শিব রাম।

চিরশ্মশানচারী অনাদি সমাধিধারী রেবা শিবরাম॥

আজ নাগারা যেন স্থান মাহান্ত্রে থেতে উঠেছিলেন। তাঁদের শিবকীর্তন
ও মোহান্তকীর আরতি যখন শেষ হল, তখন রাত্রি প্রায় আটটা। প্রতিপদের
অন্ধকার কেটে গেছে। চারদিক ভরে গেছে জ্যোংরার আলোতে। সহসা
বহুদ্র হতে বাঘের গর্জন ভেসে এল। সকলেই উৎকর্ণ হয়ে শুনলেন সেই
গর্জন। মোহান্তকী বললেন—বেকার তর করকে কাা করেগা। ছিঁয়াসে চার
পাঁচ মিল দ্রমেঁবন ত হায়ই হাায়। রেবা মাইকো শরণ লেকর শিবনাম করতে
রহো। নিদ্ আনেসে লেট যাও। কালেশ্রকীকা দরবার মেঁ পড়া হায়।

হে প্রভু কালেশ্র ভগবন। রাখত মারত যো ইচ্ছা ভূহারা।
হনলোগ্ ভূমহারা দাস হৈ, দাসকো উপর ভূয়া অধিকারা॥
এইবলে তিনি কালেশ্রকে প্রণাম করে বারা ধূনি জেলে পাহারা দিছেন,
তাঁদের কাছে কিছুক্ষণ দাঁড়িয়ে তিনি তাঁবুর ভিতরে গিয়ে চুকলেন।
মতীক্রজী এলে আমার পাশেই কম্বল পেতে জপে বসলেন। জন্যান্য নাগাদেরকেও দেখলাম কেউ মন্দিরের প্রাক্ষণে কেউ বা বারান্দার যে বার ক্ষণ
পেতে কেউ জপে, কেউ বা গাঁজার দম দিতে লাগলেন।

আমি শুরে পড়লাম। শুরে শুরে ব্রগরি তণ্ডিকৃত সেই বিরাট শিব-শুবের যতথানা মুখন্ত হরেছে, তা মনে মনে আর্থ্ডি করতে লাগলাম। কথন যে শিবনাম করতে করতে খুমিরে পড়েছি, জানি না। বংকণ পরে হঠাং খুম ভেঙে গেল। শুরে শুরে আকাশের দিকে তাকাতেই দৃষ্টি যেন ঝলসে গেল অক্সাং, চন্দ্রোদ্রাসিত সমস্ত বিশ্বপ্রকৃতির উপর যেন রুণালী ধারা করে পড়েছে। এ কোন্ রহস্যভরা রৌপাময় জগং? আমি উঠে পড়লাম, বিছানা থেকে কাছেই বারান্দা থেকে উঠোনে নাম্বার সিঁড়ির ধাপ। আমি ধাপের উপর বনে চাঁলের দিকে তাকালাম। বাবার কথা মনে পড়ল। তিনি বলতেন, চঞ্চল মনকে বিল্পুতে কেন্দ্রীভূত করার অন্যতম শ্রেষ্ঠ উপার আকাশের দিকে, চাঁদের দিকে এক দৃষ্টিতে তাকিরে থাকা। আমি আকাশের দিকে তাকিরে চাঁদের উপর দৃষ্টি ছির করলাম। খীরে ধীরে সমগ্র আকাশ ভূড়ে এমন এক বিহুবল করা বিশ্বয়ভরা রূপ ফুটে উঠল, মনে হল যেন সমগ্র বিরাট মৃতিটি জ্যোতিলিকের মত দীণ্যমান। আকাশের চাঁদ যে তাঁরই আয়ত ললাটে শোভা পাছে।

আমি জ্ঞান হারিয়ে পড়ে গেলাম। আমার যখন চেতনা এল, তখন দেখি আমি বারান্দার নিচে পড়ে আছি। ধড়মড়িয়ে উঠবার চেন্টা করতেই দেখি মাথার পেছনটা এমন বাথা যে ঘাড় তুলতে পারলাম না। মতীক্রজীকে ডাকতেই তিনি তাড়াভাড়ি উঠে এলে আমার ঘাড়ের পেছনে হাত দিয়ে বিছানার উপর তুলে নিয়ে গেলেন। মতীক্রজী বলতে লাগলেন—'হায়, হায়, এরকম অবস্থা আপনার কি রকম করে হল' ? ভামি সংক্রেপে বললাম—'আমি প্রপ্রাব করতে যাব বলে উঠোনে নামতে গিয়ে পা হড়কে পড়ে গেছি।'

—ভোর হয়ে আসছে, হামি মোহাস্তজীর কাছ হতে ঔষধ আনছি।
আপন'র মাথার পিছনে রক্ত থুবে (জমাট) গেছে। বোধহয় উল্টে পড়ে
গিয়ে সিঁড়ির ধাপে চোট খেয়েছেন। আমি এখুনি আসছি, চুণ করে শুয়ে
থাকুন। এই বলে তিনি দৌড়ে মোহাস্তজীর তাঁবুতে গিয়ে চুকলেন।
মিনিট পাঁচেকের মধ্যেই এক টুকরো গাছের শেকড় এনে আমাকে চিবিয়ে
খেয়ে নিতে বললেন।

—চুপ করে ঘুমাবার চেটা করুন, সকাল হডে, সূর্য উঠতে এখনও অনেক দেরী।

বেলা বোধহর আটটা বা লাড়ে আটটার সময় আমার ঘুম ভাঙল, উঠে দেখি, মোহাস্তলী আমার কমলের পাশেই বলে আছেন, তাঁর ভারবিভূষিত দেহ এবং কপালে ত্রিপুণ্ড দেখে ব্যলাম, তাঁর ব্লান পূজা সমাপ্ত, আমি কৃষ্ঠিত ভাবে বললাম—রাত্রে আমি পা পিছলে পড়ে গেছলাম। চোট লেগেছিল, এখন কিন্তু আপনার ঔবধে আমি সম্পূর্ণ সেরে গেছি। তিনি কোন মন্তব্য করলেন না, ধন্ধল্ করে হাসতে লাগলেন।

আমি মতীল্রজীকে দলে নিয়ে রান করতে গেলাম। সভিাই নিজেকে ধুবই সুত্ব মনে করছি। মাধার পেছনে যে স্থানটা ফুলে উঠেছিল, তা মিলিয়ে

গেছে, কোপ্তাও কোন বাথা নেই। মতীক্রজীকে বললাম—সভিাই আপনার ওক্রদেবের সেই শেকড়টা ধল্পন্তরী প্রথম্ভ ঔষধের মত কাজ করেছে। আপনি কি এসব শিখতে পেরেছেন।

কিছু কিছু শিখেছি বৈকি ? তবে গুকজীর সঙ্গে কারও তুলনা হয় না। ছিলাম মতি মাইজি, মাহিয়া কুলে জন্ম, হয় চাকরী, না হয় চাষবাস করে জীবন কাটাতে হত আর রোগে শোকে ভূগে মরতে হত। কিছু গুকজীর দয়ায় আমি নৃতন জাবনের যাদ পেয়েছি। শিবকে ভক্তি করতে শিখেছি। মতি মাইজি পেকে হয়েছি মতীক্র ভারতী। মহায়া কমলভারতীজীর সম্প্রদায়ভুক সয়াসী হতে পারাটাও মহাগোরবের বিষয়। ৺ঈশান মাইতির পুত্র মতি মাইজি, জাতি মাহিয়, পেশা চাকুরী বা ক্ষিকার্য,—এই ধরণের পরিচয়ের চেয়ে প্রীশ্রীনগেক্রভারতীজীর মন্থশিষা মতীক্রভারতী, এই পরিচয় নিক্রই অনেক গোরবের। যদি মা নর্মদাও গুরুদ্বের দয়ায় সিদ্ধিলাভ করতে পারি, তাহলে ত আর কোন কথাই নাই, আমার মনুষাজীবন ধলা হয়ে যাবে।

খাওয়ার পর মোহাস্তজী খরের মধোই বসে রইলেন, আমরা প্রার সকলেই ঘরের বাইরে বেরিরে এসে নর্মদাতে নেমে মুখ হাত ধুয়ে নিলাম। এই বারখানা ঘরের এগারখানা ঘরেই নাগাদের কম্বল পাতা হয়েছে। শেষ প্রাস্তের ঘরখানা খালি রাখা হয়েছে মোহাস্তজীর মুখ হাত এবং প্রকৃতির দাবা মেটানোর জন্ম। তিনি বাইরে না প্রাসায় নাগাদের ধুবই সুবিধে হল। তাঁরা মনের আনন্দে গঞ্জিক। সেবনে রত হলেন। কেউ কেউ নিজের শরীরে ছাই রগড়িয়ে ভন্মভূবিত হলেন।

थोदा थीदा नका। रक्ष व्यानहा। वल्लामो मृद्यंत तकिन त्रिमात वर्गानी ছটা এসে পড়েছে নর্মদার জলে এবং পাহাড়ের গায়ে। এমন সময় একজন নাগাকে দেখলাম গাঁ**লা**তে দম দিয়ে নাক মুখ দিয়ে ধূমজাল বের করতে করতে চোৰ মিটি মিটি করে হাসছেন। তাঁর মূখ চোবে গাঁজার আবেগের শঙ্গে যে আনন্দের ভরক বয়ে যাছে। আরও চার পাঁচজন নাগার দৃষ্টি তার উপর পড়েছে কিন্তু তাঁর এই আক্মিক স্ফুতির কারণটা গঞ্জিকা দেবন প্রসাদাৎ না অন্য কিছু তা কেউ ধরতে পারছেন না। অবশেষে তাঁর নিজেরই কুপা হল। ভিনি অঞ্লি সঙ্কেতে প্রায় পাঁচশ গজ দূরে বনের মধ্যে গাছের ফাঁকে একটা সমতল স্থানের দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করলেন। আমরা দেখতে পেলাম একপাল ছরিণ ছরিণী পরস্পরের গায়ে পড়ে গলায় গলা ঠেকিয়ে মৃত্ মৃত্ ভালে নেচে চলেছে। কী মনোহর। কা সুলর দৃষ্টিনন্দন দৃশ্য। তাদের দেই আনল্দীলার ছবি কালিদাস ভবভূতি কিংবা রবীক্রনাথের মত কোন মহাকবি হলে হয়ত তাঁকতে পারতেন। আমাদের কারও সে লাধ্য নেই। মা নর্মদার দল্লার আমরা যে এ দৃশ্য খোলা চোখে দেখতে পেলাম এইটাই যথেষ্ট। এই রমনীর মন-মাডানো দৃশ্য আর একবার দেববার জন্ম, অন্তও আমার কথাই বলি, বাংঘর পেটে খেতেও রাজী আছি।

- —नाम (हा शिक्षा । नव वालमी जन्द्रवर्ष वाहेरम् (माहाखनीत कर्धवत !
- —'জী হজুর !' বলে একজন নাগা এমন বাজধাঁই গলার উত্তর দিলেন যে, সেইটুকু শব্দেই নিমেবের মধো হরিপের দল মন্তর্হিত হয়ে গেল।

এই গন্তীর মহারণো গাছপালার মধ্যে শুধু জীবন্ত মৃত্যুই ৩৭ পেতে নেই এই শান্তশ্রীমণ্ডিত শ্রামশোভার মধ্যে সলীতও আছে। কিন্তু তা শোনার জন্য নীরবে কান পেতে থাকতে হর কিন্তু আমি যে দলের সঙ্গে পরিব্রাজন করছি, তাঁরা এক একজন মৃতিমান নীরস গতা! মনের বিরক্তি চেপে রেখে আমরা স্বাই একে একে ঘরের মধ্যে কিংবা পাধ্রের খাঁচার মধ্যে চুকে এখনকার যত অন্তরীণ হলাম।

थ्यधीन पत्रका मगरिक वस करत (पश्रा हम। श्राटाक धात होत भी हक्ष করে ভাষন পেতেছেন। স্থামি যে ঘরটার কম্বল বিচালাম সে ঘরে শংকরভারতীভী এবং মতীন্দ্র রইলেন। পাশের ঘরটার মোহাস্তজী থাকলেন। (गव প্রান্থের धরখানাতে একটা ধৃনিও আলা হয়েছে। বাারাকবাডীর ঘুলঘুলি দিয়ে বাতাসও আসচে তবুও খুব গরম লাগছে। মোহান্তজী এবং व्यायात्मत पत्रभावात यायथात्व भाषदत्रत्र (भारताहे वा तिकार्कत जनत अकहा প্রদীপও আলা হয়েছে। অধিকাংশ নাগাসয়াাসী যে বার কম্বলের উপর শুরে পড়েছেন। তু'চারজন বদেও আছেন। মোহান্তজী আমাদের খরের তিনম্বনকে কাছে ডাকলেন। তিনি বলতে লাগলেন—আগামীকাল সকালে উঠেই আমরা লোহাচাার পথে যাত্রা ক্রব। ঐ লোহাচাায় রেবাকৃত আছে। ভাতুৰতী নামী কোন রাণীর তপস্তায় সন্তুষ্ট হরে নর্মদা ঐ কুতে কোন সুদুর অতীতে আবির্ভূত হরেছিলেন। সম্প্রতি কৃণ্ডটি ধারা ঊেটের মধো পড়েছে। পেই ভানুমতী রাণীরও আগে ওববতা নামে এক বাক্ষণী ষয়ং ধর্মের দর্শন পান এবং তার বরে মৃত্যুর পর তার অর্ধাংশ নর্মদার ধারার সঙ্গে মিশে যায়। দেই ধারা ওঘবতী নদী নামে আজও প্রবাহিত হল্পে চলেছে। কোন কোন পুরাতত্ববিদের মতে রেবাকৃণ্ডের পাশেই যে মাণ্ডবগড় কেল্লা আছে, তা নাকি ঐ ভাহুমতী রাণীর। সতা মিধা। ভানি না। ঐখানে আস্থা উদ্দালেরও কেল্লা আছে। নর্মদাতটে প্রাচীন ভারতবর্ষের কত যে মহিমা, প্রাচীন সভাতার কত যে ইভিহাস ছড়িয়ে আছে ভার শেষ নেই। আমরা সাধুবর্গ মহাতপস্যার অঙ্গ হিসেবে পরিক্রমা করেই ক্লাপ্ত; নৰ্মদার কুণায় কেউ কেউ সিদ্ধিলাভ করেই কৃতার্থ বোধ করছেন। কিন্তু ভারতের এই প্রাচীন মহিমা বা ইতিবৃত্ত নিয়ে কোন বিঘান পুরুষকেই গবেষণা कद्रात एक गाएक ना। वहकान श्रद धार्माएवत एम बांधीन राहरक।

ষাধীন দেশের ষাধীন সরকার এ বিষয়ে যদি কোনদিন উছোগ নেন ভাল, নতুবা কালক্রমে সবই বিশ্বতির অন্ধকারে ঢাকা পড়ে যাবে। এই এখনই যদি মতীক্র বা এই বাখালীবাবা আন্থা উদ্ধালের কেলা সম্বন্ধে কে তার নির্মাতা জানতে চায়, আমি আগে থেকেই বলে রাখচি, ঐ সম্বন্ধে আমি আর কিছু জানি না। কেবল মহাভারতে ওববতীর উপাখান আছে, সেইটুকু আমি পড়েচি। এখন থাক লে কথা, আমি যে জন্ম ভোমাদের ভেকেছি সেই কথাই বলি। ভারতীজী। আপনি একথা জানেন যে, আমার পরমারাধ্য গুরুলী শ্রীন্রিচতন্যভারতী ঐ রেবাকুণ্ডের ধারেই নর্মদাশংকরের দর্শন পেয়েছিলেন। তাঁর সিদ্ধিক্রের হিসেবে আমাদের কাছে ঐ স্থানের গুরুত্ব সর্বাধিক। তাই আমি সংকল্প করেছি, কাল সকালে উঠে আমরা ঐ পথেই যাত্রা করব। তারজন্ম নর্মদার তীর হতে আমাদেরকে গভীর জল্প ও চড়াই পথে পাহাড়ের উপর দিকে উঠে যেতে হবে বটে কিছু ঐ রেবাকুণ্ডকে প্রভাব পরিক্রমাবাসীই পরিক্রমা করে থাকেন। এটা নর্মদা গরিক্রমারই অপরিহার্য অংশ।

তাঁর কথা শেষ হতে না হতেই শংকরভারতীকী এবং অন্যান্য খরের নাগারাও এক সলে বলে উঠসেন—পরম গুরুদেবকা সিদ্ধিক্ষেত্র অবশ্রমেব হম্লোগ্ দর্শন করেগা।

—কাল সবেরে প্রলা আবিন হায়। অগন্তা যাত্রা কী দিন। ক্যা লানে, শূলপানিকী ঝাড়িয়েঁ এহি যাত্রা অগন্তা যাত্রা হোগা কি নেইা! নর্মদামায়ীকো যো ইচ্ছা হোগা, ঐসাই ঘটে গা। এই বলে মোহান্তলী হাসতে লাগলেন। আমাকে হঠাং জিজ্ঞানা করে বসলেন—আপ জোতির জানতে হো!

—ৰেহি জী! আমার যা কিছু শিক্ষা বাবার কাছে। তিনি বলতেন—
ভূত বিশ্বাস ও গ্রহগণের কার্যকারিতার যাদের বিশ্বাস বেশী, তাদের ঈশ্বর
বিশ্বাস কম। যা কিছু ঘটছে, তা গ্রহগণের দশা অন্তর্দশার ফল হিসেবেই
ঘটছে, এই বিশ্বাস যাদের, সর্বনিয়ন্তা ভগবানের ইচ্ছেতেই সব ঘটছে, এই
রক্ষ বিশ্বাস তাদের শিবিল হতে বাধা। বাবার সৃষ্টিভলী ছিল বজন ধরণের।
জ্যোতিবশাল্র যে বেদাল তা বাবা ভাল করেই জানতেন। বারা জীবনে
কোন্দিন বেদ চোখে দেখেন নি, সাধনার ছারা জ্যোতিঃদর্শন ঘটে নি,

অংকশাস্থে বাদের প্রগাঢ় বৃংংপত্তি নেই, তাঁরা কিভাবে এবং কোন সাহসে গ্রহণণের সৃন্ধাতিসূদ্ধ কার্যকারিতা বিচার করে নাশ্বের ছর্বোধা ও রহস্মর ভাগালিপি সহকে ভবিগ্রংবাণী করবেন। বাবার মতে, নাশ্বের জন্মান্তরীপ কর্মচক্রই প্রহচক্র নামে অভিহিত হরে আসছে। অন্তঃদৃষ্টি সিদ্ধ যোগী ছাড়া এই কর্মচক্র দর্শন করা কারও পক্ষে সম্ভব নয়। পাঁজি-পুঁথি এবং করেকটা জ্যোতিবের বই নিয়ে মানুষের ভাগো কি লেখা আছে তার পাঠ উদ্ধার করা এক প্রকার অসম্ভব বদলেও চলে। নিভান্ত গ্রহবিশাসা ও ভাগা বিশ্বাসা লোকেরা কর্মকুঠ, অলস ও নিক্তাম হয়।

—ক্যারলে ? শুক্রে, শনৈশ্চর, রাহ্, মলল. কেতু, বগেরা গ্রহ্মল নেছি দেতা হৈ ?

আমি বল্লাম—ফল দিছেন টিকই তবে বাবা তাঁদেরকে পৃথক পৃথক গ্রহ হিলেবে দেখতেন না। জন্মকুগুলীতে যে বিভিন্ন রাশিতে গ্রহগুলি বলানো থাকে, বাবার মতে সেইসব গ্রহের অবস্থান মানুবের ভূত, ভবিয়াৎ, বর্তমান, কর্মের সূচক মাত্র। তাঁর মতে সূব (রবি), চন্দ্র, মলল, বৃধ প্রভৃতি নবগ্রহ জনাদিনেরই নবর্মণ। ঈশ্বর এই হিলেবে মানুষকে তার কর্মফল ভোগ করিয়ে থাকেন।

জাবার খোর বিশ্বয়ের সজে যোহাস্তজী বলে উঠলেন—ক্যায়েলে ? সুহা, চক্র, মঞ্চল ইত্যাদি এছবর্গ ক্যায়েলে ইম্মরকা নামরূপ হো গ্রা ?

আমি বিনম্ভাবে উত্তর দিলাম, আপনি বেদ মানবেন ত ? বেদমূলক পাণিনিতে ঐসব নামের যে ভাবে বৃংপত্তি দেওয়া আছে তাতে যে ঐগুলি ঈশবেরই বিভিন্ন গুণ হিসেবে বিভিন্ন তা স্পউতই বোঝা যায়। থেমন ধকন সূর্য। যকুর্বেদে বলা হয়েছে—'সূর্য আত্মাকগতত্তসুষদ্দ।' এর অর্থ হল, কগং অর্থাং চেতন প্রাণীর ও কলম বা যারা গতিশীল তাদের এবং 'তসুষ্', অপ্রাণী অর্থাং স্থাবর অভ যেমন পৃথিবী আদি ঐ সকলের আত্মা বলে এবং প্রপ্রাণার্যনে সকলকে প্রকাশ করেন বলে প্রমেশ্বের নাম সূর্য বা রবিগ্রহ।

চক্র—(চদি আহলাদে), এই ধাতু হতে চক্র শব্দ সিদ্ধ হয়। 'যশ্চলাত চন্দরতি বা দ চক্রঃ।' যিনি আনন্দররূপ এবং যিনি সকলের আনন্দদাতা, সেই ঈশ্বরের নাম চক্রপ্রহ।

মলল—( মগি গভাৰ্থক ) খাছু ৰতে 'মলেরলচ্' এই স্তাহ্নারে মলল

শব্দ সিদ্ধ হয়। 'যো মলভি মলয়ভি বা সু মল্লঃ।' যিনি বরং মল্লয়ন্ত্রণ এবং সর্বজীবের মল্লের কারণ, সেই প্রমেশ্রের নাম মল্ল গ্রহ।

বৃধ—( বৃধ অবগৰনে ) এই ধাতৃ হতে বৃধ শক সিদ্ধ হয়। 'যো বৃধাতে বোধয়তি বা স বৃধঃ।' যিনি মনং বোধয়ত্বপ এবং সকল জীবের বোধের কারণ, সেই পরমেশ্রের নাম বৃধ্যহ।

বৃহস্পতি—বৃহৎ শব্দপূর্বক (পা বৃহ্দণে) এই ধাতৃর উত্তর 'ডতি' প্রভার বৃহৎ শব্দের ৬-কারের লোপ এবং সুভাগম হওয়াতে বৃহস্পতি শব্দ সিদ্ধ হয়। 'যো বৃহতামাকাশাদীনাং পতি বামী পালয়িতা স বৃহস্পতিঃ।' যিনি মহানদের অপেক্ষাও মহান্ এবং যিনি আকাশাদি ব্রহ্মাণ্ডসমূহের অধিপতি, সেই প্রমেশ্বের নাম বৃহস্পতিগ্রহ।

শুক্র—(ঈশুচির পৃতিভাবে) এই ধাতৃ হতে শুক্র শব্দ সিদ্ধ হয়। 'যঃ শুচাতি শোচয়তি বা স শুক্রঃ।' যিনি অভ্যন্ত পবিত্র এবং বার সংসর্গে শীবও পবিত্র হয়ে যায় সেই পর্যেশ্রের নাম শুক্রগ্রহ।

শনি—( চরগতিভক্ষণরো), এই ধাতুর সঙ্গে 'শনৈস্' অব্যয় উপপদ্যোগে শনৈক্ষর শব্দ সিদ্ধ হয়। 'যঃ শনৈক্ষরতি স শনৈক্ষরং', যিনি স্কলের যধো সহজেহ প্রাপ্ত অথচ ধৈর্যনান, সেই প্রমেশ্বের নাম শনৈক্ষর বা শনিগ্রহ। কাজেই শনির দশা পড়সেই শনির ভাষে কম্পামান হওয়ার কারণ নেই।

রাহ—( বহু তাাগে ) এই ধাতু হতে রাহু শব্দ সিদ্ধ হয়। "যো রহতি পরিতাক্ষতি গুফীন রাহরতি পরিতাক্ষতি বা স রাহরীখরং"— যিনি একান্ত-বরূপ, বার বরূপে অন্য পদার্থের সংযোগ নেই, যিনি গুফীদেরকে পরিত্যাগ করেন এবং করান, সেই প্রমেশ্বরের নাম রাহগ্রহ।

কেতু—('কিত নিবাসে রোগাপনরনে চ') এই ধাতু হতে কেতু শব্দ সিদ্ধি হয়। 'যা কেতরতি চিকিৎসতি বা স কেতুরীশ্বর'—যিনি সমস্ত জগতের নিবাস স্থান, যিনি সর্বরোগরহিত এবং যিনি মুমুকুদেরকে মুক্তিসময়ে সকল রোগ হতে মুক্ত করেন, সেই পরমান্ধার নাম কেতুগ্রহ।

আমার কথা সকলেই নীরবে শুনছিলেন গভীর মনোযোগ সহকারে। আমার কথা শেষ হবার পরেও কারও মূখে কোন কথা নেই। মোহাগুজী প্রায় মিনিট পাঁচেক স্থির গন্তীর মূখে নীরবে বসে থাকার পর দীর্ঘাস ফেলে বললেন—'ভোমার বাবার মত মহাপুরুষের সক্ষে আমার যৌবনকালে দেখা হলে কত ভালই না হত! বেদজানের অভাবে এ জীবনে আমাদের জ্ঞান অসপূর্ণই রয়ে গেল। মা নর্মদা সেই বিদেহী আয়ার আত্যন্তিক বছল বিধান করুন।" তিনি মতীক্রজীকে একটা গান গাইতে হকুম করলেন। এক নাগা সন্নাসী সোৎসাহে বলে উঠলেন—'লেকিন্ হিন্দীমে'। মতীক্র গান ধরলেন। তার গলা পূর্বেই বলেছি অত্যন্ত দরাজ ও মিষ্টি। তিনি গান ধরলেন অত্যন্ত ভক্তিবিগলিত উদাত্ত করে

বর দে, রেবা, বরদে!
প্রিয় স্বভস্ত্র-রব, অমৃত-মন্ত্র নব ভারত মে ভর দে।
বর দে, রেবা, বরদে!
কাট অন্ধ-উরকে বন্ধন স্তর। বহা জননী,
কোতির্ময় নিঝ্র;

কলুষ-ভেদ-ভন হর প্রকাশ ভর জগমগ জগ কর দে! নবগতি, নবলয়, ভালছন্দ নব, নবলকণ্ঠ,

नव कलाप मञ्ज तव;

७ छि छिट्रम नव जाशकवृष्णरका, नव वत्र, नव ऋत रह ! वत्र रह मार्गा, वत्रहा !

গান তনে আমরা তার হয়ে বদে রইলাম কিছুক্ষণ। তারণর মোহান্তজীর আদেশে সকলেই তারে পড়লাম। গানের আবেশে সকলের মনই আচ্ছার, মন উবেল হয়ে উঠেছে। 'রেবা রেবা' জপ করতে করতে ঘ্মিয়ে পড়লাম। বাইরে বনের মধ্যে একটা প্রবল হজার তনে ঘ্ম ভেঙে গেল। মনে হল, আমাদের দরজার কেউ যেন আঁচড়াচ্ছে, দরজাকে সজোরে ঠেলছে, স্বাইকে ডেকে তুল্ব কিনা ভাবছি, এমন সময় হড়দাড় শব্দে ব্যারাকবাড়ীটার পেছন দিরু কেউ যেন দৌড়ে এল দরজার কাছে। কিছুক্ষণ হটোপ্টির শব্দ, তারপরেই সব চুপচাপ, আমি উঠে সয়্যাসীদেরকে অতি সাবধানে এড়িয়ে এড়িয়ে শেষপ্রাক্তের শেষ ঘরটার পোঁছলাম প্রসাব করতে। প্রসাব করে এদে আবার তরে পড়লাম। সয়াসীদের নাসিকাগর্জন প্রবল থেকে প্রবল্ভর হয়ে উঠেছে। সেই শব্দকে ছাপিয়ে উঠছে বনের শব্দ। বাতাসের গোঁ গোঁ

দেখতে দাও।

সাঁ সাঁ শব্দের লক্ষে আরও নানারক্ষের অন্তুত শব্দ মিশে সমগ্র বনভূমি যেন মুখর হলে উঠছে। গভার রাত্রে নির্জন গন্তীর বন সাধারণতঃ শান্ত থাকে, কিন্তু এখানে দেখেছি সবই বিচিত্র। যাই হোক, আবার আমি ঘুমিরে পড়লাম। আবার যখন ঘুম ভাঙল, তখন দেখি সকাল হলে গেছে। মোহাস্তলী এবং আরও অনেক নাগা রান সেবে এসে কৌপীণাদী বদলে গায়ে ভত্ম মাধতে সুক করেছেন। প্রত্যেকের ঝোলাকম্বলও বাধা হলে গেছে। আমি তাড়াডাড়ি নিক্ষের গাঁঠরী ইত্যাদি বেঁথে ছেঁদে নর্মদার গেলাম রান করতে। খাটে নামতে নামতে দেখলাম প্রায় জনা পনের নাগা, লক্ষ্মণভারতীর নেতৃত্বে নানারকম গাছের সক্ষ সক্ষ ভাল ছেঁটে এক জারগায় চূড় করে রাখছেন। রান ও স্থার্ঘাদি সেবে এসে দেখি, সেই ডালগুলিতে নেকড়া জড়িয়ে শংকরভারতীজী সেগুলির অগ্রভাগ কেরোসিনে ডুবিয়ে নিদ্রেন। ব্রতে পারলাম এগুলি ঘনবোর জললের মধ্যে হিংক্র জন্তুদের বিক্রমে আন্তরকা করতে সাহাধ্য করবে। অনুমান করলাম, আজ আমাদের গল্ভবাপথ নিশ্চরই ভরাবহ ও বিপদসক্ষ্ম। খি-এর প্রদীপ জেলে মোহাল্পজীর সলে গিয়ে সকলে মিলে মা নর্মদার আরতি বন্দনা সেবে এলাম।

নিজেদের জিনিখণত ছাড়াও প্রত্যেকের হাতেই চার পাঁচখানা করে সেই মশাল কাঠি। 'হর নর্মদে হর' বলতে বলতে আমরা রওনা হলাম। সুর্যোদয় হচ্ছে। বালসূর্যের উদররশ্যি এসে পড়েছে সুউচ্চ পর্বতের উপর। তার অরুণ-কিরণমালার শুধু বড় বড় গাছের চুড়া নয়, সমগ্র দিকচক্রবাল উদ্ভাসিত হরে উঠেছে। জললের গাছের ভালে কভ রক্ষের এবং কভ জাতের যে পাথী উড়ে উড়ে যে বসছে এবং বিচিত্র সব কলকল ধ্বনি তুলছে, তার ইয়ভা নেই। পাথীদের কলকাকলি শুনতে শুনতে হেঁটে চলেছি মনের আননন্দ। সর্যাসীরা শিঙা-ভত্মক বাজাবার উপক্রম করতেই মোহাল্ডলী হাত ভূলে সকলকে নিরন্ত করলেন। বললেন শিঙা ভত্মক বাজিয়ে এ বনের শান্ত বাভাবরণকে বিক্রুক করে লাভ নেই। সন্ন্যাসী হলেই যে হৃদয়ের সূত্র অমৃত্তিকে ভোঁতা করে ভূলতে হবে, এমন কোন কথা নেই। যিনি সভ্যম্

त्नरे अकरे कवनाइड भाराफ़ी भव ; अवरका स्वरका भारतक हारफ

ভিলিয়ে ভিলিয়েই আমাদেরকে হাঁটতে হচ্ছে, তবুও মনে শাস্তি থাকার চলার গতি আমাদের বেড়ে গেছে। ইক্রিয়ের যা অগোচর, ভাতেই আমাদের ভন্ন ও বিশাষ লুকিয়ে থাকে। কিন্তু দিনের আপোতে সবকিছু यह रति पृथ्वित नव कृति छैर्छत्व वतन यागात्मत मत्न अत अत्म नाना বেঁধে উঠতে পারছে না। দেও ঘন্টার আমরা বন্ধুর পথে প্রায় আট ন' মাইল **(रैं**एउं (श्वननाम । नन्मनं जांब जोकी वनतन, 'निगांब पुत्र ।' मजीत्मु व एडिए ज তখন সাড়ে আটটা অর্থাৎ প্রায় দেড়খনীয় আমরা এতখানা হেঁটে ফেল্লাম। সর্বত্র শাল, বেল, কেন্দ্র, আবলুষ, শিশুগাছ, জামীর, হরিত্রী ও আমলকী গাছের জটলা, অর্থাৎ খন বনই বটে। কিন্তু এডক্ষণ এই পথের মধ্যে কোন বক্তজন্ত দেবলাম না। নিশারপুর থেকে ভারতীজী মোহান্তভীর সঙ্গে পরামর্শ করে ডানদিকে খাড়া উত্তরে চড়াইএর পথ ধরলেন। মনে হল যেন আমরা ক্রমশ: াহাড়ের উপর উঠছি। এই সময় পাহাড়ের ঢালে কভকগুলো ভীলদের কুটীর চোখে পড়ল। ভাবলাম কি করে যে এরা এই ভাষণ জঙ্গলের মধ্যে হিংত্র জন্তু অধ্যবিত স্থানে খ্রী-পুত্র নিয়ে বাস করছে তা এক বিধাতাই জানেন। জঙ্গলও ক্রমশ: ঘন হয়ে উঠছে। হঠাৎ কয়েকটা কুকুরের থেউ খেড শব্দ ভেদে এল। আমরা চলার গতি থামিয়ে চারদিকে ভাকাতে লাগলাম, কি জানি কোথাও কোন ভালুক, বাঘ, বুনোকুকুর প্রভৃতি মা নৰ্মদার পোস্তপুত্ররা আমাদের খাড়ে ঝাঁপিয়ে পড়ার উভোগ করছে কি না! কারও কোন শুভ আবির্ভাবের লক্ষণ চোবে পড়ল না। পরে লক্ষ্ৰভাৱতীক্ষীরই চোধে পড়ল চার পাঁচজন ভীল রমণী সশস্ত্র হয়ে পাহাড়ের ঢালে যেন কিছু মাটি খুলে তুলছে। লক্ষণভারতী কিছু কিছু ভীলদের ভাষা বোঝেন, इ'চারটে কথা বলতেও পারেন। তিনিই তাদেরকে উচ্চৈঃমরে एएक जिल्लामा कत्रामन-जाता अभारत कि जितिय थूरम थूरम जूमहर ! তাদেরই বিরাটকার পোষা কুকুরগুলোর বেউ বেউ শব্দ-কর্ণগোচর হয়েছিল। লক্ষণভারতীকে তারা যা উত্তর দিল, ভারতীক্ষার অনুবাদে বুঝলাম যে, তা रन कलगून। कलगूनरक छात्रा यनन 'कान्ना'। कल कथाता नःइष्ड स्टन्ध ভীলদের ভাষার মধ্যে ঢুকে পড়েছে কাল্দরপে। একবরে স্কটিশচার্চ কলেকে বি.এ. পড়তে পড়তে প্ৰার ছুটিতে আমি গিয়েছিলাম হিমালয় অঞ্লে। यमकाननात्र शास चन्न इए७ जूल এटन এक नहानि वागारक किंडू कन्नमून

দিয়েছিলেন। আমি য়টিশের বোটানির (Botany) প্রধান অধাণক
মহোদয়কে সেই কলম্লটিকে দেখিয়েছিলাম। তিনি নেড়ে চেড়ে বলেছিলেন
এই কলম্লের লাটিন নাম 'ডায়াস কোরিয়া।' আমাদের বাংলাদেশের মেটে
আলুজাতীয় এক রকমের মূল। এই কলম্ল থেয়েই জললের সয়াসী, কোল,
ভীল, মূঙা হো প্রভৃতি বনবাসীয়া বর্ধার ত্'তিনমাস কাটিয়ে দেয়।
লক্ষ্ণভারতী তাদেরকে জিজাসা করেছিলেন—ভোমাদের সঙ্গে কোন প্রক্র্যান্থ নেই, ভোময়া যে কলমূল তুলতে বন্ধি হতে এতল্বে চলে এলেছ,
বাবের ভয় করে না ! তাঁর প্রয় শুনে মেয়য়া হেসেই লুটোপ্টি ! এটা যেন
তাদের কাছে একটা অবান্তর প্রয়। বাব আছে, আছে, তারাও আছে।
বাবের ভয়ে তারা এ বন ছেড়ে কোঝায় যাবে ! এই অরণাভূমি তাদের মা,
একেই চেনে এয়া। এই বনের কোলে এয়া জন্মছে, বেড়ে উঠেছে বনেরই
ফলমূল খেয়ে। হাতের টাজি এবং তার-ধন্ক দেখিয়ে তারা জানাল—বাদ,
ভালুক এলে ভারা কাউকে সহজে রেহাই দেবে না। লক্ষ্ণভারতী না
চাইলেও ভারা তাঁকে সাধুভোজনের জন্ম কতকগুলো কলমূল প্রদাহরে
দান করল।

মোহান্তকী ভীল রমণীদের এই সরল ও উদার ব্যবহার দেখে ঝোলা হতে এক পাাকেট সূঁচ বের করে, কাছে ভেকে তাদের হাতে দিলেন। সরল বল্যগুলালীদের সে কী আনন্দ! ভারা হাসিমুখে দণ্ডবৎ জানাল সাধুর দলকে। মোহান্তকী তাদেরকে হিন্দীতে করেকটা প্রশ্ন করলেন, লক্ষ্ণভারতী দোভাষীর কাজ করলেন।

প্রশ্ন-বাঘ ভোদেরকে কখনও ভাড়া করে নি !

উত্তর—না, বাঘ তাড়া করার ব্যাপারে নেই, সে যদি দেখতে পার, তাহলে হঠাং থাবা যেরে জললের ভেতরে টেনে নিয়ে যাবে। তোরা বেশী মানুষ একসঙ্গে আছিস। বেশী মানুষ দেখলে বাঘ পালিয়ে যার। সবচেয়ে ছাঁাচড়া আর ছোঁটলোক হছে চিতাবাঘ এবং ভালুক। ভালুক কখন যে ঘাড়ে এসে পড়বে কেউ বলতে পারে না। চিতাবাঘ ত বিশ পঁটিশ মাইল পর্যন্ত পেছনে পেছনে, কখনও বা ঝোপের মধ্যে আড়ালে থেকে থেকে সুযোগের অপেকা ধাওয়া করতে থাকে। একটিবার কাউকে একা পেলে তার আর রক্ষে নেই। বুনোহাতীও ধারাপ, দেখতে পেলেই তেড়ে আসে।

সবচেরে বেশী ধারাণ সাপ। এই ববে শহাচ্ছ সাপ আছে, মামুষ দেখলে তেড়ে কামড়াবে। মরাল সাপ আছে, ধুব মোটা, সেও মামুষকে ধরে। ছোট ছোট ছরিণ বা ছোট ছোট বাঘের বাকাকে ধরতে পারলে গিলে ফেলে। আমরা মরাল সাপের মাংল ধাই। বেশ ভাল মাংল।

এইভাবে গভীর বনের মধ্যে দাঁড়িয়ে বনগুলালীরা হাসতে হাসতে এওসব সু-সংবাদ দিল যে তা শুনে আমরা পরম আপাায়িত হলাম! আমার ত বটেই, প্রায় সকলেরই শিরদাঁড়া দিয়ে ভরের স্রোত বইছে। মোহাগুলীর নির্দেশে সকলেই 'হর নর্মদে' ধ্বনি দিতে দিতে এগোতে লাগলেন। মর কি কারও মুখ দিয়ে বেরোতে চায় ? কেবল ভয়কে চাপা দিতে কোনমতে ক্ষীণ ও চালাকণ্ঠে ধ্বনি ভুললেন মাত্র, যেন আর্তনাদের পূর্বাভাস!

আমরা এগিয়ে চলেছি, গুর্ভেন্ন জললের মধা দিয়ে নীরবে রেবা রেবা জপ করতে করতে। ক্রমোচ্চ পাহাড়ী পথে এগিয়ে চলেছি। এখানে লোকজন নেই, তাই রক্ষে। মানুষজন থাকলে তারা আমাদের দলটি দেখলে নিশ্চরই ধারণা করে বসত যে এটি একটি নীরব শোকমিছিল। যতই এগোচ্ছি, পাহাড়ের হুই দিকে বন নিবিড় হতে নিবিড়তর হয়ে উঠছে। কাছির মত মোটা মোটা চীহড়লতা বিশাল বনস্পতির সঙ্গে জড়াজড়ি করে হুর্ভেন্ন ও অল্ককার লতাকুঞ্জের সৃষ্টি করেছে পদে পদে, অত বেলাতেও সূর্যের আলো পড়েনি।

আমাদের দলে ত্রিশন্তন লোক ত্রিশ জোড়া চোখ নিয়ে এই পাশ দেখতে দেখতে চলেছি। মুখ দিয়ে যেন ষতঃই বেরিয়ে আসছে রেবা বেবা। প্রায় মাইল এই এইভাবে গুর্ভেড জগল অভিক্রম করার পর জনল কিছুটা পাতলা হল বলে মনে হল। আমাদের চলার পথে কিছুল্রে পাহাড়ের ঢালে থরে থরে কতকগুলো শালপাতায় ছাওয়া কূটার চোখে পড়ল। বন কিছুটা পাতলা হতে সূর্যের আলো এলে পড়েছে ছানে ছানে বড় বনস্পতির ডালাপালা ভেদ করে। লক্ষ্রণভারতী বললেন—ইহ্ লোগোনে স্ব ভীল হায়। বহুং খভারনাকা আছান্। এই ত্রে মোহাগুলীর মুখ ভয়ে ভ্রিমে গেল। তিনি বললেন—একদম চুপচাপ চলিয়ে। লক্ষ্রণভারতী বললেন—ক্যায়েরে চুপচাপ করকে চলেলে ও একটা ঝর্ণা দেখিয়ে বললেন, আমাদেরকে ঐ ঝর্ণা পেরিয়ে যেতে হবে। ভীলদের

বন্তির কাছে তারা ঝর্ণার উপর বড় বড় গাছের উড়ি ফেলে পুলের মত করে রেখেছে। সেই পুল দিয়েই আমাদেরকে ওপারে থেতে হবে। আপ্কো কাা ইয়াদ্ নেছি লো দকে হমলোগ যব ওক্জীকা সাধমে আরেথে এহি বস্তিকা পাশ ওহি পুলকা উপর চড়েথে? মোহাস্তকা বললেন—ওক্জীকী বাত গুসরা থে। উন্কা আধ্যাদ্ধিক প্রভাও প্রভাব) সে ভীল লোগ্ উন্কো মানতে থে। মতীন্দর! সব চীক্ত সামহালকে রাখো। আভি লুটেরা লোগ আয়েকে। দো-চার সুইকী বাঝা দেনেকে লিয়ে তৈরার রাখো। যাতিনা গেঁও বোরা ওর ঝোলামে হায়, উহ্

लुटिंत कथात नकरनतरे गरन व्यवि एत्या निरत्रह । नन्तनधातकी छान **क्टिकर्ट त्याफ़ नित्नन। थूर मक्त करत्र राक्ष याराष्ट्र अर्गाठे। रास्त्र यारा**— ছদিকে পাৰাণময় উঁচু তীর। শিলাতটে প্রতিহত হচ্চে কুলুকুলু ধানি ভূলে নির্মল ছলের ধারা। আমরা যে রাভায় আসছিলাম, সেই রাভা থেকে ক্রমশ: নিচে নামছি, এগিয়ে য়াছিছ ভালদেরই বন্তির দিকে। বডজোর পাঁচশ গল বাকী আছে বল্ডিতে পোঁছতে। এমন সময় চোখে পড়ল একজন প্রোড় ভীল গাছের ওঁড়ির সেই পুল পেরিয়ে একটা ভক্নো মোটা কাঠের ওড়িতে কুডুল দিয়ে কোপ বসাতে লাগল। পাচ-সাতটা কোপ বসাতে না বসাতেই আমাদের চোখে পড়ল একটা প্রকাণ্ড পাইখন ( অন্তগর সাপ ) একটা গাছ থেকে ঝপাস করে পড়ে গিয়ে তার একখানা পা জড়িয়ে धरत किला माक्त जात की साहा छन्। धर बात कि का का का নাগা একসলে সভরে বলে উঠলেন-পাইখন। অজগর। আমরা স্বাই থমকে দাঁড়িয়ে পড়েছি। আমরা দেখতে গালিছ, সেই প্রকাণ্ড সাপটা লেকের প্রান্ত দিয়ে কাঠের ওড়িটা কড়িয়ে মরে আতে আতে গেই প্রোঢ় ভীলের সর্বালে কুণ্ডলীর আকারে জড়াতে লাগল। লোকটা তথন পরিত্রাহি চিংকার আরম্ভ করেছে। আমরাও চিংকার আরম্ভ করলাম। লক্ষণভারতী 'সাঁপ সাঁপ' বলতে বলতে দৌড়াতে লাগলেন বন্তির দিকে। কিছুক্ষণের गर्या रगरत शुक्रव मिनियत थात विभक्त कोए रवित्रत अरग कूरि राम (महे लाक्नात कारक्। जात्नत अर्जारकत हारज वनी, ने कि अवर कामने। তার। नकरन बिल অজগরটাকে মেরে ফেলে লোকটাকে উদ্ধার করন।

মটেতব্য অবস্থায় লোকটাকে ভারা নিয়ে গেল কুটারে। লোকটা বাঁচবে কি না ভাৰি না, দেখলাম তিনজন হল্প ভীল বন থেকে অনেক জড়ি বৃটি শিকড় এনে পাথরে ছেঁচতে আরম্ভ করেছে। এদের কাচে জড়ি বৃটির চিকিৎদাই একমাত্র পন্থা। এরা শিকড় বাকড়ের দ্রবাওণে প্রচণ্ড আন্থা রাখে, এইসব ঔষধ ও ওয়ধি চেনেও ভালভাবে। সরলপ্রাণ পাহাড়ীদের कृष्डि एति। एक प्राप्त । अक्ष 'हैमान' नमर्फ या रिवास ভা আঙ্গও পাহাড়ীদের মধ্যে দেখা যায়। তাদের একটি পোককে যে भारित करन श्राटक रीहाबाद अना हिँहारमहि करत छाका श्राहिन, अअना তাদের সর্লার এসে তাদের ভাষার অনেক কৃতজ্ঞতা জানাল, মেরে পুক্ষ স্বাই আমাদেরকে चित्र धत्र अत्वक धनावाम काबाल। আমাদের কারও হাতে একখণ্ড কল্মমূল, কারও হাতে নানারকম বুনোফল, পাকা কেঁদ বা একমুঠো করে সুপক মহয়া দিল। মোহাল্কজী অভিভূত হয়ে চুপি চুপি লক্ষণভারতীকে বললেন—এইসব গরীব লোক কত কটে এইপৰ ফলমূল সংগ্ৰহ করে। এছাডা তাদের কোন খাগু নেই। আমাদের প্রত্যেকের কাছে যা আটা এবং ছাতু আছে, তার থেকে অর্থেকভাগ এদেরকে দিয়ে দাও এবং তুমি এদের ভাষার বৃঝিয়ে অনুরোধ কর এরা ্যন তা গ্রহণ করে। লক্ষণভারতী দর্দারকে তাঁর ভাঙা ভাঙা ভীল ভাষার মোহাস্তজীর বক্তব্য বোঝালেন। সদার এবং অন্যান্য ভীলদের হাত পা নাড়ার সঙ্গে কথাবার্তার সুর ধরে অনুমান করলাম, ডারা কিছুতেই নেবে না। যাইছোক শেষপর্যন্ত লক্ষ্মণভারতী কোনমতে তাদেরকে বৃঝিয়ে সুঝিয়ে রাজি করালেন। প্রত্যেকের ঝোলা থেকে কিছু কিছু আটা তানেরকে দেওয়া হল। স্থার ত্ত্তন সশস্ত্র ভীলকে আমাদের সলে দিল সহজ্ঞতর জঙ্গল পথে কতকটা এগিয়ে দিয়ে আসতে।

আমর। তাদের সদে কাঠের ওঁড়ির পূল পেরিয়ে ঝণাটা অভিক্রম করলাম।
দেখতে পেলাম একটু দ্রেই পড়ে আছে সেই বর্শা ও কামটের বায়ে ছিয়ভিয়
রক্তাক সেই মারায়ক পাইখনটা। প্রায় আঠার বা কুছি ফুট লখা হবে।
লক্ষণভারতীর মাধ্যমে আমরা সেই ভাল গুজনের কাছে জানতে পারলাম
যে অধ্যার লাপ সাধারণতঃ বনবোর ক্লেলে ঝণা বা ছোট নদীর বায়ে
ছিছিয়ে থাকতে ভালবাসে। হরিণ বা খরগোল ক্লা থেতে এলে ঝণ্

করে তাদের উপর পড়ে গিরে সঙ্গে সঙ্গে জড়িয়ে কেলে, বক্সপেরণে তাদের হাড়গোড় চ্পিবিচ্প করে দের, তারপর ধীরে ধীরে গিলতে থাকে। অনেক সমর এদের গ্রাসে পড়লে সমর হরিণও রেহাই পায় না। ভীল হুজন এও জানাল যে কুড়ি হাত লম্বা ( ব্রিশ ফুট ) অজগর সাপ তারা জললে দেখেছে। প্রায় মাইল হুই রাস্তা জলল পথে আমাদের সঙ্গে এসে বলল—ভোরা যে রাস্তা ধরে আসছিলি সেই পথে গেলে তোরা কুক্সীতে পৌছে যেতিস্, মাশুবগড় কিলাতে তোরা আজ পৌছাতে পারতিস্ না। এখানে শূলপাণি ঝাড়ির নিশারপুর জলল শেষ হল, তোরা ডানদিকের জংলাপথ ছেড়ে বাদোরানার জললে গিয়ে চুকে পড়। মাশুবগড় কিলা কাছে হবে। মোহান্তলীকে দশুবং জানিরে তারা বিদার নিল। খুব অল্লের উপর দিয়ে ভীলদের কাড়া উৎরে গেল বলে মোহান্তলী বেজার খুনী। তিনি উচ্চৈঃমরে নর্মদার শুব আরম্ভ করে দিলেন হাঁটতে হাঁটতে—

স্পৃষ্ঠং করৈশ্চন্দ্রমসৌর বেশ্চ ভদৈব দভাৎ পরমং পদংতু। যত্রোপলাঃ পুণ্যজলাপ্লুভান্তে শিবস্থম আয়ন্তি কিমত চিত্রমূং

অর্থাৎ মা নর্মদে, চক্র এবং সূর্য কেবল তাদের কিরণ ঘারা ভোমার পুণাজল স্পর্শ করাতেই তাদেরকে পরম পদ দান করে বসেছ, কাজেই যে পাথর ভোমার জলে নিয়তই নিমজ্জিত তার শিবত পাপ্তি হবে, এতে আর আশ্চর্য কি ?

সামাদের প্রতাককেই কমগুলুস্থিত নর্মদার দল একবার করে দর্শন করে নিতে বললেন। আপনমনেই বলতে লাগলেন, এই পথে পরমারাধ্য গুরুদেবের সঙ্গে আমি আর লক্ষণভারতী তিনবার এসেছি রেবাকুণ্ডে, তাঁর সিদ্ধিক্ষেত্রে, তবুও জললপথে সঠিক ভাবে চিনে আসা কঠিন। প্রতি বংসর বর্দার পরেই নূতন নূতন গাছপালা এবং ঝোপঝাড় গন্ধিরে ওঠার রাস্তার হদিশ সহজে পাওরা যায় না। লছমন্ ভেইয়া! ভোমার মনে আছে কি প্রথম বারে মাশুবগড় কেলার পথেই বাদোয়ানের জললে চুকে তুমি কুংপিপালায় কাতর হয়ে ভক্রেবেকে 'তু-ভোকার' বলে গালি গালাক

করছিলে? কিন্তু আমাদের গুরুদের ছিলেন পরম দরালু এবং পরম প্রেমিক। তিনি রাগ করা ত দুরের কথা বুকে জড়িয়ে ধরে তোমাকে আদর করেছিলেন এবং জোর করে তোমারই ঝোলা থেকে কিস্মিস্ ও শেজুর বের করে তোমাকে খাইরেছিলেন। তুমি এই দেখে গুন্তিত হয়ে গেছলে তোমার কাঁখের ঝোলাতে ঐসব জিনিব এলো কোথা থেকে! কারণ তুমি ভাল করেই জানতে তোমার ঝোলাতে কম্মিনকালেও গুস্প্রাণ্য কিস্মিস্ ও শেজুর ছিল না। আমার দিকে তাকিয়ে বললেন আমাদের গুরুজার এই রকম জজ্প যোগবিভৃতি আমরা দেখেছি। ক্যা লছমন ভেইয়া! তুমহারা উহ্

কিন্তু ভারতীঙ্গী উত্তর দেবেন কি করে ? আমরা দেখলাম, তার চ্চোখ বেয়ে দরবিগলিত ধারায় অশ্রু গড়িয়ে পড়েছে। মোহান্তঞ্জী নিজেই বলতে লাগলেন—যৌবনকালে ভারতীঙ্গী খুব ক্রোধী ছিলেন, একবার রেগে গেলে তিনি লঘ্গুরু জ্ঞান হারিয়ে ফেলতেন। এখন কিন্তু কত শান্ত, দ্বির, স্থিতধী।

তাঁর কথা শেষ হতে না হতেই হঠাৎ মতীপ্রজী মন্তব্য করে বদলেন—
যৌবনকালে ভারতীজী তাহলে 'হ নম্বর আহাম্মক' ছিলেন। বলেই তিনি
সঙ্গে সজে জিভ কেটে ভারতীজীর পা জড়িয়ে ধরে বলতে লাগলেন—মার
মাফি মাংগাতা হঁ। ভারতীজী তাঁর চিবৃক ধরে নাড়িয়ে দিয়ে বললেন—
কোট বাত নেহি, লেকিন্, উস্কো মতলব কেয়া ?

মতীক্রজী বললেন—ছোটবেলায় গ্রামে থাকতে থাকতে গ্রামি একটা বাংলা ছড়া শিখেছিলাম, তাতে আছে—

আহাম্মক এক, যৌবনে নেয় ভেক!
আহাম্মক তৃই, গুরুজনকৈ বলে তৃই!
আহাম্মক জিন, আপন কড়ি পরকে দিয়ে নিজে করে ঋণ!
আহাম্মক চার, মাকে ধরে মার!
আহাম্মক পাঁচ, পরের পুকুরে ছাড়ে মাছ!
আহাম্মক ছয়, এর কথা ওকে কয়!
আহাম্মক সাত, নিচের ঘরে খায় ভাত!

আহাম্মক আট, বৌ ঝিকে পাঠায় হাট! আহাম্মক নয়, পিছনে কথা কয়! আহাম্মক দশ, বৌ-এর কথায় বশ!

বাংলায় বলে মতীক্রজী প্রত্যেক পংক্তির ব্যাখা। করে দিতেই সকলেই হো হো করে হেলে উঠলেন। সব তনে আমি হাসতে হাসতেই মস্তব্য করলাম—মতীক্ষ ভাই-এর হড়ানুসারে তাহলে ত আমরা এখানে তৃজন পণ্ডিতমশাই চাড়া আর সকলেই এক নম্বর আহাম্মক। কারণ, প্রায় সকলেই সন্ন্যাসের ভেক ধারণ করেছি।

আমার কথা শুনে আবার সকলে হো হো করে হাসিতে ফেটে পড়লেন। নির্জন শুক বনভূমিতে হাসির চেউ প্রতিধানি তুলে গাছপালার মধ্যে ভেসে বেড়াতে লাগল।

नमध वार्ताञ्चानात जनन चिक्तिम करत वार्ताञ्चाना महलात (भीहरक লা, তার আগেই একটা বাঁক ঘুরে আমরা আর একটা পার্বত্যপথ ধরলাম। এ পথ ক্রমশঃ উঁচু পার্বভাপথ, বন ক্রমশঃ গভীর হচ্ছে বলে মনে इन। त्मरे ठड़ारे পথে गारेनशानिक (इंटि आयता अकता भाराइन डेभत উঠে এলাম। জনমানবহীন সুনির্জন যে সুনিবিড় বনানী ক্রমোচ্চ এই পাহাড়ী পरেश्व लाट्य एट अप्ति , शहार्ष्य उपत्र डिर्फ शिर्य मान दम एयन अकता মালভূমির উপর উঠে এসেছি। মোহাল্ডজী দেখালেন অদূরেই মাণ্ডবগড় क्झा, गशीत कल्टल हाका, त्रशांत खत्नक खाहीन महन अथनं वर्षमान। क्ला ७ क्लाबरे गछ, विभाग विभाग निरबंधे शाथरबब रेखबी, यहरमब शब মহল। সেই কেলা যে কত মুগ আগে কারা নির্মাণ করেছিলেন, তার পরিচয় কেউ দিতে পারলেন না, ভারতীশীর মতে বার তপস্থায় ভূষ্ট হরে এখানে কুণ্ডের মধ্যে নর্মদা আবিভূতি হয়েছিলেন সেই রাণী ভাতুমতীই এই কেল্লায় রাজত্ব করতেন। সেই রাণীরই গড় এবং প্রাসাদ এটি। কেল্লা নামে অधिहिত इलाও এইটাই हिन जांत्र आनाम। त्रथान थाक किङ्गुरत दन জনলের মধ্যে চারটি পাথরের গসুজ দেখিয়ে মোহান্তনী জানালেন—ঐটাই ছিল রাণীর প্রকৃত কেলা। আছা উদ্দাল। একাধারে সেনানিবাস এবং অস্ত্রাগার। মাতবগড় কেলা বা আছা উদাদের কেলার কাছাকাছি যাওয়ার সাধা কারও নেই, ভার কারণ একে ও ঘনবোর জলল, তার উপর এখন বাব-ভালুক, চিতা-নেকড়ে, শৃশচ্ড, মুলাল ও পাইখন প্রভৃতির আড্ডা।

মোহান্তলীর ইলিতে নাগারা 'হর নর্মদে' ধ্বনির সলে আবেগে ও উচ্ছাবে নিঙা ভত্তক বাজাতে লাগলেন। সাঞ্চনয়নে মোহান্তলী এগোতে লাগলেন ওক্রবন্দনা গাইতে গাইতে। মিনিট দশেক হাঁটার পরই আমরা বিরাট একটা কৃত্তের কাছে এলে পৌছলাম। কৃত্তে প্রচুর বন্দ্র জল থৈ থৈ করছে। সেই জল কৃত্ত থেকে বেরিরে তির্তির্ করে বেরে চলেছে পাহাড় বেরে। কৃত্তের পাশেই একটা বাঁখানো পাধরের বেদী। বেদীর উপর একটা সিঁদ্র মাখানো বড় ত্রিশূল অভান্ত লক্ত বন্ধর গাঁথা আছে। মোহান্তলীনহ লক্ত্রনাগাসন্মানীই বেদীর কাছে গিরে সান্টাজে প্রণিণাত করে উচ্চিঃমরে জন্মধনি দিতে লাগলেন—মাতা নর্মদাকী কর হো, ওক্রদেব চৈত্ত্যভারতীজীকো কর হো, জন্ম মাতা ভানুমতী, কর বেবা, ক্ষম বেবা।

আমি অনুষানে বৃঝতে পারলাম যে এই কৃতই তাহলে রেবাক্ত, সার্থক তপস্যা রাণী ভানুমভীর। যেবানে বেদীর উপর ত্রিশূল স্থাপিত আছে এ স্থানেই তাহলে প্রীমং চৈতলুভারতীজী তপস্যার দিছিলাভ করেছিলেন। যাইহাক স্থানটি বড় মনোরম, ভরপ্রদণ্ড বটে! চারদিকে অঞ্জন, সালাই, ধাওরা, আমলকী ও রুদ্রাক্ষের গাছ, তাদের কাঁকে কাঁকে ধৃসর বর্ণের মেহরীন্ ধাওরা ও সেমর গাছ যেন প্রাান করে লাগানো হয়েছে কৃতকে মারখানে রেখে সারি সারি গোলাকৃতি করে। সব গাছের মাধা ছাড়িয়ে উঠেছে বিরাট বিরাট কতকগুলি গাছ, দেখতে আমাদের দেশের তেঁডুল গাছের মত। পাতাও সেই রকম। তেঁডুলের মতই লম্বা লম্বা পাক। ফল বুলে আছে কিছে লেওলার আকার অনেক বড়। আমার দৃষ্টি অনুসরণ করে মোহান্তলী বলনেন—ওগুলো ইম্লি (তেঁতুল) গাছ, বড় বড় যে ইম্লি কাঁঠালের মত ফলে আছে দেখেছ, এর ভেতরের শাঁল বের করে নিয়ে সন্ন্যাসীরা জলপাত্র কমগুল প্রস্তুত করেন। এবানকার ইম্লি ভারতপ্রসিছ।

বলতে ভূলে গেছি, কুণ্ডের কাছে পৌছেই প্রণামাদি সেরেই মতীন্দ্রের ঘড়িতে বেলা তিনটে বেলছে কেনে নিরেই লক্ষণভারতীকী প্রার পঁচিশলন নাগাকে নলে নিরে কুভূল ও কামোট হাতে বেরিয়ে গেছলেন কাঠ কাটতে, তাঁরা এখনও ফিরে আসেন নি। মতীন্ত্রও তাঁদের সলে গেছেন। সেইকন্য

মোহাল্ডজী গুৰ চিল্তা করছেন, তিনি কেবলই চঞ্চল হলে পায়চারী করছেন - कत्रीर अक्षरें। रीख शत्रा, चांडि छेन् लागतन लोहेखा तम्हे त्वैछ। अ বছত থতারনকী জাাগা (জারগা ) ফার। তাঁর কথা শেষ হতে না হতেই দেশলাম পূর্বদৃষ্ট দেই সব তেঁতুল গাছের গোড়া দিয়ে প্রভাকেই শুক্রো वांि कार्यत त्याना निरम्न त्वतिरम्न धानरहन । मृत्य जारनम हरनरह त्ववा রেবা ডাক। 'জয়গুরু' বলে কাঠের ঝোলাগুলো ফেলে দিয়েই শংকরভারতীন্দী কুণ্ডের ধার পর্যন্ত বেশ কভকটা ছেড়ে দিরে রাত্রে ধূলি আলাবার অন্য कार्छत्र (याना नाकारण नागरनन। धामता नकरनरे तरे कार् काण লাগালাম। একটা বিরাট ধ্যুকের আকারে ধূনির প্রাকার সাজানো হরে গেল। আমি তথন মৰে মনে ভাবছি, এইপৰ ধ্নিতে যখন আগুন অলবে, তথন অভুত একটা দৃশ্য হবে। এই অগ্নিপ্রাকার পেরিয়ে কোন বন্যজন্তর সাধ্য নেই আমাদেরকে আক্রমণ করে। কিন্তু এই ভাাপসা গরমের মধ্যে আগুনের তাপে আমরা জর্জরিত হয়ে পড়ব সন্দেহ নেই। মাথার উপর তখনও বেল চনমনে রোদ আচে। এ অঞ্চলে দেখে আসছি বিকেল সাড়ে ছটার আগে সন্ধা নামে না। মোহান্তজী বললেন—সারাদিন কারও পেটে কিছু পড়েনি। আনাদের কাছে ভীলদের দেওরা কান্দা প্রভৃতি<sup>6</sup> যেসব ফল মূল আছে, আমি প্রত্যেকের হাতে দিচ্ছি, ধূনি সাজাতে সাজাতে সকলে খেরে নাও। খেরে এই কুণ্ডোখিত নর্মদার পবিত্র জল খেরে নাও। এই ভাবেই আন্ধ কুরিবৃত্তি কর। এই ভয়ত্বর স্থানে আজ রাত্রে ঘ্যানো চলবে না! যে যার বস্বার মত আসন পেতে গুরুজীর এই সিদ্ধস্থানে জপ-তপ ভজন করে কোনমতে আজকের রাত কাটাতে হবে। মোহাস্তজীসহ সকলেই আৰৱা ফলমূল চিবিয়ে খেয়ে পেটভরে জলপান করলাম কিন্তু লক্ষণভারতীর খাওরার ফ্রসুৎ নেই। সমস্ত ধৃনিগুলোর নীচে উপরে কোধার মোটা কাঠ अवः (काथान्न याँ। हि कार्र शाकरत, किलारत कार्र ताथरम चाछन मीर्चणात्री হবে, তারই শুরবিক্যাসে তিনি বাশু! মোহাশুজী ফল নিয়ে তার কাছে शित्त जांत्र यूर्च डंट्ड पिटल नाशरनन । जिनि अकरांत्र करत्न हैं। कत्तरहन, আর মোহান্তজী একটুকরো করে ফলমূল তার মূবে দিচ্ছেন। শেবে দেশলাম, (याशच्छी कमधन एटर अक कमधन वनत जार मूर्ण अक्रू अक्रू करत एटल फिल्मन। **এই मृश्रं जामांत श्**र जान नागन। अक्साउटिक मरश এই রক্ষ আন্তরিক এবং আশ্বিক টান, এই সংঘ চেতনা প্রত্যেক বড় সম্প্রদারের একটা বড় সম্পন। বহাপা ক্ষপভারতীলীর মত ভারতপ্রশিদ মহাপুরুষের এই শাখার যে এখনও তা বর্তমান ররেছে তাতেই অমুমান ক্রতে পারি, এই শাখা এখনও যেমন বড় খাছে, পরে আরও বড় হবে।

অপূর্ব এই বনস্থানী, প্রাচীন তপোবনের মতই দেখাছে। আমার মনে হচ্ছে, কলকাতা, পূরাতন দিল্লী প্রভৃতি বড় বড় শহরের এ'দো গলির মধো আলোবাতাসশৃল একতলা হরে যারা বাস করে, দিনের পর দিন, মালের পর মাস, যারা কোনদিন সূর্যোদয় এবং সূর্যান্ত দেখবার সুযোগ পায় না, মৃক্তরপা ধরণীর সৌন্দর্য, প্রসারতা অপরাক্ষের ছায়া নেমে আসা বিরাট প্রান্তরের ছবি যারা কখনও দেখেনি, নির্দ্দন পাহাড়ের সমতল শিলাসনে বসে দ্রের গিরিমালার দিকে চেল্লে থাকেনি কখনো যারা, তাদেরকে এখানে নিয়ে আসি, তাদের সব দেখাই।

আমার চিন্তাস্ত্রে ছেদ পড়ল লক্ষণভারতীজীর কণ্ঠয়রে। তিনি আমাকে বললেন—বালালী বাবা, আপ্কাা শোচতে হো ? আমি বললাম—এমন কিছু গুরুত্বপূর্ণ কথা নয়। আছো, আপনি ধনুরাকারে এই ধূনি সালালেন, জলের ধারার দিকটা বাদ রেখে, ঐ দিক দিয়েও ত বল্লজন্ত এসে আমাদেরকে আক্রমণ করতে পারে ?

- —নেহি জী। উপর থেকে দেখছেন কুণ্ড থেকে নর্মদার কল বেরিয়ে তির্তির্ করে বরে চলেছে, কিন্তু কলের নিচেই রয়েছে পাথরের বড় খাদ বা দহ। সেখানে পড়লে বাঘ, ভালুক, হাজীকে আর বাঁচতে হবে না। আমাদের চেয়ে ঐসব জানোয়ায়য়া বেশী চালাক। ওদের মঠেন্দ্রিয় এ-বিষয়ে বেশী ক্রিয়াশীল। জলের মধ্যে এবং হলের মধ্যে কোথার ওদের বিপদ আছে, তা তারা ভালভাবেই চেনে। কাজেই জল পেরিয়ে কোন জানোয়ারই আসবে না।
- আৰি ভাবছি মূল নৰ্মদা এতদুৱে, এত উপৰে পাহাড় ভেদ কৰে উঠে এলেন কিভাবে ?
- —ইহ্ মূল নৰ্মদা থোড়ি স্থার। মূল নৰ্মদা কিনার ছোড়্কে ছম্পোগ করীব বিশ্যিল দূরমেঁ আগরা গুরুজীকা সিদ্ধিক্ষেত্র দর্শন কে লিরে। ভার্যতীকীকা তপস্থাকা প্রভাও (প্রভাব) লে যাতা নর্মদা এহি কুওবেঁ

প্রগট হরে থে। ইনীওরাত্তে তুসরা তুসরা সম্প্রদারকী পরিক্রমাবাসী সাধুঁও ভী ইধর এহি রেবাকুগুকো পরকর্মাকে লিয়ে আতে ইে।

আমরা চুজ্তে এইভাবে কথা বলছি, এমন সময় মোহালুকী চুপি চুপি এনে লক্ষণভারতীজীর কাঁথে হাত রাখলেন। তাঁকে ইশারা করে দেখালেন জলধারার ওপারেই একটা জানোয়ার একটা ঝোপের মধা থেকে তার कारमा मद्यारि पृथिता द्वा करत्र यामार्गत मिर्क छाकित्त याहि। यमजम कत्रदृष्ट लाब दिवा शहरो। आमात्र मदन इन अकी तूरना कुकूत ! किन्छ परनत नकरनबरे रम्यकि मूथ एकरना रख श्रिकः। स्माराञ्जी এवः नञ्चन छात्रजी ত্বসনেরই কণ্ঠয়র হতে ফিস্ফিস্ শব্দে ধানি উঠল—কালো চিতা। মতীল আমার কাবের কাছে মুখ নিরে এবে জানাল---। কুরুরীর গর্ভে চিতা-বাথের ঔরবে কালো চিভার জন্ম। সাক্ষাৎ যম দুরে দাঁড়িয়ে আমাদেরকে লক্ষা করছে। আদল বাব, হাতী, নেকড়ে, চিতাবাবদের চেয়ে এরা শতগুণ হিংল্ল এবং ভরংকর। জর মারেবা, জর মারেবা। লক্ষণভারতীজী সহস। धात शास कांत्र त्यानाहा कारह हित्व नित्र विश्वामानाहे त्वत्र कान वात्र চেক্টা করলেন কিন্তু কাঠির পর কাঠি ঠকেও আগুন আলতে পারলেন না। ভার হুটো হাত ধরধর করে কাঁপছে! সহসা দেখলাম, সেই জল্পটা গর্-গর-গর কোঁয়া-কো শব্দে লাফিবে উঠেই তীর বেগে ছুটে চলল একটা ইমলি গাছের দিকে, ভার চোধওলো যেন অলছে, লকুলকু বেরিয়ে এলেছে তার লাল টকটকে জিহ্বাটা! আমরা পেছন থেকে দেখতে পাজি তার লেকে একটা তীর এফোঁড-ওকোঁড হরে গাঁথা আছে। একটা ইমলি গাছের গোডায় গিরেই উপর দিকে তাকিয়ে গর্জন করে উঠল, তারপর একটা কাঠবিড়ালী বেমন তর্তর্ করে গাছে উঠে যায় তেমনি ক্রতবেগে शाह्य छेठेटल मागरमा । देवनि शाह्य छेन्द्र मिटक रथशान जामनाना चन रुद्ध त्यार्भन में मुखि करत्रहरू, त्मरेथारन त्म बील निरम्न कामर् धनन একটা যাতুৰের ঘাড়, এবং তাকে হিড়হিড় করে টেবে এবে ফেলল গাছের ভলায়। লোকটা ভীলজাতীয়, তার হাতের তীরখনুক ঝড়ঝড় করে এদে তলার পড়ল পাধরের উপর। কালো চিতাটা লোকটার মাংস ছিঁতে ছিঁতে খেতে লাগল। লোকটা হৃ'একবার বাত্র আর্তনাদ করতে পেরেছিল। কী वीखरम अवर लामहर्षक तमेरे मुखा। यामना मकलारे काथ हाका नियन बरम

রইলাম। স্বাই তথন ছরে অল্লবিন্তর কাঁপছি! ইংরাজীতে 'Horrible' বললে এ দৃশ্যের অল্লই বর্ণনা করা যার। ভরে আর সেই বীভংস পৈশাচিক দৃশ্যের দিকে আমরা কেউ তাকালাম না।

ইতিমধ্যে লক্ষণভারতীজী নিজেকে কতকটা সামলে নিয়ে একটা মশাল-কাঠি জেলে ফেলেছেন, তিনি এক একটি করে ধূনিতে সেই মশাল জেলে আন্তন ধরাবার ব্যবস্থা করলেন। সূর্যান্ত না হলেও পাহাড়ের আড়ালে পড়ার অন্ধকার ধীরে ধীরে নেমে আগতে সেই বনস্থমিতে। সমস্ত ধূনিওলো জলে উঠতেই আমরা কতকটা নিশ্চিতবোধ করলাম। আমরা যে থার আগনে বনে, যে যার ইউমত্র জপ করতে লাগলাম। কারও মুখে কোন সাড়া নেই। ক্রমে রাত্রি গভীর হতে থাকল, আমি মনে মনে ভাবছি আর একটি বিয়োগান্তক দৃশ্যের কথা। পোমাধেড়ীর জললে যেদিন বাব এসে সন্ত পাতিরামকে টেনে নিয়ে গেল, সেদিনও পুবই বিচলিত হয়েছিলাম ঠিকই কিন্ত সে ঘটনা ঘটেছিল দিনের বেলার মধ্যাহ্নের কিছু পরেই; পাতিরামের রক্তাক দেহকে পিঠে ফেলে বাবটা মৃহুর্তে চলে গেছল টোখের আড়ালে, পরে দূর হতে ভোজনে পরিত্প্ত বাবের সহর্ষ হস্কার বা গর্জন শুনতে পেয়েছিলাম। ঠিক চোখের সামনে এইরকম বীভংস রক্তারক্তি কাও দেখতে হয়নি।

সন্ধার অন্ধার ক্রমে জমাট হরে গেল, আকাশের দিকে তাকিয়ে লক্ষয়েজন দূরে ত্'একটা নক্ষর চোবে পড়ছে, চারদিকে শুধু অন্ধার অন্ধার। এই অন্ধার আর রেবাকুণ্ডের জলধারার কুলকুল শব্দ মনের মধ্যে একরকমের গা ছম্ছম্ করা ভরের বিচিত্র অস্ভৃতি জাগিয়েছে। অমর কথাশিল্পী শরৎচক্র বলে গেছেন—অন্ধারেরও একটা রূপ আছে। সে রূপ আমি নর্মদাতট পরিক্রমা করতে করতে বহুবার প্রত্যক্ষ করেছি এবং ভ্রমরও হয়ে গেছি অনেকবার কিন্তু আজ সন্ধার কিছু পূর্বেই কালো চিতাটার দাঁতের কামড়ে যেভাবে ভীলটার শোচনীয় মৃত্যুর মর্মান্তিক দৃশ্য দেখেছি, ভাতে সকলেরই মনে এমন ভয় চুকেছে যে এইরকম মন নিয়ে অন্ধারের রূপ অনুভব করা যায় না।

লক্ষণভারতীজীর অক্লান্ত চেন্টার ধ্নিওলো ধীরে ধীরে ধিকিধিকি করে ললে উঠছে। এতকণ ধোঁরার আলার অন্থির হচ্ছিলাম, সবারই চোধ মুধ লাল হয়ে উঠেছিল। প্রায় সকলেরই চোখে কল ঝরছে। ধূনিশুলোও ভালভাবে অলে উঠতে ধোঁয়ার যন্ত্রণা থেকে বাঁচলাম। এইবার মোহান্তলী আরতি করবার জন্ম প্রস্তুত্ত হলেন। লক্ষ্মণভারতী পঞ্চপ্রদীপে বাভি সাজিয়ে দিতেই মোহান্তলী আরতি সুক্র করলেন রেবাকুণ্ডে এবং তাঁর গুরুবেদীকে। ভারতীলী শুবগান করতে লাগলেন—

হর শুরু শুরু হর মৃঢ় ভোলা।

ভূতনাথ বম্ বম্ বম্ বৈর্ব অমু উথালা।

ধা ধা ধা ধা ধু ধু বম্।

হর শুরু শুরু হর বম্ বম্ বম্।

মন্মথ শাসন নয়ন-ছভাশন, ফণীমালা গলে দোল দোলা।

ভমাল নিশিত কঠে হলাহল, জলদজাল জিনি জটাজুট দল,

ঢল ঢল কল কল রেবা বিলোলা।

হর শুরু শুরু হর মৃঢ় ভোলা।

বম বম বম ॥

পৃব ভক্তি ও আবেগের সঙ্গে অনেকক্ষণ ধরে মোহান্তকী আজ আরতি করলেন। আরতি শেষ না হওয়া পর্যন্ত ভারতীক্ষীও একই জবকে বারবার ঘূরিয়ে ফিরিয়ে পাথরের উপর তাল ঠুকে গেয়ে গেলেন। আরতির শেষে আমরা যে যার আসনে সবেমাত্র বলেছি, এমন সময় মাওবগড় কেলার ভেতর থেকে বাবের বিকট গর্জন ভেনে এল, ভয়ে আমরা আড়েউ হয়ে পড়লাম। মোহান্তকী ধীরে ধীরে বললেন—আজ এই কালরাত্রি কিভাবে কাটবে আমি জানিনা। সকাল পর্যন্ত সকলে বেঁচে থাকব কি না, তা একমাত্র মা নর্মদাই জানেন। তিনিই আমাদের একমাত্র ভরলা শরণ ও সকল। আজ আমরা জেগে জেগেই রাত কাটাবো। একটা কথা! যতক্ষণ বৈতবোধে আছি ততক্ষণ পূর্ণ শরণাগতি আমাদের কোথার? যদি সভাকার শরণাগত হতে পারতাম, তাহলে কোন ভয়ের কিছু ছিল না , কেননা এবিবরে গীতামুবে হয়ং প্রীভগবানের প্রতিজ্ঞাবাক্য—সর্বতোভাবে আমার শরণাগত হও, 'শরণং ব্রন্ধ।' তাহলে আমি ভোমাকে রক্ষা করব,

'ৰোক্ষিয়ামি মা ওচ।' কাজেই আজকের এই ভরংকরী রাত্রিটা ভোমরা ख्यु क्लार्ट कांनेटिव ना, यथानश्रमाध हाट्यत कार्छ त्रायद । यनि त्राखि প্রভাত হওয়ার পূর্বেই ধূনিওলো নিভে যায় এবং দে সময় সহসা কোন হিংস্তভ্তর আক্রমণ ঘটে তাহলে মশালের খাগুন জেলে আত্মরকার চেডা कदरर। তোমরা কেউ ভুল বুঝো না, আমার একধার মানে এই না যে মা नर्भना छात्र এই अन्नहात्र न्यानराहत्क वाँहारियन ना । यनि त्रका करतन, দে তার অহৈতৃকী কুণা। আমি এখনও যে নিজে তার রাতৃল চরণে পুর্ণ শরণাগত হয়ে উঠতে পারিনি !—এইবলে তিনি কাঁদতে থাকলেন। তাঁর গুৰুৰ বেদীতে মাথা ঠকতে ঠকতে অশ্ৰুৱদ্ধকণ্ঠে বলতে লাগলেন-গুৰুদেব ! হে দীনদরাল ৷ আমি সাধনভজনহীন, অকৃতি অধন, দাদাওক এবং ভোমার মত পতিতপাবন মহান্তার গদীর ভার বহন করা আমার পক্ষে অসম্ভব একথা আমি ভালভাবেই জানি। ভরত যেহন রামচন্দ্রের চরণ পাতৃকা বুকে নিয়ে রাজ্যশাসন করতেন ভেমনি আমিও ভোমার চরণ কমল চিন্তা করতে করতে তোমার দরাপ্রদত্ত সংঘণ্ডার বহন করে চলেছি। আমার থদি কোন অপরাধ হয়ে থাকে, কেবল আমাকেই তুমি মৃত্যুদণ্ড দাও আমার দলীদেরকে ভূমি রক্ষা কর।

তাঁর কারার আর বিরাম হল না, রাত্রিও যত বাড়তে থাকে, তাঁর কারাও তত বাড়তে থাকে। তাঁর কারা দেখে আমাদের সকলেরই চোখ আদ্র হয়ে উঠেছে। রাত যে কত হয়েছে ব্যতে পারছি না, তবে আকাশের দিকে তাকিয়ে অনুমান করলাম, আজ ক্ষণক্ষের পঞ্চমী তিথি, এইবার আকাশে চল্রোদর ঘটবে, জ্যোৎয়া ধীরে ধীরে ফুটে বেরোবে। সতিাই, একটু পরেই চাঁদ উঠল, চারিদিক জ্যোৎয়াতে উদ্ভাসিত হয়ে উঠতেই আমরা যভিব নিংখাস ফেললাম, মাশুবগড় কেলার দিকে তাকিয়ে দেখলাম সেদিকে একটু আগে যে বাঘের গর্জন শুনেছিলাম, সেদিক থেকে আর কোন শব্দ শোনা যাছে না। জললের বিরাট বিরাট বনস্পতি, বড় বড় ইম্লি গাছ সব শুর হয়ে দাঁড়িয়ে আছে, নিশুতি রাতের নির্ধনতা, বাঁ বাঁ করছে চারধরে। লক্ষণভারতীজী এবং অন্যান্ত নাগারা মাঝে মাঝেই ধূনির উপর অল্ল করে কাঠ যোগান দিয়ে চলেছেন। মোহান্তজী একই অবস্থার পড়ে আছেন। প্রাণের ভয়ে নাগারা ধূনিকে মাঝে মাঝেই খুঁচিয়ে আগুনকে

গনগনে রেখেছেন, সেই তাপে আমরা কাতর হরে পড়ছি, শুধু আমাদের পিঠের দিকটা খোলা, দেদিকে রেবাকুণ্ডের ধারা, মাঝে নাঝেই এলোমেলো-ভাবে ঠাণ্ডা বাতাস বরে আসছে কিন্তু আমাদের সামনে, বাঁরে ডানে চারদিকেই আগুনের জালাল ধতুকের আকারে থিরে আছে তারই অসফ্ তাপে আমরা কাতর হরে পড়েছি। সর্নাসীরা মাঝে মাঝেই ঠাণ্ডা গরমে কেউ হোঁচে ফেলছেন, কেউ বা কেশে উঠছেন। সকলেই চারদিকে দৃষ্টি দিছেনে, এই বৃঝি কোন হিংশ্রন্থন্তর আবির্ভাব ঘটে। ঘলা ছই পরে মোহান্তনী বসলেন। শেষরাত্রে আমাদের অধিকাংশই ঘুমে চুলতে লাগলেন, কেউ বা কুকুর-কুণ্ডলী হরে নিজের আসনের উপরেই ঘুমে চলে পড়লেন, কেবল মোহান্তনী এবং লক্ষ্ণভারতীজীকেই দেখলাম ত্রিশ্ল হাতে একবার দাঁড়াছেনে, একবার বসছেন। আমিও কখন ঘুমিরে পড়লাম জানতে পারিনি।

দকলের অতি চাপা কণ্ঠয়রে আমার হঠাৎ যখন ঘুম ভাঙল, তখন দেখি সকলেই ত্রিশূল হাতে গাঁড়িয়ে আছেন, সকলেরই মুখ ভয়ে গুকনো ও কালো হলে গেছে। সহসা বুম ভাঙায় আমি কিছু বুঝে উঠতে পারলাম না, কেবল দেখলাম সকাল হয়ে গেছে, ধুনিগুলোও নিভে এসেছে। লক্ষণ-ভারতীক্ষী এবং মন্যান্ত নাগারা নিভন্ত ধৃনিতে আগুনে ফুঁ দিয়ে মশালগুলো **(बारन किन्दांत्र किंछ। कत्रह्म । यञीलुकी हेमात्रा करत बामारक क्यारन**, জলের ধারার ওণারেই দেখলাম কভকগুলো বুনো কুকুর কেউ ভারে আছে, কেউ বা ধাবা ওটিয়ে বৰে আছে, মাঝে মাঝেই তাদের লক্লকে লাল জিহ্বাওলো বের করছে। যতীক্র আমার কানের কাছে মুখ নিয়ে এসে ফিস্ফিস্ করে উচ্চারণ করলেন-কালো চিভার দল। অদ্রেই কালকের त्रहे जीनहोत्र कद्मानहो १८७ चारह, जात कारहरे अकहा कारना हिजा मरत পড়ে আছে। বৃঝলাম ভীলটার দেই তীরের মারাক্সক বিবে তার মৃত্যু ঘটেছে। আমিও ভাড়াভাড়ি উঠে একটা অসম্ভ মশাল হাতে ভুলে নিলাম। জীবন-মৃত্যু ওৎ পেতে দাঁড়িয়ে আছে, কেউ কেউ মশাল হাতে नितारे कृ निता कृ निता कांपरका। त्याराखको 'रव नर्भरप, रव नर्भरप', ध्वनि (एवात्र (ठक्टें। कत्रहरून, किन्नु छात्र मूच नित्त व्यक्तिष्ठात मक्श्वरण। (बदबारक ना ।

আমি মোহান্তকীকে কিছুটা উত্তেজিত কঠেই বল্লাম, এভাবে আন্তৰের বেরার মধ্যে নিশ্চেউভাবে দাঁড়িরে বেকে কালো চিভার মুখে প্রাণ দিতে প্রস্তুত নই। হয় এখান খেকে সকলে বেরিয়ে গিয়ে ভিন-চারজন মিলে এক-একটা কালো চিভাকে আক্রমণ করি চলুন হাভের ত্রিশৃল ও আলম্ব মশাল নিয়ে; চৌকটা চিভা দেখছি ত্রের বলে আছে। আমরা দলে আছি ত্রিশজন, আমরা আগে ভাগে মশাল ও ত্রিশৃল নিয়ে ভেড়ে গেলে নিশ্চয়ই ওরা পিছু হটতে বাধা হবে। নতুবা দাঁড়িয়ে জানোয়ারের পেটে যাবার মধ্যে কী পৌক্রটা আছে গ বিপদ খেখানে জনিবার্থ, সেখানে একটু বেপরোয়া হতেই হবে! আমার কথা শেষ হতে না হভেই মোহান্তজী আমাকে জড়িয়ে ধরলেন। আমাকে জোর করে ধরে বিসমে দিলেন।

আমার মনে পড়ে গেল মহাত্মা প্রলয়কাসজীর কথা। তিনি মণ্ডলেশ্বরের এগস্ত্যি-ভ্ৰহা থেকে নামতে নামতে হিংল্ৰ খাপ্ৰের আক্রমণ থেকে রক্ষা পাওয়ার জন্য একটি সিদ্ধ বেদমন্ত্র শিবিদ্ধেছিলেন, সেই মন্ত্র প্রয়োগ বলে একবাঁক মারাস্থক বোলভার গতি শুর হতেও আমি দেখেছি। কাছেই এই চরম বিপদের ক্ষণে নেই কালো চিতাদের প্রয়োগ করার জন্য আমি নর্মদার জল স্পর্শ করে মন্ত্রোচ্চারণ করার জন্য উত্তোগী হলাম কিছ কিছুতেই ঋথেদের ১ম মশুলের ১৮৯ সৃক্তের সেই ৫ নম্বর সিদ্ধ বেদমন্ত্রটি खाबन कबराज नांबनाय ना। की आंक्टर्य! आयाब 8 नवब मश्रिकि सत्न পড়ছে—ওঁ পাহি ৰো অৱে পায়ুভি: অজ্ঞ উত প্রিয়ে সদন মা ওওকান। मा (७ ७ : अदिणांतः विविध नृनः विक्यानदः वहवः। व्यर्थाः ह अधि ! তুমি অজ্ঞ থাশ্রর দান হারা আমাদেরকে পালন কর, আমাদের আজ বেন ভর না হয়, অনুকালেও যেন ভর না হয়। 🌭 নম্বর ঋঙ্ময়টিও মনে পড়ছে— 8 वि पद्मा वाँ अञ्चाल यश्मन गुनाता चार्य एख वक्थम् हेलानि যার অর্থ হল-হে অগ্নি! যারা সামনে কৃটিলাচরণ করে, ভূমি এরপ শত্রু प्रमन कता किन्न महाचा अनदनामको अन्छ । नचन चढ्मछणि किन्नूट उ**र** শারণ করতে পারশাম না। যতবার ঐ একই সূক্তে এক নম্বর মন্ত্র থেকে মনে মনে ছাওছে যেতে চেকা করলাম, ততবারই ৪ নমর মন্ত্র পড় গড় করে বলতে পারলাম, ৬ নম্বর নম্নও ঠোটের কাছে এগিয়ে এল, কিছ

অভীষ্ট • নম্বর মন্ত্র কিছুতেই বনে করতে পারলাব না। মন্বওলো ওলট পালট হরে যাছে। এইবার আমি বাবড়ে গেলাম, আমি ঘামতে সুফ করেছি ভার মানে আমার মনে ভন্ন দেখা দিরেছে। ঠিক, ঠিক এইসময় মাতবগড় কেলার পাল থেকে আমরা স্বাই কারও কঠ্যর তনে উৎকর্ণ হয়ে উঠলাম। কেউ যেন গান গাইতে গাইতে আসছেন! তাঁর গলার যর গানের সুরে ভেনে আসছে—

গগনে জাগিল মহাকাল।

ঘন ডম্বরু বাজে ভীম রুদ্রে সাজে

জাগে ভৈরব জাগে মৃত্যু করাল।

গগনে জাগিল মহাকাল॥

মাভৈঃ! মাভৈঃ!
ভাবৈ! ভাবে! ভা ভা বৈ, ভা ভা বৈ!

জাগে ভৈরব জাগে মৃত্যু করাল।

মরণ-আঁধার কোলে, জীবন আলোকে জলে

শংকর শিব সাজে সাজিয়া দয়াল।

মাভৈঃ! মাভৈঃ! মাভিঃ! মাভিঃ!

কঠবর যতই এগিরে আগছে, ততই আমার মহাস্থা সোমানলেরই কণ্ঠবর বলেই মনে হচ্ছে! কিন্তু তা কি করে সম্ভব। তিনি ত এখন চবিলে অবভারে কিংবা দেই সীতামারীর বনে বসে আছেন। এখানে বসে তাঁর গলা তনব কি করে? বাঁর কণ্ঠবর তনলাম তাঁকে এখনও চোখে দেখতে পাছিলো। আবার কণ্ঠবর ভেসে এল, এবারে আরও স্পাই—

ণরজে গন্তীর গগনে কমু! নাচিছে স্থন্দর নাচে স্বয়স্তৃ। সে নাচ হিল্লোন্সে জটা আবর্তনে সাগর ছুটে আসে গগন-প্রাঙ্গনে!

আকাশে শূল হানি, শোনাও কুপাবাণী, ভরানে কাঁপে প্রাণী, প্রসীদ শস্তু॥ পাৰাত্ব বেরে ছটো বাঁকড়া আবসুৰ গাভের পাল দিরে আবাদের সাবৰে উঠে আসতেই যোৰান্তকী এবং লক্ষ্যপভারতীকী আনক্ষে ফিস্ ফিস্ করে বলে উঠলেন—দীভাবনকী মহাপুক্ষ ইবর কাারসে পথারেঁ? আদি ত তাঁকে দেখে আনক্ষে আনহারা! 'বলে মহাপুক্ষস চরণারবিক্ষম, বলে মহাপুক্ষস চরণারবিক্ষম, নমে। নারারণার' বলে স্বাই কুভাঞ্জিপ্টে তাঁকে আম্বা প্রণাম করলাম দূর থেকে। তাঁর আমাদের দিকে নজর পড়ল বলে মনে হল না। তাঁর পূর্বের সভই শভ্জির পোষাক, ঝাঁপড় ঝাঁপড় চুল এবং ছোট ছোট জটা ছ্লাতে ছ্লাত়ে তিনি টলতে টলতে গান গাইতে গাইতে এগিয়ে আসছেন—

ললাট-শশী টলি জ্ঞচায় পড়ে ঢলি, সে-শশী-চমকে গো বিজুলি ওঠে ঝলি, ঝাঁপে নীলাঞ্চলে মুখ দিগলনা, মুরছে ভয়ভীতা নিশি নির্প্তন। আঁধারে পথ-হার। ভক্ত কেঁদে সারা, যাচিছে কুপাধার। প্রসীদ শস্তু!

নাচতে নাচতে পাধরের উপর পায়ের তাল ঠুকতে বলতে থাকলেন— ভাবৈধ, ভাবৈধ, ভা-ভা-বৈধ, ভা-ভা-বৈধ, মাতৈঃ! মাতিঃ! প্রসীদ শভু! প্রসীদ শভু!

আমার আর তর সইলো না। তার সেই অবস্থাতেই আমি নিজন্ত হুটো ধ্নির মাঝখান দিরে কোনমতে পেরিয়ে তাঁর কাছাকাছি গিয়ে সাফালে প্রণাম করে ত্রান্তে বাল্ডে বলতে লাগলাম, 'সামনের নিকে তাকিয়ে দেপুন চোকটা কালে। চিতা আমাদেরকে আক্রমণ করার জন্ম বলে আছে, আমাদেরকে বাঁচান!' আমার কথার চমকে উঠেই বলে পড়লেন সেইখানেই একটা পাথরের উপর। সঙ্গে সঙ্গে অটাট ছাসি। সে কী হাসি! হাসির দমকে দমকে তিনি গুলতে গুলতেই বলতে থাকলেন—'চোধ মেললে সকলই পাই, চোধ মুদলে কিছুই নাই। দিনে সৃষ্টি রেতে লয়, নিরম্ভর ত এই-ই হয়!'

'থম বেটা হার ছুমুখো থলি, তাই জন্ত বেটার আঁং খালি। বেটা কেবল খাচ্ছে, খাচ্ছে, খাচ্ছে, ধার পেটে কি কিছু থাকছে ! ইা, ইা, কিছু থাকছে !' 'বলি ও বামূন ছ্যানা ! তুই এখানে এলি কি করে ! রাঁধুনী নাই ত রাঁধলে কে, রাগ্না নাই ত স্বাই খাচ্ছেন কি ! আরে ব্ঝিস্না কেন, যে রাঁধলে দেই ত খেলে এই ত ছনিয়ার ভেদ্ধি ।'

এই ভাবে কথা বলতে বলতেই তিনি মোহাস্তজীর দিকে তাকিরে আমাকে বলতে লাগলেন—'এহো তুই ঐ রাত ভিখারীটার দলে ভিড়ে এখানে পৌছে গেছিস্! ভাল, ভাল,

> #রাত ভিধারির ধামাধরা থাকে একজন হরিনাম বলে না মুখে, চাল কড়ি কুড়াতে ভার মন !

এই বলেই আবার তিনি হেসে লুটোপুটি! 'ওছে রাত ভিখারী বাবৃ! রাত ভোর ত গুরুর কাচে মাথা ঠুকলি আর ভিখ চাইলি, সকাল হতেই 'হর নর্মদে'! আরে গুরুশক্তি আবার পারেন না কি ? আরে বেটা! যেই হর সেই গুরু, সেই নর্মদা। সঙ্কটকালে ভোর মন তিনদিকে ছুটবে কেন! গুরুকে ধরে সকলেই জয়, নয়ত সব লয়! ঐ যে কথায় আছে না!

> দেবতা থাকুক শত শত গুরু করব সার, গুরুর মধোই কুপার প্রকাশ দেবী আর দেবার।

'ভাই বলি মাঝি! গুরুর শরণ শও, কেন ভূফান পানে চাও, হাল ধরে আছেন গুরু নিরঞ্জন! ফড়াা যারা, মজবে তারা, বাটখারা যাদের কম, ধরে তদিল করবে যম আর গদিরান জহরী যারা. দেখ গে তারা বদে বদে ব্যাপার করছে গুরুর প্রেমর্ডন।'

'আমি বাপু ষরণের বাজারে থাকি। শোনরে থেপা, বেড়াস একা, চিত্তে নারণে ধরবি কি ? কালার নজে বোবার কথা হয়, কালা গিয়ে শরণ

ক বাংলাদেশে বৈক্ষৰ সম্প্রদায়ের একটি উপদল আছে বাদের কাছে নিবাভিক।
নিবিজ্ঞ। ভারা শুক্লপক্ষের পঞ্চমী হতে পৃথিমা পর্যন্ত হরিনাম করতে করতে পলীর রাস্তা
দিয়ে ইটি। গৃহছের। ভাদের সাড়া পেলেই নিজেয়া এসে ভাদের ধামাতে চাল কড়ি
ভিকা দিয়ে বার। যে লোক ঞ ধামা নিয়ে নাকে বাকে, সেই সাধারণতঃ দলের প্রধান
ব্যক্তি। সে হরিনাম করে না, কেবল ধামা ব্য়ে বেড়ার। এইরক্ম দলকে রাত্ত-ভিধারী
বলা হয়।

মালে কে পাবে নির্ণর! আর অক যেত্রে কণ নেহারে তার মর্মকথা বলব কি! মড়ার সঙ্গে মড়া ভেলে যার, জীরাস্ত ধরতে গোলে হাব্ডুবু খার। ওরে, লে মড়া নরকো রসের গোড়া, ভার কপেতে দিয়ে আঁখি, আমি এখন কপ দেখি।

এই বলে পাগলা নাধু চুপ করে বসে চোখ বন্ধ করে তুলতে গাকলেন। ভার তুলনি আর থামতে চার না। আমরা পড়লাম মহা ফাঁপরে। রাতভর আমরা ভাষে ভাষে কাটিয়েছি, আগুনের তাপে কর্মরিত হয়েছি, কালো চিতা-श्रमा এখন দেখতে পाछि युथ वानिन करत नवारे थाए। हरत नांषिरत्राह, यरन इत्व्ह अवादत चाक्रमानत উछान कत्रह, अवादत निर्वार बांनियत नक्दा। অমিত শক্তিধর এই মহাপুরুষকে দেবে আমাদের বৃকে আশা ভরসা জেগেছিল কিছ ইনি ত প্রথম থেকেই ভাবের রাজ্যে বিচরণ করচেন। এখন ভ একেবারে মস্ত্র স্বচ্চেরে বিপদের কথা, এর ভাবের খেলা এতক্ষণ তন্মর হলে আমরা (नयहिनाय, ग्रमानश्रामात्र निष्क नका त्राविनि, (प्रश्रामाध नव निष्ठा বঙ্গেছে। আমি মরিয়া হয়ে তাঁর কানের কাছে মুধ নিয়ে গিয়ে চেঁচিলে वननाय-मा (त्रवात पाहारे, जीणामात्रीत पाहारे, व्यापनि वामाप्तत निरक अकृ नम्म दिन, कारना ठिखात पन चामार्यत डेमत वाँमिरम भएन वरन। আমার চিংকারে তিনি চমকে উঠেই কালো চিতাগুলোর দিকে ক্রুদ্ধ দৃষ্টিতে তাকালেন। তাকিয়ে তাকিয়েই বলতে লাগলেন— ওঁকারের বুড়ো খে অগন্তিয় खशांत्र ट्याटक त्य त्वनमञ्जठी निशाला, त्रिटी अकरांत्र खाउँ फिरह त्रिय ना । अथनहे (वहारमञ्ज नक्षन हक्षन शाकरत ना ।

- —আমি তা আওড়াবার চেন্টা করেছিলাম কিন্তু কিছুতেই বেদমগ্র স্মরণে আনতে পারিনি।
- —তা হলে ত তোর বেটা রাবণের দশা! রাবণ বেটাও মরণকালে সব শুর ভূলে গেছল। অতবড় মহাবীর কর্ণ, সে বেটারও মৃত্যুকালে রথচক্র গ্রাসিল মেদিনী। পরত্রামের দেওয়া ব্লাস্ত্রও ভূলে গেল। ব্রুলি রে, এ সবই সেই নিরতি হারামজাদীর খেল!

. আমার আর বৈর্থ রইল না, যে কাজ কখনও করিনি, তাঁর এতসব আদিখোডার অধীর হয়ে সেই কাজই করে বসলাম। তাঁর গুই কাঁধ স্পর্শ করে বাঁকানি দিতে দিতে বললাম, 'তবে সেই নিয়তির মূখে আপনাকেই ছুঁড়ে ফেলে দিব'। এতবড় উচ্চকোটির মহাপুক্ষের ললে আমাকে এইরকম বেরাদপি করতে দেখে সকলেই হকচকিয়ে গেছেন। মোহাছজী চুপি চুপি করে আমাকে ধমকে উঠলেন—'ক্যা পাগলপন কর রহে হৈ।'

কিন্ত সেণিকে কান দিবার সময় নাই। মহাপুক্ষ সবেগে উঠে দাঁড়িয়ে গ্রই হাতের বন্ধমুষ্ঠি আক্ষালন করতে করতে কালো চিতাদের দিকে এগোতে এগোতে বললেন—কী ভোদেরকে আমি বলে দিরেছি না, শামুনের মাংস তিতা হয়। সাধুদের মাংস বিষ! বিষ! চাবল মারবি কি সলে সলে অকা! দেখছিল না, তোলেরই এক বড় কুটুম ইম্লি গাছের তলায় কেমন চিংপটাং হয়ে পড়ে আছে? পালা পালা, নয়ত সকলেই চিংপটাং হয়ি!

জানোরার গলে। কি ব্রুল জানি না, আমরা অবাক হয়ে দেখলাম, মহাপুরুষ যতই এওছেন, ভারা ততই পিছিয়ে যাছে। ভারপর ভারা হড়দাড় শক্ষে বন-বাদাড় ভেদ করে দৌড়ে পালাল। মহাপুরুষ কিছু থামলেন না, ভিনি এগিয়ে চললেন। আমরা সকলেই তাঁর পিছনে পিছনে হাঁটতে লাগলাম। ভিনি কোন কথা বলছেন না। রেবাকুণ্ড হছে ক্রমে আমরা মাইল ছই রাস্তা হেঁটে পাহাড় বেয়ে নিচে নামতে লাগলাম। সেখান থেকে ঘন বনের মধ্য দিয়ে এমন একটা হানে এসে পৌছলাম, যেখান থেকে আনেক নিচে একটা বনারত উপত্যকা দেখা যাছে অর্থাৎ আমরা যে বনের মধ্য দিয়ে হাঁটছি, সেটা যে অনেক উঁচু পাহাড়ের উপরকার বন, নিচের উপত্যকার উপর নম্মর দিয়ে তা ভাল করেই বুঝা গেল। মনে হছে এ যেন একটা ভিন্ন জগৎ—সুউচ্চ সোজা খাড়া খাড়া শাল, কেঁদ, বারম্, ধাওরা, মেহরীন্ প্রভৃতি বড় বড় গাছের সন্ধিবেশ দিনের আলো আটকে দিয়েছে। বছল্রে দেখা যাছে একটা বন্তি, মনে হল সারি সারি ভীলদেরই কুঁড়ে। মোহান্তলীকে আমি চুপি চুপি জিজ্ঞানা করলাম, রেবাকুণ্ড বা মাণ্ডবগড় কেলা হতে আমনা কোনদিকে হাঁটছি।

দক্ষিণ-পশ্চিম—বৈশ্বত কোণ ধরে ইটিছি আমরা। আরও আধঘন্টাটাক হাঁটার পর একটা উঁচু পাধরের উপর এতক্ষণ পরে মহাপুরুষ
বসলেন। বসেই আঙ্গুল বাড়িয়ে দেখালেন—ঐ যে দূরে সূর্বের আলোতে
অলের ধারা চিক চিক করছে, সোজা ঐ ছোট নদীটার বাবে চলে যা।
কোন ভর নাই। ঐ নদীর ধার ধরে গেলে নর্মদার কিনারে পৌছে যাবি।

দে দোল, দে দোল, থাটে ভোল, থাটে ভোল। মা বেবা, বেশ থাছিস্
ভূই, সারাজীবনটা কি এইভাবে নাকে দড়ি বেঁধে খুরাবি নাকি? হঠাৎ
হাততালি দিতে দিতে বলতে লাগলেন—

কৃতান্ত দৃত কালভূত ভীতিহারি বর্মদে।
তদীয় পাদ পক্ষ নমামি দেবি নর্মদে॥
ক্রগংলকে মহাভয়ে মৃকগুপুন্ হর্মাদে
তদীয় পাদ পক্ষ নমামি দেবি নর্মদে॥

ইভিমধোই, তিনি যখন তাঁর ভাবের গোরে হাততালি দিয়ে তব পাঠ করছেন. ্মাছাল্পনীর ইলিতে লক্ষণভারতীন্ধী পঞ্চাদীপের বাতি দান্ধিয়ে ফেলেছেন। মোহান্তকী পঞ্প্রদীপ ছেলে তার আরতি সুক্র করে দিলেন। শিলা, ডক্বরু বাছাতে লাগলেন নাগারা। আরতী শেব হতেই মোরান্তলীনহ আমরা সকলেই তাঁকে সাফীলে প্রণাম করলাম। মহাপুরুবের সর্বালে তখন জ্ঞ পুলক শিহরণ প্রভৃতি সাত্মিকী বিকার ফুটে উঠেছে দেখলাম। তিনি মিনিট পাঁচেক ঐ অবস্থায় থেকে মোহাস্তভীকে বললেন—ঐ নদীর ধার ছাড়বি না। তাহলেই হাতানোরা কুক্ত সংগ্রমে পৌছাতে পারবি। আমি এখন রেবাকুতে ফিরে গিয়ে হ'চারদিন থাকব। বুঝলি জারগাটা খুব জমাটি। রসও আছে, মঙ্কাও আছে। তারপর ফিরে যাবো সীতাবনে। মা রেবার (हात यागात नीजादिक डान। यागादक कारह (एक वनानन-या गाना! ভোর চোধে কল কেন ? তুই ধাঞা মেরে জাগিরে দিয়ে ভালই করে किनि। कारना किछाश्रमां या नर्यमात महान। क्लरन स्करन रय कारनाजात एक्पिक्न अता नशहे या नर्यमात शहती। अताहे नर्यमा ७ होत क्षिका चनःश्योत्मित हाल त्यटक बन्ना करता अत्त चामान वानामाहारा वायून ज्ञाना! ७५ मूरचत्र कथात्र अक्र मक्ति कि मिरन १ मर७ मर७ जिरन ভিলে ना ভাবিলে ? त्व यन शक-मूथ्यवाका, श्वरत कवित्व क्रेका, नामशांत (थक भन्छरम । (हात छाप अफ़क्भारन, तहरत्र छाप अफ़क्भारन । कृतिहरू সোনার কমল, চাঁদু চেরে সে নিরমল, মরলাতে ভার করবে কি, **আ**পনি चालाक थे विमात।

এই বলার নত্তে বলে ভিনি আমাদের দিকে অকন্মাৎ পিছন ফিরে

পৌড়াতে লাগলেন বন ঝোপ পাথর ভিলিয়ে ভিঙিয়ে। আমরা তাঁর যাত্রালথের দিকে তাকিয়ে রইলাম। সকলেরই চোবে জল। নিশ্চিত মৃত্যু হতে
থিনি বাঁচালেন, নেই বিপদের বন্ধু আমাদের কাছ হতে চলে গেলেন।
আমার বুকের ভিতরটা যেন বাঁ বাঁ করছে। আমি সেইবানে বদে পড়ে
ভুকরে ভুকরে কাঁদতে থাকলাম।

শোহান্তকী আমার হাত ধরে উঠালেন। আমার চোথে মুথে কতকটা কল ছিটিয়ে দিলেন নিজের কমগুলু থেকে। খীরে ধীরে হাঁটতে লাগলাম, নাগা সন্ন্যানীদের সলে। বনের মধ্য দিয়ে উৎরাই-এর পথে ক্রমশ:ই-নামছি। বড় বড় গাছের ধার দিয়ে হনেক ঝোপ-ঝাড় অভিক্রম করে অবশেষে আমরা মহাত্মা সোমানন্দজী কথিত সেই ছোট নদীটির খারে এসে পৌছালাম। নদীর ওপারেই ভীলদের বস্তি, যা আমরা পাহাড়ের উপর থেকে দেখেছিলাম। লক্ষ্মণভারতী শিলা ভত্মক বাজাতে বাজাতে যেতে চেয়েছিলেন, কিছ মোহান্তকীর নিষেধে তা বন্ধ করা হল। তাঁর ভন্ন ওপারেয় ঐ ভীল বস্তিকে। মতীক্রাকে জিজ্ঞাসা করতে খড়ি দেখে সময় জানালেন—বেলা ১০টা বেজেছে। মোহান্তকী আমাকে বললেন—তোমাকে কাল যে ওঘ্বতী নদীর কথা বলেছিলাম, এই সেই ওঘ্বতী। মহাভারতে ওঘ্বতীর উপাধানন পড়েছ কি পু

- वायात এই মুহুর্তে কিছু মনে পড়ছে ना।
- -- আমি বলছি ওন।
- —আমার এখন শুনতে ভাল লাগছে না।
- —আমি জানি মহান্না লোমানন্দজীর জন্য মন এখন গুবই কাতর আছে।

  এবৰ হাল্লানন্দ জীবন্মুক্ত মহাপুক্ষদের জন্য মন থারাপ করে কোন লাভ
  নাই। ওঁরা দূরে থেকেও কাছে মাবার কাছে থেকেও দূরে। এই যে আমরা
  হুর্গম জন্দ পথে ইাটছি, তিনি কাছে না থাকলেও তুমি আমার কথা বিশাস
  কর, তাঁর কুপাদৃষ্টি সভতই আমাদেরকে অমুসরণ করছে। আমি ওঘবতীর
  গল্প বলছি, সাবধানে হাঁটতে হাঁটতে ভোমরা ভনতে থাক। গল্প করতে
  করতে বা ভনতে ভনতে পথ ইাইলে আমাদের পথের রাজি তভটা
  কন্টদান্নক হবে না। মহাভারতের অমুশাসন পর্বের বিতীয় অধ্যান্তে প্রসিদ্ধ
  রাজা নূপের পিতামহ ওঘবানের ওঘবতী নামে এক কন্যা এবং ওঘরণ নামে
  এক পুত্রের প্রসঙ্গ আছে। কুরু পিতামহ ভীন্ম মুধিষ্টিরের কাছে সেই

ওববতীর উপাধ্যান বলেছিলেন। কুকক্ষেত্রনিবাসী সুদর্শন নামক এক অধর্মনিঠ আক্ষণের সন্দে ওববতীর বিবাহ হয়। ঐ সুদর্শন প্রতিজ্ঞা করেছিলেন যে, আমি গৃহস্থ রূপে থেকেই মৃত্যুকে জয় কর্য—'প্রতিজ্ঞামকরোং ধীমান্ দীপ্ততেজা বিশাম্পতে।' অতিধির সেবা-যত্ন করা গৃহস্থের পক্ষে সর্বপ্রেষ্ঠ ধর্ম বলে তিনি অতিধি সেবাকে জীবনের সর্বপ্রেষ্ঠ ত্রত বলে মেনে নিয়েছিলেন। তিনি তাঁর ধর্মপত্নী ওঘবতীকেও বলে রাখলেন—তোমার ঘারা যেভাবে অতিধি তৃষ্ট হন সভত সেই চেটা কর্বে। এমন কি শরীর দান করেও যদি অতিধিকে তৃষ্ট কর্তে হয় তৃমি তাও কর্বে, সে বিষয়ে কোন বিচার কর্বে না—

যেন ডেন চ তুষ্যেত নিভামেবত্যাতিথি:।
অপ্যাত্মন: প্রদানেন ন ডে কার্যা বিচারণা॥
পতিবতা ওববতী যামীর এই কথা গুনে সম্মতি প্রদান করলেন।

মোহান্তজীর কথা শেষ হতেই আমি বিরক্ত কঠে বলে উঠলাম—শ্রীমতী সম্মতি ত দিবেনই। কারণ কাম্কী যারা ভারা আর একটা পুরুষদেহ ভোগ করার সুযোগ পেলে সে সুযোগ কি ছাড়ে? এরকম কামিনীকে আবার বলছেন পতিব্রভা!

মোহান্তকী আমার মন্তব্য কানে তুললেন না। তিনি যথারীতি গল্প বলতে বলতে ইাটাতে লাগলেন। তিনি বললেন সুদর্শন যথন এইরকম ভীষণ প্রতিজ্ঞা করলেন দেই দণ্ড হতে মৃত্যু দণ্ড হাতে নিয়ে গৃহত্ব সুদর্শনের হিদ্রাধ্যেশ করতে করতে তাঁর পিছনে ইাটতে লাগলেন। কিন্তু শত চেন্টা করেও মৃত্যু সুদর্শনের অভিথি সংকারের কোন ক্রটি বের করতে পারলেন না। একদিন সুদর্শন যত্র কাঠ আহরণ করার জন্ম ওব্যতীকে একা রেখে বনে গেলেন। তিনি যর থেকে বেরিয়ে যাওয়ার পয়েই এক সুল্পর মৃতি আক্রণ তাঁর গৃহের হারে এসে উপস্থিত হলেন। ওব্যতী তাঁকে অভার্থনা জানিয়ে, তাঁর প্রয়োজন। বর্বাণিনি! অভিথি বললেন—কল্যাণি! তোমাকেই আমার প্রয়োজন। বর্বাণিনি! অভিথি সংকার ধর্মে তোমার যদি বিশ্বাস থাকে, তাহলে আমাকে তোমার দেহদান করে সস্তোব বিধান কর। ওব্যতী ত্ব একবার অতিথিকে মন্ত্র বন্তর প্রলোভন দেখালেন বটে কিন্তু

অতিথি যখন দেশৰ বস্তুতে সম্মত হলেন না, তখন পতি-আজা সারণ করে সদক্ষভাবে 'তাই হোক' বলে আক্ষণের মঙ্গে 'সহাস্যে' ওঘৰতী অন্য গৃহে গমন করলেন।'

এই পর্যন্ত শুলেই আমার মেজাজ বিগছে গেল। আমি চিংকার করে বলে উঠলাম — Stop! Stop! আপনার এই কদর্য গল্প এখনই বন্ধ করুন। মহর্ষি বেদবাস কবে কোথায় কোন কামিনী নিজের যৌনকুধা মিটিয়ে নিয়েছিল, সেই গল্প ধর্মের মোড়কে মুড়ে পরিবেশন করতে পারেন না! অসংযতা ব্যভিচারিশী ত চিরকাল এই স্বভাবেরই হয়। নিশ্চয়ই কোন কামাচারী ধূর্ত এইরকম যৌন বিষয়ক গল্প রচনা করে মহাভারতের মধ্যে মুকৌশলে প্রক্ষেপ করে দিয়েছে!

यांशास्त्रकी वायात राज धरत यनरनन-गात्र विनली कत्रका हं, भाष মিনিটকে লিয়ে আপ্চুপ রহে। তিনি থাবার গল্লের বাকী ফংশ বর্ণনা করতে আরম্ভ করলেন। তিনি বলতে লাগলেন—অন্য ঘরে চুকে ওঘৰতী यथन बाक्रण-व्यक्तिश्वत नाम नास्त्राति यस किल्मन, त्नरे नमन्न नूमर्भन वने तथरक কাঠ সংগ্ৰহ করে এনে ভাকতে লাগলেন—ওগো তুমি কোথায় গেছ! কিছ অতিথি তথন ওবৰতীকে আলিদন করে চুম্বনে রত ছিলেন, তাই ওঘৰতী নিজেকে 'উচ্ছিষ্ট' জ্ঞানে নীরব রইলেন কোন উত্তর দিলেন না। কিছুক্ষণ পরে ত্রাহ্মণ বর থেকে বেরিয়ে এসে সুদর্শনকে বললেন- আমি বয়ং ধর্ম ভোমার অতিথি সেবাত্রত পালনের পরীক্ষা নিবার জন্ম ভোমাকে পরীক্ষা করতে এবেছিলাম। তোমার পিছনেই লোহমুদারধারী মৃত্যু অণেকা করছিল। যদি তুমি ওববতীকে আমার সলে সস্তোগে মত্ত দেখে উত্তেজিত হুরে মানাদের অপ্যান করতে, তাহুলে সেই দুঙ্গে মৃত্যু তোমাকে প্রাস করত। কিন্তু তুমি ধৈর্য ধারণ করে তোমার পত্নীর অতিথি সেবায় সাহায্য করেছ। ভোষার এইভাবে ব্রত পালনের ফলে তুমি মৃত্যুকে জর করেছ। ভোষার পত্নী তাঁর তপ্সা প্রভাবে অর্ধশরীর ছারা লোক পাবন নদীরণে এবং অর্থশরীরে অন্তিমকালে তোমার সঙ্গে মর্গ গমন করবেন। এই সেই अध्यकी नती, आमारतत शाम पिरत्रहे वरत वारकः।

সীতাবনের মহান্তার দরার এতথানা রাস্তা এই থোর ক্ষরনের মধ্যে নিরুপদ্রবেই এসে পৌত্তি। এখন বোধহয় বেলা একটা বাজে। আমরা এখানে কিছুকণ বদে বিশ্রাম করতে করতে গ্রাহার-পর্ব সেরে নিই এস। চল, ওববতীতে হাত মুখ ধুরে নিই। আমি বলে উঠলাম—'অমন ধর্ম এবং ধর্মরাক্ষের মুখে আগুন। আমি ওববতী নদীতে পাদ পর্শাও করতে প্রস্তুত নই!'

আমার দিকে তাকিরে থেকে মোহান্তজী দশিয়ে নদীতে নেমে গেলেন।
গামি তাঁদের ঝোলা কম্বল গাঁঠরীগুলোর কাছে গুম্ হয়ে বলে রইলাম।
তাঁরা সকলেই নদী থেকে উঠে এলে, সঙ্গে যা ফলমূল ছিল, তা স্বাই
ভাগ করে খেলেন। আমিও খেলাম। আধ্বন্টা বিশ্রাম করে আবার যাত্রা
সুক হল দল বেঁধে—'হর নর্মদে, হর নর্মদে' ধ্বনি দিতে দিতে।

ওববতী নদীর তীর হতে আমরা পূর্বদিকে বাঁক নিয়ে যে পথে চলতে থাকলাম, সেই পথে মনে হল জলল যেন নিবিড় থেকে নিবিড়তর হচ্ছে। একটা সম্বর হরিণ এবং একদল চিতল হরিণকেও আমাদের চলার পথ হতে প্রায় পঞ্চাশ গল্প দূর দিয়ে নদীতীরের দিকে দৌড়ে যেতে দেখলাম। নিরীহ হরিণদলকে দেখে নাগাদের বিক্রম বেড়ে গেল। তাঁরা একসলে শিঙা ভবক বাজিয়ে তাদেরকে আরও চমকিয়ে দিবার চেটা করতে লাগলেন। আমি মনে মনে ভাবছি, এই সময় একদল নেকড়ে ভালুক বা ব্নোহাতি বেরোলে এই বীর পুলবদের এত উল্লাস কোথায় থাকত, দেখতে পেলে ভাল হত। রেবাকৃণ্ডের ধারে একদল কালো চিঙা দেখে আল সকালেই দেখেছি, এঁরা জীবরাত হয়ে গেছলেন। এঁরা যে দেখছি শক্তের ওক, নরমের যম।

যাই হোক, মুখে কিছু বললাম না, মনের বিরক্তি মনে চেপে রেখে এঁ দের সকে নীরবে ইটিতে লাগলাম। ক্রমে আমরা এমন স্থানে এসে পৌছলাম, যেখানে আমাদের চারদিকে অনুচ্চ কল্ম অনুর্বর অসংখ্য ছোট ছোট পাহাড় — রকগুলো নানা আকৃতির, নানা ধরণের। কোনটা গল্পজাকৃতি, কোনটা পিরামিডের মন্ত, কোনটা মন্দিরের মন্ত, তার মধ্যে গুহা দেখা যাচেছ, কোনটা বা দেখতে বিরাটাকার শিবলিলের মন্ত। কোনটার রং কালো, কোনটা মেটে সিঁদ্রের মন্ত, কোনটা বা ধুসর রঙের। এই পার্বভাগ্যের পাথরগুলো বভাবভাই মনুণ এবং ধারালো। খালি পারে ইটিভে আমাদের সকলেরই থ্য কন্ট হচ্ছে। সকলেরই পাগলো অল্ল-বিত্তর ছুঁড়ে গিরে রক্তাক্ত হলে গেছে।

এইভাবে মাইল গুই হাঁটার পর উৎরাই-এর পথে থেখানে নেমে গেলাম, সেখানের পথ জল্লমর বটে তবে ধারালো নর। গাছের পাতা ঝরে পড়ে রাস্তাকে অনেক সহজ করে দিরেছে অর্থাৎ হাঁটতে তেমন আর কট হচ্ছে না। পথ একটু ভাল হতেই মোহাস্তজীর মাধার আবার গল্পের বাতিক এলে চাপল। তিনি আমাকেই সম্বোধন করে বললেন—শৈলেক্সনারারণজী! আমি তথন যে ওববতীর হামী সুদর্শনজীর অতিথিসেবার গল্প বলেছিলাম, সেই সুদর্শনের বাপ-মার পরিচয় শুনলে তুমি অবাক হয়ে যাবে!

—না, না, আমি শুনতে চাই না। যে ক্লীব ও নপুংসক নিজে গাঁড়িয়ে থেকে শ্রীকে পরপুক্ষের সঙ্গে বাভিচারে লিগু থাকতে উৎসাহ জোগায়, সেই ভন্ধাার্কা লোকের কোন প্রসঙ্গ আমি শুনতে চাই না।

किन्ह यानि 'ना' रलाल कि इत्त, ज्लाब यात नकलारे जात मूथरताठक গল্প শুনতে আগ্রহ প্রকাশ করলেন। বাহবা পেয়ে তিনি সুক্র করলেন— প্রজাপতি মনুর ইকাকু নামে এক পুত্ত ছিলেন। তিনিই মহারাজা ইকাকু, ভারতপ্রসিদ্ধ ইক্ষাকু রাজবংশের প্রতিষ্ঠাতা। তাঁর একশত পুত্র হয়েছিল, ভাদের মধ্যে দশম পুত্রের নাম-দশার। দশারের পুত্রের নাম-মদিরায়। যদিরাখের পুত্তের নাম ত্যাভিযান। এই মহাবল ছাভিযানের পুত্তের নাম সুবীর। সুবীরের গুর্জয় নামে একপুত্র হয়েছিল। তিনি কালক্রমে সকল শস্ত্রধারীর মধ্যে শ্রেষ্ঠ এবং সকল যুদ্ধেই তুর্জয় হরে উঠেছিলেন। এই তুর্জয়ের পুত্রের নাম চুর্যোধন, তিনি অগ্নির ন্যায় তেজ্বী, রাজ্বি শ্রেষ্ঠ এবং মহারাজ উপাধি लाভ करब्रिहर्लन। এখানে একথা মনে রাখতে হবে যে, এই ত্ৰ্যোধন নাম দেখে তাকে গান্ধারী-পুত্র কৌরবরাজ ত্র্যোধন বলে যেন ন। ব্যক্তি, তুজনের মধ্যে কাল-ব্যবধান অনেক। ইকাকু বংশীয় রাজারা নর্মদা-एटिं व वैकात शैर्थ माहि प्रकी नगत्री ए (थटक ताक क कत एक)। याहेरहाक, মাহিল্লতীর মহারাজ প্র্যোধনের নগর ও রাজ্য নানাবিধ ধনরত্ব পণ্ড ও শস্যে পরিপূর্ণ থাকত। তাঁর রাজ্যে কখন কোন মাত্র কুপণ, দরিদ্র, রোগী কিংবা কুশ বাক্তি ছিল না। তাঁর আমলে মাহিল্লতীর সকল মানুষই ভিতেক্রির, थार्मिक यांगक की अबर दबल-दबलाय श्वातन हिल्लन । बता महर्षि दबलवान रल्ट्न, यहात्राक इट्यांश्टनत छट्न मूधा रुट्य बद्य हित्रभविता नीकनकना, সভত ওভকারিশী দেবনদী নর্মদা নিজের অনুরাগেই সেই পুরুষ শ্রেষ্ট ছুর্যোধনকে একদা কামনা করেছিলেন—

> তং নৰ্মদা দেবনদী পুণ্যা শীতলা শিবা। চকমে পুরুষব্যাত্রং স্থেন ভাবেন ভারত॥

> > :৮, यहा, अञ्चानम, २व कथावा।

व्यर्थार पूर्वाधनत्क जिनि विवाह करत्रिहानन।

আমার আবার থৈবের বাঁধ ভাঙল; আমি চিংকার করে ক্রন্ধ হরে বলে উঠলাম—আপনার ঝোলাতে কি কোন মাদকদ্রবা লুকানো আছে না কি? আপনি কি গোপনে তা খেরেছেন? তা না হলে নেশার ঘোর ছাড়া আপনি কি করে এলাপবাকা উচ্চারণ করতে পারছেন যে, যিনি পৃথিবীর আদি কল্যকাশক্তি, তিনি প্রেমাসক হয়ে ত্র্যোধনের মত একজন রাজাকে বিবাহ ক্রেছিলেন?

—কেন নর ? ভূমি কি হমরকন্টকে নর্মদা ইলগম মন্দিরের দক্ষিণ দিকে কর্ণমন্দিরের উত্তরপাশে 'রং মহলা' দেখে আস নি ? আমি ত একথা বলচি না যে, এই কল্পেই এসব ঘটনা ঘটেছিল ! কোন এক কল্পে মা নর্মদার সঙ্গে মাহিল্পতীর মহারাজা সুর্যোধনের বিবাহ হয়েছিল এবং তাঁরা অমর-ক্টকের ঐ 'রং মহলাভে' গিয়ে কিছুকাল বাস করেছিলেন।

আমি এবার আরও চটে গিয়ে বললাম—ঝুট ঝুট্। বিলক্ল ঝুট্। 'বং মহলা' নামক বাড়ীটির যে ধ্বংদাবশেষ দেখে এসেছি, তা তিনশ বছরের বেশী আগে তৈরী হয়নি। 'কোন এক কল্লে' বললে এত নিশ্চরই ব্ঝায় যে, এই কল্লে নয়, এই কল্লেয় আগে। আপনাদের হিদাবে কি তিনশ চারশ পাঁচশ বা হাজার বছরে এক একটা কল্লান্ত হয়? পুরাণকারদের উর্বর মন্তিক্ষেই কেবল এইসব উন্তট কল্লনা আসে, ভদ্মুঘারী নানা রোচক-গল্লের সৃত্তি হয়। বেদবাসের দোহাই দিয়ে এইসব উন্তট গল্পকে প্রামাণা বলে চালাবার চেটা করবেন না। বর্তমানে প্রচলিত মহাভারতে লক্ষাধিক ল্লোক পাওয়া যায়। কিন্তু আদিতে বেদবাসে রচিত মূল মহাভারত ২৪০০০ লোকবিশিষ্ট ছিল। অন্যান্য গবেষক শশুভেদের কথা বাদ দিলেও মূল মহাভারতেরই আদিপর্বের প্রথম অধ্যায়ে এই প্রস্তে বলা সরেছে—-

উপাখ্যানৈঃ মহ জ্ঞেয়মান্ত্রং ভারতমৃত্তমম্। চতুর্বিংশতি সাহস্ত্রীং চক্রে ভারতসংহিতামু॥

অর্থাৎ প্রথমতঃ বাাসদেব উপাধ্যানভাগ ভ্যাগ করে ২৪০০০ শ্লোক ছারা ভারতসংহিতা রচনা করেছিলেন, পণ্ডিতেরা সেই ২৪০০০ শ্লোককেই ভারত নামে অভিহিত করে থাকেন।\* পরবর্তীকালে নানা সম্প্রদায়ের লোকেরা নিজেদের সম্প্রদায়ের মতবাদকে পৃষ্ট করার জন্ম অনেক কাল্লনিক গল্ল রচনা করে মহাভারতের মধ্যে প্রক্ষেপ (Interpolation) করে দিয়েছে।

লন্ধণভারতীকী এইসময় আমার উদ্দেশ্যে বললেন—ভেইয়া, তুমি একটু চুপ কর। আমাদেরকে গল্লটা ভনতে দাও।

রাগে গর্গর্ করতে করতে আমি চুপ করে গৈলাম। মোহান্তজী তাঁর বৰ্ণিত গল্পের ব্যের টেনে বলতে লাগলেন—হাঁ, আমি যা বলছিলাম, মাহিল্লতী-बाक शर्यायत्वत्र केत्रत्य नर्यमात्र शर्क जूमर्यना नात्य अक कना कत्तात्र । कनाहि बारम् हिर्मन पूनर्भना, कर्राष्ठ पूनर्भना। पूनर्भना र्योक्टन छन्नी इरम একদিন এক বাহ্মণ এসে মহারাভের কাছে তাঁর কলার পাণি প্রার্থনা করে বসলেন। ত্রাক্ষণকে দরিদ্র এবং অসবর্ণ কেনে মহারাজ ত্রাক্ষণের প্রস্তাব রুচ্ভাবে প্রভাগোন করলেন। এই ঘটনার কিছুদিন পরে রাজা এক যজের আহ্বোজন করলে যজ্ঞকুণ্ডে অগ্নির আবির্ভাব ঘটল না। রাজা বিষয় অন্তঃকরণে করেককন যোগবিভা বিশারদ বেদবিং ত্রাহ্মণকে অগ্নি সহসা কেন নিৰ্বাণ ও অদৃশ্য হয়ে গেলেন, ভার কারণ অমুসন্ধান কয়তে প্রার্থনা জানালেন। ব্ৰাহ্মণরা যোগস্থ হয়ে জানতে পারলেন যে, বরং অগ্নিদেব ত্রাক্ষণের বেশে এসে রাজার কাছে সুদর্শনার পাণি প্রার্থনা করেছিলেন। রাজা এইকথা জানতে পেরে অগ্নিদেবের কাছে অনেক প্রার্থনা করার পর অগ্নিদেব পুনরার ত্রাক্ষণের বেশেই আবিভূতি হলেন। মহারাজ চুর্ঘোধন नामत्म बाजनदर्मी अधिरमरवत्र नरम भारताक विश्वारम मूमर्मनात्र विवाह मिरमन। त्नरे भूमर्गनात शर्छ यशिरमत्वत छत्रत्व भूमर्गत्वत स्या रत। अरे त्रुवर्णनरे अववजीत वामी।

কৌতৃহলী পাঠক মহাভারতের প্রকৃত রোক সংখ্যা এবং ভার কোন্ অংশ প্রকিপ্ত জানতে চাইলে লেখক প্রবীত 'আলোক-বন্ধনা' নামক প্রস্কের ১৯৯৯ পৃঠা পত্ন।

यामि यावाद महना करत वननाम-- धरे ना हरन रानवहिता। १ रर्व चिविदाल यहः धर्मद्रां एक अवरणीय माम मीमार्यमा चानि वर्गमा करबाहन. এখন অগ্নিদেবের দেবচরিত্রও বর্ণনা করলেন। বর্ণনার রসাবেগে আপনি এতই ভগৰগ যে আদি কুষারী শক্তি যা নর্মদাকে নিয়েও কল্লিত উপাধান বর্ণনা করেছেন। আপনাদের সঙ্গে থাকলে এইরকম ন্রকারজনক ক্লেদাক काहिनी अनटि अनटि इन्न बामात शत्रिकमारे यशिक रहत यादि, छारे আপনাদের সঙ্গ পরিত্যাগ করাই সঙ্গত মনে করছি। এই বলার সঙ্গে সঙ্গেই আমি চলার পথ থেকে বাঁদিকে নেমে তরতর করে দৌড়াতে লাগলাম। गाँठेती, कमधन, नाठि हाट नित्त मत्न मत्न तारात तारात रहाटि यछि। कुँमिछ, তত জোরে পা ছুটছে না। তবুও ঝোপ-ঝাড় পাধরের চাঙ্ড ভেলে, কখনও ডিলিরে ডিলিরে লাফিরে লাফিরে মামি দৌডাতে লাগলাম। অপ্রত্যাশিত-ভাবে আমার এই কাণ্ড দেখে তাঁরা ছ'এক মিনিট হকচকিয়ে গেছলেন। তারণর মোহান্তজীনহ আরও p'চারজন নাগা তারম্বরে চিৎকার করতে नागरनन-रेत्त वान् का कबबारा दे। त्नाहेत्क वारेत्त्व, त्नाहेत्क वारेत्त्व। জল্লমেঁ জানোৱারকা ভর ভায়। জলদি আপোৰ আ যানা। আমার পিছনেই পায়ের শব্দ গুনে বুঝতে পারলাম, আমাকে জাের করে ফিরিয়ে नित्य यात्रात चना अञ्चल: क्षम आमात्र शिक्टन त्नीए आनरहन। काँही এবং পাথরে ঠোক্কর খেরে আমিও আর ক্রভবেগে দৌড়াতে পারছি না। তাই বৃদ্ধি করে একটা ঝোপ দেখে আমি ঘাপটি মেরে বলে পড়লাম। একটু পরেই দেবলাম, মতীক্র এবং লক্ষণভারতী আমার থেকে প্রায় বিশগত দুর मिट्य क्लीटफ श्राटन । यथादन नागांत प्रमादक महम निरंत त्यांशासकी पाँफिरम আছেন সেখানে একটামাত্র শিঙা ধীরে ধীরে কেউ বাজিয়ে চলেছেন। বুঝলাম, আমাকে সঙ্গে নিয়ে মতীক্র ও লক্ষণভারতীকী যাতে আবার পথ চিনে তাঁদের কাছে পৌছতে পারেন সেইজন্মই এই শিঙার সঙ্কেত দেওয়া হচ্ছে। একটু পরেই ষতীক্রের গলা ভনতে পেলাম। তিনি লক্ষণভারতীকে বলছেন-বিছান লোক যে জোধে দিগ্বিদিক জানশূল হয়, এই প্ৰথম (एथनाम। आमारित (एएमत हिल्ल, छोटे प्रथ दत्र, धरे कल्एनत मर्या कारनाज्ञात्ररमञ्ज हारा विरम्भ-विकृ है- अथान है। हाजार । रचना किनहा रवस গেছে, আর ভ আমাদের অপেকা করা চলে না। লক্ষণভারতীও তাঁকে কি যেন বললেন, ব্ঝতে পারলাম না। মোহান্তলী চিংকার করছেন— লক্ষণভেইয়া হো, হো মতিলার ! বাঙালীবাবাকো মিলা ?

अंत्रा **हिश्कात करत** উত্তत मिर्मन — (बहि को । याहास्त्रकीत शमा एटए গেছে বলে মনে হল। মতীক্তরা আমাকে অভিক্রম করে চলে যেতেই আমি ঝোপের আড়াল থেকে উঠে দাঁড়ালাম। এবার চিন্তা হল কোথায় ঘাই ? गरन एरम्र मधान्य रून। त्कार्यम तर्म महमा मन श्राटक स्वव्हाम विव्हित হত্তে পড়া উচিত হরনি। আমার এই ক্রোধ অবরুদ্ধ অহং চেতনারই প্রকাশ। আমি বাবাকে সামৰ ও প্ৰধাম করে 'রেবা রেবা' জপ কয়তে করতে একটা চড়াই-এর পথে উঠতে লাগলাম। এইমাত্র মতীক্রের কঠে শুনলাম বৈদা जिन्ही त्राक्ट । किन्न कन्नत्नत्र माथा मान काक नक्षा का विम वृद्धि । বড় বড় গাছের তলায় ছায়া ছায়া অন্ধকার। দ্রুত পা চালিয়ে একটা উঁচু कात्रभात्र जिट्ठे निट्ठे पिटक जाकार् नागनाय। मकान (थटक (इँट) चामि, একটা মানুবের মুখ চোখে পড়েনি। কাজেই এই শুলগাণির জলপে এ সময় কোন লোক চোখে পড়বে—এ আশা আমি করি না। তবুও একটা কোধাও যেন মাদল বাঞ্চছে, তার শব্দ শুনতে পেলাম। সেই শব্দ অনুসরণ করে আমি নামতে লাগলাম নিচে। পাহাডের ঢাল ধরে যেতে যেতে প্রার আধ बारेनोक यावात अत कलकशाना कृतित हारि अफ्न। इसल खेनव कृतित ভীলদের, হোদের, ওয়াঞ্চি বা অন্য কোন আদিবাসী বুনোদের হতে পারে। আমার খার বিচার করার স্থয় নাই। আঞ্চ রাডটুকুর জন্য ওদেরই কাছে षाञ्चम निष्ण रहत । अनिष्क दिन्हि, भाग, एउथु अवः भरमन शाहरे दिनी । यफ यफ् भरक श्रीठा जित्नक बूरना भिन्नान लीएफ श्रीन, अकठा श्रवशामरक তাড়া করে। পাহাড়ী ধরগোস যে এত বড় হয়, আমার কোন ধারণা ছিল ना । श्रामि शीदत शीदत तरहे कुँएए चत्रश्रमात काहाकाहि এत त्नीहमाम। দেশলাম, বড় জোর খান চল্লিশেক কুটার হবে, গোটা পল্লীটা থিরে আছে वफ वफ मामवली बवर बावमूब कार्ट्यं (वफ़ा निरम, चूव उँठू वांडेशांत्री ওয়ালের মত দেখাছে। মাদলের বাজনার সঙ্গে হাসির হরুরাও শোনা যাচ্ছে। আমি এই কাঠের পাঁচিল-বেরা-পল্লীর প্রধান ফাটক কোন্টা তা স্থির করতে পারলাম লা। আমি পাঁচিলের গায়ে লাঠি দিয়ে ঠক টক করে শব্দ করতে লাগলাম। একটু পরে পাঁচিলের উপর দিয়ে তিনজন লোকের

মুখ দেখা গেল, তাদের হাতে বর্শা, কাঁথে তীর ধন্ক, ভারা অতি সচকিত-ভাবে উকি যেরে দেখে নিয়ে প্রধান ফাটক খুলে দিল। আমি অনুমান করণান, ভালুক চিতাবাবও এবে পাঁচিলের গারে আঁচড়াতে পারে, থাবা **मिरम कार्यंत्र भौतिरम ट्यांकत मात्रर**ू शास्त्र, छाई और नारशनछ।। आमि দরজা দিয়ে ঢোকামাত্র প্রধান ফাটক মজবুত করে আটকে দেওর। হল। আমি যেন এক বিচিত্ৰ জীব এসে পৌছেছি! মেরে পুরুষরা সব ভীড় করে **এ** याबादक विदत्र माँ जित्रहाइ । निरक्तात माला ठीत ठीत अदनक कथा राष्ट्र, वृक्षरा शांत्रहि यांगारक निरंत्रहे, किन्न छात्रा व यांगात कथा तात्व ना, আমিও তাদের ভাষা বৃঝছি না। মেরে পুরুষদের কৃচ্কুচে কালো রং, लिक विक मनोत । शांत्र वर्धनश मगरे। त्यात्र पानि हिन्न-बरल्खत 'हााना' দিয়ে কোনমতে আক্র রক্ষা করছে। কারও কারও পরণে নৃতন মোটা লাল গামছা। आमारतत रनत्न राकूड़ाट य याहा शामहा পাওয়া यात्र, তাদের গামছাগুলো কভকটা সেই রকম, টানা ঠান-বৃত্নী। কুঁড়ে ঘর হলে কি হবে. কুঁড়ের দেওরাল এবং মেঝে সব পরিষ্কারভাবে নিকানো তক্তকে থক্থকে। যে উঠানের উপর দাঁড়িল্লেছি, সেটাও পরিস্কার। উঠানের একদিকে অনেক-গুলো টালি এবং বর্ণা পড়ে আছে। তিন চারজন তেকে উঠল—বুধন! वृथन ! नहू ।

ত্তন ভীল ম্বককে দেখলাম, আমার কাছে এলে দাঁড়ালো। একজন রছ তাদেরকে ছর্বোধা ভাষার কিছু বলতেই তারা জাঙা ভাঙা হিন্দীতে কোনমতে উচ্চারণ করল -কোন! তাদের কথার ধরণে ব্যলাম, তারাও হিন্দী ভাল জানে না, অনেক কথাই হয়ত জিল্পানা করতে চার কিছু হিন্দী ভালা ভাল ভাবে রপ্ত নর বলে তাদের মুখ দিরে একটি মাত্র শব্দ বেরুল—'কোন'। আমিও ভাঙা ভাঙা হিন্দীতে, ইলারার ইলিতে ব্যাবার চেন্টা করলাম যে আমি পরিক্রমাকারী। দল ছুট হয়ে বনের মধ্যে পথ হারিয়ে এলে পৌছেছি। রাভটা এখানেই থাকতে চাই। বার করেক নর্মদা নর্মদা, রেবা রেবা উচ্চারণ করে পূর্ব থেকে পশ্চিমে, পশ্চিম থেকে পূর্ব দিকে আঙ্গুল ম্রালাম, একটা গাছের গুঁড়ি থেকে লাঠি দিয়ে রেথা টেনে বললাম 'নর্মদা নর্মদা', ভারণর সেই রেখা ধরে কয়েক পাপড়ি এগিয়ে গিয়ে বললাম—'পরকরমা, পরকরমা।' ঘাইছোক, ভারা আমার কথা ব্যল বলে মনে

হল। আমাকে সেই রম ও ঘূৰক ছটি পথ দেবিরে ছটো কুঁড়ে গরের মাঝখান দিয়ে একটা পরিস্কার উঠানে নিয়ে গিয়ে বসতে দিল: প্রশস্ত উঠান, তাকে বিবে আছে দারি দারি কুঁড়ে ঘর গোলাকারে। কুঁড়ে গরগুলির গা খেঁদে তালের দেই কাঠের বৃহদাকার বেড়া বা পাঁচিল। তার পেছনেই জন্মল। বুধন ও লছু চুজনে ধরাধরি করে একটা খাটিয়া এনে একটা কূটীরের দাওয়ায় পেতে দিয়ে ইঞ্ছিত করল দেখানেই ভতে হবে। খাটিয়াটাও বিচিত্র। বাংলাদেশে বা সমগ্র হিন্দীভাষী অঞ্লে যেমন জুন দড়ি দিয়ে খাটিয়া প্রস্তুত হয়, এ খাটিয়া সেরকম নয়, বট গাছের যেমন অজ্ঞ ঝুরি নামে, সেইরকম সক সক লগা লগা লতাতে এই বাটিয়া বোনা হরেছে। একজন বৃড়ি মা এগে এক হাঁড়ি গ্রম জল আমার সামনে রেখে জোর করে পা ধুইয়ে দিতে লাগলেন রগড়ে রগড়ে। বারবার হাঁড়িটা **टिया निवाब टिन्छ। कब्रलाय, वाबण कब्रलाय शायब हाल पिटल किन्छ क्** শোৰে কার কথা। জলটার রং দেখছি হন সবুজ। লছুর দিকে তাকাতে পে ভাঙা ভাঙা হিন্দীতে যা বলল, তাতে বুবে নিলাম, আমার কত বিকত পা দেখে জলের সঙ্গে কোন লতাপাতা যিশিয়ে গ্রম করা হয়েছে, লচু মাত্র হৃটি শব্দ উচ্চারণ করল—'দরদ', 'গারাম।' ঈষহৃষ্ণ গরম জলে পা পুতে সভাই খুব আরাম বোধ করলাম। সেই হল হটি ভূট্টা পুড়িয়ে এনে আমার সামনে রাখল। আমি আকার ইলিতে কোনমতে বুঝালাম যে, একবার মাত্র খাওয়া আমাদের নিয়ম তা খাওয়া হয়ে গেছে। লছুকে একটি আঙুল দেখিয়ে এবং পেট চাপড়িয়ে বৃঝিয়ে দিলাম যে একদফে খানা খা লিয়া, ওর নেহি। দরিদের যল্প আয়োজন, কিন্তু তাতে আন্তরিকতার উত্তাপ অপরিমের। মনকে সহজেই নাড়া দের, অভিভূত করে। দেখতে **एक्ट व्यक्तकात त्नरम वामरह, जात मारन महा। हर उत्मी एनती नाहे।** তৰৰও অল্ল বল্ল আলোর আভাস আছে। রন্ধ ভীল হাসিমূথে আমাকে বলচে পোগা পোমা গাঢ়া আর হাতের ইলিতে তার সলে যেন কোথাও যেতে বলছে। লছুও হৃটি হাত অঞ্জলি বন্ধ করে তার নিজের মূৰের কাছে ঠिकाटिक अवः बृह्यत महन काथा । यात्र वनह । यात्र हिर्दे बृह्यत निहत्न পিছনে যেতে লাগলাম। যে পথে এই উঠানে পৌছেছিলাম, সেই পথে বেরিয়ে গিয়ে দেখলাম আবার এইরকম এক ঝাঁক কুঁড়ে ধর, গোলাকারে ণিবে আছে। নিশ্চরই সেওলির মাঝধানেও প্রশস্ত প্রাঞ্চন ছাছে। সমস্ত কুঁড়ে ঘরের দারিগুলি পূর্ব-পশ্চিমে লম্বা। আমি পশ্চিম দিকের ফাটক नित्त्र अम्बत्त प्रजीत मत्या पृत्क किनाम, वृत्छ। कामात्क पूर्व नित्कत कांहेत्कत कार्ट्स निरम्न (शन । काउँक पूनए ७३ (एथए ७ (अनाम १६कडी) शहाफ़ी नाना कूल्क्ल् कटब वटब हालाहि। - এভ कटन '(लावा लामा वालाब' चर्च वृत्रमाम, व्यट्ज পात्रमाम महूत मूर्यंत कार्छ वात्रवात बक्षमिनुर्छ न्न्र्म कतात मेश्रिक। পরিমার ধছ জল। আমি অঞ্জলিপুটেই পেট পুরে জল খেলাম। আমার কমগুলুতে নর্মদার জল আছে। কিন্তু তা খরচ করা চলবে না, যতক্ষণ নৰ্মদা থেকে দূরে আহি, ততক্ষণ ঐ ভলকে মাঝে মাঝেই দর্শন করতে হবে। পরিক্রমার সেই ত নিয়ম! বুড়োর সজে আবার সেই পূর্ব নির্দিষ্ট স্তানে ফিরে এদে খাটিয়ার উপর কম্বল পেতে কমগুলুর জল দর্শন করে ভরে পড়বাম। পছু হাত কচ্পাতে কচ্পাতে বলতে লাগল – মেহমান্, মেহমান্! তার দেখানেথি বুধনও হাত কচ্লাতে কচ্লাতে বলতে লাগল-মেৎমান, মেহমান্। আমি ওয়ে রইলাম, থক্ষকারের মধ্যে ভারা চলে গেল। কুটার-श्रः नात्र गर्था (कछ षार्ष्क राल गर्न रुन ना। नराहे वाहेरत्रत छेशान कर्णा हुरम नांচरक वरन मरन रुन। शैरिक शीरक मानन ७ त्वरक करनरक। की সুন্দর সরল খনাজ্যর বন্য জীবন! আমার পায়ের ক্ষতগুলো টাটিয়ে উঠেছে, সারা শরীরে বাধা। মোহাস্তকীর কাচ হতে দৌড়ে পার্বভাপতে পাথরের চাঙড়ে ঠোকর খেতে খেতে আসার ফল! থামি শ্বয়ে শুয়ে ভাৰছি— महूत भूर की मुन्द कथां है 'यह गान्'। (म कात्र काह् इह उरे उर्द শক্টি শিবেছে। হিলুখানীরাও এই শব্দ আক্ছার ব্যবহার করে থাকেন। বেহমান শব্দের অর্থ পরদেশী আল্লায়। অভিথিকেও আল্লীয়ঞানে সমাদর কর। হয়। 'অভিথি শব্দ মনে আসতেই মোহাওজীর ওঘবতীর গল্প মনে পড়ে গেল। चुनाम्म यन ভরে গেল। 'অভিথিকে নিম্নে সহাস্যে পাশের ঘরে চুকে গেল' কামোনান্তা निर्लब्जा ! कामिनीत মুখের ভাষাগুলি হল — তথেতি' মর্থাৎ তাই হোক। 'ততো বিহ্ন্স', তারপর 'সহাস্যে'—জগন্য। মহবি (वन्यारित्र कन्य हर् के ब्रक्य भागकश क्यन लिया हर भारत ना, নিশ্চরই কোন পুরাণকার বা তথাকণিত পণ্ডিত নিজের যৌনবিকার হজে এই রক্ম খোস্ গল্ল রচনা করে প্রক্রিপ্ত করে দিয়েছে মহাভারতের মধা।

আমি জপে মন দিলাম। বলে বলে সন্ধাক্তিরা সারবার জন্য উঠে বসলাম, কিন্তু বেশীক্ষণ বলে ধাকতে পারলাম না। আবার করে পড়ে জপ করতে লাগলাম। জপ শেব করে ঘুমাবার চেন্টা করলাম, কিন্তু সর্বালে যন্ত্রণার ভন্ম ঘুমাতে পারলাম না। বাইরে তখন নৃত্যের তালে তালে তীল নারী-পুরুষের বৈত্ত সংগীতের মহলা চলেছে! তারসঙ্গে প্রাণ্থোলা হাসির লহর।

আমি ভাবচি, অথচ এই ভীলদের সম্বন্ধে কত বিকৃত তথাই না তনে এসেছি! এর। নাকি লুটেরা, নিষ্ঠুর ও ভরংকর। অভাবের ভাড়নার, নিরম অভুক্ত স্ত্রী পুত্রের মূধে খাভা যোগাবার জন্য হরত কখনও কখনও ভীলরা দল বেঁথে লুটণাট করে বাধা পেলে আঘাত হানে কিন্তু সেইটাই ভীলদের একমাত্র চারিত্রিক বৈশিষ্টা নয়। কোন জাতের মধ্যে চোর ভাকু বা লুটেরা নাই ় এ পর্যন্ত আমি যত ভীলের সাক্ষাং পেরেছি তাদেরকে ত আমার তত নিষ্ঠুর বা ভরংকর বলে মনে হয় নি। বড়বানী পেরিরে আসার সময় যে ভীলরা আমাদের কাচে এসেছিল, ভারা মুখে মৃক্ মুক্ করেছিল অর্থাৎ 'রাখ রাখ' বলছিল। মোহাক্জী কিছু বাজরার আটা এবং করেকটা সুঁচ দিতেই তারা সন্তুট্ট হরে চলে গেছল, কারও অলম্পর্শ করেনি! এইনর এলোমেলো চিন্থা করতে করতে আমি ঘুমিয়ে পড়লাম। যথন ঘুম ভাঙল, তখন সকাল হয়ে গেছে। উঠানে এবং প্রভাকটি কুটীরের দাওয়ায়, কুটীরের মধোও নারী-পুরুষ ঘূমে ফাচৈতলা। কত রাত্তে যে তারা ঘুমাতে এসেছিল, আমার তা জানা নাই। আমি প্রাতঃকৃতা সেরে ফেলার জন্য গামভা নিয়ে তাদের সেই পূর্বদিকের পাঁচিলের ফাটক দিরে 'পোগা পোমা গাঢ়ার' খারে গিরে পৌছালাম। পাছাড় থেকে বনের চল এদিকে নেমে এসেছে বটে তবে গাছপালা তত ঘন নয়। সূর্যোদয় এখনও হয়নি। স্বচেরে আশ্চর্য হলাম আমার শরীরের অবস্থা দেখে। महीदत्र वाथा यद्यना किंछू नारे। यत्न इष्ट्र भारतत्र क्र व्यवः नर्वाद्य प्रश्रना কাল ভোগ করেছিলাম সে যেন অন্য কোন শরীরে হয়েছিল। গ্রম জলের नटक कि नजानाजा य विभित्त नित्तिहिन, जात चलाभार्य अन दिश्य चावि অবাক হলাম। হার, এইসব লভাপাতার ওণ এবং ক্রিরা পাছাড়ী জংলীদেরই कांना बहेन, कानकरम नृश्च रस यारि, बनायन ७ एडवक उद्युविদ् शरवयक পণ্ডিতদের হাতে এই বিভা পড়লে কি ভালই না হত !

यायि अत्नक्कन धरव ज्ञान कवनाय (गई नानाव बाद करन । मूर्रशाम्ब राष्ट्र , त्या किहूते। पृद्ध प्रथण शास्त्र, शाशास्त्र छन्द्र प्रिक्ष अकते। वर्श বরে আসছে। ঝর্ণার জলে প্রভাত-সূর্যের উদয় রশ্মি পড়ায় মনে হচ্ছে খেতভোতির লহর খেলছে। সেই ঝণার জলেই সৃষ্টি হয়েছে পোগা পোমা গাঢ়া। সৃথাৰ্ব্য তৰ্পনাদি সেৱে যখন ফিরে আগছি, তখন দেখলাম কয়েকজন त्यस शुक्र अकठा भानगारहत छनात्र अकठा छिनि अतः अकठा नाशत्रक নানারকম বুনোফুল দিয়ে সাজাচ্ছে। পাথরটা দেখতে মোটা একটা শিবলিলের মত। সিঁদুর লেপ্টে লেপ্টে তার এমন অবছা যে সেটি প্রকৃত শিবলিক কিলা তা চেলার উপায় লাই। চিবিটাও অভুত ধরণের, मूत्र (थरक (यहारक अकहा हिवि वरन मरन स्टब्रिस्न, कारक शिरत्र रम्थनाम তার সংখ্যা সাতটি। চিবিগুলির নিচে গর্ড। আমি বেশীকণ দাঁড়ালাম না। হৃটি কুঁড়ের মাঝখান দিয়ে আমার থাকবার স্থানে খাটরার কাছে গিরে পৌঁছলাম। এখন সেখানে কেউ শুরে নাই। যে যার কাজে বাল্ড। ভিতে গামছা বোদে মিলে দিয়ে খাটিয়ায় বলেছি, মনে মনে মংকল্ল আঁটছি, দেখি একবার লছুকে বলে যদি জললের পথে কতকটা এগিয়ে দেয়, তাহলে এখনই এদের কাছে বিদায় নিয়ে হাতানোরা কুজাসংগ্যের দিকে যাত্রা कत्रव । यनि त्रिथात्व नात्रा महाामीत्मत्र नतम त्या एता यात्र छान नष्ट्रवा নৰ্মদার কিনারে একবার পৌছাতে পারলে একা একাই পরিক্রমা করব। এইসৰ ভাবছি আৰু গাঁঠরী বাঁধছি, এমনসময় লছু ও বুধন হুজনেই আমার কাছে এসে পৌছালো। ভাদেরকে আমার মনের সংকল্প অনেক কটে বুঝিয়ে দিতেই তারা একসলে হাতনেড়ে প্রবল আপত্তি জানাল। বার বাড়ীতে আছি, সেই বুড়ো ভীলকে বছু আযার মনের সংকল্প জানাতেই সেও দৌড়ে এসে আপত্তি জানাল। লছু বারবার বলতে লাগল, দার্হা. नाई।, किया, किया मानवा। जाव जाडा जाडा नः किश्व हिली वादका ব্ঝলাম যে, সে যে শব্দগুলি উচ্চারণ করল সেগুলো ভাদের এক একটি ( विकास नाम । वाक जारनद त्वरजाद शृका हरत । जेरनरवद विन । कारकर আৰু আমাকে ভারা কিছুভেই যেতে দিবে না। পরিবর্তে ভারা ভখনই আমাকে বাইরে ভাদের পূজার জারগার নিয়ে বেভে চাইল। আমি कमधनुष्ड नर्मण पर्नन करत छाएवत गरक बाहरत अनाम। नमख आवन মেয়ে পুরুষ বালক বালিকাতে ভরে গেছে। একজন লোককে দেখলায় মাধার একটিমাত্র জটা, গলার নানারকম পুতির মালা ছ্ছাতে ছাড়ের মালা মত্ত অবস্থাতে নিজের কপালে সিঁদ্রের কোঁটা কাটছে। শুনলাম সেই নাকি পুরোহিত। ভাদের প্রভাক দেবভার কাছে কিছু ফলমূল, বাজরার রুটি, ভিলের নাড়ুর মত কভকগুলো লাড্ড, নৈবেছ হিসাবে সাজানো হরেছে। প্রভাক দেবভার কাছেই ভিনটে করে কালো পাঠা, ভিনটে করে ভেড়া এবং ভিনটে করে মুরগী বাঁধা আছে। একটা মহিষ্প বাঁধা আছে দেবলাম। ব্যুলাম এই নিরীহ প্রাণীগুলোর আজ প্রাণ যাবে!

লছু আমাকে প্রথমেই নিয়ে গেল শালগাছের গোড়ায় সিন্দূর লিপ্ত লেই শিবলিলের কাছে। লছু পরিচর দিল—জটিয়া, ভূতপ্রেতদের রাজা। লছুর কথায় ব্ঝা গেল, এই দেবতা তাদেরকে ডাকিনী ও ডাইনীদের হাত থেকে রক্ষা করে। মনে মনে ভাবলাম যে রূপেই হোক ভীলদের মধ্যে শিবই এইরূপে পূজা নিচ্ছেন। কারণ শিব জটাধারীও বটেন। সেই পুরোহিত প্রথমেই এই দেবভারই পূজা করতে বসলেন। মাথা ঝাঁকাতে ঝাঁকাতে নানারকম প্রবাধা মন্মে ফুল ও সিন্দূর দিয়ে পূজা করে পুরোহিত একটা মুরগীর মুগু হিছে রক্ষ চিটাতে লাগল জটিয়ার উপর। পূজা আরম্ভ হতেই মাদল বাজতে লাগল, মেয়ে পুক্রবরা নেচে নেচে ভীলদের ভাষায় গান সূক্ষ করল।

লছু এবার ফামাকে নিয়ে গেল তাদের বিতীয় দেবস্থানে অর্থাৎ পূর্বোক্ত সাঙটি ছোট ছোট ভিবির কাছে। নাম বলল দাহাঁ'। চিবির নিচে যে গর্ত তাতে কোট ছোট শুকনো কাঠের টুকরো ভরা ফাছে। সেই পুরোহিত টলতে লৈখানে এসে প্রত্যেকটি চিবির নিচে আগুন আলল। এই দেবতার কালো ফুল ছাড়া পূজা হয় না। পুরোহিতকে দেখলাম চিবির উপর কালো ফুল ছাড়া পূজা হয় না। পুরোহিতকে দেখলাম চিবির উপর কালো ফুল ছড়িয়ে দিয়ে আগুনের মধ্যে ময় আগুড়াতে আগুড়াতে বি এবং ধূনা ছড়িয়ে দিতে। পুরোহিত দাঁড়িয়ে দাঁড়িয়ে এইভাবে পূজা এবং হোম সারল। দার্হাকে নাকি দাঁড়িয়ে দাঁড়িয়েই পূজা করতে হয়। দাঁড়িয়ে দাঁড়িয়েই একটা মুরগীর মৃশু হিঁছে তার বক্ত চিবির উপর কিছুটা ছড়িয়ে দিয়ে টিবিকে বেন্টন করেও রক্ত ছড়ানো হল। লছু বাাখা। করল, এইভাবে ভূতিনী প্রেভিনী প্র ডাকিনীকে 'আটকাবন্ধনী'

বেওরা হল। আগামী একবছর ভারা মার ভাদের উপর কোনমতেই 'ভর' করতে পারবে না।

দাৰ্হার পূজা শেষ করার দলে সলে পুরোহিত সেই টিবিওলোর কাছ হতেই গড়িরে গড়িরে গিরে পৌছাল তাদের তৃতীর দেবতার কাছে। দেখলাম একটা লাঞ্লের মূড়া পোঁতা আছে। তাতে বি দুর মাধানো আছে, লাঞ্লের মৃড়ায় ফুলের মালা গুলছে। লছু জানাল এই দেবভার নাম-মালরা। ভয়ে ভয়েই পুরোহিত এক ভাঁড় মদ হাত বাড়িয়ে লাললের মুড়ায় চেলে দিল। তারণর দাঁড়িরে পড়ে পুরোহিত উহ্ববাহ হয়ে আকাশের দিকে কুৰ দৃষ্টিতে তাকিয়ে কি সব মন্ত্ৰ পড়তে লাগল। মাদলের বাজনার সদে নারী-পুরুবের নাচ যেন আরও উদ্ধাম হয়ে উঠল। আমি ইলিতে জল খাবার অজৃহাতে বরের উঠানে খাটিরাতে গিরে বসলাম। খাটিরাতে বসে বলে পাঁঠা এবং ভেঁড়ার আর্তনাদ গুনতে পেলাম। বুঝলাম, সেগুলোর বলিদাম পৰ্ব শেৰ হল। বেলা প্ৰায় একটার সময় তাদের পূজা শেৰ হল। পূজা শেষ হবার সভে সভে ছটো ভূটা পৃঞ্জিরে সেই রন্ধ ভীল আমার কাছে নিয়ে এল। তার সলে চুটো মেটে আলুর মত ফল। আমাকে ইসারা করে ভানাল যে হাল হাড়িয়ে খেতে হবে। শাকালুর মত হাল হাড়িয়েই আমি (थमाम। त्रांक नौकानुत मण्डे मिकि। जुड़ी इत्हो बतन वतन हिवानाम। পূকা শেব হয়ে গেছে, কাজেই দলে দলে মেরে পুরুষ যে যার বরে ফিরতে লাগল। সবাই ফিরল টলতে টলতে। প্রত্যেকেই আকণ্ঠ মদ ও ইেডিরা গিলেছে। অনেকেই পূজার স্থান হতে ফিরতে পারেনি। সেখানেই নেশার त्वादत्र शंखांटकः।

আমি খাটিয়াতে চোৰ বছ করে ওয়ে ওয়ে সারা বিকেলটা কাটিয়ে দিলাম। বিকেল প্রায় পাঁচটার সবর উঠে বাইরে বেরিয়ে সেই পোগা পোমা গাঢ়ার দিকে হাঁটতে লাগলাম। তিন চারজন বুড়া বাইরের উঠানটা পরিজার করছে। জল দিয়ে মুরগী, পাঁঠা ও ভেড়ার রক্ত পরিজার করছে। একের পর এক কুঁড়ে বরগুলি পেরিয়ে বেতে বেতে দেখলাম, অধিকাংশ নেয়ে পুরুষ যে যার কুঁড়ের মধ্যে বাক্লেও এখনও প্রার পাঁচজন পুরুষ ইেড়িয়ার নেশার ল্যাংটো হয়ে পড়ে আছে। ভারমধ্যে সেই পুরোহিভ মলাইও আছেন। আমি নালার নেমে ঝণার জল পেট পুরে খেয়ে বলে

बाकनाव। आत्र चकाबानिक राम बाकात शत रमधनाव शक्तिय मिशरख मुर्गरमय वूं के পড़েছেन, তার মানে नक्षा। হতে আর দেরী নাই। অন্তগানী সূর্বের রক্তিম রশ্মি পার্ছাড় ও বনের বড় বড় গাছের চূড়ার পড়ার সমগ্র জঙ্গলের পরিবেশ অপরূপ নারাময় হরে উঠেছে। আমি সেধানে বদেই সন্ধ্যাহ্নিকে यन किलाय। यथन छ। त्यव रुल, ७ थन हार थूल किन, हात्रकि कक्षकाद ঢেকে গেছে। আমার মনে ভর দেখা দিল, যতই হোক, আমি এদের नौिंहित्नत वारेदा वाहि, हिछावाव, त्वराष्ट्र अष्ट्रि मह्या त्वर्याह त्वर्य अरे নালায় তল খেতে আগতে পারে। আমরা সভা জগতের অধিবাসী, व्यवकातमञ्ज बनाबीत मुख्य कामारमत कार्र्ड श्रष्टीत ७ मुक्तत बर्ट, किंख अ অমুভূতিও ছাগিয়ে দেয় যে এ স্থান আমাদের পক্ষে বিদেশ। এখানে লছু বুধন প্রস্তৃতি বা তাদের বাড়ীর মেয়েরা বচ্ছদে ও নির্ভয়ে ভ্রমণ করতে পারে, বন্য কার্পান হতে মোটা কাপড় গামছা বুনতে পারে, এরা গভীর বন থেকে কল্মুল আহরণ করে কুলিরতি করতে পারে, এরা কর, ছতা, মহুয়া প্ৰভৃতি গাছের বীক সংগ্ৰহ করতে পারে। যোটা চালের ভাত রেঁধে তাকে त्वारि क्रिक्त তাতে वाधव अकृष्ठि शाइका मिनिया (हँकिता रेजरी करत, ভাই বেল্লে বিশ্বভূবনের সব দৃংব মৃত্ত্তে ভূলে যেতে পারে। একথানা কুডুল वा ठीकि टाटा थाकरम अरमत स्यात्रता वाच, छानुरकत मरक मनग-नग महारे করতে পারে, কিন্তু আমাদের মত লোকেদের যাদের শরীরে সভাজা নামক রোগ-জীবাণুর অনুপ্রবেশ ঘটেছে, ভাদের পক্ষে এ স্থান অন্তভঃ এই সন্ধ্যাকাল निक्तंत्रहे ख्वावह। व्यामि উঠে পড़लाम। कांठेक नित्त्र हुक्छ यादा, धमन नमञ्ज कात्र भारतत मन अरन वामि हमरक डिर्रमाम । 'महू महू (हा' এই বলে লছু আমাকে সাড়া দিল। তার ভাঙা ভাঙা খাপছাড়া হিন্দী ভাষা क्टर व्यामां या, मक्का। बरम श्राह्म च्या कार्क कार्क स्थामा चार्क श्राह्म त्म ফাটক বন্ধ করতে আনে এবং আনাকে দেখতে পায়। আমি চোখ বন্ধ করে চুপ করে বসে আছি দেখে সে বুঝে নিয়েছে আমি নিশ্চয় জটিয়া বা মালরা দেবতার পূজা করছি। সে এর আগে বলে বা পাহাড়ের গুহার **এरेबक्य च्यानक नाश्रक काय रह काब राम शाकाल एएरवरह किना**! च्याव चानि त्व कवित्रा ना मानवावरे शृका कवित्र, छात अ नावनाव कातन, कवित्रा বা বালরা ছাড়া আর কোনও ও ধেবতা নাই! ভূতে ধরলে ওবে ও লোকে

'দার্হাকে' ডাকে! খামি ডার কথার কোন জবাব দিলাম না। লে ফাটক বন্ধ করে আমাকে সঙ্গে নিরে চলল সেই বুড়ো ভীলের আন্তানার। প্রত্যেকটি কুঁড়ের মধ্যে ছেলে, মেরে, নারী, পুক্ষরা আনম্পে কলগুলি করছে। ডাদের এই আনন্দ কলরবের কারণ লছু জানাল, গুপুরে যে পাঁঠা, ভেড়া, মহিৰ, মুর্গী প্রস্তৃতির বলি হরেছিল স্বাই সেই মাংসের ভাগ পেরেছে।

খাটিয়ার কাছে এদে দেখি ভাঁড়ের মধ্যে করঞ্জার ভেলে ভূলো ভূবিয়ে 'একটা বাতি আলা হয়েছে। ব্ধন সেধানে বলে আছে। একটু পরেই দেধলাম, করেকজন যেরে পুরুষের গঙ্গে বুড়ো ভীল আসছে টলতে টলতে। লছু ও व्धन किन्किन् कदब वनन-वारु नर्गात । पुश्वत दननात एगत अथनक कार्टित উঠতে পারে नि। বুড়ো এসেই আমার খাটিরার কাছে এসে মাথা ঠুকতে লাগল। সকলেরই মুখ থেকে ইেডিয়ার বিদ্বৃটে বটকা গদ্ধ ভেসে আসছে। লছু তাকে ধরে আমার কাছ হতে দূরে বসিয়ে দিল। পছু তার সংক্ষিপ্ত ভাঙা ভাঙা হ-চারটি শব্দে যা বলল, তার মর্ম এই ব্যলাম যে, আমি প্রদেশী মেহমান এখানে রয়েছি অথচ ভারা 'নিশা' (নেশা ) করেছে বলে এই ভীল পল্লীর ববাই ভোর 'ছুমা' মাগছে। 'ছুমা' শব্দটা জড়িয়ে জড়িয়ে এমনভাবে উচ্চারণ করল যে আমি শুনলাষ 'চুমা'! আমি বাবচ্ছে গেলাম, বেটা বলে কি ! এতগুলি যেয়ে পুরুষকে চুমা দিতে হলে ত আমি গেছি আর কি ! ভারচেরে এদের যেসব নিষ্ঠুর আচরণের গল্প শুনে এসেছি, এরা যদি আব্দ यामात नर्ज रमहेत्रक्य यात्रनिष्ठं करत, यामात नर्वकडू रकरफ निरम पाष्ट्रभाका দিয়ে এই রাতে ফাটক খুলে দূর করে দেয়, তাও বরং সইতে পারব। আমি বিপন্ন মূখে লছু ব্ধনের দিকে তাকাতেই তারা গ্রন্থনে মিলে 'ছুমা' 'ছুমা' বলতে বলতে 'ছমা' শব্দটা উচ্ছারণ করতে পারল। আমি বুঝতে भावनाय नाक नतीत नकरनद स्टब यानाव कारक क्या धार्यना कतरह। ৰন্তির নিঃখাস ফেলে আমি নানারক্য আকার ইন্দিত করে বললায়--কোন বাত ৰেছি, কোঈ বাত ৰেছি। অৰ্থাৎ পূজা এবং উৎসবের দিনে একটু-আধটু 'নিশা' করলে কোন দোৰ হয় না। পছু আমার ভাব ও ভাবা ভীল ভাবায় ব্ঝিয়ে দিতেই বুড়ো এবং আর সকলেই আনলে নাচতে আরম্ভ করে দিল अवर वशांत्रीकि त्वभाव होन गांवनाटक वा श्राटक **नव**ण्यादक किएत सह পপাত ধরণীতলে।

अक्रे प्रवह नगरे वातात बीटत बीटत शक्त स्टब डिटर्ड वनन । मुर्याग বুঝে আমি বাচ় সর্লারকে বললাম - সংবদে হাতনোরা বাত্রা করেলে। কেউ আমার সংক গিয়ে পথ কতটা এগিয়ে দিয়ে এলে ভাল হয়। পঢ় মামার वक्रवा छीन् छात्राञ्च वृत्कादक वृत्विद्ध निरम् वृत्का दकान क्रवाव निम ना, চুপ করে বলে রইল। ভার কণালে গভীর কুঞ্চরেখা ফুটে উঠেছে দেখে ভাবলাম, আমি এমন কি গভীর চিন্তার কথা বললাম ! আমার মনে পড়ল আমাদের গাঁৱে গাঁওতাল পল্লীর একটি ঘটনা। আমার ক্ষমন্থান কালিয়াড়া গ্রামের কাছেই একটি সাঁওভাল পল্লী মাছে। গ্রামটির নাম দক্ষিণ চেকিয়া। ভোটবেলা রোজ বিকালে সেধানে আমরা ফুটবল ও হাডুড় খেলতে খেভাম। সেবানে **যাঠ ভাল, কালিয়াড়া, মুনিবগড় ও দক্ষিণ** চেকিয়ার কয়েকটি नैं। अजीन (इंटन याता नवारे खायादनद नहलांग्रे, नवारे यिटन खायदा तिरे মাঠে বেলভাম। দক্ষিণ ঢেকিয়ার চামটু সর্দারের ছেলে পাঁচুর সলে ভৈত্তৰপুৱের টুভন সাঁওতালের মেয়ের বিত্তে হবে। তার পাকা দেখা এবং পাকা কথাবার্তা বলতে এদেছে টুডন। চাবটু দর্দাবের বাড়ীর উঠানে সাঁ এতাল পল্লীর মাতক্ষররা গোল হয়ে বলে টেড়িয়া খেতে খেতে কথাবার্তা চলছে। পাত্ৰের বাবা হিসাবে চাষটু বলছে বেরের বাপ টুডনকে---

त्वहाहे, त्यांत्क मणहे। त्यांत्रश मिटल हत्वक व।

हुं छन--शं नित्वक वटते ।

চাষ্টু—বেহাই, ছটা হেলা গ্ৰু (লাক্স করতে পাবে এমন দাম্ছা গ্ৰু ) দিবিক।

हु छन-ए। मिरवक बरहे।

চামট্—আমার পাঁচুকে ভূই একটা সোনার আংটি আর ভোর মেরের গলার চাঁদির ইাসুলী আর ভোড়া দিতে হবেক। এক চুমুক ইেডিরা গিলে নিরে গিয়ে টুডন উত্তর দিল—ইা দিবেক বটে।

চাষট্—বেহাই রে বেহাই, ভূই আমার একটা মাত্র পেরারের বেহাই, ভূই আমাকে দশ-কৃড়ি টাকা আর হুটা পাঁঠি দিবিক।

টুডন—হাঁ দিবেক বটে। তবে তোকেও একটা বাত রাখতে হবেক। বে সময় সাঁওতাল মাতক্ষররা সেখানে ইেডিয়া খেতে খেতে উভর বেয়াই-এর কথাবার্তা ওনছিল, তারা এবার একসলে বলে উঠল—ভাডো চামটুকে শুনতেই হবেক। দশটা নয়, পাচটা নয়, 'হুই একটা জিনিব যাংগছিস্ বটেক। গাঁয়ে বিচায় আছে না ? পঞ্চায়েং আছে না ? ভুই টুডন বপেই ফেল্। চামটুকে ভোৱ একটা কথা ৱাখতেই হবেক।

তখন টুডন বলে উঠপ---ই। धामात একটা কল।। বেহাই, আমি কিছু দিতে লাবব ৰটে!

বাঢ় সদীরকে নীরব দেখে আমি ঐ ঘটনার কলা ভাবতে লাগুলাম।
কি জানি, এইসব বুনো লোকদের মতিগতির দ্বিরতা নাই, যদি হঠাৎ বলে
বলে কাল সকালেও মেতে দিতে 'লারব', তাহলে ও বড় মুশকিলে পড়ব।
একে ত তিনদিন হয়ে গেল মা নর্মদার ধারা চোখে দেখতে পাছিছ না,
নর্মদা কিনার থেকে অনেক দূর এলে পড়েছি, আবার ফদি ভাটকে থাই,
ভাবলে আমার পক্ষে তা তুঃসহ হবে। কিন্তু আমার এ চিন্তা যে অমূলক,
একটু পরেই তা ব্যতে পারলাম। বাঢ় সদার আগামীকাল সকালে রোদ
উঠবার সঙ্গে সজে যাত্রা করবার সন্মতিই শুধু দিল না, সজে হতুম জারী
করল, লছু এবং বুধন আমাকে কাতনোরা পর্যন্ত পৌছিয়ে দিয়ে আসবে।
আমি হাসি দিয়ে আনন্দ প্রকাশ করলাম এবং ধন্যবাদ জানালাম।

লছু ত ব্ধন বাচ দর্গার এবং অন্যান্য দ্বাইকে ধরে ধরে ওাদের থরে পৌছাতে গেল। তাদের চলার পথের দিকে একদৃটো তাকিয়ে থাকলাম। আমাকে চমকে দিয়েছে এদের প্রাণোচ্চল বলিষ্ঠ বাহা। বিনা হুনে, বিনা তরকারীতে মোটা কবড়া চালের ভাত, বাজরার আটা, জললের কলম্ল, মেটে আলু এবং ছুটা চিবিয়ে কি করে যে এমন লোহ দৃচ শরীর বাছা হয়, তা থামাদের বৃদ্ধির অগমা। অরণা ও পাহাড়ের রহ্মা অরণাের গোপন অন্তরালেই প্রচ্ছা বাকুক, আমি এখন খাটিয়াতে আগ্রা নিই।

আমি গুরে পড়লাম। জপ করতে করতে শীঘ্রই ঘূমিরে পড়লাম। ঘুমের মধোই যেন দেখছি—যেন সকাল হয়ে গেছে, আকালে অরুণোদর হছে। সেই লালবর্ণের সূর্য ধীরে ধীরে দিকচক্রবাল থেকে নেমে এনে আমার চোখের লামনে হির হয়ে দাঁজাল। লে কি! সূর্যের ভিতর থেকে বেরিয়ে আসছেন মহালা লোমানক্ষমী! সেই ঝাঁপড়া ঝাঁপড়া চুল আর ছোট ছোট জটা ছিলিয়ে তিনি আমার কাছ হতে প্রায় পাঁচ হাত উচ্তে শ্রে দাঁড়িয়ে বলছেন—বামুন ছাানা! হাঁবে বোকারাম কে তোকে বলন যে, ভুই নর্মদার

কোল হতে দূরে মাছিস্? হাঁরে হাঁ, তিনি এখানেও আছেন। আছেন ভাবলেই আছেন, নাই ভাবলেই নাই। মা আমার স্বপরিবাাপ্তা।

> हाँ करहा फ हिरम, नाहि कहा ना यात्र। हाँ-नाहिरक विष्ठा माग्री बहा समाग्र॥

কিছুক্রণ চুণ করে দাঁড়িয়ে রইলেন। আবার ক্ষুরিত হল তার কঠবর:

- ভালবাসার ঘাটে কোন অপরাধ করতে নাই। নিঃষার্থ ভালবাসার
  খণ কেউ কথনও মাপতে পারে না, কেউ তা পরিশোধও করতে পারে
  না। বুড়ো নাগাটা ভোকে ভালবাসে। সকালে উঠেই চলে যাবি হাতনোরা।
- আবার তিনি নীরবে মাধা দোলাতে লাগলেন। আবার ভেলে এল তাঁর কলকণ্ঠের ধ্বনিঃ
- ওরে ভোর মেকাক দেখে হলাম ভেকা, এমন করে যার না ত রে

   কুল রাখা। হৃংখের কথা বলব কি, হারিয়ে গেলে পাবিনে ঘি, দেখে

   ভনে হলাম বোকা।
- আমার এ কথাটি মনে রাখবি, মাঝে মাঝে চেয়ে দেখবি, রস পাবি
  মধু পাবি—ভাঙা বরে পাঁচিল পড়ে, জল ঝরে যায় রোখা চোখা, তা দেখে
  বুড়ো কাঁদে, খুকী কাঁদে, চেঁচিয়ে উঠেন কচি খোকা।
- চেয়ে দেখ্, ধ্বরে তুই চেয়ে দেখ সড়ক্ পানে। ফুটেছে সোনার ক্ষল, চাঁদ চেয়ে সে নির্মল, ঝাপিয়ে পড়ে ধর্ না ভারে, ভখন ফাপনি আলোক ঐ বিমানে।

ধীরে ধীরে সেই স্থিগোলক সর্ সর্ করে উঠে গেল আকাশের মধান্তলে।
আমার ঘ্ম ভেলে গেল। থেমে নেরে গেছি একেবারে। উঠে বসলাম।
বন্ত মোরগ ভাকছে, আকাশের দিকে তাকিরে দেখি সেখানে আধফালি
টাদ কোনমতে এখনও জেগে আছে। সকাল হতেই আমি প্রাতঃক্তা
সারবার জন্ত পাঁচিলের প্রদিকের ফাটক খুলে পোগা পোমা গাঢ়াতে
গেলাম। ভীলপলী এখনও নিঝুম আছে বলে মনে হল; অধিকাংশ নারীপুরুষ এখনও নিজিত। উৎসবের জের হিসাবে গত রাত্রেও তারা জনেক
রাত্রি পর্যন্ত মাদল বাজিরে নেচেছে এবং ইেডিয়া খেরেছে। নতুবা এইরকম
ধারা তাদের নিত্যকার অভ্যাস নয়। খুব ভোবে উঠে তারা পাহাড়ের চালে

পাথর কেটে ভমি প্রভাত করে, মাথার ঘাম পারে ফেলে হাড়ভাঙা পরিশ্রম করে এই অনুর্বর পাথুরে ভমিতে তারা বাজরা, কালো মোটা ধান, তাদের ভাষার 'কংলী ভটা' এবং ভূটা ফলার। আমি খাটিরার কাছে গিরে দেখি লছু এবং বৃধন একেবারে যোদ্ধবেশে তীর-ধনুক ও বর্গা হাতে নিরে বলে আছে। পরণে নেংটি, হুজনেরই কোমরে তালপাতার বোনা চওড়া পেটি, তাতে পিছনদিকে কোমরের কাছে একটা লোহার আঠো, তাতে হুজনের হুটো হোট পুটলী ঝুলছে। অনুমানে ব্রালাম পথের বাবার। আমি বাঢ় স্বর্দারের কাছে বিদার নিরে যেতে ইচ্ছা প্রকাশ করেছিলাম, কিন্তু লছু ও বৃধন তথনই যাত্রা করার জন্ম উদগ্রীব। তার ভাঙা ভাঙা হিন্দী বৃলিতে যা ব্রালাম, তার অর্থ হল—গত রাত্রেই ত বাঢ় স্ব্রার এবং আর স্বাই 'বিদা' জানিরেছে, আর দেখা করার দরকার কি পুতামি আর কথা বাড়ালাম না। আমাকে মান্যবানে রেখে, তারা পূর্বদিকের ফাটক দিয়ে যাত্রা আরম্ভ করল 'পোগা পোমা গাঢ়ার' পাশা দিয়ে। তথন সূর্যোদ্য হয় নি।

মিনিট দশেক হাঁটার পর পূর্বদৃষ্ট সেই গোলাকৃতি, মোচাকৃতি, লিলাকৃতি খন বনে ঢাকা পাছাড়ের চূড়োগুলো চোখে পড়ল। আমার ভর হল এই ভীল পরীতে দেদিন আলার সময় খেনন মসৃণ স্টলো বকের উপর দিয়ে হাঁটার ফলে পা কেটে রক্জাক্ত হরেছিল, আকও প্রায় সেইরকম দশা হবে! কিন্তু তা হল না। তারা পাহাড়ের ঢাল দিয়ে অন্য একটা পথে হেঁটে রকের উপর এমন এক জারগার নিরে এনে পৌছল, যেখানটা দেখতে পাছাড়ের উপর এমন এক জারগার নিরে এনে পৌছল, যেখানটা দেখতে পাছাড়ের উপর একটা সমতলভূমি, টেবিলের মত। সেখান থেকে চারদিকে চেয়ে আমার মনে হল পৃথিবীতে বন ছাড়া বৃথি আর কিছু নাই! এই সময় আকাশের দিকে তাকিয়ে দেখলাম সূর্যোদ্য হয়ে গেছে, রোদের সোনালী কিরণ পড়ে সমগ্র বনভূমি উন্তাদিত হয়ে উঠেছে। মনে হল, স্তিকার বনেয় অপরণ সৌন্ধ্র কেউ যদি হুচোৰ ভরে দেখতে চার, তাহলে তার এই রকম একটি স্থানে আলা ভাল।

সেখান থেকে লছু দেখাল একটু দ্রেই পাহাড় থেকে গুদিকে জলের ধারা বয়ে যাছে। একটি ধারা চলেছে ভাদের পল্লীর দিকে, এই ধারাই ভাদের গাঁরে গিয়ে পোগা পোমা গাঢ়ার সৃষ্টি করেছে, আর একটি ধারা বারে চলেছে উল্টো দিকে। লছু বলল—'কুভা'। উৎরাই-এর পথে বেল কিছুটা জন্দ পথে নেবে যাওয়ার পর সেই কুকা ধারা প্রায় পঞ্চাশ-ষাট ফুট চওড়া হয়ে বরে চলেছে ধরবেগে। এইটাই কুকা নদী। লছুর কথার বুঝলাম, এই জলপ্রোত ছোট পাহাড়ী নদীর আকারে বরে গিয়ে যেখানে নর্মার সচ্চে গিয়ে যিশেছে সেই স্থানেরই নাম হাতনোরা।

उरतारे- अब शर्थ के शाराफ़ी निवाब थात श्रावता है।हेट लागनाम। हा। निनीत क्रे बारवरे यन वन। आज मारेल क्रे यावात शत शरथ पृत (४८क দেখতে পেলাম তিনজন লোক আসছে। তাদের দৈহিক গঠন এবং সাজ-मञ्चा प्राप्त उपनिवर्ष कीन वर्षाहे गर्भ हम। काहाकाहि हरछहे महू उपनिव একজনকে তার মাতৃভাষার জিজাসা করল 'অকাতে বাঙ্চালা কানা।' তাদের কাছ হতে উত্তর এল- 'দহি'। লছু তাদেরকে বলল যে ভারা দহি (थरकरे धामरह। महिरा कांत्र वाफीरा घारव वनरा तमरे लाकि कानान —'মট্রা'। শছুর দিকে শশ্রা দৃষ্টিতে তাকাতেই শছু আনাকে হাঙা ভাঙা হিন্দীতে অনেক কসরৎ করে বুঝাতে পারল যে, ঐ লোকগুলি তাদেরই ৰজাতি। তাদেরই সাঁয়ে মইরা ভীলের বাড়ীতে যাচেছ। তারা মট্রার কুট্ম। কাজেই শছু বুখনেরও কুটুম। পরস্পর পরস্পরকে শালপাভার 'চুটা' (বিড়ি জাতীয় ) আদান প্রদান করল। চুটা ধরিয়ে খেতে খেতে ध्रतिथा **धावात भाँ** गिनिहेकान निरक्षरभत्र यह किनव क्यावार्डा इन, व्याप একটু দূরে দাঁড়িয়ে থাকদাম। তাদের কথায় একটি কথা আমার জালা হয়ে গেশ থে শছু বাচ দলির প্রভৃতির গাঁরের নাম 'দহি'; দহিতেই আমি ছু রাত भव्य **भवा**ष्ट्रवेत यद्या कार्तित वात्र ।

আবার আমরা চলতে সুক করলাম নদীর ধার ধরে, আগদ্ভক পথিকরা চলে গেল দহির পথে। অনুমান করলাম বেলা বোধ হয় ন'টা বেজেছে। কিছুটা যাওয়ার পরে নদীকে আর দেখতে পেলাম না, নদী নেকে পাহাড়ের মধ্যে চুকে গেছে। লছু তার বর্লাটা আমার হাতে দিয়ে আমার লাঠিটা নিয়ে নামনের ঝোপঝাড় ঘা মেরে সরাতে লাগল। কভকওলো ছোট ছোট গাছের ডাল ভাঙা হয়েছে দেখে ব্যলাম, এই পথেই একটু নাগে মট্রা ভীলের কুটুমরা গিয়েছে। ইটবার সুবিধার জন্ম তাদেরই এই কাজ। পাহাড়ে জললে না ঘুরসে, একটা নদী যে তার বিরাট জলমোত নিয়ে সহলা এই রকমভাবে আয়পোপন করতে পারে বা হারিয়ে

থেতে পারে গিরিসফটের মধ্যে, তা এই পথের পথিক বা পরিবাদক ছাড। থার কারও পক্ষে অনুমান করা সম্ভব নয়। যাইলোক, আমরা এনে এक है। रन कल्याला मार्था अरम इंटक १६माम। दूधन धामारक ध्वमा नियान জন্য জানাল 'এক পুলা' রাভা যাত্র এই রকম জগল ২বে তারপুর জল্প শেষ। ভাল রাস্তা পাওয়া যাবে। এখানে শালগাত মাথা উচু করে দাঁড়িয়ে আছে বটে ভবে সংখার অনেক কম। ধাওয়া মেহরীন এবং বড় বড় মোঠ। মহরা গাছই বেশী। আমরা তখন মধ্যা গাছের ওলা দিয়েই ইাট্ছি সহসা বুধন পিছন থেকে 'ইপে ইপে ভাল্ল'। কিনু কিনু কণ্ঠে বলেই আমাকে হিড় হিড় করে টেনে নিয়ে করেক পাপড়ি পিছিয়ে গেল। এই আক্তিক थाकात्र आगात गाँठेती कमडल हेटाानि नव राउ (थरक १८५ (गम। मधूत দিকে তাকিয়ে দেখি, দে তখন হাঁটু গেড়ে বলে তীর চালিয়েছে, মাধার উপরে মহুয়া গাছের ভাল থেকে ঝাঁণ দিতে উভত একটা বিরাট মিশ্মিশে কালো ভালুকের দিকে। এবার্থ ভার লকা। তীর গিয়ে বি ধেছে ভালুকের বক্ষলে। তীর মেরেই সে সরে গেছে গাছের তলা থেকে। এদিকে মুহুর্তকাল দেরী না করে বুধনও ভীর মারল ভাগুককে লক্ষ্য করে, ভার ভীর গিয়ে বি ধল ভালুকের পেটে। প্রচণ্ড চীৎকার করতে করতে ভালুকটা তার বিরাট দেহ নিয়ে গড়িয়ে ৭ড়ন ঝড় ঝড় শব্দে গাছ খেকে। ছ হুটো বিষাক্ত তীরে বিদ্ধ হয়েও, গাছের ভলার পড়ে গিয়েই ভালুকটা চীৎকার করতে করতে তু হাত বাড়িয়ে ধপু ধপু করে ছুটে চলেছে লছুকে লক্ষা করে। পিছন থেকে ভার কালো লোমে ঢাকা প্রায় সাড়ে পাঁচ ফুট লগা বিশাল কলেবর দেবে মনে ছচ্ছে যেন একটা ঘটোৎকচ! বুধন ভাবার প্রাণপণ শক্তিতে বর্ণা ছুঁড়ে মারল সেই ঘটোংকচের পিঠ লক্ষ্য করে। বর্শাটা পিঠে গিয়ে বি ধতেই ভালুকটা পড়ে গেল: ভার আট দশ মনী प्राट्य हार्य अकते। यन त्यार्यन हाहे हाहे शह्माना एएए माहिन मर्प মিশে গেল। লছু ওদিক থেকে ব্ধনকে কিছু সংহতে জানাল, ব্ধন আমার राउठे। ८६८९ सदत कि इचन नैं फिट्स थाकन। आमि कांत्रने व्यानाम (य, भाषात्मत्र निष्ट्र कार्ष (शर्फ करन कानुकतात नान निरन्ने (केंटि (शर्फ हरत । यनि अथन अ तम ना यदा बाटक, छाहरण मत्रनकाम ए निए पादा अरः তখন তা হবে সাংঘাতিক। ভার মৃত্যু সম্বন্ধে সুনিশ্চিত হয়ে ভবেই ভার পাশ দিয়ে হাঁটা ভাল। মিনিট খানিকের মধ্যেই দেখলাম, ভালুকটা পেট চেপে পড়েছিল, প্রবল ঝাঁকুনির সঙ্গে উল্টে গেল বিরাট হাঁ করে। বিশাল কালো মুখের হাঁরের লাল গহরে থেকে লাল জিহ্লাটা বেরিরে পড়ল, ভার ছ পাটি দাঁত চেপে বলল সেই জিহ্লার উপর। আমিও এখন ভার মৃত্যু লহকে নিশ্চিত হলাম। ধন্য ! শূলপাণির ঝাড়ি! সমগ্র জললটাকেই মনে কলেছ কালান্তক মহাকালের মৃত্যুজাল! মনে মনে ভাবছি, বাংলা মহাভারত রচন্নিতা মহাক্রি কালীরাম লাল যিনি কর্ণের একালী বাণে নিহত ঘটোৎকচের মৃত্যু লৃশ্য বর্ণনা করেছিলেন, ভিনি যদি এই লম্ম এই লৃশ্য দেখতেন, ভাহলে ভিনি হয়ত লিখতেন

লছুর বিষাক্ত ভীর ভারা যেন ছুটে। কণ্টক সমান যেন ভল্লুকেতে ফুটে॥ ছুই বীরের অস্ত্রাহাতে ভল্লুকরাজ পড়ে। কানন ভাঙিল যেন প্রলারের রড়ে॥

যাই হোক ভালুকের মৃতদেহ পড়ে রইল রান্তার ধারে, আমরা তিনজনে এগিরে চললাম ক্রোচ্চ চড়াই পথে। সেই কুজ বা কুজা নদীর কোন চিল্ল চোথে পড়ছে না। লছুকে নদীর কথা জিজ্ঞাসা করতেই জানাল, 'নদীটা পাহাড়ের পর পাহাড় ফাটিরে এঁকে বেঁকে কথনও চড়াই কথনও উৎরাই-এর পথে চলে গেছে। একবারে নর্মদার ধারে গিরে দেখতে পাবি। আমরা নদীর জন্ম মাথা ঘামাছি না। সহজে এবং সংক্রিপ্ত পথে নিরাপদে যাতে ভোকে নর্মদা কিনারে পৌছে দিতে পারি, আমরা লেই চেন্টাই করছি। আমাকে আবার ফিরে যেতে হবে দহিতে।' ঠিক কথা! কুজা নদী নিয়ে আমাকে জাবার ফিরে যেতে হবে দহিতে।' ঠিক কথা! কুজা নদী নিয়ে আমারও কোন মাথা বাথা নাই। আমি ফিরে যেতে চাই নর্মদার কোলে। ভালুক বথের স্থান হতে আবহুকী হেঁটে যেতেই সেই চোট জললটা অভিক্রেম করতে পারলাম। পাহাড়ের চাল ক্রমে সমুভূল হচের বলে মনে হল, বড় বড় শাল, মহুয়া, সাজা গাছ এ পথেও আছে বটে ছবে একে ঠিক জলল বলা যার না। পাহাড়ের চালের কোন কোন আংশে চাব-বাগও হছে। লোকজনের কিছু কিছু বাড়ী বরও চোথে পড়ছে দুরে দুরে। কুজা নদীর রহস্তমর অন্তর্থনি ভবনও যনে ঘুটু ঘুটু করছে। কে

জানে এই রক্ষ আঁকা বাঁকা গতিপথে ভোট ছোট পাছাড়ের কৃঁছ, পিঠে নিয়ে নদীটা খাড়ালে খাবডালে বস্তে লেনচে বলেই হয়ত নদীটার নাম হয়েছে কুজা। হয়ত হাতনোরাতে গিয়ে তনও কোন রোচক কাহিনী, কোন পুরাণকার বা কথক ঠাকুর গল্প বানিয়ে বহু ছাগেই হয়ত রটিয়ে গেছে যে শীমতী রাধা ললিতা ও বিশ্বা স্বীদের লীলা-খেলাকে অহরহ যে তিথক দৃষ্টিতে দেখত সেই কুণা কিংবা কৈকেয়ীর মহণাদাত্রী কৃঁজী বৃড়ী এখানে নর্মদা তীরে ভপস্যা করতে এসেছিল এবং দেবতার বরে ওথবতার মত নদী হয়ে বিরাজ করছে। উদ্ভট কল্পনায় কত কিছুই না তৈরী করা যায়। কথার বলে গল্পের বোড়া আকাশেও উড়তে পারে!

খামরা নারবেই এতক্ষণ হাঁটছিলাম, হঠাৎ সামনের দিকে দৃষ্টি আকর্ষণ করে জানাল—'গুই নর্মদা।' নর্মদা দর্শন করে খামার মন খানন্দে ভরে গেল। খামি সেইখানেই নতজার হয়ে মা নর্মদাকে প্রণাম করলাম। লছু এবং ব্ধনকে ভালা ভালা হিন্দীতে ব্ঝাবার চেন্টা করলাম যে, 'এবারে ভাই তোমরা কিরে খাও। নর্মদার দর্শন পেরেছি যখন, খার কোন ভাবনা নাই। নর্মদার তীরে পৌছে হাভানোরাতে পৌছে যেতে পারব। কিছে তারা কিছুভেই আমার প্রভাবে রাজী হল না। পাহাড়ের ঢাল থেকে নামতে নামতে বলল যে, সামনে যে নর্মদার তটে কিছু কিছু বাড়ী ঘর দেখা খাচেছ, ঐ জারগাটার নাম কাক্রাণা। কাক্রাণা হতে খারও মাইল সামিক পেলে তবে হাতনোরা। কুজা নদীটা এঁকে বেকৈ ঐখানে এসে নর্মদাতে পড়েছে। বাঢ় সর্দারকে আমরা কথা দিরে এসেছি, হাতনোরা পর্যন্ত থোর সলে আমরা থেকে তোর দলের দেখা হয়ে গেলেই খামরা ফিরে যাব। আমাদের বাংটাই বাণ্। বাৎ এক না হলে বাপও এক পাকবে না। বাংটাই খামাদের দেবতা এই খামাদের সোজা হিসাব।

লছুর থে হিন্দী জ্ঞানের পরিচয় পেয়েছি, তাতে এতগুলো কথা হিন্দীতে খনগল বলতে হলে কতবার থে কোঁচট বেল, তার ঠিক নাই; কিন্তু এখন দেবছি নাবেগের দলে ঘতঃ ফুর্তভাবে তার মূবে ভাঙা ভাঙা হিন্দীর গৈ ফুটছে! আমি আর এর উত্তর কি দিব? এরা পাহাড়ে জললে থাকে, সরল আরণ্ড বলে এবং তথাকণিত সভাজগতের শিক্ষা এরা লাভ করেনি বলেই এদের কাছে 'বাং ও ইমানের' এত দাম! তাদেরকে মনে মনে

নমন্ত্ৰার জানীলাম আর মা নর্মদার কাছে প্রার্থনা জানালাম—'মা এদেরকে সভাতার কালকুট বিষ-বাষ্প হতে তুমি রক্ষা করতে পারলে ভাল হয়! তথাকথিত ভাবে সভা হলে হয়ত এদের ভাত কাপড়ের সমস্যা মিটবে, তবে এদের এই সহজাত মহত্ব এবং সরলতা, এই 'বাং ও ইমানের' সুহূর্লত সহত্ব পাঠ, এই হুর্মদ প্রাণশক্তি জটালতা ও কুটালতার চক্রপাকে পড়ে নইট হয়ে যাবে। ভোষার যা ইচ্ছা তুমি তাই করে।'

থামরা এখন একরকম নর্মদার ভটে বা চরে পৌছে গেছি বললেই इस । তবে এই চর গলা ডিবেণী বা কংসাবতী নদীর বালুচর নয় । নর্মদার **চর প্রস্তরময় তট ! দুর থেকে একটা শিবমন্দিরের ধ্বজা এবং মন্দির থেকে** शांमान किছू मृत्त करम्को। इहां हिन्द चत्र, कुँए चत्र प्रथा याष्ट्र । आंत्र किंकूरे। अशिरम दियमांग, निरमनिद्यत रुप्तत (यम किंकू मांक रुमा-ফেরা করছেন, পূজনীয় কমল ভারতীজীর সম্প্রদায়ের নিশানটাও দেখতে পেলাম। নিশানটা দেখা মাত্রই বৃক্তে পারলাম—এইখানেই আমাদের যোহান্তৰী শ্ৰীনগেল্ডারতী হাউনী ফেলেছেন। দূর থেকেই আমাকেও তারা দেখতে পেরেছেন। আমি চিনতে পারছি, মতীক্র ও লক্ষণভারতীকী আনন্দে 'হর নর্মদে' বলতে বলতে আমার দিকেই চুটে আগছেন। মোহাস্তজীও আপ্রচেন। মতীক্র এসেই আমাকে বলতে লাগলেন—বলিহারী আপনার ক্রোধকে। আজ তিন দিন আমরা এখানে আপনার অপেকার বলে আছি। মোহান্তজী তিন দিন যাবৎ মুখে কিছু ভুলেননি। তাঁর কথা শেব না হতেই মোহাত্তলী এসে আমাকে সাক্রনয়নে জড়িয়ে ধরলেন। আমি তাঁকে এবং লক্ষ্ণভারতীজীকে প্রণাম করলাম। মডীপ্রকী হাসতে रामण्ड यायात काह रूख त्यामा जीठेती कमछनू निरम भिरमिलतित पिरक এগিয়ে গেলেন। ইতিমধ্যে লক্ষণভারতীশী ভীলদের ভাষার কথা বলে লছু ও বুধনের কাছ হতে লব ব্ডাল্ড কেনে নিরেছেন। মোহাঞ্চলীকে সব স্মাচার জানতেই তিনি শছু ও বুধনকে শিবমন্দিরের চন্ধরে নিয়ে পেলেন। ক্ষেক্তৰ নাগা আটার পুরী ভাতছিলেন। মোহান্তকী পছু ও ব্ধনকে পেট ভবে খাওয়াতে বললেন। তথু তাই নয় তাদেরকে সের পাঁচেক আটাও **मिएक वनरनन । नर्यमायाश्री ७ यहारमवरक एकाश निरंतमन कशांत्र पूर्व खे** ভীল গুজনকে খেতে দিতে লক্ষ্যভাৱতীকীর আপত্তি ছিল। ডিনি সে কথা

বলতেই মোহান্তকী তাঁকে ঝাঁঝিয়ে উঠলেন। বললেন—লছ্মন্ ভেইয়া, তুমি এডকাল স্থায়ক্ষীবন যাপন করছ, এখনও ধর্মের বহিরল দিকটাই ভোষার কাছে বড় হয়ে রইল। অন্তর্গ দিকটা এখনও ুমি আখাদন করতে পারনি। নর্মদামায়ী এবং দয়ালু আভভোষ এদের রূপ নিয়েই বাঙালী বাবাকে রক্ষা করেছে। ভারা ভাকে মেহমাণ গানে এই করেছে শুন্দে ত দু আমরা সাধু হয়ে যদি আজ ভাদেরকে নারায়ণ জানে সেবা যন্ন করতে না পারি, ভাহলে সাধু-জাবনের সার্থকতা কোধার প্

লক্ষণভারতী স্থার কোন উচ্চবাচ্য করলেন না। লছু ও বুধনকে তিনি পেট পুরে পুরী ও লাড্ড খাইরে দিলেন। পাঁচ সাতসের আটাও দিলেন। আমি লক্ষণভারতীজীকে বললাম, আপনি দয়া করে এদেরকে, বাচ সদার এবং দহির সমস্ত ভাল নারাপুরুষদেরকে বিশেষতঃ প্রথমদিন পলীতে পৌছবার পর যে মায়া নিজের সপ্তান জানে গরমজলের সঙ্গে লতাপাতা মিলিয়ে আমার রক্তাক্ত পায়ের ক্ষত ধুয়ে দিয়েছিলেন তাকে আমার নময়ার ও কৃত্তত। গ্লাতে বলে দিন এদের ভাষায়। আমি লছু ও বুধনের হাত জড়িয়ে ধরলাম, লক্ষণভারতীজী আমার বক্তবা তালেরকে বুঝিয়ে দিতেই তাদের মুখ চোখ হাসিতে উক্ষল হয়ে উঠল। হাসমুখে তারা বিদায় নিল।

তারা চলে থেতেই আমি মতীক্রকে গলে নিয়ে নর্মদার রান করতে গোলা। আমি মতীক্রকে কথাছলে জিজ্ঞাসা করলাম মাতবগড়ে রেবা কৃত পর্যন্ত আমি দেখেছিলাম, প্রার সকলের ঝোলাতে কিছু কিছু আটা এবং কল্মুল ছিল। এই তিন দিনের মধ্যে এমনকি ভাগ্যোদর ঘটল যে, আন্ধ সকলেরই রাজ্যিক ভোজনের আয়োজন দেখছি? মতীক্র বলল—এই কাক্রানাতে মন্দির থেকে একটু দ্রেই পুলিশ চৌকী আছে। বোধহর, মধ্যপ্রদেশের এইটাই শেব সীমান্ত চৌকী। এখান থেকে মাত্র একমাইল দ্রেই রেবা-কৃত্রা সংগম। সেই পুলিশবাহিনীই আমরা এখানে এলে পৌছার পরদিনই সাধুদের সেবার জন্য প্রায় গ্লু মন আটা এবং আধ্যন থি পৌছিরে দিয়েছে। গতকাল মোহান্তকী এখানে মা নর্মদার উদ্দেশ্যে কড়াই প্রসাদও নিবেদন করেছেন। তিনি আপনাকে এরই মধ্যে গুবই ভালবেদে ফেলেছেন। আমরা গুবই চিন্তা করেছিলাম আপনার জন্ম। আমরা ত ধরেই নিয়েছিলাম,

রান তর্পণাদি সেরে মতীন্ত্রের সঙ্গেই গেলাম শিবমন্দিরে পূজা করতে।
বহু বহু পূরাতন পাথরের শিবমন্দির। মহাদেব ঢাকা পড়ে গেছেন ফুল
বেলপাতার স্তুপে। মতীন্ত্র জানাল—ঢাকা পড়বেনই ত ! পূলিশ চৌকীর
প্রান্ধ ত্রিশ চল্লিশ জন পূলিশ চাড়াও আমাদের দলেরও সবাই পূজা করে
গেছেন। আমি মহাদেবের মাধার উপর হতে স্তুপীকৃত ফুল সরিয়ে দিতেই
ঘন সবুজ শিবলিক্ষের দর্শন পেলাম। প্রান্ধ ৯ ইঞ্চি দীর্ঘ প্রান্ধ ৫ ইঞ্চি ব্যাস
পরিমিত শিবলিক্ষের দর্শন পেলাম। প্রান্ধ ৯ ইঞ্চি দীর্ঘ প্রান্ধ ৫ ইঞ্চি ব্যাস
পরিমিত শিবলিকে ছাতি দেখে বিহলে হরে পড়লাম। শিবলিক হতে ঘেন
সবুজ রশ্মি ঠিকরে পড়ছে। 'শিলাচক্রার্থবাধিনী' অনুসারে ইনি 'বামদেব'
সন্দেহ নাই। যোনিপীঠিও সবুজ পাথরের দেখলাম। আমি কমগুলুর
নর্মদা জলে বামদেবের রান ও পূজা সেরে বেরিয়ে এলাম। আমার মনের
মধ্যে একটা বিহলেতা দেখা দিয়েছে। মতীন্ত্র নিজের থেকেই বলতে
লাগল—কত হাজার বংসর পূর্বে কে এই শিবলিক্ষকে স্থাপন করেছিলেন,
তা কেউ বলতে পারেন না। মোহাস্তজী নিজেও এই শিবলিক্ষের নাম ও
পরিচম জানেন না।

আমার পূজা হয়ে যেতেই মন্দিরের চারধারে এবং গাছের ছারার স্বাই
থিলে 'ব্রহ্মার্পণং ব্রহ্মহবিং' করতে বসা হল। মন্দিরকে থিরে আছে গাঁচটি
বেলগাছ এবং চারটি ছোট ছোট অশ্বর্থ গাছ। আমার মনে হল, গভ
দল বংসরের মধ্যে হয়ত কোন পূণার্থী এখানে নর্মদান্তটে অশ্বর্থ বৃক্ষ প্রতিষ্ঠা
করেছিলেন। সেইসব গাছের ছারা পড়েছে মন্দিরের বারান্দান্তলিতে।
আমি খাওরার পরেই মোহাস্কজীর অনুমতি নিয়ে বারান্দার এক কোণে
ভরে পড়লাম। আমার ব্য ভাঙল বেলা চারটায়। ধড়কড় করে উঠে
বসলাম, দেখলাম আমার কাছেই মোহাস্কজী, নাগরা ছাড়াও আরও

৪০ জন লোক বসে আছেন চুপ করে। আমি নর্মদায় গোলাম মুখে চোখে জল দিতে। মতীক্র আমাকে জানিয়ে দিল পুলিশ চৌকী থেকে লোকজন এলেছেন গুকুদেবের কাছে কিছু কথা শুনতে। কালও ওঁরা এলেছিলেন।

আমি নৰ্মদা থেকে ফিন্তে আসতে আসতেই শুনতে পেলাম মোহাস্তজী শ্রোতাদেরকে বলছেন-আপনারা যে আপনাদের কর্মজীবনে এই নর্মদানটে নিযুক্ত হতে পেরেছেন, এ আপনাদের অসীম সোভাগ্য বলে জানবেন। নিতা নৰ্মদা দৰ্শন, নৰ্মদায় স্থান এবং মহাদেবের নিতা পূজা করার সৌভাগা बन्नांकिछ পृनाकर्रात्र करमहे एरहे थारक। नर्मनात्र उटहे उटहे कछ (घ মহাপুরুষ ঘোর তপ্সায় নিমগ্ন আছেন, তার ইয়তা নাই। তাচাডা প্রতি বংসরই সাধুরা নর্মদা পরিক্রমা করে থাকেন। তাঁদেরও দর্শনের অবারিত সুযোগ আপনারা বিনা আয়াদেই পেরে থাকেন। মহামূনি মার্কভেয়ের নাম আপনারা নিশ্চরই ওনেছেন। তিনি অন্তাপি বর্তমান, সপ্ত কল্লান্ড ভারী এই চিরজীবী মহাপুরুষ মা নর্মদার কুপা সিদ্ধ। তিনিই নর্মদার মহিমা জগতে সর্বপ্রথম প্রকাশ করে গেছেন। আমাদের এই ভারতবর্ধেই গলা, সিলু, বক্ষপুত্র, কাবেরী, আত্রেরী, যমুনা, গোলাবরী, সরস্বতী প্রভৃতি কত পুণা নদী বৈদিক যুগ হতে অভ্যাপি বৰ্তমান ( অবশ্য সরম্বতী সম্প্রতি বিলুপ্তা ) किञ्च (महेमर नहीत পत्रिक्यात विधि नाहे। (करण नर्यन) পत्रिक्यात्रहे শাস্ত্রানুমোদিত বিধি আবহমান কাল থেকে চলে আসছে। মহামূনি यार्क एखन ख अनान नकन अधिरे धकवारका श्वाचना करत रशह्म (ध, नर्भमा পরিক্রমা একটি পরিপূর্ণ তপস্থা, সভ সিদ্ধিপ্রদা। নর্মদাতটে তপস্থা করে কও যে মহাস্তা দিছিলাভ করেছেন তার হিদাব কারও পক্ষে দেওয়া সম্ভব নয়। নর্মদা পরিক্রমা করতে করতেই আমার গুরুদের গ্রীপ্রীচৈতন্তারতীতী. পরম গুরুদের শ্রীশ্রীক্মলভারতীকী এবং গৌরীশন্বর ব্রহ্মচারীকী মা নর্মদার দর্শন পান এবং তার দরার সিদ্ধিলাভ করেন। মহারাজ যুথিটিরও এসে-ছিলেন নৰ্মদা পরিক্রমা করতে। তিনি পরিক্রমার এলে মহামুনি মার্কণ্ডেরের দৰ্শন পান। মহামূনি তাঁকে বলেছিলেন-

> ইয়ং মাহেশ্বরী গলা মহেশ্বর ডকুন্তবা। প্রোক্তা দক্ষিণ গলেভি ভারতত্ত বৃথিচির॥

क्षः इत्ती दिक्षवी शका खाली शका महत्रकी। हेरः मारस्थती शका दिना नास्त्रक मरनदः॥

ক্ষণিং হে ব্ৰিষ্টির, এই নর্মণা মাহেএরী গঞা, মহাদেবের পেহ হতে উছুঃ।, এজনা ভারতে নর্মণা দক্ষি গঞা নামে অভিহিতা হন। বড়ঃ ভাক্ষী বৈক্ষৰী গঞা (বিষ্ণুর চরণকমল হতে উছুতা), সরস্কী রাক্ষীগঞা (বিক্ষার দেহ হতে উছুতা), জার রেবা মাহেশ্বী গঞা, এ বিষয়ে কোন সন্দেহ নাই।

যথা হি পুরুষে দেববৈষ্ঠি ছমুপাশ্রিত:। ব্রহ্মাবিফুনহেশাখ্যং ন ভেদন্তত্তবৈ যথা। তথা সরিৎত্রয়ে পার্থ ভেদং ননসি মা কুথা:॥

যেমন একই পুরুষরূপী দেবেশ একা, বিষ্ণু ও শিব এই এিমৃতিতে প্রকটিত হন, বস্তুত: ঐ তিন জনের মধ্যে কোন ভেদ নাই, তেমনি ছে পার্থ। গলা, সরষ্ঠী ও নর্মদা এই তিন্টি ন্দার মধ্যেও কোন ভেদ নাই।

কোটিশো হাত্র তার্থানি লক্ষণশ্চাপি ভারত।
তথা সহস্রশো রেবাভারদ্বর গভানি তু॥
বৃক্ষান্তরিক্ষ সংস্থানি জলস্থল গভানি চ।
কঃ শক্তন্তানি নির্ণেতৃ বাগীশো বা মহেশ্বরঃ॥

হে ভারত! যেমন ইহলোকে লক্ষ লক্ষ কোটি কোটি তীর্থ বিভয়ান, তেমনি নর্মদার তুই তীরেই সহজ্র সহজ্র তীর্থের অধিষ্ঠান জানবৈ। বাগী,শই হোন আর মহেশই হোন, রেবার বৃক্ষ, অন্তরিক্ষা জল ক্ষল সব ভানেই কত যে তীর্থ আছে, তা নির্ণয় করতে কেউ সমর্থ নন।

> স্মরণাৎ জন্মজনিতং দর্শনাৎ চ ত্রি জন্মজং। সপ্তজন্মকৃতং নশ্যেৎ পাপং রেবাবগাহনাৎ॥

হৰ্থাৎ মা বেৰার শ্মরণে এক জন্মাজিত, দর্শনে তিন জন্মাজিত খার অৰগাহন রাবে সাত জন্মের পাপ নন্ধ হয়।

> দেবকার্যং কৃতং তেন অগ্নয়োঃ বিধিবৎ ছতাঃ। বেদা অধীতাশ্চভারো যেন রেবাবগাহিতা॥

প্রাধানাচ্চাপি সংক্ষেপাং ভীর্থাক্যুক্তানি তে ময়া। ন শক্যো বিস্তরঃ পার্থ শ্রোচুং বক্তুঞ্চ বৈ ময়া॥

খিনি রেবা নদীতে য়ান করেছেন, তার হথাবিধি দেবকার্থ, অরিভে আছতি প্রদান এবং চতুর্বেদ অধায়নের ফল লাভ হয়ে রেচে বলে বুক্তে হবে। হে পার্থ। আমি ভোমার কাছে সংক্রেপে সকল তীর্থ মাহালাল এবরকম ইতিপুবে বর্ণনা করেছি কিন্তু রেবার মাহালা সংস্থতঃ এবং বা কীতনে সমর্থ নই।

আমরা স্বাই কল্ম্ল থাবার উত্তোগ করছি. এমন সময় দেখতে পেলাম, কিছুল্রে নর্মদা থাটের দিক হতে করণান্ত্রীজী আসছেন। তামরা স্বাই হাওজাড় করে উঠে দাঁড়ালাম। কাছাকাছি আসতে দেখতে পেলাম তার হাতে একটা বড় জামবাটি, এক টুকরো গেরুয়া বস্ত্র দিয়ে তার মুখ ঢাকা। হাতের ইসারায় সকলকে প্রণাম করতে নিবেধ করে তিনি কোটেখ্রের সামনে বাটিটা রাখলেন। বাটিটার অলাভাবিক উজ্জলা দেখে আমাদের মনে হল, অক্থকে নুভন রপার বাটি। তিনি মোহাজ্ঞতীকে ডেকে বললেন—এক এক করকে স্বকে বুলাও। বাটিকা ঢাকলা মং গুলিয়ে, কাপড়া প্রালকে মং লখিয়ে, থোড়াসা কাপড়া উঠাকর থিসকা যয়ঠো রোটিকা জক্ষরং হায়, স্বকো দে দেও! ইয়ে পঞ্চক্ষিকা আটাসে (বুট, জোনেরা, অড্হর, জোরার ঔর বাজরা পাঁচ শস্তকো মিলাকর) বানা হয়া হায়, ইয়ে নর্মদা মাইয়াকো খাস পরসাদী হায়, জক্ষর বহুং বাদিউ হোগা।

তিনি কোটেশর লিলের কাছে বলে রইলেন। মোহান্তলীও মন্দিরের মধ্যে বাটির কাছে বলে এক একজনকে নাম ধরে ডাকতে লাগলেন। তিনি প্রথমেই ডাকলেন লক্ষ্ণভারতীদ্ধীকে। করপাত্রীদ্ধী জিঞ্জালা করলেন —ক্ষেঠো ?

## -- मनदर्श।

स्माराख्यो वेयर वाहित हाक्ना धूटन खरन खरन ममधाना कृति লক্ষণভারতীর হাতে দিলেন। দেওয়ার পরেই বাটির মুখ সঙ্গে সঙ্গে চেকে দিলেন। আর একজন চুকলেন। করপাত্রীজী জিজালা করলেন-করঠো? তিনিও বললেন, 'দশঠো'। বোহান্তজী বাটির ঢাকনা মানে সেই গেকরা কাপড়টা দ্বং তুলে গুণে গুণে দশখানা কটি তাঁর হাতে দিয়েই সঙ্গে সঙ্গে বাটির মুখ ঢেকে দিলেন। এইভাবে প্রায় প্রত্যেকেই দশখানা করে কটি চেয়ে निम्नन, मछीलु । দশখানা निम्नन, কেবল আমি निमाम পাঁচখানা। স্বার ক্ষেত্রে সেই একই পদ্ধতি, ঢোকা মাত্রই করপাত্রীকী বিজ্ঞাসা করেন, 'কয়ঠো'? আর মোহান্তজী কাপড়টা ঈষং উঠিয়ে গুণে গুণে কটি দিরে ঢাকা দিয়ে দেন। সৰ্বশেৰে যোহাপ্তজীকে মহাত্মা জিজাদা করলেন-'করঠো ?' মোহান্তজী বললেন—'আটঠো।' করপাত্রীজী কাপড়টা সম্পূর্ণ তুলে ফেলে বললেন—গিন্তি করলো আটঠোই হার। পা লেও বেটা! মোহান্তজী कृषि হাতে निम्नाई वाहरत वित्रिक्त अल्लान। अल्लान नवाहे कृषि হাতে নিয়ে দাঁড়িয়েছিদেন। যোহান্তকী খেতে আরম্ভ করতেই আমরা সবাই খেতে আরম্ভ করলাম। 'পঞ্কণিকার' এই রুটি খেতে সভাই খুব যাদিউ। नवात थां बता त्यंव हत्न कत्रभाखीकी त्याहां छकीरक वनतन-यां अ तहीं अ वर्जन । कान्या नर्मारम प्रवाकत चारेरत। मारेत्राका ठीक मारेत्राका एन দেও। মোহান্তজী বাটি এবং কাপড়ের টুকরো হাতে নিয়ে নর্মদাতে গেলেন! সেই সময় বাটিটি দেখে ব্ঝলাম, বাটিটি সভাই ক্লার, ভাতে বড় জোর একদের জল ধরবে, যে সাইজের কৃটি আমরা খেলাম, তা সেই বাটিটিতে বড় জোর পনের যোলধানা ধরবে। কিন্তু আমরা ত্রিশব্দন লোক গড়ে ममशाना करत कृषि त्यरमञ्ज लाज ७०० थाना कृषि के वाष्टि त्थरक त्वजिरत अट्रन्ट । अहे अविश्वात्र वहेना आयात्मत त्रकटनतहे कार्यत नायटन वहेन । ধাৰ্ডীকুণ্ডেও একদিন একলিছবামী ভার কমগুলুভে পর পর হাড চুকিয়ে

প্রায় ৩০০টি ফল ৩০০ জন লোককে দিরেছিলেন। এই রক্ষ অন্ত্যাশ্চর্য ঘটনাকে আমরা miracle বলে সহজেই উড়িয়ে দিতে পারি, সবস্বাস্থার ভাল করে প্রই লঘু দৃষ্টিভেও দেখতে পারি, কিন্তু তাতে ঐসব প্রতাক্ষ ঘটনার কার্যকারণ ব্যাখা। হয় না। একাধিকবার ঐরক্ষ ঘটনা চোখের সামনে ঘটল বলে magic বা হাত সাকাই-এর খেলা বলে বালখিলাের হাসি হেসে ফুৎকারে উড়িয়েও দিতে পারছি না। আমরা শুন্তিত হয়ে বসে রইলাম। কারও কোন বাক্যক্ষ্তি হল না। করপাঞ্জী সহসা শিবের ঘর থেকে বেরিয়ে 'হয়্ জেরা আতে হেঁ' বলে চলে গেলেন নর্মদার দিকে।

তিনি চলে যেতে আমরা কেউ মন্দিরের বারান্দায় কেউ বা মন্দিরের পিছনে বিভিন্ন গাছের ছায়ায় কম্বল বিছিন্নে বিশ্রাম করতে লাগলাম। আমি ত ঘুমিয়েই পড়লাম। বেলা পাঁচটা নাগাদ আমার ঘুম ভাঙল। প্রায় ৬টা ৰাগাদ আমরা দেখতে পেলাম করপাত্রীত্বী মন্দিরের দিকে আসচেন। যথারীতি তাঁর গা থেকে জল ঝরে পড়চে, তার মানে তিনি এইমাত্র স্নান করে উঠে আসছেন। এলেই শিবের ঘরে চুকে বলে পড়লেন। আমরা সবাই প্রণাম করে উঠতেই তিনি যোহান্তজীকে ডেকে বললেন--রতনলাল ভারতী किস্কা নাম হৈ, উন্কো হ্যারা সাগনেমে আনে বলো। ঐ নাগা বসেছিলেন বারান্দার নিচে সি'ড়ির খাপে, মোহাস্কজী ডাকতেই তিনি কাঁপতে কাঁপতে গিয়ে মহাস্থার সামনে উপুড় হয়ে কাঁদতে লাগলেন। আমরা এর কারণ কিছু বুঝলাম না, ঘটনা কোন দিকে গড়ায় তা জানার জন্য অধীর আগ্রহে অপেকা করতে লাগলাম। করপাত্রীজী মোহান্তজীকে वन एक नागरनन- एकामात्र अहे रहना, आधि यथन नर्मनात्र निरक याष्ट्रिनाम. त्म नगत नगत अनात्का आगातक अञ्चनत्व करत नर्भनात चारि निरंद्र পৌছেছিল। ওর কুংসিত মনে এই সন্দেহ জন্মেছিল যে 'চাঁদিকা বর্তন' তুমি नर्भगाए वित्रर्कन निरत अरुहिल, चामि निक्त है (त्रहे। क्षण (थरक श्रेंक পেতে লংগ্ৰহ করতে যাহিছ। খর কাছে ঐ বর্তন বহোৎ 'কিনতী চীজ।' यात्मत्र मत्न मन्दिष्ठा, थमछा वा देश थादक छात्राहे सगरछत्र हिह्निछ পাপিট। ভোষাদের সংখে কি বিনা পরীক্ষার যাকে তাকে সর্গাসদানের ध्या चार्ट्? धरेत्रक्य कार्य यन यारमत, छात्रा कि चांशाचिक चौरन- যাপনের উপযুক্ত ! রতনলাল তুমি গুরুর সামনেই বল, আমার পিছনে ভরচয় বৃত্তি করতে গিরে আমাকে মর্মদার ঘাটে গিয়ে কি অবস্থায় দেশলে !

রতনলাল নাগা কাঁদতে কাঁদতে লক্ষার বাধা টেঁট করে জানাল যে, তিনি নর্মদার ঘাটে পৌছে দেখেছিলেন যে মহাস্থা নর্মদা কিনারে গিরেই 'হর নর্মদে' বলে তৎক্ষণাং জলে বাঁপিরে পড়েছিলেন এবং আধঘন্টা অপেক্ষা করেও তিনি মহাস্থার কোন চিহ্ন দেখতে পান নি। সব শুনে মোহাস্তবী খুবই কুল হয়ে উঠলেন। তিনি লক্ষণভারতীকে বললেন—লহমন ভেইরা! রতনলালকো চুটকি হাঁট্ দো। সন্ন্যাসী সমাজে 'চুটি কাটা' একটা মন্ত লগু। নিখা সূত্র কমগুলু কেড়ে নেওরা বা চুটি কাটা অর্থাং একটা মন্ত নিলে নাগারা সন্ন্যাসী সমাজে অপাংক্রের হয়ে পড়ে, তাকে 'পতিত' বলে ধরে নেওরা হয়। তখন কোনও সন্ন্যাসী তাকে সলে নিয়ে একত্রে পংকি ভোষন করেন না, গৃহীরাও তাকে ভিক্সা দেন না। মোহাস্থভীর আদেশ পাওরা মাত্রই লক্ষণভারতী রতনলালের চুটি কাটতে উল্লভ হয়েছেন এমন সমন্ন করপাত্রীকী হাত তুলে তাঁকে নিষেধ করে বললেন—ইস্ অপরাধকো সাজা এহি হাার, উন্কা মন্ত হম্ হরণ কর লেতা হৈ। উন্কোইউনীজকা বিশ্বরণ ঘটেগা।

রতনশাল এই নিদারণ দণ্ডের কথা গুনে জোরে জোরে মাথা ঠুকতে লাগলেন এবং কাঁদতে থাকলেন। মহাপুরুষ বললেন—যো একদফে বোল দিয়া, ওহি ঘটগা। কিসীসে ইসকা রদ নেহি হোগা তুম্ হর নর্মদে হর নর্মদে জপ করতে রহো। তুম্হারা বিবেককা নিরন্তর ক্যাণাভ্সে তুম্হারা মনকা সাফাই হোগা। হাপেশ্বর মহাদেবকা মন্দর্মে তুম্লোগোঁকো সাথ হমারা ফিন্ ভেট হোগা। উস্ বধং তুম্হারা গুরুদন্ত আক্ষর বীক্ষ ফিন্ শ্বরণমে ক্রিত হোগা। ক্রণ না হোনেলে হম্ আপকো একান্তমেঁ উস্মর ফিন্ প্রদান করেগা। রোণা মং।

এই কথা গুনেই যোহান্তলী উচ্চুনিত হয়ে বলতে লাগলেন—রওনলাল উঠে পড়, শান্ত হও। আবাদেরকে এঁর পবিত্র লল করতে লাও। তুমি একথা কেন ব্যাহ না যে, সাজার অভ্যাতে মহাপুক্ষ তোষাকে আশীর্বাদই করলেন। তেবে দেখ তোমার কী অপরিমের সৌভাগ্যের উদর হবে যথন ইনি বরং ভোষাকে ইন্ট বন্ত শোনাবেন, আমি নিশ্চিত্ত যে তথন ভোষার নবকর ঘটবে। সন্ধ্যা হতে গেছে। মন্দিরের মধ্যে যেখানে মহাপুরুষ বাসে আছেন সেথানটার ত আরও জ্মাট জন্ধকার। কেউ কাউকে দেখতে পাছি না। কেবল তাঁর কণ্ঠবর শুনতে পেলাম— আপ্কো কুছ পুছনা হৈ ত পুছ লিজিয়ে! কারও মুখে কোন কথা নাই। ছ তিন মিনিট অপেকা করে আমিই তাঁকে প্রশ্ন করলাম—গীতাতে পাই, প্রীকৃষ্ণ তাঁর একান্ত ভক্ত ও শিয় অর্জ্নকে উপদেশ দিয়ে বলছেন—

ভপস্বিভ্যোধিকে। যোগী জ্ঞানিভ্যোহপি মডোহধিক:।
ক্মিভ্যশ্চাধিকো যোগী ভ্যাংযোগী ভবার্জুন:॥৬।৪৬
অর্থাং 'হে অর্জুন! যোগী তপসীদের চেয়ে শ্রেষ্ঠ, পুঁথিগত বিভাগাভ করে
বারা জ্ঞানী হয়েছেন কিংবা সকাম কর্মে পটুতা দেখিয়ে কর্মী রূপে খ্যাভিলাভ
করেছেন, যোগী তাঁদের চেয়েও শ্রেষ্ঠ, অতএব হে অর্জুন! ভূমি যোগী হও।'
এখন আমার প্রশ্ন যোগী কিভাবে হওয়া যায়! যোগীদেরকে যে অসাধ্য
সাধন করতে দেখি, সেটাই বা কি ভাবে সম্ভব হয়!

তিনি হাসতে হাসতে বললেন—ভূমি আমার সামনে এগিয়ে এস, ভোমার পেটে কোঁৎকা মেরে তোমাকে যোগী বানিয়ে দিব!

— আমাকে কোঁংকা মারা আপনার মত মহাযোগীর পক্ষেও সহজ্ঞসাধ্য হবে না। কারণ, মা গান্ধারীর হস্তস্পর্শে তুর্যোধনের অঙ্গ যেমন বজ্ঞদৃঢ় হরেছিল, আমার ইহজীবনের ইউ ও উপাস্য বাবার করস্পর্শেও তেমনি আমার সর্বান্ধও বজ্ঞদৃঢ় হয়ে গেছে।

আমার কথা শুনে তিনি হো হো করে হেসে উঠলেন। বললেন—বাচা, তুমহারা বাং শুনকে হম বহুং প্রসর হয়ে। যোগ প্র যোগীকা বারেমেঁ হম থোড়া কুছ বাতাতা হঁ, ধানে দেকর্ অবধান করিয়ে।

এই বলে তিনি যা বললেন, তার সারমর্ম হল—যোগীগুরুর কুপা ভিন্ন কেউ কখনও যোগী হতে পারে না। প্রকৃত আধ্যাস্থ্রিক জীবন লাভ করতে হলে অনুক্ষণ গুরুত্বত সাধনাকে আশ্রর করে পড়ে থাকতে হয়। একবার ষভাবের যোগপথে পড়তে পারলে আর কোনো চিন্তা নাই। কোন বস্ত্র স্রোতে ভানিরে দিলে তা যেমন স্রোতের বেগেই বতঃই ভেসে যায় তেমনি গুরুশক্তির বেগে পড়ে গেলে গুরুশক্তিই সাধককে চরম হানে পৌছিরে দেয়। এরজন্য চাই গুরুত্ব উপার্ভিক নির্ভিরত। এবং পূর্ণ আস্ক্রমণ্ণ। লক্ষ্য কর আমার একটি কথা, আমি বলেছি 'ষভাবের যোগপথে পড়তে পারলে।' ষভাব কি ? ষ-এর ভাব ষ-ভাব। মহামুনি বশিষ্ঠ, রামচল্রকে যোগের উপদেশ দিতে গিয়ের বলৈছিলেন—

> স্বভাব কারণং নাম সংসারোত্তরণং প্রতি। অসংসক্তং মনো যস্ত স তীর্ণো ভবসাগরাৎ॥ যোগবাদিঠ, ভাষাঃ১৯১।৩২

অর্থাৎ এই তুঃখমর সংসার হতে মুক্তিলাভের একমাত্র উপার ষ-ভাব অর্থাৎ আল্পতত্ত্বে জ্ঞান। বাঁর মন সংগারে আগক্ত নয়, কেবলমাত্র তিনিই ষ-ভাব, ষ-এর অর্থাৎ আল্পার ভাব ধরতে পারেন, স্বভাবের যোগপথে এগিরে যেতে পারেন।

> নিমেষাদ্দ্ধভাগেন দেশাৎ দেশান্তরস্থিতা। সদ্রূপং সংবিদো মধ্যে স স্বভাব উপাশ্যতাম্॥

> > ७।२।७८।८१

বশিঠের মত গুরু পুরুষোত্তম রামচক্রের মত শিল্পকে উপদেশ দিচ্ছেন, এক বিষয় হতে অন্য বিষয় চিস্তার মধাভাগে জ্ঞানের যে মুহূর্তমাত্র বিষয় বিহীন অবস্থায় স্থিতি বা বিশ্রাস্তি, তারই নাম স্বভাব, তুমি তারই উপাসনা কর।

> দেশাৎ দেশান্তরং দূরং প্রাপ্তায়াঃ ক্ষণাৎ। যদরূপং অমলং মধ্যে পরং ডদ্রেপমাত্মনঃ॥৬/২।৩৫।১

এক স্থানের বিষয় চিন্তা করতে করতে মৃহুর্তমধ্যে অন্য স্থানের চিন্তা করলে, এই উভয় চিন্তার মধাবর্তী কালে জ্ঞানের যে চিন্তাশূন্য অবস্থা হয় তাই আস্মার শ্রেষ্ঠরূপ অর্থাৎ তারই নাম প্রকৃত ষভাব। এই ষভাবকে ধরতে পারলে আর কোন অভাব থাকে না। প্রকৃত যিনি সদ্ভক্ষ তিনি দীক্ষাকালে শিল্পকে এই ষভাবের যোগপথ ধরবার কৌশলটি শিথিয়ে দেন। কি সেই কৌশল ? কি ঘটনা ঘটলে শিল্প ব্যবেন যে সদ্ভক্ষ তাঁকে ষভাবের যোগপথে স্থাপন করে দিলেন ? এর উত্তর—

মৃহূর্তনধ্যে এক স্থানের চিন্তা হতে অন্য স্থানের চিন্তা করলে মধাবর্তীকালে জানের যে নিরাধার অবস্থা হর তারই নাম চিদাকাশ। চিদাকাশেরই অপর নাম বভাব। বভাবের যোগপথে উত্তোলন করার অর্থ চিদাকাশে স্থিত। সদ্গুরু যখন শিয়ের মধ্যে চিদাকাশ প্রকট করে দেন তখনই ব্রতে হবে যে গুরু শিয়াকে বভাবের যোগপথে স্থাপন করে দিলেন।

**এই পর্যন্ত বলে করপাত্রীজী চুপ করে গেলেন। প্রা**য় ১৫ মিনিটকাল নীরব থাকার পর তিনি পুনরায় বলতে আরম্ভ করলেন—বারা যোগমার্গের সামান্য কিছুও অনুশীলন করেছেন, তাঁরা জানেন প্রত্যেক যানব দেহে প্রাণবায়ু নি:খাস ও প্রখাস রূপে দিনে রাত্তে চব্বিশ ঘন্টায় ২১৬১০ বার সঞ্চরণ করে থাকে। নাদিকা পথে বায়ু গ্রহণের নাম প্রশ্বাদ এবং বাইরে নির্গমনের नाम निःश्राप्त । এই বায়ু সাধারণতঃ ইছা বা চক্রনাড়ী এবং পিঞ্লা বা সূর্যনাড়ী বারা প্রবাহিত হয়। ইড়া বামে ও পিল্লা দক্ষিণে। এই উভয় নাড়ীর মধ্যমূলে আর একটি অতি সৃদ্মনাড়ী আছে, যা যোগীদের কাছে সুষ্য়া নাড়ী নামে পরিচিত। সুষ্য়া নাড়ীরও আবার ছটি ভাগ আছে। মূলাধার থেকে মন্তির প্রদেশের তলদেশে পর্যন্ত সুষ্মার যে অংশ তার নাম অপরা সুষুমা এবং মাগাকে পিছনের দিকে উল্টিয়ে দিলে থেখানে টোল খায় সেখান থেকে ত্রহ্মরজ্বের যে স্থানে বৈদিক পরিভাষায় বিদৃতিছার, দেই স্থান পর্যন্ত সুধুয়ার যে বিজ্তি তার নাম উত্তরা সুধুয়া। উত্তরা সুষ্মার পথই স্বভাবের যোগপথ। ঐ পণ গুরু রূপায় জানতে পারকে তবেই ম-ভাব খোগের জয়ধাত্রা আরম্ভ হয় ৷ নতুবা আর সব যোগপথই **উ**ल्हां ब्रद्धंत्र यां वा !

মানব শিশু মাতৃগর্ভে অবস্থান কালে মায়ের খাস-প্রখাসের সজে সলে সন্তানেরও নিঃখাস প্রখাস চলতে থাকে। সন্তান ভূমিউ হওয়ার সলে সলে মেলা ছারা সুষ্মা মার্গটি রুদ্ধ হয়ে যায়। যোগীর ভাষায় বলতে গেলে বলতে হয় কুণ্ডলিনী মহাভূজকিনী সুষ্মাছারে মুখ ওঁজে মুলাধারে নিজিওা হয়ে পড়েন। এইটি মানব শিশু বা পূর্ণয়য় মানবের বদ্ধ অবস্থা; সুষ্মা পথ না খুললে অর্থাৎ সুষ্মাপথে প্রাণবায়ুর গমনাগমন না হলে কেউ কখনও যোগী হতে পায়ে না। তাই এই পথটি খুলবার বছবিধ উপায় যোগী ঋবিরা আবিদ্ধার করেছেন। ভীত্র ভাবনার ছারা, শিব কথিত বিশিষ্ট

কৌশলে জপের ঘারা, প্রাণায়ামের ঘারা আবার অন্যান্য কতকগুলি ওহাতিগুল যৌগিক ক্রিয়ার সাহায্যেও এই সুষ্মা মার্গের বদ্ধ ঘার উদ্মোচন করা যার। সদ্গুক শিয়্যের যোগ্যতা ও আধার বিচার করে বিভিন্ন প্রণালী নির্দেশ করে থাকেন।

এ কপা বোধহয় তোমরা সকলেই জান যে, পুরুষ নিষ্ক্রিয় এবং প্রকৃতি ক্রিয়াশীলা এবং ত্রিগুণাল্লিকা। সতু রজ: ও তম:—এই ত্রিগুণের বৈষম্য হতেই সৃষ্টি। এই তিন গুণের সামাাবস্থা ঘটলে আর সৃষ্টি থাকে না। প্রকৃতি কুরু বা চঞ্চল হলে সত্ত্, রজঃ ত্যো গুণের মধ্যে নাুনাধিক তারতমা ঘটে থাকে। এই পুক্ষ-প্রকৃতিকে শিবশক্তি বা প্রাণ-অপানও বলা যেতে পারে। প্রতি জীব দেহে প্রাণ ও অপানরূপে বিরুদ্ধ শথচ পরস্পর সম্বন্ধ যুক্ত চুইটি শক্তির প্রকাশ দৃষ্টিগোচর হয়। প্রাণ ও অপান উভয় উভয়কে আকর্ষণ করে আবার সাথে সাথে একে অপরকে বিকর্ষণও করে থাকে। এই আকর্ষণ বিকর্ষণের (Attraction Repulson) এর কারণ উভরে এক হতে চায় কিন্তু হতে পারে না। তার একমাত্র হেতু প্রাণ যে অনুপাতে জেগে উঠে সেই অনুপাতে অপান সুপ্ত হয়ে পড়ে। পকান্তরে অপানের জাগৃতির অনুপাতে প্রাণ নিদ্রিত বা নিজ্ঞান্ন হয়ে পড়ে। সুভরাং কোন সময়েই প্রাণ অপান উভয় শক্তি সমানভাবে জাগ্রত না থাকার ফলে পরস্পর মিলিত হতে পারে না। অপান বা প্রাণকে জাগিয়ে যদি যথাক্রমে প্রাণ বা অপানকে উন্ধ দ করে উভয়কে উভয়ের সঙ্গে মিলিত করে দেওয়া যার তাহলে অবশ্য উভয়ের সমতা ২টতে পারে। কিন্তু সাধারণতঃ তা ঘটে না। একে এভাবেও বলা যেতে পারে, নি:শ্বাস ও প্রশ্বাসের গতি দারা প্রাণ যথন নাসিকা দার দিয়ে নাভিতে পৌছায়, অপান তথন নাভি হতে মুলাধারে নেমে যায়, আবার অপান যখন মূলাধার হতে নাভিতে উঠে, প্রাণ তথন নাভি হতে নাসিকা দার দিয়ে বের হয়ে যায়। এইরকম-ভাবে জীব দেহে প্রাণ ও অপানের ক্রিয়া বা টানাপোড়েন অইপ্রহরই চলছে। প্রাণ ও অপান কখনও মিলিত হয় না। যদি অপানকৈ মূলাধার হতে নাভিতে উঠিয়ে কোন কৌশল সেখানে স্থির রেখে যদি প্রাণকে নাভিতে নামিরে আনা যায় তাহলে উভয়ে মিলিত হতে পারে; কিংবা প্রাণকে নাভিতে নামিয়ে কোন কৌশলে দেখানে স্থির রেখে যদি

অপানকে মৃশাধার হতে নাভিতে উঠিয়ে নেওরা যার, তাহলেও উভয়ের
মিলন হতে পারে। এই মিলন কঠেও জমধ্যেও ঘটানো থেতে পারে। উভয়
বায়ু মিলিত না হলে সামাবিছা লাভ হর না। যতক্ষণ নিঃশাস ও প্রশাসের
ক্রিরা চলে ততক্ষণ ইড়া পিঙ্গলামার্গ ক্রিয়ানীল থাকে। শ্বাস-প্রশাস মিলিত
না হলে সামাবিছা ক্র্যনই লাভ হয় না আর সামাবিছা লাভ না হলে
সুধুয়ামার্গ ব্যোলে না।

এই প্রাণ অপানের মিলনের সঙ্কেত ভগবান শ্রীক্ষ্ণ অর্জুনকে গীতার চতুর্থ প্র পঞ্চম অধ্যায়ে দিতে গিয়ে বলেছেন—

> অপানে জুহ বতি প্রাণং প্রাণেহপানং তথাহপরে। প্রাণাপানগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণা: ॥ ৪।২৯

যোগীগণ অপান বায়ুতে প্রাণবায়ুর হবন করে (পূরক প্রাণায়ামের সাহায্যে) এবং প্রাণবায়ুতে অপান বায়ুকে আহতি দিয়ে (রেচক প্রাণায়াম করে) প্রাণ ও অপান বায়ুর গতিরোধ পূর্বক (কুন্তক রূপ প্রাণায়াম পূর্বক) প্রাণায়াম পরায়ণ হন। ভারপর এইরকম মোক পরায়ণ মূনি প্রাণেপানৌ সমৌ কুত্বা নাসাভ্যন্তরচারিণোঁ (৫।২৭) অর্থাৎ নাসাভ্যন্তরচারী প্রাণও অপান সমান করতে তৎপর হয়ে থাকেন।

যোগের পথ লাভ করার জন্ম এইসব ক্রিয়া প্রক্রিয়া থাকলেও রভাবের যোগপথে অভ্যথান কোন ক্রিয়া সাপেক্ষ নয়। এটি সম্পূর্ণ কুপা সাপেক্ষ। এই কুপা গুরুর বা গুরুরপী পরমেশ্বরের। জীবের জন্মের সঙ্গে সঙ্গে তার রভাবের মধ্যেই ভগবান এই কুপার ধারা প্রবাহিত করে দিয়েছেন। জীব যখন মাতৃগর্ভে বাস করে তখন সে বতঃই যোগী অবস্থায় থাকার দরুণ পূর্ব পহ জন্মের ঘটনা সকল তার স্মৃতি পথে ভেসে উঠে। সেইসময় একটি অতি সৃক্ষ শক্তি মূলাধার হতে আরম্ভ করে ষাধিষ্ঠান মনিপুর অনাহত বিশুদ্ধ গু আজ্ঞাচক্র ভেদ করে সহস্রার পর্যন্ত একটানা প্রবাহিত হতে থাকে। এই অবিচিয়্ল শক্তির প্রভাবে জীবের প্রকৃত বিবেক বৈরাগ্য ও বিচারের উদয় হয়। সে তখন উর্ধান ও হেটমুণ্ডে শ্রীভগবানের নিকট অতি কাতরভাবে প্রার্থনা জানায়—গর্ভবাসে মহৎকন্টং ত্রাহি মাং মধুসূদন! হে ভগবন্! আমি পূর্ব পূর্ব জন্মে বছ অপকর্ম করেছি যার ফলম্বরূপ মাতৃগর্ভের এই ঘোর যন্ত্রনা আমাকে ভোগ করতে হচ্ছে। এই মলমুত্রের ভাণ্ডে অবস্থানের

ফলে কুমিদংশনে আমার সর্বশরীর বাধার অর্জরিত। তোমার দ্যার যদি এই বোর তমসাচ্ছন মাতৃগর্ভক্রণ কারাগার হতে একবার নির্গত হতে পারি, जाराम (र महान ! चामि क्षेत्रिका कत्रकि चामि चात्र अमन कर्म कत्र ना যাতে পুনরায় মাতৃগর্ভে আসতে হয়। কায়মনোবাক্যে তখন তোমারই ভজনা করব। এইরকম প্রবল আকৃতি উদিত হলেই ভগবং কৃপার মাতৃগর্ভত্ব প্রসৃতি নামক বায়ু ধাকা দিয়ে গর্ভন্থ শিশুকে জননীজঠবের বাইরে নি:সূত করে দের। এই ধারু। বা আঘাতের ফলে সেই যে একটানা সৃত্মশক্তি যা মুলাধার হতে সহস্রার পর্যস্ত প্রবাহিত ছিল তা তিন স্থানে ছিল হলে যার। প্রথম ছিল্ল হয় নাভিস্থানে, দিতীয় কঠে এবং তৃতীয় জনখোঁ। তিন জারগার ছিন্ন হওরার ফলে চারটি খণ্ডে পরিণত হয়। এই অখণ্ড শক্তি প্রবাহের মাধাম খণ্ডিত হয়ে থাওয়ার ফলে গর্ভন্থ জীবের কাতর প্রার্থনা, প্রতিজ্ঞা ও স্মৃতি দব বিলুপ্ত হয়ে যায়, ফলে দে মহামায়ার মারারপ মোহনিদ্রায় আচ্ছন্ন হয়ে পড়ে। এখন এই চারটি ছিল্ল অংশকে যদি কোনভাবে এক করে ফেলা যায়, ভাহলে পুনরায় পুর্ণজ্ঞানের উদয় এবং বছ প্রকার যোগজশক্তির বিকাশ সম্ভবপর হয়। এই শক্তির প্রভাবেই যোগী নানাপ্রকার অসাধা সাধন করতে সক্ষম হন, অনিমা, লখিমা, ব্যাপ্তি প্রাকাম্য যত্ত্রকামবশায়িতা প্রভৃতি অফীদিদ্ধি অফীদেশ সিদ্ধিও তাঁর করায়ত্ত हम । ভূতভবিশ্বং বর্তমান সবই প্রকৃত যোগীর কাছে হস্তামলকবং। অনেক यांगीतक य तन्या यात्र, निर्द्धत वा व्यथरतत मृज्यत किन नमन १९ द्वान निर्ज्न जार भूर्व राज्ये राज्य पिष्ट्र राज्य थे राज्य मिक्त कन।

কথা শেষ করেই তিনি শিবের ঘরের দরজা বন্ধ করে দিলেন। ব্রালাম, আর তিনি কোন কথা বলতে নারাজ। মতীক্র টর্চ টিপে তাঁর ঘড়ি দেখে বললেন—রাত্রি সাড়ে ন'টা বেজেছে। আমি মোহান্তজীকে বললাম— এবার সবাই শুরে পড়লে কেমন হয়? সন্ধ্যা ছ'টা নাগাদ তিনি যোগ সহন্ধে 'থোড়া কুছ' বলতে আরম্ভ করেছিলেন, তাঁর সেই 'থোড়া কুছ' শেষ করতে তিন ঘন্টা সময় লাগল। মোহান্তজী বললেন—ই্যা আমরা এবার শুরে পড়লেই ভাল হয়। কাল সকালে আমাদেরকে যাত্রা করতে হবে। অতবড় শক্তিধর মহাযোগী যখন আমাদের কাছেই রইলেন তখন নিশ্চিন্ত মনেই আমরা ঘুমাতে পারব।

— তাঁর কাছে থাকা সম্বন্ধে আমার সংক্র আছে। আমি মন্দির খুলে টেটি টেপে একবার দেখে নিই ?

— রতনলালের ছুর্দশা দেখেও তোমার জ্ঞান হল না ? সে বেচারা ইউমন্ত্র একদম ভুলে গেছে। দীর্ঘকাল নিষ্ঠা সহকারে জপ করার ফলে তার মধ্যে নিরবচ্ছির ভাবে জপের ধারা চলত, অজপার মত। সে ধারা বন্ধ হয়ে গেছে। সে কেঁদে কেঁদে এর মধ্যেই কেমন আধ্যানা হয়ে গেছে দেখ। ভুমি আর সাধুর ক্রোধ বহ্নিকে উদ্দীপ্ত করে ভুলো না।

মোহাপ্তজীর কথা শেব হতে না হতেই আমি দরজা খুলে মনিরের ভিতরে টর্চ টিপলাম। শিবের ঘরে চুকেই আমি মোহাপ্তজীকে ডেকে হাসতে হাসতে বললাম—দেখবেন আসুন আপনার মহাযোগী কেমন সমাধিস্থ হয়ে গেছেন, এ এমনই সমাধি যে শূলো মিলিয়ে গেছে তাঁর দেহ। কা কল্য পরিদেবনা। মোহাস্তজী লক্ষ্ণভারতী মতীল প্রভৃতি স্বাই উকি মেরে দেখলেন। তাঁদের মুখ চোখ দেখে ব্যতে পারলাম, স্বাই হতচ্কিত। ভগবান কোটেশ্রের আরেয় লিক ছাড়া আর কোথাও কিছু নাই। মহাদেবকে প্রণাম করে আমরা ধীরে ধীরে বেরিয়ে এসে দরজা বন্ধ করে দিলাম।

যে যেখানে পেরেছেন ভায়ে পড়েছেন, আমিও ভায়ে পড়লাম অল্লকণের
মধো। হঠাৎ বুম ভেঙে গেল মধারাত্রে। আমার মনে হল কেউ থেন
ভায়ে ভায়ে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছেন। মোহাল্ডজী তাঁকে ফিস্ ফিস্ করে
বলছেন—অত অধীর হয়ো না। শান্ত হও, মহাপুক্ষতো বলেইছেন,
হাপেশ্বরের মন্দিরে পোঁছেও যদি তোমার স্মৃতিপথে মন্তের জাগরণ না
ঘটে তাহলে তিনি তোমাকে ইউবীজ পুনরায় দান করবেন। আমি ত দেখছি, এ ঘটনা তোমার পক্ষে শাপে বর। অতবড় উচ্চকোটির মহাল্লার
কাছে মল্লপ্রাপ্তির সুযোগ, সে ত তোমার অপার সোভাগা, এ কথাটা তুমি
কেন যে বুঝতে পারছ না, তা আমার মাধার চুকছে না!

আমি ব্যতে পারলাম রতনলাল ভারতীকে সান্ত্রনা দিছেন মোহান্তজী।
কিছে তাঁর এই প্রবাধ বাক্যে রতনলালজী মোটেই শান্ত হলেন না। তিনি
কাঁদতে কাঁদতে বললেন—কে তাঁর পারে ধরে সাধছে মন্ত্র প্রাপ্তির জন্য ?
তিনি যতবড় উচ্চকোটির মহাস্থা হোন না কেন, এমন কি হরং শিব হলেও
আপনার কাছ ছাড়া আর কারও কাছে আমি মন্ত্র নিচ্ছি না। মংগুরুঃ

প্রীজগদ্ওক। রাখবি মারবি যো ইচ্ছা তুহারা। নিতাদাস প্রতি তুরা ভাধিকারা। কাল এখান থেকে যাত্রা করার পূর্বে আপনি যদি আমাকে পূনরায় মন্ত্র না স্মরণ করিয়ে দেন, আমি সোজা দৌড়ে গিয়ে নর্মদায় ঝাঁপ দিব।

উত্তরে মোহান্তজী বললেন—করপাত্রীজীর মত অতবড় মহারার রোষদৃষ্টিতে আমি পড়তে চাই না। আমি নিতান্ত সাধন ভজনহীন লোক।
আমাকে অকৃতী অধম জেনেও গুরু আমার হাতে গদী সমর্পণ করে গেছেন।
আমি গদীর মর্যাদা রক্ষার জন্য তোমার মত যারা উপ্যাচক হলে আমার
কাছে সন্ন্যান প্রার্থনা করে গুরুদেবকে স্মরণ করে কেবল তাদেরকে সন্মান
দীক্ষা দিই। আমি মনে মনে জানি আমি কারও গুরু হ্বার যোগ্য নই।
কাজেই অবোধ বালকদের মত কোন টেক্ (জিদ্) ধরে বসে থেকো না।
এখন ঘুমাবার চেন্টা কর, আমাকেও ঘুমাতে দাও। সকাল হোক, তখন
মা নর্মদা যা করবেন তাই মাথা পেতে গ্রহণ করতে প্রস্তুত হও।

তাঁদের আর কোন কথা দামি ভনতে পেলাম না। গুরুকে ঘুমানোর সুযোগ দিবার জন্যই বোধহয় ভক্ত রতনলাল নীরব হলেন। 'মন্গুরুঃ প্রীজগন্গুরুঃ' এই কথার রতনলালের যে অবাভিচারিনী ভক্তির পরিচর পেলাম, তাতে আমি অভিভূত হলাম। গুরু বলছেন—'আমি সাধন-ভজন হীন লোক, আমার প্রদন্ত মন্ত্র ভূলে গিয়েছ, সে ভোমার পক্ষে শাপে বর কারণ হাপেশ্বরে পৌছে তুমি ঐ একই মন্ত্র শুনতে পাবে করপাত্রীজীর মত একজন মহাসিদ্ধ মহাযোগীর শ্রীমুখ হতে' আর শিল্প বলছেন গুরুকে ভোমার যোগস্থিতি ও সাধন সম্পদ আমার বিচার্য নর, তুমি আমার গুরু, মন্গুরুঃ শুনর, হত মন্ত্র আবার যদি ফিরে পেতে হর, ভোমার মুখ দিরেই শুনব, বরং শিব প্রকট হয়ে বলতে চাইলেও আমি শুনব না, জোর করে তিনি বললেও তা শুনে আমার তৃথি হবে না, তুমি আমার একমাত্র গতি শরণং সূহং!' গুরু মহাযোগীর রোবদ্ধীতে পড়তে চাচ্ছেন না, ভরে কেঁপে মরছেন আর শিল্প মহাযোগীর সর্বনাশা শক্তির পরিচয় পেয়েও গুরু নির্চায় অবিচল!

রতনলালের প্রতি আমার প্রমা বেড়ে গেল! হার! রতনলালের মৃত

যদি ঐ রক্ষ শুকু ভক্তি আমার থাক্ত, তাহলে এতদিনে আমি ধনা ও কুতার্থ হয়ে যেতাম! এইসৰ কথা ভাৰতে ভাৰতে আবার ঘুমিয়ে পড়লাম।

ভোর হতে না হতেই সকলে উঠে পড়েছেন, আমিও জাগলাম।
মোহাস্তলী সবকেই বললেন—'আজ ভয়ন্তর হাপেন্তরের জললে আমরা
প্রবেশ করতে যাচিছ। তুর্গম জললে কোণাও উপযুক্ত সানের ঘাট পাবো
কিনা ঠিক নাই। কাজেই প্রাভঃকৃত্য সেরে এইখানেই চল সানপ্র সেরে
নিই।' তাঁর ইচ্ছানুসারে স্বাই চলে গেলাম নর্মদার ঘাটে। আমরা সান
সেরে এসে যে যার ঝোলা কমল গুছিরে নিয়ে যাত্রার জন্য প্রস্তুত হচ্ছি,
এমন সময় মন্দিরের দরজা হঠাং খুলে গেল। করপাত্রীজীর মঞ্জোচারণের
শব্দ শুনতে পেলাম। তিনি মন্ত্র পাঠ করছেন—

যচ্চ কিঞ্চিৎ জগৎ সর্বং দৃশ্যতে আরতেহপি বা। অন্তর্বহিশ্চ ডৎ সর্বং ব্যাপা নারায়ণঃ স্থিতঃ॥

যা কিছু জাগতিক ৰস্ত দৃষ্ট বা শ্রুত হয়, সেই সমন্তকে অন্তরে ও বাইরে ব্যাপ্ত করে নারায়ণ বর্তমান আছেন।

> অনন্তমবায়ং কবিং সমুদ্রেহন্তং বিশ্ব-শং-ভূবং। পদ্মকোশপ্রতীকাশং হৃদয়ং চাপি অধোমুখম ॥

দেশকালপরিচ্ছেদশ্ব্য, বিনাশ রহিত, সর্বজ্ঞ, সংসার সাগরের অন্ত-ষর্ম এবং সকল সুখের কারণকে উপাসনা করি। সকল জীবেরই হৃদর দেশ পদ্মের মধান্থলের মত , কিন্তু সেটা অধামুধ।

> অধো নিষ্ট্যা বিভস্ত্যান্ত নাভ্যাম্ উপরি ভিষ্ঠতি। হাদয়ং তৎ বিজ্ঞানীয়াৎ বিশ্বস্ত আয়তনং মহৎ॥

গ্রীবা সংযোগের নিয়ে এবং নাতি হতে বাদশ অঙ্গুলি পরিমিত ছান উধ্বে উক্ত হাদর বিভয়ান আছে বলে জানবে। ঐটিই বিশ্বের মহৎ আরতন অর্থাৎ আশ্রের।

> সম্ভবং শিলাভিস্থ লম্বত্যাকোশ সন্নিভম্। অস্তান্তে সুবিরং স্কাং ভস্মিন্ সর্বে প্রভিত্তিম্॥

পলমুক্ল সদৃশ ঐ হাদর নাড়ী সমূহের ঘারা পরিবাধি হরে লখমান রয়েছে; তার কাছেই একটি সৃক্ষ ছিত্র আছে, ঐ ছিত্রের মধ্যেই এই সমস্ত জগৎ প্রতিষ্ঠিত অর্থাৎ সর্ব জগৎ কারণ ব্রহ্ম ঐখানে অমুভূত হন।

জস্ম মধ্যে মহানগ্নিঃ বিশ্বাজিঃ বিশ্বভোমুখঃ।
স অগ্রভুক্ বিভজন্ ভিন্ঠন্ অলাহারম্ অজরঃ কবিঃ।
ভির্যক্ উধ্ব মধঃশায়ী রশাযক্তস্ত সন্তভাঃ॥

ঐ ছিজের মধ্যেই বছ শিখাযুক্ত বছ রূপযুক্ত বিশাল অগ্নি বিভাষান আছেন। সেই অগ্নি সম্মুখে প্রাপ্ত সকল প্রকার অন্ন পরিপাক করেন। তিনি ভুক্ত অন্নকে সর্বয়বে প্রদায়িত করে অবন্থিত হলেও যায়ং জীর্ণ হন না; সুভারাং তিনিই দেহের সর্বত্র প্রদায়িত জ্ঞাতা এবং তাঁরই চৈতন্য দেহের সর্বত্র পরিব্যাপ্ত।

সন্তাপয়তি স্বং দেহং আ-পাদ-ভঙ্গ-মন্তকং। ভক্ত মধ্যে বহিচ শিখা অণীয়োধর্ব ব্যবস্থিত।॥

তিনি ( অর্থাৎ ঐ দেহ মধ্যত্ব অগ্নি) দেহকে আপাদমন্তক উত্তাপিত করেন। উক্ত অগ্নির একটি অভি সুক্স শিশা ব্রহ্মরক্ত পর্যন্ত প্রসারিত আছে।

> নীলডয়োদমধ্যস্থা বিছ্যল্লেখেব ভাস্বর।। নীবারশূকবৎ ভবী ভাস্বভ্যপূপমা॥

উক্ত শিখা নীল মেবের মধ্যস্থ বিহাংরেশার ন্যায় উচ্ছল, নীবার নীক্ষের শিবের ন্যায় সৃক্ষা, পীতবর্ণ, দীপ্তিমান এবং অতিসৃক্ষ অপুর তুলা।

> ভন্তা: শিখায়া মধ্যে পরমাত্মা ব্যবস্থিত:। স ব্রহ্মা স শিব: স হরি: সেন্দ্র: সোহকর:

> > পরম: স্বরাট্ ॥

সেই শিখার মধ্যে পরমান্ধা বিশেষরূপে প্রকটিত , তিনিই ব্রহ্মা, তিনিই মহাদেব, তিনিই হরি, তিনিই দেবরাজ, তিনিই অন্তর্গামী ঈশ্বর এবং নারাতীত ব্র্প্রাশা।

করণাত্রীক্ষীর মন্ত্রণাঠ শেব হতেই বোহান্তকী মন্দিরের চৌকাঠে মাধা ঠেকিল্লে প্রধাম নিবেদন করলেন। তাঁর দেখাদেখি সকল নাগা সল্লালীও প্রণাম করলেন। আমি যখন প্রণাম করলাম, তখন ভিনি আমাকে জিজাসা করলেন—কহিরে ত হম্ যো মন্ত্রণাঠ কিরা, আপ্ কভী আপকা পিতাজীকা পাশ ইয়ে মন্ত্রকা পাঠ লিরা ? কোন্ কিতাবমেঁ ইয়ে মন্ত্রার আপ্ জানতে টেং ?

- —বেদপাঠী মাত্রেই এই মন্ত্র ও মন্ত্রের রহস্য অবগত আছেন। তৈত্তিরীয় আরণ্যকের (১০।১১।১২) মন্ত্রন্তলি 'নারারণ সূক্ত' নামে সুপ্রসিদ্ধ। এই মন্ত্রের মধ্যে আন্তর সাধনার গুহুতম ক্রম রহস্য ভাষার বিরত আছে। প্রকৃত বাক্ষণ হতে হলে অর্থাৎ বাক্ষণত্ব অর্জন করতে হলে এই সাধন রহস্য প্রজ্ঞোক বাক্ষণকে জানতেই হর।
  - शारी श्वाका। इस् यहर चूर्ण हैं।
- আপনি খুশী হরেছেন জেনে পরম আপ্যারিত হলাম। গতকাল ষভাব-যোগের বিষয় ব্যাখ্যা করে সহসা দরজা বন্ধ করে আপনি মন্দিরাভ্যন্তর হতে অন্তর্হিত হরে গিরেছিলেন, তারপর কি ঘটেছিল তা নিশ্চরই আপনি জানেন।
- উহ্ মুঝে পতা হ্লায়। মোহাত্তের নিষেধ বাকা কানে না তুলে তুমি দরজা খুলে টর্চ টিপতে টিপতে মন্দিরের মধ্যে আমাকে খুঁজেছিলে। তোমার কার বন্ধন ভাই কেভিহল বেশী।
- —না, কৌত্হলবলে আমি খুঁজিনি। সন্দেহবলে খুঁজেছিলাম। আপনার বন বন সহসা আবির্ভাব এবং সহসা অন্তর্ধানকে আমি বিষয় সন্দেহের চোঝে দেখেছি। আমার বোরভর সন্দেহ হয়েছিল, নিশ্চরই এই শিব মন্দিরে কোধাও ওপ্তকক্ষ বা গুলুঘার আছে, সেই পথ দিয়ে আপনার আগমন ও নির্গন ঘটছে। আপনি মহাযোগী না মহা ঐক্রজালিক তার স্ত্র উদ্ভাবনের চেন্টার ছিলাম! এখন বল্ন, আমার এই সন্দেহের জন্য আপনি আমার জন্য কি দণ্ডের বিধান করবেন ?
  - নেহি বেটা, আপকা কোট কসুর নেহি হয়। কৌত্হল লে জ্ঞান প্রদা হোতা জায়, হীন সন্দেশা সে (সন্দেহ) নেহি।
  - —রতনলালন্ধীও কৌতৃহলবলেই গতকাল আপনাকে অনুসরণ করে-ছিলেন নর্মদার ঘাট পর্যন্ত । সাধুর হাতে রূপার নৃতন বাটি বা সোনা দেখলে কার না সন্দেহ হয় ! বোহান্তলী আপনার আদেশানুসারে সেই রূপার বাটি নর্মদার অলে ফেলে দিয়ে আসার পরে প্রায় সলে সলেই আপনি ছুটে ছিলেন

নর্মদার ঘাটে। আপনার মনে কী গুঢ় ভাব বা কারণ আছে, তা বাইরের লোকের জানা লন্তব নর, সবাই আপনার মত স্বান্তর্যামী বা স্বজ্ঞ নর, কাজেই রতনগালজীর মনে যদি সন্দেহ জন্মেই থাকে, যদি তাঁর মনে হয়েই থাকে যে আপনি নর্মদার জলে নিক্লিপ্ত বাটিটি থুঁজে উদ্ধার করতে যাছেন, তাহলে তাঁর মত সন্ন্যাসীর পক্ষে অনুচিত হলেও আপনার মত মহান্ত্রারও কি উচিত হয়েছে, তাঁর এতকালের সাধনার ধনকে মূহুর্তে হরণ করা ? আপনার ক্ষমতা আছে বলেই কি সেই যোগশক্তির অপব্যবহার করবেন ! রতনলালজীর শরীরের দিকে তাকিরে দেখুন, তাঁর মন্তের প্রবাহ ভব এবং বিশ্বরণ ঘটার সঙ্গে সঙ্গেদি প্রায় জীবন্যুত হয়ে পড়েছেন ! আপনি এত জানেন অবচ আপনি কি তাঁর অগাধ গুরুনিটা অন্তর্দ্ধিতে দেখতে পাছেনে না ? রতনলালজী এবং আমি ছ্জনেই সমান অপরাধে অপরাধী। আমার অপরাধকে লঘু দৃষ্টিতে দেখছেন কেন ? আপনার মত মহাপুক্ষ পক্ষপাত মৃষ্ট হবেন কেন ? আপনি যেমন তাঁর মন্ত্র হরণ করে নিরেছেন তেমনি আপনার সাধ্য থাকে, আমার মন্ত্রেও হবণ করে নিন।

এই বলে আমি চৌকাঠ পেরিয়ে তাঁর সামনে গিয়ে উপস্থিত হলাম।
চৌকাঠ পেরিয়ে যাবার জন্ম যখন এক পা বাড়িয়েছি, তখনই মোহাস্তজী
আমার হাত ধরে টানবার চেক্টা করলেন কিছু আমি তাঁর হাত সরিয়ে
মহায়ার সামনে গিয়ে বলতে লাগলাম—যোগীরাজ! আমি পুনরায় বলছি,
আপনার সাধা থাকে আমার ইউমত্ব হরণ করুন নতুবা রতনলালজীর স্মৃতিতে
তাঁর ইউমন্ত পুনর্জাগ্রত করে দিন। শরাপ (অভিশাপ) দেনা ঔর সরাব
লিনা একই বরাবর পাণ হৈ।

আমার উত্তেজনা সত্ত্বেও মহাপুরুবের দিকে তাকিয়ে দেখলুম তিনি
মিটিমিটি হাসছেন। আমি চুপ করতেই তিনি লক্ষণভারতীর দিকে তাকিয়ে
বললেন—লেও ভেইয়া মুঝে দো চারঠো ছোটালা লকড়ি দেও।
লক্ষণভারতী কয়েক ট্করো ঝাঁটি কাঠ ছেঙে এনে তাঁর কাছে রাখতেই
তিনি জারে খাস টেনে প্রায় পাঁচ মিনিট কুম্বক অবস্থায় বনে রইলেন,
তারপর রেচকের ভলীতে খাস ফেললেন সেই কাঠের উপর। দপ্করে
আগুন অলে উঠল। শুনতে পেলাম, তিনি অকুট কঠে বললেন—'অগ্রিম্
লৈনেনা'

ওদিকে রতনলালকী উল্লেখিত কঠে লাফিল্লে উঠলেন—মিল গিয়া, মুঝে মিল গিয়া। মোহান্তকীর পা কটো জড়িল্লে আনন্দ ও আবেগদীপ্ত কঠে বলতে লাগলেন—গুরুজী মেরে ব্রাক্ষরবীজ সারগমেঁ আগিয়া। মোহান্তজী তাঁকে হাত ধরে উঠিয়ে করপাত্রীজীকে সাফালে প্রণাম করতে বললেন। রতনলালকী নত হওয়ার উপক্রম করতেই মহাল্লা হাতের ইলায়ায় কোটেশ্র মহাদেবকে দেখিয়ে বললেন—যো কুছ হ্যায় সব উন্হি হ্যায়। উনোনে হি একমেব সদগুরু, জগদগুরু, বিশ্বগুরু, মহাগুরু হ্যায়।

পূর্ণানন্দ স্থরূপায় পূর্ণানন্দ প্রদায় চ। নমক্তেংক্ত মহেশায় নমক্তেংক্ত নমো নম:॥

মহাত্মা মোহান্তজীর দিকে তাকিয়ে বললেন—আজ মহালয়া হৈ।
অমাবস্যা। আখিন মাহিনাকা দশ তারিখ। পিতৃপুক্ষকা পার্বণ আদকা
শুভমূহূর্ত আগরা। হন্ আপলোর্গোকো লিয়ে থোড়ালা কৃশ, ভিল যব বর্গেরা
লে আরা। আজ যাত্রা করণা ঠিক নেহি হুগার। পরশোঁ লে নবরাত্রিকা
ব্রত সুক হোগা। আজ ইধরই ঠার যাইয়ে। হন দেখতা হুঁ উলপারমেঁ
বেদবতী মাতাজীকে আশ্রম লে শাগ্রতী মাতাজী আরহে হৈ। আভি আট
বাজ গিয়া হোগা। করীব এগার লাড়ে এগারোকে অফর উনোনে ইধর
পধারেলে। উনোনে নাওলে আরহে।

করণাঞ্জী যে যোগদিদ্ধির থেলা পর পর দেখিয়ে যাচ্ছেন, তাতে মোহাল্ডলী একরকম মোহিত অবস্থার আচ্ছল আছেন (under hypnotic spell) দেখছি, কাজেই আমি বৃঝতে পারলাম, আজ ইনি কিছুতেই এ স্থান ছেড়ে যাবেন না! আমি মহাত্মাকে বললাম—শংকরাচার্য প্রভৃতি সন্নাস ধর্মের প্রবর্তকরা এ দেরকে পিতৃপুক্ষদের প্রতি অবস্থা পালনীয় কর্তব্যের দার হতে অব্যাহতি দিয়ে গেছেন। বিরক্ষা হোমের সলে সলে এ রা স্বাই ষয়মেব ব্রক্ষ ষয়ংসিদ্ধ সেজে বলে আছেন। এদের আর তিল কুশাদির দরকার নাই। ঐপতাল বহুং আমাকে দিন। আমার কাছে পিতা এবং পিতৃপুক্ষ প্রিয় পরম, পরমারাধ্য সত্যকার দেবতা। সলে পাঁজি পুঁথি নাই, আজ যে পার্বপ্রান্থের পবিত্রতম দিন, তা আপনি ত্মরণ করিয়ে দেওয়ায় আপনাকে নতজামু হয়ে পুনঃ পুনঃ প্রণাম করছি। হাপনার কাছে যদি তিল কুশাদি

থাকে ভাহলে দেগুলি ভিক্লা দিন আমাকে। আমি ভিক্লা চাচ্ছি, এই বলে তাঁর কাছে চুই হাত পাতলাম। তিনি উঠে গিয়ে মন্দিরের এক কোণ থেকে একটি অক্থকে নৃতন তামার কোশার কিছু টাটকা কুশ, তিল ও যব এনে দিলেন। যোহাস্তজীর অনুমতি নিয়ে আমি আনন্দে আস্থহারা হয়ে ছুটে চললাম নর্মদার ঘাটে। আমি উচ্চিঃমরে আর্ত্তি করতে করতে চললাম—

পিতা হি লোকে পুরুষ: প্রধানো
হিতো মহাত্মা পরমোহমুক্ল:।
অহেতৃক স্থেহরসস্থ মৃতি:
প্রজাপতি বা স্বয়মেব মৃতি:॥
বিভূর্মহাত্মা মনসা বিভাব্য
সসর্জ প্রান্ পুরুষান্ প্রজার্থম্।
ত এব পশ্চাৎ পিতরো হি লোকে
মন্মুয় রূপেন সদা চরন্তি॥
১

আমি নর্মদার ঘাটে পৌছে জলে নেমে তর্গণে মন দিলাম। শাস্ত্রবিধি অমুলারে বিশেষতঃ শুরু যজুর্বিদাস্তর্গত বাজসনেরি সংহিতার (অ-২/কণ্ডিকা ৩১-৩৪) যেলব মন্ত্রই বাবার কাছে শিখেছিলাম, তা স্মরণ মনন করতে করতে বিদেহী পিতা ও পিতৃপুরুষের উদ্দেশ্যে আমার ভক্তি-অর্থ্য নিবেদন করে সান্টালে প্রণাম করে কাঁদতে কাঁদতে উঠে দাঁড়ালাম। উঠে দেখি, করপাত্রীজী এনে দাঁড়িয়ে আছেন। আমাকে বললেন—উহ কোশা নর্মদামে বিক দো। মাইয়াকী ভাতারলে হম্ মাংগ্কে লে আয়ে থে। তাঁর কথামত মা নর্মদাকে প্রণাম করে তাঁর জলে ছুঁড়ে দিলাম কোশাটা। 'থব চলিয়ে কোটেশ্রর মন্দিরমেঁ। গুনিয়ে বেটা! হম্ মহাস্থা প্রলয়দাসজী ও মহাস্থা লোমানন্দজীকা দোন্ত হঁ। উন দোনো মহাস্থাকো তুম্হারা উপর কুপাদৃটি

১। লেখক প্রণীত 'পিতরে)' নামক গ্রন্থের ১০৯—১৪১ পৃঠার উপরে:জ্জ মন্ত্রের বিভূত ব্যাখ্যা দেওরা আছে।

২। তপ্ৰের ঐসব বৈদিক মাছের অর্থ ব্যার জন্ম 'পিতরো' প্রন্থের ৮১--৮৫ পৃঠা জউব্য।

হার। যব্ ভীল দগুনে তুবহারা উপর টালি উঠারা ভো উনকা ইচ্ছাপুনার বিলিবনে কেরিব আনে পড়া।'—এই বলে ভিনি হানতে লাগলেন। আনি চৰকে উঠলান, তাঁর কথা ভবে। ওঁকারেখরে থাকেন প্রলম্ভানকী, তাঁর সলে সর্বলেব দেখা হয়েছে মন্তলেখরে অগন্তিয় গুহার। মহাত্মা সোমানক্ষরী থাকেন চবিনশ অবভারে করনও বা সীভাষারীর বনে, তাঁর সর্বলেব দেখা পেরেছি মান্তবগড় কেলার কাছে রেবাকুন্তে, আর এই মহাত্মাকে মাত্র করেকদিন আগে সর্বপ্রথম দেখেছি অকলবাড়াভে। প্রভ্যেকটি স্থান হতে অল্যস্থানের ব্যবধান বেশ করেক ক্রোশের ব্যাপার! এ দের প্রভাবের মন্তিন্ধে যেন high power-এর transmitter বলানো আছে। প্রকৃত মহাযোগীদের সবই ভাজন ব্যাপার। যাই হোক, আমি তাঁকে প্রণাম করেছি, আপনি আযাকে ক্রমা করেন।

—কোট বাং নেহি, কোট বাং নেহি। হম্ আপকা উপর সদৈব প্রসন্ন হঁ। আপ্ মন্দিরমেঁ যাইয়ে। পাঁচ দশ মিনিট বাদ হম্ যাতা হঁ। হম্ দেখতে হেঁ শাশ্বী মাতাজীকা নাও (নৌকা) আরহে কি নাহি।

এই বলে তিনি দক্ষিণতটের দিকে ইতঃন্তত তাকাতে লাগলেন। আমি
মন্দিরের দিকে ইটিতে লাগলাম। মন্দিরে পৌছে আবার তাজ্ঞব বনে যেতে
হল। নিবলিদের কাছে বলে থেকে তিনিই আমাকে প্রথম বাগত জানালেন
—আইরে আইরে বাঙালীবাবা! আপ্কা তর্পণ হো চুকা? মার ত শোচতা
হুঁ, তুম্হারা মনস্কাম দিল্ধ হো গিরা। কেঁও কি তুম্হারা মুখমগুলমেঁ প্রসরতা
প্রর জ্যোতিকা লহর খেলতা হৈ। রসিক লাধ্র কৌতুক আমি নীরবে
উপভোগ করলাম। নর্মদা ঘাট থেকে আমার পৌছবার আগেই তিনি এখানে
এনে বলে আছেন! আমি চুলি চুলি মতীক্রকে কিজ্ঞানা করলাম—ইনি
কথন এনে পৌছালেন? মতীক্র বললেন—তোমার কথা কিছু বুমছি না।
ইনি ত কোবাও যান নি। তুমি তর্পণ করতে যাওরার পর থেকে ইনি ত
হরবখং এখানেই বলে আছেন! আমি এই কথা গুনে রীতিষত ঘাবড়ে
গোলাম। তর্পণ পেবে আমি নর্মদা ঘাটে তাঁকে এইনাত্র প্রশাস করে এসেছি।
কোন এক শার্থতী বাতার আগ্রমন-পথের দিকে তিনি তাকিরে প্রতীক্ষারত
আছেন বেনে এলাম! আর এখন শুনছি তিনি এ স্থান হতে পালমেকং

কোধাও যান নি। একেই কি মহাযোগীর সর্বত্ত সমভাবে ব্যাপ্ত থাকার ক্ষমতা বা অবাধিতভাবে ত্রহ্মভাবে নিরস্তর স্থিতি বুঝার ?

আমাকে এ বিষয়ে কোন চিন্তা করার সুযোগ দিলেন না। তিনি শাশ্বতী-যাতার প্রদক্ষে বেদবতী আশ্রমের গল্প জুড়ে দিলেন। তিনি বলতে লাগলেন —শাশ্বতীমাতা বেদবতী আশ্রমের বর্তমান অধাক্ষা, আশ্রম-মাতা। এঁর জ্যোতির্ময়ী শ্রীমৃতি দর্শন করলেই বুঝতে পারবে ইনি ব্রহ্মবিদ্ধী। বেদবতী খাশ্রমে কেবল তপখিনীরাই বাদ করেন। সকলেই আবালাকুমারী, নিতা বেদপাঠ এবং বৈদিক হবন এঁদের সাধনার অল। ঐ আশ্রমে বোধহয় ৩০ জন তপষিনী কঠোর সাধনার মগ্র আছেন। তাঁদের মধ্যে সর্বক্ষিতার বয়স প্রায় একশ হবে। শাশ্বতী যাতার বয়স আমি জানি ২৫৩ চলছে। বার নামে এই আশ্রম সেই বেদবতীর উপাখ্যান ব্রহ্মবৈবর্ড পুরাণে বিস্তারিভভাবে বর্ণনা করা হয়েছে। বেদবতী ছিলেন বৃহস্পতির পুত্র ত্রক্ষবি কৃশধ্বজের কলা। ইনি জনান্তরে সীভারণে জনাগ্রহণ করেন। কুশধ্বজ বরং লক্ষ্মী-মাতাকে কলারূপে পাবার জন্য কঠোর তপস্যা করলে, তাঁর স্ত্রী মালাবতী কালক্রমে লক্ষ্মীর অংশ রূপিনী এক কন্যা প্রস্ব করেন। এই কন্যা ভূমিষ্ঠ হওরামাত্র বেদধ্বনি করতে থাকেন: এইজন্য তাঁর নাম হয় বেদবতী। জন্মের পর মাত্র ন বছর বয়সেই তিনি পুস্করতীর্থে গিয়ে এক মন্বস্তরকাল কঠোর তপসা করতে থাকেন। এই সময় তিনি দৈববানী ভনতে পান-'ভূমি জন্মান্তরে বিফুকে হামীরূপে লাভ করবে।' এই দৈববাণী পাবার পর বেদবতী গন্ধমাদন পৰ্বতে গিয়ে আবার তপসা করতে থাকেন। এই সময় হঠাৎ একদিন রাবণ তাঁর সামনে উপস্থিত হলে তিনি অতিথিজ্ঞানে তাঁর দেব। করেন। কিছু রাবণ এর রূপ যৌবনে মুগ্ধ ও কামাভুর হয়ে তাঁকে বলাংকার করতে উত্তত হলেন। তখন বেদবতী ক্রুদ্ধা হয়ে রাবণকে শুল্লিড করে তাঁর হাত, পা, মুখ প্রভৃতি স্বাক্ জড়ীভূত করে দিলেন। কিছ রাবণের এই অপমানের জালার তিনি তৎকণাৎ প্রজালত অগ্নিতে প্রবেশ করেন এবং মৃত্যুর পূর্বে রাবণকে বলে যান—'এই অপমানের প্রতিশোধ নিবার জন্ম আমি আবার অজোনিজা কনারেপে জন্মগ্রহণ করে ডোর বাধর कात्र वरा

বহুকাল পরে এই বেদবঙী জনক রাজার করা 'সীডা' নামে জন্মগ্রহণ

করেন। রাবণ দেই কল্মেও সরাাসীর বেশে পঞ্চাট বনে গিরে সীতাকে বলপূর্বক হবণ করে লছাতে নিয়ে বান। বাল্মীকি রচিত রামারণের এই ঘটনা সকলেই জান। সীতা ও পূর্বজন্মের বেদবতীর জন্মই রাবণ রামচন্দ্রের হতে যবংশে নিহত হন। রাবণ যধন সীতাকে হবণ করে নিয়ে যান, তখন দেবতাদের ইচ্ছাক্রেমে প্রকৃত সীতা জগ্নির কাছে থাকেন। রাবণ ছায়া-সীতাকে অপহরণ করতে পেরেছিলেন। রাবণ বধের পর সীতার জগ্নিপরীক্ষা কালে অগ্নিদের প্রকৃত সীতাকে রামচন্দ্রের হস্তে অর্পণ করেন এবং ছায়া-সীতা জগ্নি ও রামচন্দ্রের উপদেশানুসারে এই নর্মদা মাতার দক্ষিণ-তটে শূলপাণীশ্বর মহাদেবের সল্লিকটে ভরত্বর শূলপাণির ঝাড়ির একটি গুহাতে কঠিন লিবতপ্রাতে রত হন। পরে ছাপরস্থাে এই ছায়া-সীতা মহারাজ ক্রপদের অনুষ্ঠিত যজ্ঞাগ্নিতে যোগবলে যয়ং সমূখিতা হয়ে যাজ্ঞসেনী বা দ্রোপদী নামে পরিচিতা হন।

এই সময় আমি সহসা বলে ফেললাম—এবং এই দ্রৌপদীও কুরুবংশের ব্যংসের কারণ হয়েছিলেন। তার মানে বেদবতী নায়ী তপষিনী তিনি মহর্ষি কলা এবং লক্ষ্মীর 'অংশ বর্জনিনী' হয়েও, জল্ম-জল্মান্তর ধরে তপল্যা করেও জিঘাংলা রতি ত্যাগ করতে পারেন নি! রাবণ তার অপমান করেছিলেন নেজলা রাবণের উপর তার প্রতিহিংলা পাকতে পারে, লীতারূপে জল্মে তার শোধ তুলে ছিলেন, এর যৌক্তিকতা তবু অনুধাবন করা যায় কিন্ত ছারা-লীতা দ্রৌপদী রূপে জন্মে যে কুরুবংশ ধ্বংলের কারণ হলেন, সেই কুরুবংশের ললে রাবণের কি সম্বর্জ! একথা ত কোন পুরাণকার লিখে যাননি যে রাবণ মরে ছ্রোধন হয়েছিলেন, তাই দ্রৌপদী রূপে জন্মে তাঁকে প্রতিশোধ নিতে হয়েছিল।

এছাড়াও আমার মনে আর এক ধাঁধা, বেদবতী রাবণ-বধের সংকর নিরে দেহতাাগ করেছিলেন বলে তিনি জন্মান্তর গ্রহণ করে রাবণ-বধের কারণ হতে বাধা হরেছিলেন, কিন্তু বিভিন্ন জন্ম ধরে এত যে তাঁর তপস্থা, সেই তপস্থাতেও তাঁর চিত্ত মল যদি পরিশোধিত না হর, তাহলে এমন তপস্থার মূল্য কি ?

করণাত্রীকী বললেন—বাঙালী বাবা! আণ্থোড়া চুণ রহিয়ে। একদৰ বাযুস্। শাবতী বাতাকী আরটে হায়। শৈবাগদ দর্শনক। উপদেশ আছা মহর্বিদে আপকো বিদা ছায়। কর্মনদ, বারিক্মল জনাছর মেঁ বিচিত্র রূপ লেডে হৈ। তপদ্যা দে উস্কা শোধন হো সকভা হৈ, লেকিন আনবমল টুট্তা নেহি। কোট সুরতনে উসকো ভূগনেই পড়েগা। ইস্কা ঔর যো গহন গল্পীর রহক্ম ছায়, কোট বধং মোকা মিলনেদে হম্ আপকো সমঝা ছলা লেকিন্ আভি আপ্ কৃপা করকে চুপ রহিয়ে। আভি শাখতী যাতাজীকো দর্শন করিয়ে। দক্ষিণতটুমেঁ যিস গুহামেঁ হায়া-দীতা তপদ্যা কিয়ে ধে, ওহি গুহাকো বেদবতী আশ্রম কহা যাতা হৈ। শাখতী যাতা ওহি আশ্রমকা আচার্যা ছায়।

- আর আমাকে এ তত্ত্ব 'সমঝানোর' প্রয়োজন হবে না। অর্বাচীন পরাণ বা উপ-প্রাণের গল্পকে যোগতত্ত্ব দিয়ে যতই ব্ঝানোর চেন্টা ককন না কেন তা আমার মনকে স্পর্শ করবে না, কারণ আপনার মত ব্মহাযোগীও প্রাণের যতই যোগিক ব্যাখ্যা দিন না কেন, তা কথনই যুক্তি-সিদ্ধ হবে না।
- —কেঁও আপ্বেদবাস প্রণিত অন্তাদশ প্রাণকো নেহি যানতে হেঁ । ছান্দোগ্য উপনিষদ্কা সপ্তম অধ্যায় কী প্রথম খণ্ডমেঁ চতুর্থ লোকমেঁ নারদ-সনংকুমার-সংবাদ আপ্ অধ্যয়ন কিরা কি নেহি ! উসমেঁ ইছ জিকর আয়া—নাম বা ঋথেদো যজুর্বেদঃ সামবেদ আব্বাশচভূর্থ-ইভিহাস-প্রাণঃ পঞ্মো বেদানাং বেদঃ। বন্ধং বেদ বলতে ইেঁ প্রাণ মাল্য হৈ, ইছ্ পঞ্ম বেদ হৈ।
- —আগনি আমার ধৃউত। মাপ করবেন। বেদ উপনিষদ যেখানে ইতিহাস
  পুরাণকে পুনঃপুনঃ পঞ্চ বেদ বলছেন সে ঐ অর্বাচীন ১৮টি পুরাণ— যেওলি
  ব্যাসের নাম দিরে চলে সেওলি কদাপি নয়। যদি তর্কের খাতিরে এক
  মূহুর্তের জন্মও ধরে নিই বে ঐওলি বেদব্যাসের লেখা, তাহলেও যে কোন
  লোক সাধারণ বৃদ্ধিতে কিঞ্চিৎ বিচার করলেই বৃষতে পারবেন, ব্যানের
  জন্মের বহু পূর্বে প্রকাশিত বেদ উপনিষদ—ব্যাসত যা অধ্যয়ন এবং বাধ্যার
  করে বেদ বিভাগ পূর্বক বেদব্যাস হরেছিলেন, পৃথিনীর সেই প্রাচীনতম
  গ্রন্থতিত পুরাণ শক্ষের উল্লেখ থাকলে, 'পুরাণ' শক্ষ তাহলে নিশ্চরই

আগ্রহী পাঠক লেখক প্রাইড 'আলোক-বলনা' নামক প্রছের ১০৪ পৃঠা—১০১ পৃঠা
পদ্ধাপ পুরাধ সবছে বিভাগিত আলোকনা এবং প্রকৃত বরক জানতে পারবেন।

ওণাবে ব্যাস রচিত বা পরবর্তীকালে ব্যাসের নাম দিয়ে রচিত অর্বাচীন
পুরাণ বেমন ভাগবং, ব্রক্ষেবর্ত পুরাণ প্রভৃতিকে বুঝাছে না। ছান্দোগ্য
এবং রহদারণ্যক উপনিবদে পুরাণকে 'পঞ্চম বেদ' বলা হচ্ছে বলেই বুঝা
উচিত, ছান্দোগ্য-রহদারণ্যকের হাজার হাজার বছর পরে রচিত ব্রজবৈবর্ত
পুরাণাদির মত অর্বাচীন অন্তাদশ পুরাণকে ওখানে লক্ষ্য করা হচ্ছে না।

শাস্ত্রে আছে, 'যজমান যজ্ঞ সমাপ্তির পর দশম দিবলে পুরাণ পাঠ প্রবণ করবে।' এ কথাতেও ব্ঝা যায় 'পুরাণ' বলতে বেদব্যাদের নাম দিয়ে প্রচলিত অর্বাচীন পুরাণগুলির কথা বলা হচ্ছে না। কারণ, বেদব্যাদের কম্মের বহু পূর্বেও যজ্ঞাদির অম্ঠান হত, তখনও যজ্ঞান্তে পুরাণের পাঠ ও প্রবণ করা হত! ব্যাসকৃত গ্রন্থের পঠন পাঠন প্রবণাদি বা)দের ক্লমের পরেই সম্ভব, পূর্বে নয়।

—ভৰ্ আপ কহিলে আপ্কা মভানুসালে পুরাণ কৌন্ ছার !

—ঐভরেম, শতপথ, গোপথ এবং সাম, এই চারটি ব্রাহ্মণ গ্রন্থেরই অপর नाम পুরাণ। বেদের ব্যাখ্যাকেই পুরাণ বলা হয়। ঐতরেয় শতপথ গোপধ नाम—এই চারিটি গ্রন্থে সাক্ষাংভাবে যদিও বেদবিভার বর্ণনা আছে, ৰ্যাখ্যা আছে, ভবুও বেদ 🗢 উপনিষদ্ ঐ সৰ ব্ৰাহ্মণ গ্ৰন্থ রূপ পুৱাণকেই পঞ্চম বেদ বলে অভিহিত করেছেন। কারণ এগুলিতে ইতিহাস (যেমন জনক যাজ্ঞবক্ষ্য সংবাদ ), পুরাণ ( যেমন জগতের উৎপত্তি প্রভৃতির বর্ণনা ) কল ( বৈদিক শব্দসমূহের সামর্থ্য বর্ণন ও অর্থ নিরাশণ ), গাথা ( যেমন कांत्र हरें हो । व नार्के । इत्र कथा अन्य ), नात्रामः नीत्र ( मानू रशत अमः ननीत्र এবং অপ্রশংসনীয় কর্মের বর্ণনা ) সমূহ লক্ষণ বর্তমান। এইজন্য শংকরাচার্যও বলেছেন — 'বাক্ষণেৰ পুৰাণম্।' প্ৰসিদ্ধ বেদ্ভান্তকার সায়নাচাৰ্যও পুরাণের नःका विटल शिरत वरनरहन—'हेवः वा कारत देवव किक्षनांनीतरणोतांनीश'— रेजापिकः चगजः धांगनरचानपूर्णक्या गर्न धिजनापकः नाकाचाजः भूतारम् (ঐভবের সারন ভূমিকা)। অর্থাৎ 'প্রথমে কিছুই ছিল না, দৌত্ত ছিল ना' रेखानि कथात्र रायात्व कगर्छत अथग्छः चम्छा निर्मण करत, शरत সৃষ্টিতত্ব প্রতিপাদন করা হয়েছে, সেই নকল সৃষ্টিতত্ব প্রতিপাদক বাকাই পুরাণ পদবাচা। ঐত্রের, শতপথ, সাম এবং গোণথ প্রভৃতি ত্রাহ্মণ গ্রন্থে अनकन मृष्टिकच मूनक बाका चाहि, विकिक गूरा बळाडि बळवान के नव সৃষ্টির উৎপত্তি বিষয়ক বাকা, আকাণ গ্রন্থ পাঠ করতেন ভাই আকণ গ্রন্থেরই অপর নাম পুরাণ। পুরাণ বলতে অক্সবৈর্থত পুরাণ, ভাগবত পদ্মপুরাণ প্রভৃতিকে বোঝার না, কাজেই অক্সবৈর্থত পুরাণ হতে আপনি যে বেদবতীর উপাধানে বলদেন, তার গল্পাংশই আমি যখন বিশ্বাস করতে পারছি না, তখন 'কোট ববং মোকা মিলনেনে' তা আর আমাকে আপনার 'আছি—ভরেসে সমঝানোর' প্রয়োজন দেখছি না। 'অবশ্য নর্মদার দক্ষিণতটে কোন একসময় বেদবতী নামে কোনও প্রেষ্ঠ তপ্রিনী বাস করতেন এবং গুরু পরস্পর্য ক্রেমে সেই ধারা আজও যখন বর্তমান রল্পেছে, তখন এই বাস্তব ঘটনাকে আমি অবিশ্বাস করছি না।

যে কোন কারণেই হোক ত্রিকালক মহাযোগী হিসাবে আপনার উপর আমাদের সকলেরই বিপুল শ্রন্ধা ও ভক্তি উৎপন্ন হয়েছে। আপনিই বলুন না, বেদবাালের নাম দিয়ে যে আঠারোটি পুরাণ চলে আনছে ঐগুলি কি সভাকার বেদ উপনিষ্দোক্ত পুরাণ পদ্বাচ্য ? বেদব্যাস কি সভাই ইগুলির প্রণেভা ?

খানার প্রশ্ন তানে মহাস্থা চকু মুদ্রিত করে বলে বইলেন। তিনি ইতি বা নেতিবাচক কোন উত্তর হয়ত দিতেন, কিন্তু তার আর তিনি অবকাশ শেলেন না। মোহান্তরী উচ্চিঃমরে কোলাহল ফেলে দিলেন—শার্থতী মাতালী থা গয়া। শিলা ডপ্রক বাজাকর আপ্লোগ হয়ায়া লাধমেঁ আইয়ে উনকো বাগত করেলে। পিছন ফিরে দেখি কিছু দূরে তিনি আগতেন। শিলা ডপ্রক বাজাতে বাজাতে করেকজনকে ললে নিয়ে মোহান্তলী তাঁর নামনে উপস্থিত হয়ে নতাম্বতেকে মাবাহন কয়ছেন। য়ব উঠেছে য়াগতম্। সুবাগতম্। নায়ায়ণ! নায়ায়ণ! য়াতালী কাছাকাছি হতেই মহাস্থা কয়ণালীলী ছাড়া আময়া যে পাঁচ জন মন্দিরে ছিলাম স্বাই উঠে দাঁড়ালাম। তাঁর শরীয় দেশে চমকে উঠলাম। লোলচর্মা রজা, গাত্রবর্ণ কবিতকাঞ্চন তুলা। কপালের চামড়া বুলে পড়ে চোপকে বোধহয় চেকে দিয়েছে, ভাই একলও সৈয়িক বয় দিয়ে কপালে চামড়া সেঁটে বাঁখা হয়েছে। পরিধানে মুগচর্ম। হজকেশু আয় একটি মুগচর্ম দিয়ে আরত। পুঠে বিশাল জটাভার, সুবর্ণকেশী, জটার চলও বর্ণবর্ণের। হাডে ত্রিশূল। তিনি বেক্রমণ্ড সোজা কয়ে হেঁটে এনে মন্দিরের সিঁড়িতে এনে দাঁড়ালেন। তাঁর পিছনে ত্রজন প্রেট্ আলেন,

তাঁদের হাতে ছটি ভেক্চি, গৈরিক বল্লে আচ্ছাদিত। নাতাজী নি জিওলি অতিক্রম করে মন্দিরের দরজার কাছে এনে ক্রপাত্তীজীর চরণে সাউট্লে প্রণাম করেবে উঠে বললেন—ওক্তমী আপনি সকাল আটটার খবর দিরে আসার পরমূহুর্তে মহাদেবের পূজার আর্মেজন প্রস্তুত্ত মহাদেবের পূজার আ্রেজন প্রস্তুত্ত মহাদেবের স্তুত্ত মহাদ

করপাত্রীকী তাঁর কথা তবে লক্ষ্ণভায়তীকীকে বললেন—ভেইন্না, তুম্লোগ ভোক্তনকে লিমে শালপাতা বগেরা লেকে আসন বিছাইয়ে।

স্বকে ভনিরে ভনিরে তিনি বলতে লাগলেন, মহাদেবকো স্থুল রূপ হার, যারলে আপলোগ হার। লিলরপ হার যারলে নর্মদেশর লিল, ওঁকারেশর লিল, কোটেশর লিল ইত্যাদি। লিলকা অলরমেঁ যব চিংশজি প্রগট হোকর উন্থে লিলকা রূপ বলল দেতা হৈ, তব উহ্ যন্ত্রপ হো যাতা হৈ, ঔর একাক্ষর, ত্রাক্ষর, সপ্রাক্ষর যো শিবমন্ত্র হার, উহ্ মহাদেবকা মন্ত্র রূপ কহা যাতা হৈ: হ্যারা বেটি শাশ্রতী মাতালী মূর্ত মহাদেবকো পূলা করনা প্রন্দ্র করতা হৈ। আপু কুপা করকে ইন্কো পূলা লিজিয়ে।

লক্ষণভারতী আরও গুজন নাগাকে সঙ্গে নিরে গাছ থেকে শালপাতা সংগ্রহ করতে গোলেন। শাশ্বতী যাতাজী আমাকে লক্ষ্য করে করপাত্রীজীকে বললেন—গুরুজী! হম্দেখতে হে গাড়ে দশসে ইহ্ বাচ্চা আপ্কোবছং তন্ করতা হৈ। আছে।, হম একঠো সন্ত বলতে হৈ, ইস্কা ক্যা মতলব কহিরে ত!

> ভেরাড়্ভালমাশু কাটা সদা মুদে গজাবলা। বিষাভাভমজ্মীড়ে, যন্ত নাকধুনী গলে॥

আৰি যথেক্ট চিন্তা করেও ঐ রহস্য মন্ত্রের অর্থ, উদ্ধার করতে পারলাম না। আৰি হাত জোড় করে তাঁকে বললান—ইস্ মন্ত্রকা পাঠোদ্ধার হননে হোগা বেহি। কুণা পূর্বক আপু বাতাইরে।

শাৰতী ৰাভাজী কিঞিং হেনে বলতে লাগলেন—ফচ্ছং নিৰ্মলং তং প্ৰসিদ্ধং ভে নক্ষত্তে ৰাজত ইতি ভেৱাট্ চক্ৰঃ। স ভালে যস্য তং ভেৱাড়্-ভালং শিবস্ আণ্ড শীব্ৰম্ অহমীড়ে ন্তোমী ইভাৰ্থঃ। নাকধ্নী গলা যস্য শিবস্ত কাটা—কে শিবাসি অটভি সঞ্বভীতি। তথা যস্ত অবশা পত্নী অগজা গিরিসুতা দুর্গা। পুনশ্চ যক্ত গলে কঠে বিৰাভ্য বিৰক্ত আভা দীবি বর্ততে, তং শিবমিতি। অর্থাৎ চক্র (ভেরাট্) বার ভালে (ললাটে), পর্বভনন্দিনী (অগজা) চুর্গা যার সদানন্দদারিনী পত্নী (অবলা), গলা (নাকধুনী) বার মন্ত্রকে সঞ্চারিত (কাটা) এবং বিষের আভা (নীলবর্ণ) বার গলভূষণ, সেই সুনির্মল (অচ্ছ) শিবকে আমি স্তব করি পুজা করি।

শাশ্বতী মাতার সম্ভ্র ব্যাখ্যা শুনে আমার খুবই আনন্দ হল। ইতিমধ্যে লক্ষ্মণভারতীলী শালপাতা পেতে সকলকে ভিকার জন্য বসিরে দিয়েছেন।

শাখতী যাতা প্রথমে করণাত্রীকীর মাধার চক্ষর ও বেলপাতা দিরে 'নমঃ
শিবার' বলে তাঁর ছুই পারের র্থাঙ্গৃষ্ঠের উপর মাধা ঠেকালেন। তারপর
তাঁর ঝোলা থেকে এক একটি করে চক্ষর মাধানো বেলপাতা বের করে
সকল নাগা সন্ত্যানীর মাধার 'নমঃ শিবার' 'নমঃ শিবার' বলে তাঁর ক্ত্য
শিবপুজা করে থেতে লাগলেন।

এক কাঁকে আমি সর্যাসীদের সারি হতে একধারে একটু আলাদাভাবে আমার ছক্ত নির্দিষ্ট শালপাডাট সরিরে নিরে বলে আছি। তিনি ক্রেমায়রে নকল সর্যাসীদের মাধার 'নমঃ শিবার' মন্ত্রে বেলপাতা চাপিরে আমার কাছে এনে থমকে গাঁড়ালেন। আমাকে বললেন—বালযোগিন্। এঁদের সারি থেকে ভোমার আসন কিঞ্চিত দূরে কেন? এঁদের সলে ভোমার ফারাক্ কোধার?

— আত্মদৃষ্টিতে কোন প্রভেদ নাই কিন্ত বাহুদৃষ্টিতে অনেক ফারাক্। ওঁরা অদৃষ্ট দেবতাকে প্রতাক্ষ উপলব্ধিতে ফুটিরে ভোলার জন্য কঠোর তপ্যাকরছেন, কিন্তু আমি কোন সাধন ভজন করি না, তপ্যাকাকে বলে ভাও জানি না। আমার পিতাই আমার জীবস্ত ঈশ্বর, প্রতাক্ষ মহাদেব। আমি সেই দৃষ্ট দেবতাকেই শারণ ননন করি। আমি তাঁর রেহের ঋণ ভ্লতে পারি নি। কিন্তু ওদের গুরুবর্গ আচার্য শহরের পদাহ অনুসরণ করে ওঁদেরকে পিতৃমাত্দার থেকে রেহাই দিরেছেন, ওঁরা আজ মহালরার মহাপুণ্য দিনেও মাতা-পিতা এবং পিতৃপুরুবদেরকে শারণ করা প্রয়োজন মনেকরের নি। ভাই বেইমানদের কাছ হতে একটু দূরে বসেছি।

আমার কথা শুনেই শায়তী যাতালী ধণ্ করে আমার সামনে বনে পড়লেন, তাঁর চোধ ছটি ক্রোধে অরুপবর্ণ হরে উঠল। ভাভেও আমি বিন্দুষাত্র চঞ্চল না হরে বল্লায—আমার যাধায় বেল্পাডা চালাবেন না, তবে আপনার প্রসাদের উপর আমার লোভ আছে, বজ্ঞ কুখাও পেরেছে।
এই সময় যদ্দিরের ভিতর থেকেই করপাত্রীকী বলে উঠলেন—বেটি! লাভ
হো যাইয়ে। বাঙালী বাবাকো উপর হমারা দোনো দোভ কো কুপা দৃতি
হার।

মাতাজীর চকু ছটি ক্রমে কোমল হয়ে উঠল। ছ'চোখ দিয়ে খেন মমতা বারে পড়ছে। আমার মাধাটা ছ'হাত দিয়ে কোলে টেনে নিয়ে শির চুম্বন করলেন, আমার মেরুদন্ত দিয়ে যেন একটা স্থিয় স্রোত ধীরে ধীরে সঞ্চারিত হল, একটা অভূতপূর্ব পুলক ও আবেশে আমার মন তরে গেল।

মাতাজী 'নম: শিবায়', 'নম: শিবায়' বলতে বলতে উঠে গেলেন দরজায় কাছে। ভেকচির ঢাকা ঈষং খুলে একহাতা খিচুড়ী দিলেন করপাত্রীজীর হাতে। তিনি ডান হাত বাড়িয়ে তা গ্রহণ করে খেতে আরম্ভ করলেন। তারপর করপাত্রীজী যেমনভাবে আমাদেরকে পঞ্চকণিকার কটি অর্পণ করেছিলেন তেমনিভাবে ভেকচিটি তাঁর সঙ্গী পণ্ডিতজী হাতল ধরে সকলের কাছে নিয়ে থেতে লাগলেন, আর তিনি গেরুয়া কাণড়ের ঢাক্না ঈবং সরিয়ে সরিয়ে সকলের পাতে প্রয়োজনমত বিচুড়ী পরিবেশন করতে লাগলেন হাতায় করে। এক একজনকে দেন আবার ডেক্চির মুখ চেকে ফেলেন। সকলকে দেওয়া হয়ে গেলে সকলকে আহার করতে বলে নম: শিবার:, নম: निराम, इत इद रम्, इत नर्मा राम धानि पिएल मागरमन आह जात मिलली ভত্তক বাজাতে লাগলেন। সকলের খাওরা শেব না হওরা পর্যন্ত তার কর্তে নমঃ শিবার, হর হর বমু ধ্বনি অবিরাম বেচ্ছে চলল। এইভাবে তাঁর শিব পুলা শেব হল। মন্দিরের মধ্যে চুকে তার ওকর মূবে একটু একটু করে অল চেলে দিলেন কমগুলু থেকে। তাঁর হাডও ধুইরে দিলেন, হাত মুছিরে দিলেন সুবর্ণ কেলকটা দিরে। করপাত্রীকীর র্ছাঙ্গুট ধুরে চরণোদক পান করে তিনি বিদায় চাইলেন সকলের কাছ হতে। আমরা সকলেই তার शिक्टन शिक्टन श्रमांच नर्मात चाँहे शर्यच । हांतकन मासि नौका निरम দাঁভিয়েছিল। বৌকার মাল্ললে যে পডাকা উড়ছে তাতে দেবনাগরী ও ওজরাটি ভাষার লেখা আছে 'বেদবতী আশ্রম'। নৌকা ছেড়ে দিল। चामता किरन अनाम कारहेन्द्रस्त मन्द्रित । मन्द्रित अरम रमिश निरन्त पन কাকা। করণাত্রীকা অন্তহিত হয়েছেন।

শাৰতী মাতাৰ প্ৰবন্ত খি চুড়ী ভোগ খেৱে আমাদের স্কলের পেট স্বদ্ধ হরে উঠেছিল। প্রার প্রভাককেই দেখলান টেকুর ভুলছেন আর বল খাছেন। মন্দিরে গাছতলায় সিঁড়িতে যে যেখানে পারলাম ভারে পড়লাম। ভুরি-ভোকৰের ক্লান্তি ও আলত্যে আমাদের চোধ জড়িয়ে এল ঘুমে। সকলেই पृशिदा পড़नाम। অविलाख चनीनाम बागना यथन खरण छेठेनाम, ज्यन অন্ধকার হয়ে গেছে। যন্ধিরের ভিতর তাকিয়ে দেখলায় করণাত্রীকী খন্টা वांकित्त हरनाइन चांमारमद्राक कांशावाद कना। अमीन वनाइ। अमीरनद चारनारल रम्थनाम रम्यारन अकृष्टि रफ शिल्डानत श्रंभवानीन, अकृष्टि कर्श्वनानी. ভুলার একটি বড় বাণ্ডিল, বেশ কভকটা কর্পুর এবং ছ'বোতল ঘি রাখা चारह। छिनि सांशास्त्रकोरक एएरक रमरमन, जूमि जुमा, वि এবং পঞ-প্রদীপের অভাবে কোটেশ্বরজীর আরতি করতে পারছ না বলে ভোমার मत्न कृथ। छाहे धहे नव निरत्न धनाय। धन्न छामना नव नर्मना म्मर्न করে এসে প্রাণভরে আরতি কর। হাপেশ্বর মহাদেবের মন্দিরে পৌছে তার আরতি করে এইসব পদার্থ যা যা অবশিষ্ট থাকবে, পঞ্চপ্রদীপ ও কর্পুরদানীসহ সব নর্মদার কলে ফেলে দিবে। ভোমরা ভাড়াভাড়ি ফিরে এৰ বাট থেকে। আমি এখানে বলে বলে ভগবানের রূপমাধীরর আয়াদন কবি ৷

তাঁর আদেশক্রমে আমরা স্বাই বর্মদাতে গিরে মুখ হাত ধুরে 'হর বর্মদে' বলে প্রণাম করে ভাড়াভাড়ি ফিরে এলাম মন্দিরে। এলে দেখি তিনি ধ্যানস্থ হরে বলে আছেন। চকু নিমীলিভ। চোখে মুখে অলোকিক আনন্দের ছটা। মোহাজ্বলী পড়লেন বিষম সংকটে। তিনি আগেই আদেশ করেছেন আরভি করতে। আরভির সমূহ উপাদানও এনে দিরেছেন। এখন শিলা, ডম্বক বাজিরে ঘন্টাপ্রনি করতে করতে আরভি করলে ভ তাঁর ধ্যান ভেঙে যাবে। তিনি চোখের ইসারার পন্ধাভারতীকে ভেকে নিয়ে চুপি চুপি প্রামর্শ করলেন, এমভাবস্থার কিংকর্তব্যং ! তাঁদের মধ্যে কি আলোচনা হল শুনতে পেলাম না, তবে দেখলাম শলা-পরামর্শের পর তিনি সাবধানে মন্দিরে চুকে নিজেই মুত্রসিক ভুলার বাতি পঞ্জাদীপ সাজিরে নিয়ে নীরবে আগ্রের লিলের আরতি করতে লাগলেন। পঞ্জাদীপের আরতির শেবে তিনি কর্পুর দিরেও আরতি করতে লাগলেন। পঞ্জাদীতের বাজনা বন্ধই আছে। আরতির পর

তিনি প্রণাম করে বেরিরে এলেন। স্বাই আমরা নির্নিম্ম নেত্রে তাঁর দিকে তাকিরে জপ করে চলেছি। মোহাল্ডকী আরতির শেষে বেরিরে আসার পর তাঁর শরীরের চারদিকে একটা আভা ফুটে উঠন।

বহুক্ষণ পরে তার শরীরে কম্পন দেখা দিল। মুখে হালি। দে অবস্থাতেও তিনি আরও আধ্বকী কাটালেন, ভারপর তিনবার ঝাঁকুনি থেয়ে হর নর্নদে বলতে বলতে চোখ খুললেন। মতীন্ত্র কানে কানে বললেন—রাত্তি ১১টা।

আর পাঁচ মিনিট পরে মোহান্তজীর দিকে তাকিরে বললেন—কাল সুবে হাপেশ্বর জললাই প্রবেশ করিয়ে। ইস্ উত্তরতটাই হাপেশ্বর ঔর দক্ষিণ ডটাইে কাঁঠেদার ঝাড়িয়াঁ, ইয়ে এারসা কঠিন মার্গ নর্মদা ঘাত্রাহে কহী ভী নহি হৈঁ। ইয়ে দোনো ঝাড়িয়াঁ পথরোঁ কে তৃকড়ে, কঁকরোলী পথরোলী ভূমি পরিক্রেমাবাদী হর নর্মদে করতে হয়ে বড়ি কঠিনতালে ইস্ মার্গকো পার করতে হৈঁ। খ্যার নর্মদা মাইয়া ভূম লোগকো ইয়া উন্কা পরিক্রেমাবাদী সন্তানকো কুদ্ সমহালেলে। কোট ফিকর নেহি।

মোহান্তজীকে ঠাট্টা করার ভঙ্গীতে বললেন—হাপেশ্বর জললমেঁ বিশোরাস কিজিরে আপ্লোগোকোঁ উপর হ্মারা দৃষ্টি রহেগা। কোল ভর নেহি। হাপেশ্বর মন্দিরমেঁ আপ্লোগকো সাথ হ্মারা ফিন্ ভেট হোগা।

এই বলে তিনি আবার কিছুক্লণ চুপ করে রইলেন। আবার বলতে সুক্র করলেন—আজ চু'প্রবাহঁ শাখ্রতীমায়ীলে ভিক্লা লেনেকা বধং বালালী-বাবা সন্নালীবাঁকো 'বেইমান্' করা। ইস্লিয়ে আপ্কো কোল কোল চেলাকো উন্কা উপর বহুৎ গুলা হো গরা। উন্লোগোকোঁ আপ্ সামহালেলে। ইয়ে হমারা খাস্ আজি, ইরাদ্ রাখ্না। মোহাস্তলী হাতজোড় করে তাঁকে বললেন—আপনি দরা করে এ বিষয়ে কোন চিস্তা করবেন না। পূজাপাদ ক্মলভারতীজীর সম্প্রদায়ে এ জিনিব সহ্য করা হবে না। ধর্মের প্রধান শিক্ষা সহনশীলতা। পর্ধর্মাইস্কৃতা যদি না থাকে এবং যে যার মতবাদ বা আপন অন্তব করছে যদি বাধীনভাবে মত প্রকাশ করতে না পার, তাহলে সাধু জীবনযাপনের সার্থকতা কি? শৈলেক্সনারান্ধ কোন তে খারাপ কথা বলে নি। তা নিয়ে কারও ননে 'গুলা' করার কোন হেতু নাই। পিতা ও পিতৃপুক্রবদের প্রতি ভার যে অবিচল ভক্তি তা তো আয়াদের সকলেরই শিক্ষনীয় বিষয়। সে যেমন আমাদের সক্ষেত্র আছে ভেন্ননি মধোচিত মর্থাদায়

আমাদের সঙ্গে থাকবে। আমি দারিত্ব নিচ্ছি। আপনি অন্তর্থানী, আপনি নিশ্চরই জানেন যে, আমি তাঁকে ইতিমধোই ভালবেসে ফেলেছি।

মহাপুক্ষ আর কোন কথা বললেন না। তিনি সকলকে আশীর্বাদ জানিরে চলে গেলেন নর্মদার গাটে, গেলেন সেই একইভাবে টলভে টলভে। আমরা সকলেই তাঁর উদ্দেশ্যে প্রণাম জানিয়ে ভারে পড়লাম।

সকালে উঠেই আমরা প্রাতঃকৃত্যাদি সেরে নর্মদা ম্পর্শ করে যাত্রা সুকু করলাম। শিলা ওম্বকু বাজাতে বাজাতে ভগবান কোটেখরের মন্দির পরিক্রমা করে চলতে লাগলাম পশ্চিমদিকে পশ্চিমগামিনী মা নর্মদার ধারাকে চোখে চোখে রেখে। কোটেখর মন্দিরে যে ভিক্ত ও মধুর অভিক্রতা হল, তা আমার জীবনে অক্ষর হয়ে থাকবে বলে আশাকরি।

क्रांच चामत्रा कन्यान श्रांचन कत्रनाम। त्रांचा वा शांद्र हमात्र मार्ग বলতে কিছু নাই, কঠিন পাৰ্বত্য পথ ঝোপেঝাড়ে লতায় পাতায় সব চেকে আছে। স্বার আগে আছেন লক্ষণভারতীকী। বোটাবোটা শালগাহ, किंग वादम, नाका शारहद करना। हांहे हांहे खार्ययाए थात्र थालाकरे লাঠি বা ত্রিশৃলের ঘা মারতে মারতে এগিয়ে চলেছি। যেখানে পথের উপর ঝাঁকড়া ঝাঁকড়া গাছের ডাল এমে পড়েছে, সেখানে ছোট ছোট কুডুল বা টাঙ্গি দিয়ে নাগারা তা কেটে পথ পরিষ্কার করছেন। যতই এওচিছ তত জল্প খন হচ্ছে। শালবনের ভিতর দিয়ে কালো কালো পাথরের আঁকা-বাঁকা পথ এ কৈ-বেঁকে যেতে যেতে এক একটা 'ভুংবি' বা অনুচ্চ পাছাড়ের সঙ্গে যেখানে মিশে গিয়েছে সেখানে দেখছি পাছাড়ের উপর শালগাছের সলে লতা-পলাশের জড়াজড়ি। এদেশের ভাষায় ছোট ছোট পাহাড়কে বলে 'ডুংরি'। ডুংরি শব্দটি লক্ষণভারতীন্দীর কাছে এই আমি নুত্ৰ শুনলাম। তিনি মোহাত্তলীকে বললেৰ—আপনার কি মনে আছে वहत्र शत्वत्र खार्श श्रुक्राहरवत्र माम अकवात्र खामत्रा अहे शर्थ अत्मिहिनाम ? **मिवादि अवदक्केक थिएक एकिन्छि धार पितिक्या करत अस्य मश्रामश्रेत** যাবার পরে যখন এখানে এসে পৌছাই তখন ছিল চৈত্র মাস। সেই সময় সম্গ্র জন্ম জুড়ে রক্ত-পলাশের সেই বঙীন বিচিত্র শোভার কথা আপনার मत्न चार् विकार ? माराचची जांक हैं।-मूठक नशक्तिश्च छेखा पिरतहे चार्यात्वरूक नका करत वनर्छ नागरनन-वष्ठ वष्ट्र मानगाहरक किएत

যেবৰ লভা-পলাশের মোটামোটা লভা, বসন্তকালে এই লভার গাঁঠে গাঁঠে অজল রক্ত পলাশ কোটে। ব্যৱ বৰশোভা ভখন অপর্প হয়ে উঠে, ভা দেশলে যে কোন রসক্ষ্থীন লোকের মনও উদাস হতে বাধা।

আমরা পথের মধ্যে একটা ঝর্ণা পেলাম। কুল্কুল্ করে মধ্যে চলেছে। এইরকম পরিবেশে ঝর্ণার কলতানকে মধুর সঙ্গীত বলে মনে হচ্ছে। একজন নাগা দেই ঝণার জন খেতে উছাত হতেই লক্ষণভারতীকী 'হাঁ হাঁ' করে উঠলেন। ভিনি তাঁকে কমগুলুর জলপান করতে বললেন, কারণ তাঁর काना এই বৰের ছোট ছোট ঝণার क्य অনেক ক্ষেত্রেই বিবাক্ত হয়। হাতী বাৰ ভাদুক প্ৰভৃতি বন্য কল্পকেও এই জল খেরে মরে পড়ে থাকতে দেখা গেছে। তাঁর কথার আমরা কেউ ঐ ঝর্ণার জল খেলাম না। ঝ্র্ণা পেরিরে যতই এগোতে লাগলাম ততই জললের পর জলল। বেলা প্রায় দশটা বাবতে যার কিন্তু এই বনে সূর্যের আলো প্রবেশ করেনি। এতক্ষণের মধ্যে কোন মানুবের মুখ দেখলাম না, এমনকি একটা বরাজান্ত চোখে পড়তে ৰা। ক্ৰোচ্চ পাহাড়ী পথের ছপাশেই ওধু জলল। বাংলাদেশের **(इ.स.** क्षामि, **এইরকম একটানা सक्त (५४ए० অভ্যন্ত নই। মৃত্য্যहারণ্য** उंकाद्वत वाष्ट्रि पार्च अरमहि, मीलामातीत रम्छ एतकत, मृम्मानित वाष्ट्रित्रछ প্রায় তিন চতুর্থাংশ অভিক্রম করে এলাম, কোধাও কোধাও এইরকম ঘনবোর অসমত যে দেখিনি তা নয়, কিছু সেসব অন্ধকারাছের জলল পথে বড় জোর একমাইল বা তুমাইল যাওয়ার পরেই সূর্যালোক চোখে পড়েছে किन्न अरेत्रकम शाँठ मारेन नाए शाँठ मारेन कृष्ठ (करनरे व्यक्तकारतत মধ্যে হাঁটতে হয়নি। মোহান্তজীয় নির্দেশমত লক্ষণভারতীজীয় হাতের লাটি পিছৰ দিকে লখা কৰে বাড়াৰো আছে, তাতে হাত ঠেকিয়ে আছেৰ প্ৰায় পাঁচ ছব জন, লাঠিব শেব দীমার বিনি, তিনি আবার তাঁর হাতের লাঠি वा जिम्म नया करत निहत्वत निरक वाष्ट्रिक निरम्बरहन, जा मक करत बरम আছেন আরও করেকজন। এই পদ্ধতিতে হাত ধরাধরি করে যাওরার মত আমরা লাঠি ধরাধরি করে এগিরে চলেছি। এই দাবধানতার কারণ পারের নীচে পাৰ্বতা পথ বড়ই কৰ্কশ। পাল্লে মাঝে মাঝে সুঁচ ফোটার মত করে विं थरह। जात करन काकश्चिक वाथा श्लात कडे यमि वाथात कारहे क्रिकटन পড়েন, হাতের थे नाठि वा जिल्ला छिनि ययम कान् हो बहुछ नाहरून,

এই সমর আমাকে বাধা দিয়ে মোহান্তজীর সহচর একজন পণ্ডিত (ইনি কবিরাজ নন) বলে উঠলেন—আমি শুনেচি, ঝার্যদের দশম মণ্ডলের ১০ নম্বর সূক্তে যম-যমীর কথোপকথন আছে সেখানে নাকি যমী আপন সহোদর ভাই-এর সঙ্গে সহ্বাদ করতে চেয়েছিলেন. যম অবশ্য যমীর প্রস্থাব প্রভাবি প্রভাবি করেছিলেন। একথা কি সতা ?

—দশম মণ্ডলের দশম স্কের যম ও যমী দেবতা, তাঁরাই ঋষি। আপনি বোধহয় কোন পুরাণ পাঠার কাছে বেদের ব্যাখা। শুনে থাকবেন। পুরাণের ক্লোক ভাবধারায় বাঁদের মন ভারাক্রাস্ত তাঁদের পক্ষে বেদমন্ত্রের সঠিক অর্থ বুঝা সম্ভব নয়। কোন প্রকৃত বৈদিক পণ্ডিতের কাছে ঐ মঞ্জলির অর্থ শুনলে আপনার এ ভ্রম হত না। বেদভাল্পকারদের মতে যম ও যমীর আর একটি মৌলিক অর্থ দিবা ও রাত্রি। রাত্রি দিবার পশ্চাতে আসে, কিন্তু তাদের সংগমন হয় না। দিবা ইচ্ছা করলেও রাত্রির সঙ্গে মিলিত হতে পারে না। এই ওল্পটি না বুঝে পুরাণ-পাঠারা ঐ বৈদিক মন্ত্রগলি নিয়ে উপল্যাস রচনা করেছেন।

মোহান্তকী পণ্ডিতজার উপর বিরক্তি প্রকাশ করে আমাকে বাকী কথা বলতে নির্দেশ দিলেন। আমি পূর্ব প্রসাদের জের টেনে বলতে লাগলাম— ঋথেদের দশম মণ্ডলের ১৪ নম্বর স্কের যে মন্ত্রের পূর্বে ব্যাখ্যা করেছি, তার আরও ত্'চারটি মত্র ব্যাখ্যা করলে যমের কর্মধারা এবং তাঁর সঙ্গে মর্ডাজীবের কি গুরুত্বপূর্ণ সম্পর্ক আছে, তা স্পন্ধীকৃত হবে।

ঐ স্কের প্রথম ও বিতীয় মরে আছে—হে অন্তঃকরণ ! তুমি বিবয়ানের পুত্র মমকে হোমের দ্রব্য দিয়ে বেবা কর। তিনিই সংকর্মান্বিভ জীবদেরকে সুবের দেশে নিয়ে যান, তাঁর নিকটেই সকল জীব গমন করে। খামরা यि পरि यान, छ। ययहै अथम सिविटक स्वन। तम अथ कात विवक्षे हरन ना।
यि পरि कामारिक পूर्वभूकरवता शिरतहरून, मकल कीवरे निक निक कर्मास्मारत रम भरिथ यारिक।

বেদের মতে, যম আমাদের বিদেহী পিতৃপুক্ষগণের সুধবিধান কর্তা এবং পুণাকর্মের পুরস্কার-বিধাতা, তাই যমের কাচে প্রার্থনা জানানো হয়েছে—

যৌ তে খানো যম রক্ষিতারো চতুরক্ষো পথিরক্ষো নৃচক্ষসো।
ভাভামেনং পরিদেহি রাজন্ স্বস্তি চাম্মা অনুমাবং চ ধেহি॥

ৰে যম। তোমার প্রহরীষ্কপ যে ছই কুকুর আছে, থাদের চার চার চকু, যারা পথ রক্ষা করে এবং যাদের দৃষ্টি পথে সকল মানুষকেই পড়তে হর, ভাদের কোপ হতে এই বিদেহীকে রক্ষা কর; হে রাজন্ এঁকে ভূমি কলাগভাগী এবং নীরোগী কর।

প্রাণে যমের সক্ষমে এমন ভয়স্কর ছবি আঁকা হরেছে যাতে সাধারণ মানুষ যম বলতেই ভয় পায়, শিউরে ৩০ঠে, সকলে মনে করে যম পাপপুলার কঠোর বিচারক এবং একজন নিপ্তর শাসক। মানুষ কাউকে গালাগালি বা অভিশল্পাত দিতে গিয়ে বলে 'ভূই যমের বাডী যা' অর্থাং তার মৃত্যু হোক। কিন্তু বেদ দেখিয়েছেন, মৃত্যুর পর জীব যথন নিরালয় বায়ুভূত নিরাশ্রয় অবস্থায় পড়ে তথন তাকে যমই আশ্রয় দেন এবং তাকে কল্যাণের পথে, শ্রেয়োমার্গের পথ প্রদর্শন করেন। তাই বেদে নির্দেশ দেওয়া হয়েছে—

যমায় মধুমুত্তমং রাজ্ঞে হব্যং জুহোতন। ইদং নম ঋষিভ্যঃ পূর্বজেভাঃ পূর্বেভাঃ পথিকৃত্ত্যঃ॥ ১০য় ৷ ১০ স্ ৷ ১০

অর্থাৎ যম রাজার উদ্দেশ্যে মধু এবং অন্যান্য মিন্টদ্রবা দিয়ে হবন কর। সে সকল পূর্বকালের মৃত্যন্দ্রটা ঋষি আমাদের পূর্বে জন্মগ্রহণ করে এই ধর্মের পথ বা ধর্মরাজ্যের পথ দেখিরে তাঁর সভাষরূপ বর্ণনা করে গেছেন, তাঁদেরকে নমস্কার করি। কান্থেই বৈদিক দৃষ্টিতে আমাদের প্রির পিতৃপুরুষগণের সদৃগতিদাতা যম আমাদের সর্বশ্রেষ্ঠ বাহ্মব।

আমার আলোচনা গুলে মোহাস্থজী ধুব উচ্ছুসিত হয়ে উঠলেন। তিনি আমার হাত থেকে ঋঘেদটি নিয়ে মাথায় ঠেকালেন এবং আমার হাত জড়িয়ে ধরে মন্দিরে নিয়ে গেলেন। সন্ধ্যা হয়ে আসছে, লক্ষ্ণভারতীজী আরতির আয়োজন করছেন।

সন্ধা। হতেই বাগভাও সহকারে আরতি সুক করলেন মোহান্তজী। শিলা ডক্ষর বাজতে লাগল। সকলেই আমরা একমনে আরতি দেখছি, মোহান্তজী মন্ত্রপাঠ করতে করতে আরতি করছেন, কিন্তু করেকজন নাগা এতই উল্লাসভৱে শিলা ভম্বক বাজাচ্ছেন যে, তার প্রচণ্ড শব্দে শত চেডা করেও মন্ত্রের একবর্ণ বুঝতে পারছি না। এমন সময় প্রচণ্ড বাবের গর্জন, মনে হচ্ছে যেন মন্দিরেরই পিছনেই তিন চারটা বাব একসলে হন্ধার দিচ্ছে। সেই শব্দে মোহাল্ডজীর হাত থেকে পঞ্জাদীপ ছিটকে পড়ে গেল। বাদকদের হাত গেকে শিক্ষা ডম্বরুগুলোও খনে পড়ল। সকলের ভারে মুখ শুকিরে গেছে, স্বাই যেন ইলেকট্টিক শকু খেরে আড়েষ্ট ও পক্ষণাতগ্রন্থ হলে পড়েছেন। অনেকেই বলে পড়েছেন, ফিস্ফিস করে বলছেন 'জয় क्त्रभाखीकी', 'क्त्र यशकान', 'इत वर्गत इत वर्गत'। आध्यकी त्कतह গেল এইভাবে। স্বাই আশা করেছিলেন-এইমাত্র বাব এলে বাড়ে नांकित्त अफ़न बरन । তা यथन घटेन ना, उथन धर्यनमाञ्च ভাবে भावितक বন্ধ করা অপরাধ বলে লকণভারতীক্ষী পুনরায় পঞ্প্রদীপ সাজিয়ে দিলেন। ৰাভভাগু বন্ধ বেখে মোহাল্ডকী নীরবে কোনমতে আরতি শেষ করে यहांकालात पत्र (धरक दितिस्त्र अलान। कांत्र पूर्व कांन कथा नाहे, অন্ধকারে কারও মুধ দেখা যাচ্ছে না, আলো থাকলে সকলের জীমুবের আকৃতি কি বক্ম হরেছে দেখা যেত ! সকলেই ভাবে পড়েছেন বটে কিছ মাঝে মাঝেই প্রভোকের এীঅফের নড়াচড়ার শব্দ পাছি। মোৰাছজীর লোহার ফাটকের উপর বিন্দুমাত্র আন্থা নাই। তিনি আন তিনবার বললেন-কেউ এক দৰ গিয়ে দেখে এন, লোহার ফাটক ঠিকণত বছ আছে কিনা! किन्न (कड विहाना (हर्ष डिर्राटन ना, ना बडीला, ना नम्मन्डाबडीजी ! चंगला चाबिरे डेर्रनाय। चाबि हेर्र हिल्ल दृंखिन ला तिरह्नि, स्वाहास्त्री বললেন—'কৌন্ বালালী বাবা । আপ্ মং যাও। রভনলাল যারেগা।'
রভনলালভা বাধা হরে ফাটক দেখে এসে বললেন—ফাটক আছিডবেলে
বন্ধ হার। তবেই তিনি নিশ্চিত্ত হরে ঘুমাতে পারলেন। একমাত্র আমি
ছাড়া বোধহর কেউ-ই লে রাত্রিতে হুই চোখের পাতা এক করতে পারেননি।
আমার মনে কোন ভর জাগেনি, কারণ বাবা আমার মনে এই দৃঢ় সংশ্লার
বন্ধসূল করে দিরে গেছেন যে, বেদপাসীর কখনও অপথাত মৃত্যু হয় না।
কাজেই বাবার কথা চিন্তা করতে করতে আমি ঘুমিরে পড়লাম। ভোরেই
আমার ঘুম ভাঙল, বোধহর তখন ছ'টা বেজেছে। উঠে দেখি, এরই মধ্যে
প্রত্যেকেই প্রার্থ রান করে নিরেছেন। যে যার ভল্লিভল্লা বাঁধছেন, আমিও
ভাড়াভাড়ি প্রাতঃক্রতা সেরে রান করে এলাম। সকলেরই চোখ মুখ বলে
গেছে। প্রত্যেকের চোখ লাল, অনিলা এবং রাত্রিভাগরণের ফল।
ধর্মরারের থাটে মহাকাল মন্দিরে স্বাই এক রাত্রির জন্ম যম্ব্যন্ত্রণা করে নিলেন।

স্কাল সাতটার আমরা যাত্রা সুকু করলাম। আজ ১৫ই আদ্বিন कुक्तराव । नर्मनां क नर्मन कदा कदा विकासित विकास विकास । প্ৰায় খাধ্বকী হাঁটাৰ পৰেই জললে এনে পড়লাম। ছায়া ছায়া অভকাৰে চাকা ভলবের মধ্যে কঠিন পার্বভাপথ। তবে এই পথে হাঁটতে কোন কট रुष्ट् ना, कावन मूँ ठारना এरए। ११४८ए। भागरत भर कछे अन स्वनि। आमबा आबक भरनब मिनिने भरत छेरबारेकित भरत छेंद्र मानमाम, किन्छ এक)। छु:बि, देशाकी कथिक अकामन कटलब मध्या कान कटलबर द्वायरम প্রতীক। জলল ক্রমশঃ বনতর হছে। বড় বড় শাল গাছ, অবাগাছ এবং ঝোপ জলৰ ত আছেই। প্ৰত্যেৰ গাহকে জড়িয়ে আছে পূৰ্বের মত লভা পলাশের বোটা বোটা শিক্ষ। এই ছুংরির উপর যেসব মোটা বোটা नानशाह (मबहि (मधनि थाए वायरम नाएक नीह एस कूहे रव । इहे राज প্রদারিত করে কারও পক্ষে এইরক্য শালগাছের বেড পাওরা সম্ভব নর। সারা ভারতবর্ষে আর কোবাও এইরকম মোটা শালগাছ আছে বলে আমার काना नाहे। (करनहे जावहि, अहेबक्य यानात वन हत् ! हाब जगवान अहे बन्दान कि त्नव नाहे ? र्हार नम्मण्डात होती हिरकात करत फेंग्लन-'ভিল নং ভুংরি সুরু, মহতদানি কিজিয়ে।' এই বলে ভার হাতের লাটি

পিছন দিকে বাড়িয়ে দিলেন। পিছনে নাগারা তা সদে সলে জাপ্টে ধরণেৰ এবং প্রভোকেই যে যার হাতের লাঠি বা ত্রিশুল লম্বা করে এগিয়ে দিরেছেন পিছনের লোককে। यनভদানি করে অন্ধকারার্ভ পার্বভা পথে প্রায় ঘটাখানিক অতি সম্বর্গণে হাঁটার পর গাছপালা একটু পাতলা হরে अम । সূর্যের আলো এসে পড়েছে পথে। নর্মদাকে দর্শন করবার জন্য বাঁদিকে ভাকাতে লাগলাম, কিন্তু নর্মদার ধারা দেখতে পেলাম না। লক্ষণ গারতীজীকে জিজাসা করতে তিনি বললেন —ইধর ত মাইরাকো দর্শন যিলেগা নেহি। মারী পাছাড় ফাড়ফোড় করকে অল্বমেঁ কাঁছি ঘুৰ গিরা ट्रांर्टिंग । वित्रवाकान वाहेटमैं यांकत छन्की किन् वर्नन मिल्ली ; देश नर्मना চাট্টাৰোঁ যে হোকর নীচে গিরতী হৈঁ। হঁয়া উনকী বহংসী ধারারে হো গরী হৈ। প্র এ উচাই সে গিরনে কা কারণ তীত্র গতিলে প্রবাহিত হোতী হৈ। লগভগ এক মীলকে পশ্চাৎ ইল্লে সৰ ধারারে মিলকর ফিন্ একধারা হো যাতী হৈ। পথ যতই তুর্গম হোক বন অপেক্ষাকৃত পাতলা হওরায় বড় বড় গাছের পাতার সূর্যের আলো পড়ার পাতাওলো ঝিলমিল করছে। কবি হলে কাব্য করে বলতাম, সুর্যকিরণ ঝিলিখিলি খেলছে গাছের সবুক পাতার দকে। এ দুখা আমার ভালই লাগছে। লক্ষণভারতীকী চিংকার करत जानार नन- नर्गन कतिरम या नर्शनारका। किन्न अ की नर्शनांव कर! धर्मबारत्रत्र शांकि नर्मनात्र त्य विष्यात्र त्याच अनाम, अथात्न त्यथिक नर्मना कात्र একটা ছোট পাহাড়ের উপর উঠে এসে সেই ভুরিং ভেদ করে বরে চলেছেন। খামরা এই চার নম্বর ভূংরির পাশ দিয়ে অতাত্তত প্রকৃতির কিনার দিরে **एटेंटि** চলেছि। नर्यनात कल छिটुक्क अपन गण्डा सामानित भाषत छेभता। অভান্ধ সাবধানে ভিকা পাধরে পা টিপে টিপে আমরা চলতে সাগলাম। একবার পা পিছলালে খার রকা নাই। প্রায় যাধ মাইলটাক রান্ত। अरेडारव भा िर्प हिर्प हाँहोत करन भाश्यमा नकरनतहे वाथा वाथा कत्रहा নর্মদা আবার তার গতিপথ বদল করে উঠে গেছেন পাঁচ নম্বর ডুংরিতে। এই ভুतिং वा পাहाफुठा এक**डा** विभाग भिवनित्वत मछ त्वराछ। शाहारकुरं উপরটা সমতল ভাগের মত। কিন্তু এই ডুংরির মধাভাগ ছেদ করে নর্মদা অঞ্জন্ত थातात थरत १७ हरू निर्हा अक्हा निर्वाण वा वस क्लात साहात बावधारन अक्टा किस करत राधान निरम बनाक क्षेत्राहिक कहा यात्र, बाबात

তাকে মাঝখানে চিরেও তুভাগ করা যার, লেটাকেও বলতে পারি মধাভাগ ফাটিয়ে। এখানে বে বললাম 'জুংরির মধাভাগ ফাটিয়ে', ভারমানে নর্মদার তীরস্রোত ভোট পাহাড়টার মাঝামাঝি স্থানে এমন প্রবল থাকা দিয়েছে যে, পাহাড়টা সমান তুকাঁক হরে গেছে। সেই কাঁকের মধ্য দিয়ে নর্মদা বয়ে চলেছেন, তাঁর এখানে যে কলকল নাদকানি উঠেছে ভার বলে বম্ বম্ প্রনি মিলালে বেশ মিলে যার। মনে হচ্ছে শিবপুত্রী বম্ বম্ প্রনি ভূলতে তুলতে সাগর সরিধানে মিলিত হতে যাছেন। লক্ষণভারতীকী বললেন—এহি হার হিরণফাল তীর্থ। সমান তুভাগে বিভক্ত ফাটা ডুংরির এভাগে আমরা আছি, লাফ দিয়ে পড়তে হবে ঐ ভাগে, কারণ ঐ ভাগ দিয়ে রাভা আছে হাঁটার মত। সেই রাভার আমাদেরকে যেতে হবে শেড়াঘাট। এখানে ত দেখতেই পাচ্ছ নর্মদার বিভার বড়জোর পাঁচ ফুট হবে। একটা হরিণ এটা অবলীলাক্রমে লাফিয়ে যেতে পারে বলেই এর নাম হিরণফাল।

মোহান্তকী যুক্তিপরামর্শ করে এই প্ল্যান করলেন যে, ঝোলাঝুলি গাঁঠরী কমণ্ডপু, লাঠি, ত্রিশূল ইত্যাদি হাতে বা কাঁধে নিয়ে ভিঙানে। সম্ভব নর। কাজেই আগে চার পাঁচক্ষনকে লাফ দিয়ে ওপারে গিয়ে পড়তে হবে, তারপর আমরা এক এক করে সব জিনিষপত্র ছুঁড়ে দিব, তারা লুফে নেবে, ধরে নেবে। তাঁর যুক্তি সকলেই গ্রহণ করলেন। কিছু কে আগে ভিঙিয়ে যাবেণু প্রত্যেকে মুখ চাওয়া-চাওয়ি করতে লাগলেন।

বড় বড় বাঁদরের নাদা নাদা পেট, সাগর ডিঙাডে সবে মাথা করে হেঁট !

আমি মোহান্তভীকে বললাম, কুল কলেকে পড়বার সমর আমি 'লং ছাম্প' আনেক অভাাস করেছি, আমিই আগে লাফ মারছি, আপনি অনুমতি দিন। এই বলার সজে সঙ্গেই আমি 'হর নর্মদে' বলে লাফ মারলাম। নির্বিদ্ধে ওপারে গিয়ে পড়লাম। আমার দেখাদেখি লক্ষ্মণভারতী, মতীক্র, রতনভারতী প্রভৃতি দশ বারজন নাগা হর নর্মদে বলতে বলতে লাফ দিলেন। এরপর লাফ দিলেন হরং মোহান্তভী এবং হজন পণ্ডিত। এবারে বাকী নাগারা আমাদের ঝোলা, কমল, গাঁঠরী, লাঠি, ত্রিশূল ইত্যাদি একে একে ছুঁড়ে দিতে লাগলেন, আমরা একে একে বন মহে নিলাম। একটা কম্বনের

চারকোণে ধরে আমরা পেতে ধরলাম, কমগুলুগুলো একে একে ওপার থেকে पूर्ण मिल्मन नागाता। गर विनियभक्त अमित्क हत्म जानात शर वाकी নাগারা একে একে লাফ দিয়ে পেরিয়ে এলেন। আমরা নডজানু হবে মা নৰ্মদাকে প্ৰণাম জানালাম। মোহান্তজী বললেন-- যহাঁ হিম্নাক্ষনে তণ্যা কী থাঁ, ইসীলিয়ে উসীকো নাম সে মহ হিরণাডার্থবাট কহলাতা হেঁ। হিরণকা (হরিণ) উল্লক্ষ্ন কা সাধ ইস্কা কোট যতলব নেহি। আভি ইনকা কথা শুনিয়ে। এই বলে তিনি বলতে লাগলেন-মহর্ষি কশ্যুপের ওরসে দিভির গর্ভে হিরণাক্ষের জন্ম হয়। তিনি ছিলেন হিরণাকশিপুর কনিষ্ঠ দ্রাফা। ডিনি এইখানে এসে খোরতর তপস্যা করে পল্লযোনি ব্রুদ্ধর দর্শন পান। ব্রক্ষার বরে হুর্ধন হয়ে সে যুদ্ধ করার জন্ম বর্গে গিয়ে উপস্থিত হন। দেবভারা ভয়ে পলায়ন করেন। ভারপর অসুর জলক্রীড়ার জন্য সমুদ্রে অবতরণ করে। সেখান হতে বরুণের জল মধাছ প্রাসাদে গিয়ে উপস্থিত ভোষার সমকক্ষ কেউ নাই। একমাত্র ভগবান বিষ্ণু ভোষার সক্ষে যুদ্ধ করতে সমর্থ, ভূমি বরং তাঁকে মুদ্ধে আহ্বান কর। তথন ছিরণাক বিফুর সন্ধানে রগাতলে প্রবেশ করে বরাহরূপী বিষ্ণুকে দেখে তাঁকে আক্রমণ করে। বিষ্ণু वजाह एख बाता हिल्लाकरक विमीर्ग करत इन्छा करतन।

জন্মতে হিরণাক তিলোক জয় করে পৃথিবীকে সমূলেখনে নিকেপ করেন। বিফু বরাহরূপে হিরণাক্ষকে বধ করে দশনাত্রে রসাতল হতে পৃথিবীকে উধার করেন।

গল্প শুনে আমার মনে হল, বলিহারি, পুরাণকারদের বচন পারিপাটা । কল্পনার সাহায্যে তাঁরা অভুত অভুত গল্প রচনা করতে পারেন । মহর্ষি কশ্যপের পুত্র হিরণাক্ষ এখানে তথোভূমি নর্মদার তটে ভপস্যা করতে এসেছিলেন, এইটুকুট যা ঘটনা।

এখানে লাফালাফি এবং লুকালুফিতে আমাদের অনেক সময় নই হয়েছে, এবারে যে যার ওল্পিভলা নিয়ে বেছাগাটের দিকে যাত্রা করলাম।

হিরণফাল ঘাট হতে নর্মণা যে দিক দিয়ে বার চলেছেন, আমরা শালবনের ফাঁক দিয়ে সেই প্রেই উৎরাই এর পথে ইেটে বেতে লাগলাম। পাহাড়ের রয়ে রহে জল অজ্জ বারার গড়িয়ে পড়েছে, মাদালাতে যে সহস্রধারা দেখে এসেছি এখানের দৃশ্য সেইরকম নয়। এখানের ধারাওলিতে জলতোতের উচ্ছাদ আছে, দে জল তীরবেগে শুল্ফালিল কল ধারণ করে গর্জন করতে করতে গড়িরে পড়ছে নর্মদার মূলধারার সভে। এখানেকার দৃশ্য সম্পূর্ণ গল্য প্রকৃতির। এখানে ড্ংরির ছোট ছোট ছিল্লপে বিশ্ব বির করে গড়িরে পড়ছে নর্মদার ধারা, এগচ তা জলপ্রপাতের মত কল ধারণ করেনি, গর্জনন্দাও নয়। কোধাও বা সক্ষ সল্প ফিনকি দিয়ে ফোয়ারার আকারে নর্মদার জল াহাডের গা বেয়ে পড়ছে. কোধাও বা দেখা গাছেছ গ্রুক্ত ফিনকির পর ফিনকি বা ফোয়ার। মূল প্রত গাত্র হতে পাঁচ-দশ্রত দৃরে গিয়ে ভছে। সেই পর পর ফিনকির সারি এক নজরে দাঁড়িয়ে দেখলে বড় বিচিত্র এক বড় এপ্রন্ধ বলে মনে হয়।

किञ्च धार्माद्वत आकृष्टिक ल्याचा मार्ग्यानत एतमत क्याथात्र १ १ एवत धर्गमणा धामार्मित्रक मन ममरब्रहे अवश कतिरत्न मिर्छ धामता क्वनमाख (मोन्मद मरस्राती मरशत जयनकाती नय, आयता छीर्यराखी भवितक्यावात्री. আমাদের কিছু অবশ্য করণীয় নিতাকর্ম ডাছে, আমাদের সেই নিতাকর্মের জন্য স্থিতি 😉 নিরাণভার জন্য সর্বাগ্রে প্রহোজন একটি শিবমন্দির। চারিদিকে তাকিরে দেখভি কো ময় পাই সেই শুভুর আশ্র। **হিরণ।কে**র चाटि बर्रमात (मेरे माएक भीहकूरे वा क्रेक्रि याज विखात (मर्पिकिमाय, মাইলখানিক হাঁটার পরেই দেখলাম ডুংরি ফা<sup>নি</sup>য়ে যেলব অজতা ধারা ছুটে বেরিয়েছিল, ভারা পব একত্তে মিলিত হয়ে গেছে, ফলে নর্মদার বিস্তার বেড়ে প্রায় চল্লিশ পঞ্চাশ ফুট ১৩ড়া হয়েছে। নর্মদার গতিপথও যেমন বদলেতে, তেমনি বদলে গেছে পাৰ্বতা থের প্রকৃতিও। শক্ষণভারতীকা এর আগে নর্মদার বক্রযান গতির কথা বলায় ভার ্সই বক্রযান শব্দটি নিয়ে কৌতুকবোধ করেছিলাম, কিন্তু এখন তাঁর এমন লাবে আঁকাবাক। হয় ? নিজের চোবে না দেখলে জীবনে বিশ্বাস্ট कतर है भावाचा ना किछार नर्भना अवक्य और करवेरक १८% रहन। १४ छ क्दब्या मत्लव नारे, किन्नु अथात्नत शाहाक कन्नमा ना, किन क्लाहिर বড় বড় শালগাছ চোবে প**ড়লেও** এইসৰ পাহাড়ের ঢালে শুনুই বেলগাঙের थाधिनछ। हास्रात हास्रात (वनग्राह, क्वन अनहार्छत छन्त्रमिर्कछ

(यनगांड (हत्क द्वरथर्ड प्रवित भव प्रवित्क। धामारनवरक कथन ७ उरवाहे कथन छ ह ह । ज्या कि एक हैं। हे एक । अर्थ के अब अर्फ वा अनु কারণে অনেক বেলগাছ পথ চেকে পড়ে আছে। ভূবতিত ভূপাতিত অনেক বেলগাছ শুকিয়েও গেছে। গাছ শুকিয়ে গেলেও তার কাঁটার বিদ্ধ করার ক্ষমতা কিছুমাত্র কমেনি ৷ কাঁটা মাত্রই তা ফুদ্র হোক তার বিদ্ধ করার বা যমুনা দেওয়ার ক্ষমতা কিছুমাত্র কমে না। তাই আমরা অতি সাবধানে ণা ফেলে হাঁটছি। জল্প কম, সূৰ্গালোকও গ্ৰাৱিত তাই বকে। নতুবা अडे १५ यहि १विंकृके थाफि पूफ् अत यह हड जाराम वामारात १थ हमारे হুরর হত। সমানে নাগারা কুছুল ও টাঙ্গির সদব্যবহার করছেন, পথের উপর থেসৰ শুক্ৰো ব্ৰেলগাছ পড়ে রয়েছে তার ডালপালা কেটে ছেঁটে এগোচ্ছেন। তবুও এত সাবধানতা সভেও সাতজন নাগার পায়ে বেলকাঁটা ফুটল। রতনভারতী এবং হুজন পণ্ডিতমশাই এর পায়ে যে কাঁটাগুলি ফুটল দেগুলি আকারে বেশ বভ। তাঁরা বন্থনার আর্তনাদ করে উঠলেন। তাঁদের পারের কাঁটা সবলে টেনে বের করতে হল। যথেষ্ট রক্তপাত হল। একজন নাগা তাঁর ব্যবহৃত নামাবলি ছি'ডে তাঁদের প্রত্যেকের পালে ফেটি বেঁখে দিলেন। অল্লকণের মধোই ফেটিগুলো িজে গেল রক্তে। রক্তের শ্রোত কিছুতেট বন্ধ হল না, এখানে অংশেলা করারও উপায় নাই, বেলা বোধহয় একটা বেজে গেছে। ডুংরিটা এমনই যে এখানে ঝোণঝাড় বা ঘন্ত কোন শতাপাতার গাইও নাই। কাজেই রক্তনিরোধক কোন লতাপাতা অভুসন্ধানের প্রশ্নই আদে না, থাকলেও তা চিনে আনবেন কে? যিনি চেনেন, সেই কবিরাজ পণ্ডিত নিজেই ত যন্ত্রনায় ছট্টট করছেন। মোহাস্তজীর নির্দেশে কন্টকে বিদ্ধ যন্ত্রনাকাতর প্রত্যেককে, প্রায় একরকম কাঁথে ভূলেই নিয়ে যেতে হল। সেই ডুংরি থেকে নেমে কিছুটা সমতল প্রান্তরে নেমে আসতেই লক্ষণভারতীজী বললেন এহি বেড়াঘাটে বা। মোহান্তজী তা ভানেও এক সেকেও অংশকা করলেন না। বেড়াঘাটের উদ্দেশ্যে বারেকের জন্য করজোড়ও হলেন না; তাতে ব্ঝলাম এই খেড়াঘাট কোন তীর্থ নয়, এটা কারও তপস্যাক্ষেত্রও নয়। যাওয়ার গথে একটা স্থান মাত্র। যোহাস্তজীকে বিষম চিন্তিত ও বিষয় দেখছি। সাভজন সদী যদি এমনভাবে কাঁটা ফুটে ठम९मिक्शीन इन, ভাহলে कांबरे वा ভाল लाগে? उँ। एवं गाउथ गाउथ

যত্ত্রনাকা ৩র আর্তনাদ শুনে আমাদের স্বারই মন খারাপ হয়ে গেছে। থে সাতক্ষৰ ৰাগা তাঁদেৱকে বইছিলেন, তাঁদেৱকে বদল করে ফর্থাৎ তাঁদেৱকে বিশ্রাম দিয়ে আর সাতজনকে তাঁদেরকে বহন করতে বলা হল। বারা अठका चाहलाहरू वहेहिलान, जाता हांशास्त्रन, त्राम (नाम (नाम তারা। এইরকম কেত্রে সাধারণতঃ কিছুক্রণ বসে বিশ্রাম করতে হয়, किञ्च (याहाञ्चको अकमिनिट्डेंब अनुष्ठ काष्ट्रिक वमर्फ निर्मन ना। পর ডুংরি পথের মধ্যে পর পর তিনটি খাড়া দাঁড়িয়ে আছে দেখতে পাচ্ছি। ্যন পথে কেউ সাজিয়ে রেখেছে। একেবারে নালা, বড় বড় গাছ ত দুরের কথা, দেইদব পাহাড়ে দুর থেকেই দেখতে পাচ্ছি, কোনও ঝোপঝাড়ও চোবে পড়তে না। যেসৰ দুৰ্গম অৱণ্য পেরিয়ে এলাম, ভারপরেই এইরকম ক্যাড়ানেম্সি পাহাড় এই পরিবেশে বড়ই বেমানান্ ঠেকছে। সাতজন আহত নাগাকে বারা বইছিলেন তাঁরা আর বইতে পারছেন না। ধারে ধারে কাঁধ থেকে তাঁদেরকে নানানো হল। সাত সাতটি প্রকাণ্ড জীবন্ত লাশকে এইরকম রুক্স ও তুর্গম পথে কাঁছাতকই বা কে বইতে পারেন ? মনে মনে ভাবছি, এইসময় কোন হিংস্ৰজম্ভ যদি হঠাৎ তেড়ে আসে তাহলে ত সমূহ বিপদৃ! আহত নাগাদের যে যে পায়ে বেলকাটা ফুটেছিল সেই পাওলে৷ ফুলে উঠেছে, তাঁর। বলছেন বায়ের মুখগুলো কঠ কট ঝন্ঝন্ করছে, বলতে वना (कड़े (कड़े (कॅर्न्स्ट (क्नालन! जांत्रा साहाक्रकोरक वनान-আপনার। আমাদেরকে এখানে রেখে চলে যান। আমাদেরকে মনে হয় নিয়তি টানছে। আমরা সরালী, আমাদের কাছে জীবন-মৃত্যু গুই-ই সমান, रयिन विवका रहाय करत निष्म्त्रताहै निष्मत्त्व एएकरण शिक्षार्थण करतिह. সেইদিন থেকেই ত শাস্ত্র-দৃষ্টিতে আমরা মৃত! যিনি এই কথাগুলি বললেন, ভার মুখ সেইসময় যে করুণ হাসি ফুঠে উঠল, ৬া. যে কোন বিরোগান্তক নাটকের মর্মান্তিক দৃশ্যের চেরেও মর্মন্ত্র। আমরা বৃক্টা গুরগুর করে উঠল। মোহান্তকী প্রচণ্ড ক্রোধে ফেটে পড়লেন। তিনি তাঁদেরকে মুমক **मिरत वनारम-निवामी रात्रिक वरम कि मानवजा रात्रिक क्लामि नाकि?** হর আমরা একসতেই হাত্নী সংগমে গিয়ে পৌছৰ, না হয় একসভেই ধূনি ছেলে এখাৰেই বাত কাঠাব।

मा नर्भनात या हेक्का छाहे पहुँक। त्याहालकोत कर्श राज्यकः।

কিছুক্ষণ খাগে থেকেই একটা কথা আমার মনে উদয় হয়েছে, কিন্তু কথাটা এমনই শ্রুতিকটু যে বলি বলি করেও বলতে পারিনি। এমন মরিয়া হয়েই বলে ফেল্লাম—আজা, লগাল্যা চৌন্দটা দণ্ড কেটে নিয়ে, শব-বাহকরা যেমন খাটিয়াতে শব বহন করে নিয়ে যায়, সেইয়কম ভাবে কাঠের খাটিয়া বেঁথে তার উপর শুইয়ে চারজন করে সেই খাটিয়া বয়ে নিয়ে গেলে কেমন হয় ় তাতে ভার খনেক লঘু হবে বইবারও সুবিধা হবে, বলেই আমি আহত নাগাদের কাতে হাতজাড় করে মাপ চাইলাম।

শক্ষণভার ঐজী আমার প্রস্থাবটা দেখলাম সচ্চে সঞ্চে লুফে নিলেন, তিনি সচ্চে সক্ষে কুডুল ও টালি হাতে করে জনাদশেক নাগাকে সলে নিরে গাছের সন্ধানে গেলেন। তাঁরা চলে যেতেই মোহান্তজী অপ্রসক্ষল নেত্রে আহতদের গায়ে হাত বুলাতে বুলাতে বলতে লাগলেন এর আগে গুরুজীর লাগে বার ভিনেক এই পথে এসেছি, পথের কই যেমন এখন হচ্ছে, তেমনি তখনও ভোগ করেছি কিছু এইরকম দৈব তুর্বিপাকে শোচনীর অবস্থার কখনও পড়িনি। গুরুজীর তপোবলে বারবার রক্ষা পেয়েছি। কি করব, আমার কোন ত্যাগ তপলা নাই, তাই ভোমাদেরকে এই বিপাকে পড়তে হরেছে। হর নর্দি, হর নর্মদে।

ামি পণ্ডিত কবিরাজ মণাইকে জিঞালা করলাম, ধর্মরায়ের ঘাটে বৈছজীয়ে উবধ ও মলম দিয়েছিলেন, দেগুলি কোথার? আমি দেগুলি আপনাদের পায়ে লাগিয়ে দিলে উপকার হবে কি? তিনি ইচিতে সম্মতিদান করতেই আমি সাবধানে পায়ের ফেট্র খুলে প্রত্যেকের পায়ে মলম লাগিয়ে পুনরায় ফেট্র বেঁধে দিলাম। প্রত্যেকেরই ক্ষত ভানে রক্ত জমাট বেঁধে আছে। প্রত্যেকেরই মুথে একটি কবে বড়ি কেলে কমগুলুর জল মুখে ঢেলে দিলাম। প্রযানার পর্ব শেষ হয়েছে এখন সময় লক্ষণভারতীজী দলবলসহ প্রায় সাভ ফুট করে লম্ব। কাঠের চৌক্ষটি ভাগু। আরপ্ত চারফুট করে একবোঝা ছোট ছোট কাঠের লক্ষ কক্ষ লাঠি নিয়ে এসে উপস্থিত হলেন। সঙ্গে একবোঝা লভাপ্ত ছি ড়ে এনেছেন। তিনি এসেই লম্বালম্বি ছটি করে দণ্ড পেভে ভাদের মাঝখানে ছোট ছোট লাঠি লভার সাহায্যে শক্ষ করে বাঁথতে লাগলেন। তাঁর দেখাদেখি অন্যান্য নাগারা বাকি ছটি কাঠের খাতিয়৷ গেধে ফেললেন। প্রত্যেক খাতিয়ার উপর কম্বল তু ভাজ

করে পেতে সাতজন রোগীকে শুইয়ে চারজন করে নাগা এক একটি খাটিয়া কাঁধে ভূপে নিলেন। মতীন্দ্রের ঘড়িতে তখন বেলা চারটা। লক্ষণভারতীজীর कार्ट्स कानमाय बाब ह याहेम श्रिल उत्व हाउनी माश्रीय शीधरं পার। হর নর্মদে ধ্বনি তুলে আমরা অতি গাবধানে সামনের তিনটি ন্যাডা फुश्ति नका करत है। हेटल नागनाय। १४ क्रक, यात्य यात्य **ब**न्दा (अन्दा) পাধরের গুটি পায়ে বিঁধছে সন্দেহ নাই তবুও একবা যীকার করতেই হবে ্য কোটেশ্বর থেকে ধর্মবায়ের খাটে পৌছতে যে অন্ধকারাচ্ছন ঝাড়ি গুঙং ও ডুংরি সুড়ং অতিক্রম করতে হয়েছিল কিংবা সূঁচালো ও অতাস্ত মসূৰ পাগরের কৃচি ফুটে সবাই ক্ষত-বিক্ষত হয়েছিলাম, প্রভাকেরই পা রক্রাক্ত হয়ে গিয়েছিল, এ পথে সেরকম কন্ট নাই। স্বচ্চেয়ে ষস্তি সূর্গের আলোতে পথ ঘাট স্পষ্ট গাবে দেখতে পাচ্ছি। আমরা একটা নালা ডুংরি হতে ভার একটা নাক। ডুংরিতে উঠতে লাগলাম। এই ডুংরি বডজোর হু হাজার বা গাডাই हাজার ফুট উঁচু হবে, তাতেই চড়াই পথে হাটতে গিয়ে বুকে টান ধরছে। যাঁরা খাটিয়া বহন করছেন তাঁরা লাঠিতে ভর দিয়ে হাঁপাতে হাঁপাতে অতি কটে উঠতে লাগলেন। প্রভোকটি খাটিয়াতে আর হজন করে নাগা খাটিয়ার মধিাখানের ভাতায় কাঁধ লাগালেন। ভাগািদ, এখানে কোগাও জনপ্রাণীর চিহ্নমাত্র নাই, মানুষ জন থাকলে তারা দূর থেকে দেখে এই ধারণাই করত, যে একদল শববাহক সাত সাতটি শবকে বছন করে নিয়ে যাচ্ছে। ডুংরির উপর উঠে খাটিয়াগুলি নিচে নামিয়ে কিছুক্ষণের জন্য বিশ্রাম করতে বসা হল। মোহাস্তজী অন্য নাগাদেরকে এইবারে কাঁধ লাগাতে বললেন। কারণ বাঁরা বইছিলেন তাঁরা ভীষণ পরিশ্রান্ত হয়ে পড়েছেন। এই সময় লক্ষণভারতীকী বলে বদলেন—হমনে ভূল গয়া হন্ নেহি থোলা জো এহি নালা ডুংরিমেঁ সাঁপকা ডর হায়, ইধর বহুৎসা সাঁপ হার। কী মধুর সংবাদ! সংবাদ ওনে প্রাণমন জুড়িয়ে গেল। अनुनि नराहेज रहिहे, बाबा काला च बकाक ना निरंत्र धनहात्र धरशात्र পড়ে থাত্বে, তাঁদের মূখে চোখে স্পষ্টতই আতক্ষের ছাপ পড়ল। মোহান্তৰী এবার উঠতে হুকুম দিলেন। নতুন লোক এবারে খাটিয়াওলি কাঁথে ভুলে নিম্নে হাঁটতে লাগলেন। পাক্ষী বাহকদের মত তাঁরা লাঠি ঠুকতে ঠুকতে সুরকরে একসলে বলতে বলতে চললেন—"(ইই মাইয়া (ইইয়ো, হর নর্মদে

ংইয়ো। জুংরির উপর ভাগটা যোটামুটি সমতল, তাই জোর কদমে হাঁটতে লাগলাম। মিনিট পনের হাঁটার পরেই লক্ষণভারতীকী হাত উঠিয়ে থামতে বললেন। তাঁর দৃষ্টি অনুসরণ করে দেখতে পেলাম, আমাদের কাছ হতে প্রায় বাট সভর ফুট দুরেই চার চারটে বড় বড় সাপ ফণা বিস্তার করে (थलाइ, नाठाइ)। व्यामात्र मान कल आर्डाकही जानहे त्याही जरः आह চৌদ প্রের ফুট করে লম্বা, পাইথন এবং শব্দচ্ড আমি এই পরিক্রমা করতে করতে চিনে গেছি। এগুলো পাইথন বা শঙাচ্ড নর, এ বিষয়ে আমি নিঃসন্দেহ। আমাদের বাংলাদেশে যেসব তেঁতুল্যা ধরিস দেখা যায় এগুলিকে তাদেরই সগোত্র বলে মনে হল, তবে আকৃতিতে অনেক বড় এবং অনেক বেশী ভয়াল। সাপগুলোর দৃষ্টি এখনও আমাদের উপর পড়েনি, তারা নিজেদের মধোই খেলাতেই মন্ত। এক একটা দাপ অন্য मार्भित शास्त्र कर्मा निस्त्र हार्यन मात्रात अभी कत्रह, अश्वर क्रि काउँक দংশন করছে না। আমি আর কালবিলম্ব না করে কমগুলুর জল স্পর্শ करत किंडूहें। अशिरत शिरत गराञ्चा निअन्नानको अन्छ गरञ्जत अरताश कतनाम। মুহুর্তে সাপের খেলা বন্ধ হয়ে গেল। তারা স্থির হয়ে ফণা ভূলে কৃত কুতে চোখে আমার দিকে তাকাতে লাগল। নড়ন চড়ন বন্ধ হয়ে গেছে। थारि साहान्नजीत्क वननाम, এইবার এগিয়ে আগুন, সবকে খাগতে বলুন, কিছুটা দূরত্ব কায় রেখে নিরাপদে আমরা এত্থান পেরিয়ে যেতে পারব। তিনি কিন্তু আমার কথায় ভরদা করতে পারদেন না। ভীত সম্ভুম্ভ কণ্ঠে ভিনি আমাকে তাঁদের কাছে দৌড়ে পালিয়ে আসতে বললেন। আমি তাঁর কথার পিছিয়ে ত গেলামই না, পরিবর্তে মহাল্লা প্রলালজীকে মনে মনে প্রণাম করে উচ্চিষ্বরে তার প্রদত্ত বেদমন্ত্র উচ্চারণ করলাম সাপগুলোর উপর দৃষ্টি রেখে:

মা নো অগ্নেহব স্কো অঘায়া বিষ্যুবে রিপবে ছচ্ছুনায়ৈ।
মা দত্তে দশতে মাদতে নো মা রীষতে সহসাবন্ পরা দাঃ॥
হে অগ্নি! আমাদেরকে হিংসুক অন্নগ্রাসী, গুডনানী রিপুর হাতে সমর্পণ
করো না: ামাদেরকে দগুবিশিষ্ট, দংশনকারীর (সাপের) হাতে সমর্পণ

করো না, দল্ভরহিতের (শৃঙ্গাদি বিশিষ্ট পণ্ড) হাতে সমর্পণ করো না। হে বলবান অগ্নি! হিংসকদের হাতে আমাদেরকে সমর্পণ করে! না।

আমার মপ্রোচ্চারণ শেষ হতেই দেখা গেল সাপগুলো নেতিয়ে পড়েছে। আবার মোহান্তলীকে ডাক দিলাম, এবার তিনি ভরসা করে দলবলসহ এগিয়ে এলেন। সাপগুলোর দিকে তাকিয়ে বললেন—ওগুলো কি মপ্রের প্রভাবে মারা গেল।

- না, তু তিন ঘন্টা মন্ত্রের প্রভাবে ওরা আচ্চন্ন হয়ে পড়ে থাকবে। ভারপর নিজেদের স্বভাব ফিরে পাবে।
  - —তুমি এই মন্ত্র কোথায় শিখেছ ? কার কাছে ?
  - —একজন প্রাচীন মহাত্মার কাছে। নাম বলতে নিষেধ আছে।

তা শুনে তিনি আর কোন উচ্চবাচা করলেন না। আমরা ডুংরি থেকে উৎরাই-এর পথে নাম্চ। প্রায় আধ্যাইলটাক হাঁটার পর আবার বাহক বদল করা হল। মতীক্র জানাল— ৬টা বেজেছে। সন্ধ্যা হয়ে আসছে। পশ্চিমদিকের আকাশ অন্তগামী সূর্যের লাল রশ্মিতে রক্তাভ হয়ে উঠেচে। এই আলোতে ফাঁকায় ফাঁকায় হাতনী সহমে পৌছে যেতে পারলেই মঙ্গল, নতুব। অন্ধকার চেয়ে এলেই বিপদে পড়ব। সকলেই বুঝাছেন একথা, আলোর আভাস থাকতে পাকতে পৌছে যেতে সবাই প্রাণপণে হাঁটার চেম্টা করছেন, কিন্তু অভুক্ত অবস্থায় সারাদিন হাঁটার ফলে স্বাই ধুঁকছি। যারা ধাটিয়া বইছেন তাঁদের ত প্রায় অর্থয়ত অবস্থা, ক্লান্তিতে তাঁরা ভেঙ্গে পড়েছেন। আমরা এতক্ষণ নর্মদাকে তাঁর বিচিত্র বক্তযান গতির জন্য দেখতে পাই নি। পাহাড়ের আড়ালে আড়ালে প্রবাহিত হয়ে যাবার জন্য তিনি চোখের আড়ালে हित्नन। এখন তাঁর দর্শন পেলাম। দর্শন দিলেন নিজের পরিপূর্ণ বিস্তার নিয়ে, তার কলোচ্ছাদ শুনে বুঝতে পারছি, তিনি আর বক্রযান গতির ছলবেশে নাই, তিনি তাঁর ষমহিযায় আত্মপ্রকাশ করেছেন। দুরের এক पुः ति एक करत गर्कन कत्रराज कत्रराज हा जनी नहीत कमधाता अरम मिरमरह নৰ্মদার সঙ্গে। নৰ্মদার একুল ওকুল আর দৃষ্টিতে ফুটে উঠছে না, লক্ষণভারতজী ঘোৰণা করলেন হাতনী সংগ্ৰে পৌছে গেলাম। একটা দোভলা পাকাৰাড়ী (मिराप्त स्वाहाञ्ची वनत्नन- अहि ध्रवम्बानार्यं हिनास । हेर् आत्निविनान চৌকশীনে বানায়া। লছমন ভেইয়া, আপ্ পছেলে যা কর তালাস করিরে শেঠজীকা ধরমশালামে জাগা মিলেগী কি নেছি।

লচমনভারতীক্ষী ধর্মশালার গেটে পৌছানোর পরেই দেখলাম, দশ বারজন লোক ধর্মশালার গেটে এলে দাঁড়িয়েছেন। তাঁরা সবাই ধরাধরি করে অনুষ্থ নাগাদের খাটিয়া ধর্মশালার নিচের তলায় একটি বড় ছলখরে নিয়ে গিয়ে রাখলেন। বড় ছলখরের ত্রদিকে গুটো লগ্ন অলছে। ধর্মশালার লোকরাই হাত লাগিয়ে সকলের কফল পেতে দিলেন। চারদিক অন্ধকারে চেকে গেছে। নর্মদা ত কাছেই কিন্তু নর্মদাতে গিয়ে বাঁরা আছত তাঁদের পক্ষে হাত মুখ ধুয়ে আসা সম্ভব নয়। সেই সাতজন বাদে আমরা সবাই নর্মদাতে কোমর পর্যন্ত জলে নেমে স্নান করে এলাম। য়চ্ছতোয়া নর্মদার প্রিয়্ম জলের স্পর্শে আমাদের আন্তি, ক্রান্তি দূর হয়ে গেল। সান করে এলে দেখি, ধর্মশালার বাদিন্দারাই সেই সাতজনের মুখ হাত ধুইয়ে দিয়েছেন, এমন কি গরম জলে তুলা ডুবিয়ে সাতজনেরই কন্টকবিদ্ধ ক্ষতস্থানের জমাট রঙ্গ ধুইয়ে দিয়েছেন। গরম জলের স্পর্শ পেয়ে তাঁরা আরাম বোধ করছেন। মতীক্র মলমের ডিবা থেকে মলম নিয়ে তাঁদের পায়ে লাগিয়ে দিয়ে প্রত্যাককে একটি করে বৈত্তজীর বড়ি খাইয়ে দিলেন।

আমরাও যে যার প্রয়েজনমত বাধার জারগায় একটু করে মলম লাগিয়ে নিয়ে একটি করে বিজ মুখে ফেলে পেটপুরে সবাই জলপান করলাম। পরিক্রমার নিয়মান্সারে স্থান্তের পরে জল ছাড়া কিছু খেতে নাই, কলমুল ছাড়া কোন খাছাও খামাদের কাছে নাই। আমরা আসামাত্রই বারা আমাদের সেবা পরিচর্বা করলেন, তাঁদের সহ্দয়তার জন্ম অজত্ম ধন্যাদ জানিয়ে মোহান্তজী তাঁদেরকে বিদায় দিলেন। আমরা ভয়ে পড়লাম। ভয়ে ভয়েই অনুভব করছি পায়ের টাটানি বাধা। য়ানের জন্ম ঘুমে চলে পড়লাম তাড়াতাড়ি। অঘোরে ঘুমিয়েছি সন্দেহ নাই। ঘুমের মধ্যে দেখছি আমার সামনে এসে দাঁড়িয়েছেন প্রলয়দাসজী। অলদটিমান বহ্নিশিধার মত তাঁর অলভোতি। এখন আর তাঁর হর্ধনিমিলিত প্রয়ায় চকু দেখছি না। তিনি আয়ত চকু মেলে আমার দিকে ভাকিয়ে আছেন। আমি তাঁকে গান্টালে প্রণিপাত করে গদগদকণ্ঠে বলছি—প্রণাম, পুনশ্চ ভ্য়োহপি নমোনমন্তে। হে হিরণারেতা হিরগায় পুক্র।

সৌম্য অবয়বে তব প্রীতি যেন লভিয়াছে কায়া।
সর্বাঙ্গে ক্ষরিছে ক্ষান্তি প্রাথিপাতে প্রশান্তির ছায়া॥
তিনি জলদ গন্তীর কঠে বলে উঠলেন—তোমরা পরিক্রমাবাসীরাই শুধু মা
নর্মদার আদরের সন্তান নও, নর্মদাতটের হিংস্র পশু, জাবজন্ত সর্পাদিও
তাঁর সন্তান, চারটে সাপের উপর বেদমন্ত্র প্রয়োগ করে তাদের গতি শুরু
করে দিয়ে এলে, তারপর তার কাটান মন্ত্র প্রয়োগ করলে না কেন প্

– খাবনি ত বলেছিলেন মন্ত্রের প্রভাব তু তিনখন্টা থাকবে, তারপর
 খাভাবিক অবস্থা প্রাপ্ত হবে। তাছাড়া কাটান মন্ত্রও আপনি শেখান নি।

—মন্ত্র যন্ত্র প্রক্রোগে এজনা অধিকারভেদের বিচার হাছে। বালক তুমি, তাই কোন মন্ত্রের কি গুরুত্ব বৃথতে পার নি। সামানা সরীসূপের উপর হ হুটো সিদ্ধ মন্ত্র প্রেরাগ করে বসলে। এরকম আর কখনও করো না। যে কোন একটা মন্ত্রই প্রয়োজনবোধ করলে প্রয়োগ করেবে, কলাচ হুটো মন্ত্র কারও উপর প্রয়োগ করেবে না। এটা মন্ত্রের উপর অবিচল নিষ্ঠা সূচনা করে না। সাপেদের উপর যে মন্ত্রটি প্রয়োগ করেছে, সেটি ঋর্মেদের ১ম মগুলের ১৮৯তম স্ভের পঞ্চম মন্ত্র। এই মন্ত্রের দ্রুটা অগস্তাদেব, দেবতা অগ্নি। ঐ প্রথম মগুলের ১৬৫ সৃক্ত হতে ১৯১ সৃক্ত পম্বন্ত সমূহ মন্ত্রের দ্রুটা মন্ত্রির ক্ষাতা নাই। তবে ১৬৫ স্ক্রের কারাল করতে ব্রিভ্বনের কোন মন্ত্রেরই ক্ষাতা নাই। তবে ১৬৫ স্ক্রের তারই দৃষ্ট ১ম মন্ত্রটি উচ্চারণ করলে মন্ত্রতেজ ধারে ধারে বাল্ভ হয়ে আলে, ঐ মন্ত্রটি হল—

করা শুভা সবয়সঃ সনীলাঃ সমাতা মরুতঃ সং মিমিক্ষুঃ। করা মতী কৃত এতাস এতে অর্চন্তি শুমং বুষণো বসুয়া॥

এই মন্ত্রটি মনন করবে, মুখত্থ করবে। আমি ঐ সাপগুলির গণ্ডীবন্ধন কেটে দিয়েছি, ভোমাকে আর কিছু করতে হবে না। অঙঃপর এইরকম ঘটনা যেন আর না ঘটে। জরম প্রাণীর ইচ্ছা বা গতি স্তর্গাভূত করতে একটি মন্ত্রের প্রয়োগই যথেন্ট। শিবমন্ত্র। তাঁর হিরম্ময় দেহ ধীরে ধীরে জ্যোতি-মগুলে গিরে মিলিয়ে গেল। আর অপ্রয়মান্ দেহের দিকে তাকিয়ে প্রণাম করতে খেতেই সুম ভেঙে গেল। চাঁপাফুলের গন্ধ ঘরের মধো ম্ন্ক্রেছে। এটি তাঁর হাছাবিক গাইকোরছ। খামি নিশ্চিত হলাম খে

নিশ্চয়ট তার আবির্ভাব ঘটেছিল। আমি আনলে অধীর হয়ে উঠলাম। খানন্দের আতিশ্যো আমার আর ঘুম এল না। অন্ধকার ংরে নিজের मधात छे पदाई वरम बहेमाम। मकाम हत् अथन अदनक दनती चारह। আমি বসে বসে জপ করতে লাগলাম। প্রায় তুঘটা পরে চোখ খুলে দেখি সকাল হয়ে গেছে। সেই সাতজন অসুস্থ নাগা ছাড়া প্রায় সকলেই প্রতি:কতা সারার জন্য বাইরে বেরিয়ে গেছেন। বাঁদের পায়ে বেলকাঁটা ফুটেছিল তাঁদেরকেও দেখছি, লাঠিতে ভর দিয়ে ধারে ধারে বাইরে বেরোনোর উপক্রম করছেন। তাঁদের পায়ের দিকে তাকিয়ে দেখি ওঁদের পায়ের ফোলা গনেক কমে গেছে। পূবোক্ত বৈভাজীর ঔষধের আশ্চর্য প্রভাব আর একবার দেখে অবাক হলাম। যা বড় বড় বেলকাঁটা গায়ে ফুটেছিল এবং ফোটার পরে তড় তড় করে পা ফুলে উঠেছিল এবং এবিরত রঞ্জরণ হচ্ছিল, তাতে ত আমার মনে ভয় হয়েছিল হয়ত জাতগুলো पृषिण हाम तम् िक हाम थात, এই क्षण्या काश्विक हिकिश्यक এবং ঔষধপত্রই বা কোথায় পাওয়া যাবে ? যোগীদের সঙ্গে আমাদেরও বুঝি প্রদশার চুড়ান্ত হবে। কিন্তু মা নর্মদার দরায় এত ক্রভ তাঁরা সুস্থ হয়ে উঠবেন, কল্পনা করতে পারিনি।

কল্প গুটিয়ে গামছা কমগুলু হাতে নিয়ে প্রাণ্ড ক্তা ও রান সারার জন্য ধর্মশালার গেট দিয়ে বাইরে বেরিয়ে আমার চোখ জুড়িয়ে গেল। মূল নর্মদা প্রবল বেগে ধেয়ে চলেচে, হাতনী নদী উত্তর পশ্চিম দিক দিয়ে গর্জন করতে করতে নর্মদায় ডে জলের বিস্তারকে দিয়েচে বাড়িয়ে, জল উপচিয়ে উঠে এলেছে প্রনেক্যানি। মনে হচ্ছে নর্মদা যেন এখানে একটা প্রকাশ বিল। জলের ধারে ধারে চারপাশে কিছু ঝোপঝাড় থাকায় মনে হচ্ছে খেন একটা থলীম রহস্যে ভরা একটা বিরাট জলার সামনে এসে দাঁড়িয়েছি। গতকাল সন্ধায় যখন প্রাপ্ত কাস্ত দেহে এখানে এসে পাঁছেছিলাম, তখন দাঁপচিক্ষহীন চায়ায়কারে এই গোটা অঞ্চলটাই ঢাকা ছিল। কাজেই এই রূপ তখন চোখে পড়েনি। এখন দেখে ভালই লাগছে। আরও ভাল লাগতে এইজন্য যে আমাদের বাংলাদেশের অতি পরিচিত বে টুফুলের গাছে ওবে হাচে এই বিরাট বিলের কোন কোন অংশ। প্রাতঃকৃতা সারতে গিয়ে দেখলাম, ধর্মশালার পশ্চিমদিকেই শিবমন্দির আছে, শিবমন্দিরের

গায়েই একটি ছোট এক এলা বাড়া; কাঠের বেড়ায় শুকাছে প্রটি গেরুয়া-বন্তর, ধর্মশালার পিছন দিকে কিছু কর, জঙা এবং মহয়া গাছ আছে। এখানে দাঁড়িয়ে সুউচ্চ বিদ্ধাপর্বতের শিখর শ্রেণা চোখে পড়ছে। আমি প্রাতঃকতা দেরে এলে রান করতে নামলাম। রান তর্পণ দেরে দেখি তগনও মোহান্তরী এবং আরও হু চারজন নাগা দাঁড়িয়ে আহেন, খার সালি ধর্মশালায় ফিরে গেছেন। মোহান্তরা আমাকে কাছে ডেকে বললেন — এই ঝবিকেরকে প্রণাম কর বাবা। বলে নিজেই যুককরে প্রণাম নিবেদন করলেন। তাঁর দেখাদেখি আমিও প্রণাম করলাম। আমাকে সঞ্চে নিয়ে তিনি কিছুটা পশ্চিমদিকে এগিয়ে গিয়ে জলেব মধ্যে একটা পাহাড়ের চূড়া দেখালেন। পাহাড়ের তিন চতুর্থাংশ ড়বে আছে জলে, চূড়ায় পোড়া আছে একটি বিরাট বিশ্ব প্রায় কৃড়ি পাঁচিশ কৃট উচু। আমার মনে পড়ল গোরকণুরে গোরক্ষ-মন্দিরে বিশাল শ্বেতমর্মরের মন্দির হতে প্রায় একশ ফুট দ্রে বায়ুকোণে ভৈরোঁনাথের (ভৈরবনাথ) এক অগ্নিকুণ্ড আছে। সেই যক্তশালাতেও এইরকম একটা মোটা বিরাট বিশ্বল দেখেছিলাম।

মোহাগুজী বললেন-—এখন ধর্মশালাতে ফেরা যাক। আমাদের রোগীরা
-বোধহর ভালই খাছেন, এখানে চার-পাঁচদিন বিশ্রাম করব ভাবছি। তিনদিনের মধ্যে তাঁদের পা ঠিক হয়ে যাবে আশা করছি। কোন একসময়
এই ঋষিক্ষেত্র সম্বন্ধে যা জানি বলব।

ষামরা ধর্মশালার ফিরে দেখি, এসুস্থ সাওজনের সান হয়ে গেছে।
ধর্মশালার তত্বাবধারক (care-taker) শ্রা রূপা কাণ্ডারী ধর্মশালার এই চাকর
দিয়ে করেক ভার জল তুলে দিয়েছেন য়ানের জন্ত। একজন জটাধারা
বয়য় সাধু গরম জলে তুলা ভূবিয়ে ক্ষতস্থানে সেঁক দিয়ে মলম লাগিয়ে
দিছেন। তিনি আর কাউকে হাত লাগাতে দেননি। এই জটাধারীকে
কাল সন্ধার পরেও দেখেছিলাম ঘোরাঘুরি করতে। এখন তাঁর এই অ্যাচিত
দেবা দেখে আমার্ মনে শ্রন্ধা জন্মাল। মতীল আমাকে একধারে ভেকে
নিয়ে গিয়ে ছটাধারী সাধ্র পরিচয় দিতে লাগলেন—এর নাম কপালাবাবা।
এই ধর্মশালার প্রতিষ্ঠাতা আনোথীলাল চৌকনীর গুরু ইনি, ৯য়িছোজী,
বেদজ্ঞ প্রতিত্ত, সকাল সন্ধা। গুবেলাই ইনি এছিছোজাদি কর্ম করেন।
এখান থেকে কিছুদ্রেই একটি ছল্ড আছে। গুজরাটের কয়েকজন শেঠ,

তাঁরা এ বই শিষ্কা, প্রধানতঃ কপালীবাবার অনুপ্রেরণাতেই আজ দশ বছর হল এখানে একটি ছত্ত্র স্থাপন করেছেন। সেই ছত্ত্র হতে পরিক্রমাবাসীদেরকে চাল ভাল খাটা প্রভৃতি ভিক্ষা দেওয়া হয়। তাই আশা জাগছে, কালকের মত হয়ত আজ উপবাসে কাটাতে হবে না।

আমরা গুজনে ফিরে এলাম হল্পরে। কপালীবাবা উঠে দাঁড়িরেছেন, তিনি দণ্ডারমান মোহাস্তজীর একখানি হাত ধরে বলছেন—আপনারা যে কর্মদিন এখানে থাকবেন, কপা করে আমার প্রদন্ত ভিক্ষা ধীকার করে নিন। সেবা করা আমার এলাল। দরা করে আমাকে সেবা করার সুযোগ দিন। আপনার বরস আমার থেকে কম হবে বলেই মনে হয়। এই শরীরের বরস আশী হতে চলল। আপনার গুরুজীর আশীর্বাদে মা সর্থতীর দ্যার ভাণারে কিছুরই এভাব নাই। আমার আশ্রেম চারটি গাভী তাছে, গোমাতারা প্রতিদিন প্রার পরিমাণে গ্রাদান করে গাকেন। সেই গুড়জাত খৃত হতেই আমার নিতা হবন কার্য চলে। আপনার গুরুজীর সঙ্গে কোনদিন পরিক্রমায় আলেন নিং আমাকে কি ক্যন্ত দেখেন নিং

মোহান্ত জী কিছু উৎর দেবার আগেই লক্ষণভারতীজী বললেন—আপকো
হন্ প্রহান লিয়া। আপ্কো গাত্রবর্গ প্রেলে 'কালাসা' ক্ষাবর্গ থে,
কিঞ্চিৎ ত্বলা ভি থে. আভি আপকো দকল্ বদল গিয়া, গৌরবর্গ হো
গরে, ইসী লিয়ে হমারা মোহাস্ত জীকো থোডা সা ভ্রম খোতি ছায়।
মোহাস্তলী এবার বলগেন—ই। ইা এবার সব মনে পড়ছে। আপনাকে
চিনতে পেরেচি। বলে তিনি নত্মস্তকে 'নমো নারার্গায়' বলে অভিবাদন
করলেন, ভিকার জন্য ভারে নিমন্ত্র যীকার করে নিলেন। কপালীবাবা
হাসিমুবে বললেন—যারা অসুস্থ তাঁদেরকে কন্ট করে যেতে হবে না, আমার
ভ্রক্ষচারীরা এসে দেবা করে যাবে। করীব এক দেড়কা অন্তর্গ সব হো
যাবে গা।

ক বালাবাবা চলে গেলেন। আমরা মোহান্তজীর সঙ্গে শিবমন্দিরে গেলাম পূজা করতে। ভোট মন্দির, মন্দিরে গর্ভগৃহের প্রবেশ পথে দেব-নাগরী এক্ষরে লেখা আতে— র্যাকণি। 'র্যাকণি' নামটি পড়েই আমি চমকে উঠলাম। আমার মনে পড়ে গেল ধর্মরায়ের ঘাটে বৈছালী বণিত ক্র প্রের একাদণ তথুর করা। একাদশ ক্র দ্রের মধ্যে ছান্ট্র করে নাম 'র্বাকিপি'। তাহলে ত বৈছজীর কর্মত গোর ছললে থেসর ছুংরি ছাত্তিক্র করে এসেছি সেওলি ক্র দেরই প্রতীক। শেতবর্ণের শিবলিল। মাহ: ভাজীদহ সকল নাগা একে একে নর্মদার জল ঢেলে শিবলিছের শুবণ্ডা করতে লাগলেন, আমি মন্দিরের বারান্দার বসে তণ্ডিক্ত মহাদেবের ভবপ্তি করতে লাগলাম। সুদীর্ঘ শুবপাঠ করে আমিও শিবলিছের মাধার জল ঢেলে প্রণাম করে দিরে এলাম ধর্মশালার। মতীন্দের কাচে শুনলাম তথন বেলা পৌনে বারটা। প্রায় একটার সময় হয়ং কপালীবাবা এলেন খামাদেরকে তাঁর আশ্রমে নিয়ে থেতে। তাঁর আশ্রমে গিয়ে পৌছতেই তিনি ছোট বড় প্রত্যেক হাতিথির কাচে হাত জোড় করে বলতে লাগলেন নমস্থেইন্ত ব্রহ্মন্ অতিথিনর্মস্য স্বন্ধি বেহন্ত্র প্রহ্মন্ অতিথিনর্মস্য স্বন্ধি নেইন্ত্র প্রহ্মন্ অতিথিনর্মস্য স্বন্ধি নেইন্ত্র প্রহ্মন্ অতিথিনর্মস্য স্বন্ধি নেইন্ত্র প্রহ্মন্ অবিথিন্ন স্বায় বির্দ্ধি কাচেন্ত্র প্রহ্মন্ আপ্রান ব্রহ্মির কামার মঙ্কল হোক।

মূল আশ্রমবাড়ীর সামনে চারদিকে চারট লখা লখা ঢালা, শালপাভার ছাটনী, মধাম্পের প্রাঙ্গনে ছটি বড় বড় চহুকোন বিশিষ্ট যজ্ঞকুও, সেণানে শুনবাম গত প্ৰের বছর ধরে মগ্রি মনির্বাণ রয়েছে। এক একটি চালাতে খন্তত: ১০ বৰ করে স্থাসী বছলে বদে ভোজন করতে পারেন। একটি চালাতেই আমাদের সঙ্কান হয়ে গেল। খাবার গ্রোজনও বিপুল, পুরী नाष्ड्य नजी हाज़ां बटां बरक वक नता करत वन इथ (नंध्या स्टाइ) স্মাসীরা সময়রে সুর করে গেয়ে উঠলেন 'ব্রহ্মার্পনং ব্রহ্মছবিঃ' ইভাদি। ধাবড়ী কুণ্ডে একলিল্যামীর আঙ্ম ছেড়ে এগে এতদিন আর কোণাও এইরকম পুরু সর হুধ খাইনি। খেতে বলে থামি মনে মনে ভাবছি क्लामोवावात चिथि वावाहरनत लक्षणि । जिनि १व मरस वाबारनतरक আবাহন জানালেন, তা হল নচিকেতার প্রতি ধর্মরাজ মুমের আপ্যায়ন ভ অভার্থনা বাকোর মন্ত্রাংশ। ষরং যম ব্রাহ্মণ অভিধি নচিকেতা ন'বংসরের বালক হলেও তাঁকে পাত এখা দিয়ে প্রণাম করেছিলেন, কাজেই কপালীবাবা এণীতিপর বৃদ্ধ দ্যাদী হলেও এভাবে আমাদেরকে অভার্থনা জানাবেন ভাতে আর আশ্চর্য কি ৷ প্রাচীন ভারতের অবশ্য পালনীয় রীতি ছিল সাদরে অতিথি-সংকার। আমাদের পূর্বপুরুষরা বিখাস করতেন যে ঠিকম্ভ অতিথির পরিচর্থা ন। হলে গৃহস্থ বা আশ্রমবাসী সকলেরই খোর অমলল হয়, তার সকল আশা-ভরসা বিনফ হয়, যজাদির স্লাভে বঞ্চিত হয়, পশু বিশু পূরাদিও নউ হয়। য়য়ং শ্রুতি ঘোষণা করেছেন—ইউাপুর্ভে পূরে পশুন্দচ সর্বান্ রঙকে (কঠ সাসচ)। ইউ বলতে বুঝায়—অগ্নিছোত্র, তপস্থা, সভা, বেদের অমুপালন, মাভিথা, বিশ্বের সমস্ত জীবের সেবা ইত্যাদি পূণাকর্ম, আর পূর্ত শব্দে বুঝায় বালী, কৃপ পূর্জরিশী আদি খনন, দেব মন্দির নির্মাণ, অয়দান, রক্ষপ্রতিষ্ঠা ইত্যাদি। অভিথি বিমুখ হয়ে হয়ে ফিরে গেলে এ সমস্ত পুণাকার্যের ফলাই নইউ হয়। শাস্ত্রে এ উপদেশও দেওয়া আছে— প্রিয়ং চ বা এর সংবিদং চ গৃহাণাম্মাতি, য়ঃ পূর্বোহতিরেরয়াভি—ফর্থাৎ যে অভিথির পূর্বে ভোজন করে সে প্রকৃতপক্ষে নিজের জ্ঞান ও সৌভাগাকেই ভোজন করে। 'সর্বং সূকৃত্যাদতে আক্ষেনিহিচিতো বসন্' আক্ষণ-অভিথি অনাদ্ত হয়ে ফিরে গেলে তিনি গৃহ্যামীর সমস্ত পুণারান্দিই সঙ্গে নিয়ে চলে যান।

আমার চিন্তাস্ত্র ছেদ পড়ল কপালীবাবার কথার। তিনি সামনে এসে হাতজাড় করে বলছেন—এঁ বা সব নিরমনিষ্ঠ নাগা সর্যাসী, এঁ দের একবারের বেশী ভোজা গ্রহণ করতে নাই, কিন্তু তুমি ত এখনও কোথাও মাধা মুডাওনি, তুমি বিশেষ কোন নিরমের অধীন নও, তুমি এখনও মাধীন ও বরাট। তুমি আর একটু গুধ সর গ্রহণ কর। কিন্তু থামার যথেই খাওরা হরে গিয়েছিল, তাই মাগা নেডে 'না' জানালাম। হাত মুখ ধুয়ে আমরা যজকুত প্রদক্ষিণ করে, কণালীবাবাকে 'নমো নারায়ণায়' জানিয়ে ফিরে এলাম ধর্মশালায়। ধর্মশালায় ফিরে এসে দেখি, যে সাতজন পায়ের কভের জন্য থেতে গারেননি, তাঁদেরকে ইতিমধোই কণালীবাবার ব্রক্ষচারী শিয়ুরা এবে খাইয়ে গেছেন।

আমরা বিছনার উপর অর্থনায়িত থেকে কপালীবাবার আতিথার সুখাতি করতে লাগলাম। লক্ষণভারতীজী বগলেন, কপালীবাবাকে কেই ভাবেন উচ্চকোটির তান্ত্রিক, কেই ভাবেন বেদপশ্বা অগ্নিহোত্রী, কিন্তু আমার মনে, পড়ছে প্রায় বার ভের বছর আগে আমি যখন গুরুদেবের সঙ্গে ভিতীয়বার পরিক্রমা করতে আসি, সেই সময় তিনি বলেছিলেন যে, কপালীবাবা শৈবাগমপন্থী সংধক।

এই সংবাদটি ওবে আমার মনে খুব ক্ষৃতি হল। একটু পরে কপালীবাবা মনং এসে উপস্থিত হলেন।

আমরা সকলেই দাঁড়িরে উঠে তাঁকে হাগও জানালাম। যোহাস্তজী তাঁকে নিজেরই আসনের এক কোণে বসতে দিলেন। আতিথার বহুতর সুখাতি করে হঠাং আমাকে দেখিরে বললেন—এই বালালী বাবার পিতাজী অগ্নিহোত্রী বেদজ্ঞ রাহ্মণ ছিলেন। তাঁরই আদেশ ও ইচ্ছাক্রমে ইনি পরিক্রমা করতে এসেছেন: মগুলেশ্বর হতে বহুদ্র আসার পর ইনি আমাদের দলের সলে আসছেন। এঁর মনে ইতিমধোই আশা করি বহু প্রশ্ন জাগরিত হয়েছে। আপনি দয়া করে এঁর কৌতৃহল নিবৃত্ত করুন। বালালীবাবা! তুমি নি:সংখাচে কিছু প্রশ্ন কর। এঁর উত্তর শুনে আমরাও লাভবান হব। অর্থাৎ মোহাস্তজী আমাকে দিয়েই মধুচক্রে খোঁচা দিতে চান, মধুক্ষরণ হতে থাকলে সকলেই সেই মধু পান করবেন! তাঁর ইলিত বুঝে প্রথমেই কপালীবাবাকে প্রশ্ন করলাম—এই হাতনী সলমকে কেন শ্ববিক্ষেত্র বলা হয়, দয়া করে বলুন।

- -প্ৰথমে ভূমি বল, ঋষি বলতে ভোমার মনে কি ধারণা আছে !
- —খৰ্ ধাতৃ দৰ্শনে। কাজেই ঋৰি বলতে আমি বৃঝি বেদমন্ত্রের দ্রকী বারা, তাঁরাই প্রকৃত ঋৰি পদবাচা, যেমন বিশ্বামিত্র, বশিষ্ঠ, অগস্থা, দীর্গতমা, মধ্ছন্দা, অদিরা, প্রকল, উতথা, গৌতম, গৌতম পুর নোধা, হিরণাভূপ, কুৎস প্রভৃতি। ঋৰি শব্দের সুনির্বাচিত প্রতিশব্দ হল—কবি ও ক্রান্তদর্শী। বাদের ক'ছে তপস্থাবলে বেদমন্ত্র প্রকট হয়েছে এবং বাদের মধ্যে একাধারে কবিহু ও ক্রান্তদর্শিতা আছে তাঁদেরকেই আমি ঋষি বলে মনে করি।
- সাধু! সাধু! তোমার উত্তর শুনে বড়ই খুনী হলাম বাবা। তবে এট সঙ্গে আমিও কিছু কথা যোগ করছি। পরমার্থতুত্ত্বে যিনি সমাক দৃতি রাখেন তিনিই ক্ষমি। লক্ষা করেবে, আমি সমাক শক্টি ব্যবহার করেছি। সমাক শক্টির তাৎপর্য হল সম্পূর্ণ বা পরিপূর্ণ। যিনি বিশুদ্ধ জ্ঞানমার্ণে বিচরণ করে ব্রহ্মবিভার সাহায্যে সংসার অভিক্রেম করতে পেরেছেন, তারা বেদমত্মের দ্রক্টা হোন বা না হোন তাদেরকেও আমরা ক্ষমি বলতে পারি। এরা দ্রম্মর আদিউ পুরুষ, এঁদের জীবন ও বাণী হতেই বিভা, সভ্য, তপঃ শুভি সমাকরণে নিরুপিত হলে থাকে।

ব্রগার মানসপুত্র সাওজন ঋষিকে সপ্তর্থি এবং প্রজাপতিও বলা হয়।
তাঁরা সৃষ্টির প্রথম থেকে আজ পর্যন্ত সকল ঋষসমাজের মানা। শতপথ
বাগণণে এনের নামোলের আছে—হয়া গোঁতম, ভরছাজ, বিশামিত্র,
জমদনি, বলিনি, কর্মাণ ও অত্রি। মহণভারত অনুসারে সপ্তর্থিদের নাম—
মরীচি, অভিরা, পুলহ, ক্রতু, গত্রি, গুলান্তা ও বলিন্ঠ। বায়ুপুরাণে ভ্রম
নাম গোগ করা হয়েছে। বিফুপুরাণে আমরা আরও ছনি নাম ভ্রত ও
দক্ষকে পুরু হতে দেশি। অন্যান্য প্রাচীন গ্রন্থে গোঁতম, করা বান্মীকি, বাাস,
মনু বিভাতক প্রভূতিকেও খবি হিসাবে আখাত করা হইয়াছে। প্রপ্রোক্ত
সপ্তর্থিমগুল Great Pear ন্যুক্ত ক্রেড্র অবস্থিত।

শৰি সাঙ্প্ৰকার—শুভ্ৰি খেমন সুশুভ্, কাগুৰি খেমন জৈমিনি, প্ৰমৃষ্টি খেমন পৈল: মৃহ্ৰি খেমন বেদ্যাস, রাজ্যি খেমন বিশ্বামিত্র ও জনক, ব্ৰহ্মষি খেমন বৃশিক্ত, দেবৰি ফেমন নারদ, জ্ঞি, মরীচি, ভ্রন্থাজ, পুলন্তা, পুলহ, ক্রনু, ভৃগু এবং প্রচেতা।

এই প্রসঙ্গে আরও বিশ রক্ষের ঋষির উল্লেখ পাই, যেমন—বৈধানস বালখিলা, সংপ্রকান, হশ্মক্র, হাকাশনিলর, অনবকাশিক, দল্ভোল্থল, অশ্যা, পরাহার উন্লেজ্ক, গাও্তম্যা, বায়ুভক্ষ, ভলাহার, আর্দ্রিটাবাস, স্বপ্রিলায়ী, উপ্রিস্ম তপোনিদ প্রভাত পাছিত, স্থপ, স্থোনবার্যা। এহাড়াও মহাজারতে ফলাহারী, ভূতপারী নামক আরও তুই তেনীর প্রির নামোলেখ পাওরা যার। হবশ্য আমার মতে বেদের সাক্ষাৎ মর্ল্ইটা ছাড়া আর স্বাইকে যুনি বা মহামুনি বলাই পাল। এখন ত্যোমার মূল প্রার ছিল এই ছানের নাম ঋষিক্ষেত্র কেন ? কারণ, এখানে এই ন্দ্রিটাত ও্যে বছ মুনি শ্বি ভপস্যা করে সিদ্ধিলাভ করেছেন।

এখন খেখানে 'র্যাকণি' শিবের মন্দির ঐখানে তণ্যা করে সিহিলাভ করেছিলেন ঋষি মৃদ্যাল: ইনি মৌদ্যালা ব্রাহ্মণদের পূংপুক্ষ, আদি গোত্র-পুক্ষা। মৃদ্যাল হিলেন কুরুক্তেরবাসী একজন ধর্মাস্থা মূনিরতধারী ব্রাহ্মণ। ইনি স্ত্রী-পুত্রাদির সঙ্গে প্রতি পক্ষে একদিন মাত্র আহার কর্তেন এবং প্রতি পূর্ণিমা ও অমাধ্যা ভিথিতে ফল্স কর্তেন। তিনি অভিগিদেরকে এক দ্যোণ (মানপত্র) করে সন্ত দিতেন। তার অবশিক্ত আল অতিষ্টি দেখ্লেই বেড়ে

ুখত। একদিন চুৰ্বাস। তার অতিবি হব। মূনি মূল্যাল তাঁহাকে আন ধান कतान किनि नगल यह लायन कार पार के कि के यह त्यान हान थान। उदांमा भवभव इत्रिंग भर्तित्व अरम अहेशाद मयल अत छन्न करत अवः উচ্ছিট্ট অন্ন গান্ধে নেৰে চলে খাৰ, ভারফলে শুডিধি দেখলেই খে মূল্যালের अब वृद्धिशास इ.ज. जाब (मह-व्यानोकिक निष्क्रि नके इम्र । अबकान मूलान নিবিকারভাবে অনাগারেই কাল কাটাতে লাগলেন। এতে প্রীত হরে আর একবার প্রবাদা আবিভূতি হয়ে বলে যান, মূলাল বশরীরে মর্গে যাবেন। তাঁর পরিবারবর্ণের আর কোনদিন আরের অভাব হবে না। তাঁর সমস্ত अक्रि-निविध फितिरत पिरत रामन, अिथि अरम ना शासायन रामरे जात বংশপরস্পরা এই অন্নর্ত্তির সিদ্ধি বজার থাকবে। এই ঘটনার করেক বংসর পরে মুনিব্রতধারী মূলাল এক পুলিমা ডিগ্রিতে মত্র করছেন এমন সময় দেবদৃত মুদ্যালকে স্বশরীরে বর্গে নিয়ে যাবার জন্য দৈব-বিধান নিয়ে উপস্থিত হলেব। मुकान दिवनु अरक वर्गवादमत दिवाय- ७१ वर्गना कत्राफ वनाम दिवनुष्ठ वर्गवादमत বিবিধ সুখের কথা বলে দোৰ হিসাবে বললেন—বর্গে কৃতকর্মের ফল ভোগ হর, কিন্তু নৃত্তন কোন কর্ম করা থার না, ভাছাড়া অপরের সম্পদে অসম্বোষ হয় এবং কর্মক্ষম হলে পৃথিবীতে আবার পতন হয়। এই কথা ওলে মূল্যল দেবপুতকে বিদায় দিয়ে বলেন-তে অবস্থায় উপনীত হলে লোকে শোক তু:খ পার না বা কোন মতেই খার পতিত হর না, সেই অভয় অমৃত रेकरमानमधे जांत्र कामा, अरे वरम छिनि कुक्तकत सर्छ अरेशारन (नीर्ष् তণোভূষি নৰ্মদায় কোলে বলে তপস্থা করতে থাকেন এবং দেবৰিছার गाहार्या निर्वां भन ना 5 करत श्विर् छेत्री छ हन। दानमञ्जीत कार्ट श्वकहे रदाहिन।

মূলাল খৰি ছাড়াও এই হাতনী সংগ্ৰ আৰু একজন খৰিরও সিঙিক্ষেত্র।
তিনি হলেন বেলের প্রসিদ্ধ মহিলা খৰি বিশ্বধারা, অত্তি খৰির কলা।
ওঁকারক্ষেত্রে অবশুই তুমি অত্তি ও অনস্থার সাধনগুহার নাম গুলে একছে।
উনি সংগ্রের নিকটে ওঁকারের ক্ষেত্রে বিদ্ধাপর্যভের গুহার বলে তাঁরা তৃপত্যা
করতেন। অত্তি ব্রহ্মার মানসপুত্র, তাঁর চক্ষ্ হতে উৎপত্র এবং সপ্রমির মধ্যে
অন্তম। ক্ষেদ্যের পশ্ম মন্তলের ৩৭-তম সূক্ত হতে ৪০-তম এবং ৮৫-তম
এবং ৮৬-তম সূক্তের সমূহ মন্তের ক্রকী খনি অত্তি। অধর্ববেলে অত্তির দৃষ্ট

মন্ত্রের প্রাধান্য ধূব বেশী পরিমাণে পরিলক্ষিত হয়। অত্তির জগদ্বিখ্যাত তিন পুত্রের নাম সোম, চুর্বাসা ও দ্ভাত্রের। তিন পুত্রই যোগিকুলশিরোমণি এবং সমস্ত ঋদি-সিভির অধিপতি হলেও তাঁদের কাছে খেদমম্ব প্রকাশিত হয় নি অর্থাৎ তাঁরা মন্ত্রন্তী ছিলেন না; কিন্তু অত্তিঋষির চুই কন্যা বিশ্ববারা এবং অপালা চু জনেই মন্ত্রন্তী ঋষি ছিলেন।

হিন্দুর চোখে বেদমন্ত্রের দ্রান্টা ঋষির স্থান সর্বোচেচ। ঋথেদে এসংখা সূক্ত আছে, সেইসব সৃক্তের মন্ত্রন্থা ঋষিও অনেক আছেন কিন্তু তাঁদের মধ্যে মহিলা ঋষি আতেন মোটে সাতজন, মথা—অগন্তাপত্নী লোপানুদ্রা, গুঞ্জিলা বিশ্ববারা ও অপালা, ককীবান ঋষির কলা খোষ সূর্য! ট্রুলানী এবং অন্তুন ঋষির কলা বাক্।

এইখানে তপস্যা করতে করতে কোন সূদ্র অতীতে হিরণ্নর আকাশ খেদ করে একদিন বিশ্ববারার কাছে প্রকট হয়েছিল ঋথেদের পঞ্চম মণ্ডলের ২৮ নম্বর সূক্তের ছয়টি য়য়। এই ৬য়ড়র গুর্গম অরশ্যের মধ্যে বলে দৃঢ়তম একাগ্র নিষ্ঠায় উগ্রতম তপস্যা করেছিলেন এক নারী, একথা ভাবলেও গায়ে রোমাঞ্চিত হয়ে উঠে।

তার দৃটে মগুণ্ডলির দেবত। গো গামি তার প্রথম ও তৃতীয় মধ তৃটি গ্রহণ করচি ভ্রন।

ওঁ সমিন্ধো অন্মিদিবি এশাটরত্রেৎ প্রভ্রেড্ড্ড্ড্ড্সমূবিয়া বিভাতি । এতি প্রাচী বিশ্ববারা নামোভির্দেবা ঈলানা হবিষা মৃতাচী॥ ১

ধর্থাৎ ঋষি বিশ্ববারা অনুভব করছেন, দিবা যোগায়ি বা যজাগ্রি প্রদীপ্ত হয়ে আকাশে দীপ্তি বিস্তার করেন এবং জ্ঞানমন্ত্রী উষার অস্ভাদরের জন্য ক্ষেত্র প্রস্তুত করেন: বিশ্ববারা পূর্বমূর্ণী হয়ে দেবগণের স্তব উচ্চারণ পূর্বক হবা পাত্র নিয়ে প্রগায়ির সঙ্গে মিশিত হতে যাডেছন।

এই মধ্যে প্রম সাধনার সক্ষেত ছাড়াও বার কাছে বেদ্মন্ত প্রকট হয়, তখন তার কি রকম পরাবস্থা ংটে, তারও আভাব আছে।

ত্তীয় মুগুটি হল---

অগ্নে শর্প নহতে সৌভগায় তব হায়ামূ ত্রমানি সন্ত। সং ক্লাপ্তাং সুসমমা কুমুদ্ব শঞ্চয়ভামতি ভিষ্টা মহাংসি॥ ৩ হে অগ্নি! আমাদের বিপুল যোগৈশ্বর লাভের জন্য এই দিব্য যোগাপুটানের বাধাণ্ডলিকে দমন কর, ভোমার মহিমা সকল দিকেই উৎকর্গ লাভ করুক। ভূমি দাম্পত্য সম্বন্ধকে সুসংবদ্ধ কর এবং শক্রগণের প্রাক্রমকে আক্রমণ কর।

মন্নটির শেষাংশে বিশ্ববারা জগতের সকল নরনারীর পৃথিত দাম্পতা জীবনে শুচিতা ও সংঘম এনে একটা সুনির্দিন্ট নিরম নীতি ও শৃত্যালা এনে দিবার জন্য অগ্নির কাছে প্রার্থনা জানাছেন।

নর্মদা ও হাতনীর সংগ্যন্থলে নিমজ্জিত ডুংরির যেটুকু অংশ জলের উপর জেণে আছে, যার উপর একটা মোটা ত্রিশূল পোঁতা আছে আমরা গুরুপরস্পরা ওনে আসছি, ঐ ছানেই দেবী বিশ্ববারার সাধন ক্ষেত্র। ঐ নিমক্ষমান ডুংরির মধ্যে এক বিরাট সুড়ঙ্গ আছে বলেও শোনা যায়। থে তপংক্ষেত্রে তু তৃজন বেদমন্থের দ্রন্তী ঋষি কোন এক যুগে বাস করতেন, ভাকে ঋষিক্ষেত্র ছাড়া আর কি বলা যায়?

কপালীবাবা তাঁর টাঁাক থেকে পকেট ঘড়ি বের করে সমর দেখে নিলেন, সাড়ে পাঁচটা বেজে গেছে। তিনি সান্ধাকৃতা করার জন্ম তাঁর আশ্রমে ফিরে গেলেন। বাঁরা অসুস্থ তাঁদেরকে বাইরে বসিরে আমরা নর্মদার তারে স্বাই মিলে বেড়াতে লাগলাম।

মনোরম পরিবেশে, এখানে ইতঃস্ততঃ কিছু বনস্পতি থাকলেও ঝোপনাড় জঙ্গল আদি নাই বললেও চলে। ঝাড়ি-সুড্ং-এর জনাট অন্ধনার সম্বন্ধে যে তিক্র অভিজ্ঞতা খাছে তাতে সূর্যের আলো দেখতে পেলেই যন্তি; বন্তি হন্ত মাত্রহারে মুখ দেখলে। ধর্মশালা, কপালীবাবার আশ্রম, শেঠদের ছব্র ছাড়াও গুজন মাড়বারবাসী এখানে একটি দোকান পেতে বলেছেন দেখলান। সে দোকানে সূঁচ সূতা থেকে তেল ফুন ঝাল মশলা গম ও বাজরার ঘাটাও পাওয়া যায়। সব মিলিয়ে এখানে বোধহর শতখানিক লোক বাস করেন দেখলান। এইজন্য পরিক্রমাণাসীদের পঙ্গে এ ছান বড় প্রির, গুর্ভেভ ঝাড়িপথ অভিক্রম করে এসে এখানে তাঁরা বিশ্রাম করতে পান; আহার্য বস্তুও তুলনামূলকভাবে সূল্ভ; স্বচেরে যভিত্র কথা, বিদ্বাপর্বতের কোলে এই ছানের দূরে দূরে জলল থাকলেও এখানে থাব ভালুক চিতার উপত্রব ভঙ্গ নাই।

মাসরা বেড়াডে বেড়াডে নিমজ্জিত ভুংরির উপরিশ্বিত সেই ত্রিশূলকে

প্রায় একণ হাত বৃবে নর্মণার তটে নাঁড়িয়ে যুক্তকরে প্রণাম করলাম।
মহাদেবী বিগুণারার কথা অরণ করতেই গাব্র রোমাঞ্চিত হল্পে উঠপ :
মাহান্তলী বললেন — কণ্ণনীবাবা বলে গেলেন বটে যে ঐ পবিত্র স্থান
মত্রতা পরি বিগুবারার তপস্যা কেও, তবে আমি গুলুদেবের মূখে তনেছি
ঐ স্থান মেরু-সাবর্ণ নামক একাদশ মহুর কন্যা স্বরংপ্রভা দেবীর তপস্যা
কেত্র। বান্মীকি রামায়ণের কিন্ধির্নাাকাণ্ডে তার সবিশেষ প্রসল আছে।
সর্নাদি সেবে তার বিষয়ে সবিস্থারে বলব। তবে এমনও হতে পারে
বৈদিক যুগে বিশ্ববারা ওখানে তপস্যা করেছিলেন, পরবর্তীকালে রামারণের
মুগে বরংপ্রভা দেবী এই একই স্থানে তপস্যা করে থাকতে পারেন। একই
স্থান বিভিন্ন মুগে উভয়েরই তপোক্ষেত্র হতে বাধা নাই। এখন আমরা
ফিরে যাই চল।

আমরা ধর্মণালায় ফিরে আনার পর জল গরম করে আমি মতীক্র ও পদ্মণভারতীক্ষী তিনজনে রোগীদের পারে গরম জলের গেঁক দিয়ে মলম লাগিরে বড়ি খাইয়ে দিলাম : তাঁদের পারের কত ভকোতে আরম্ভ করেছে। পারে পারে বাখার হুনা আমরাও একটি করে বড়ি বেলাম। মোহান্ত্রী সান্ধা-किया स्मार भागामित्रक यहाथा (नरीत शह वनात चना ध्रष्ठ इरनन । তিনি বপতে সুরু করলেন-ভ্রহ্মা ও গায়ত্রী হতে প্রথম ধারত্ব মনুর উত্তব ঘটে। তাঁর পত্নীর নাম শতরূপা, এদের তপস্যাক্ষেত্র ছিল নৈমিবারণ্যে। মঃশতরপার পুত্রকন্যা হতে মানবজাতির বিস্তার। সভা ত্রেডা ছাপর কলি এই চার যুগের সহত্র যুগে ( ঘর্থাৎ সর্বমোট চার সহত্র যুগে ) ভগবান अक्षात्र अक्षित । थे अक अक्षिप्ति होक्ष्यन मन अन्न श्रह्ण करत्न । खे এক এক যুগুর অধিকার কালকে মছত্তর বলা হয়। এক এক মছব্লরে ভিন্ন ভিন্ন মতু, সপ্তৰিগণ, দেবগণ ইক্স ও মতুপুত্ৰৰা আবিৰ্ভুত হল। ম**ৰভা**ৰেৰ कान पूर्व स्टबरे रावजा, नश्चि, रेख, मनुशुद्धवा नकटनरे विमुश स्व अवः मु ७म करत अनु मञ्जू, (एवका देका) दिन छेड्डव हता। तकत नम्र**ड**रवहे नश्चरित्रा ধর্মের বাবস্থা ও লোকরকার জন্য এলে থাকেন। প্রভাক চতু যুগের থবসানে বেদ বিপ্লব হয়। তখন সপ্তৰিয়া পৃথিবীতে আবিভূতি হয়ে আবার त्वम अधात करतन। हजूर्मम बसूत अधिकात कामरक अक कहा वरन। ८ठीक वन वज्र नाय-वाञ्चक्, बादबाहिब, উखम, खानम, देवनछः, ठाकून,

বৈবৰত, সার্বণি, রোচা, ভৌতাঃ, বেরুসাবণি, ঋতু, ঋতুধামা এবং বিশ্বক্সেন। রোচা ও ভৌতাঃ মত্র অপর নাম বধাক্রমে দক্ষসাবণি, অস্ত্রসাবণি। আর শেষাক্র তিনজন মুর অপর নাম বধাক্রমে রুদ্রসাবণি, দেবভাসাবণি এবং ইক্সনাবণি। প্রত্যেক মুই প্রজাণতি, তারা প্রত্যেকেই মানবধর্ম শাস্ত্রপ্রতা এবং সংহিতাকার। এখন পৃথিবীতে চলছে বৈবন্ধত মুরু অধিকার। তিনি বিবয়াণ বা সূর্যের পুত্র। স্বয়ংপ্রভা দেবীর পিডা মেরুপর্বতে প্রস্তুত্বিছিলেন বলে তাঁর নাম হয়েছিল মেরুসাবণি।

বাল্মীকি বর্ণনা করেছেন, সুগ্রীবের আদেশে হরুমান অঙ্গদ সুষ্থে জন্মুবান নল নীল প্রভৃতি প্রধান বানরগণ সীতাছেবণে গিয়ে 'সশৈলবনকাননান' সর্বত্র অনুসদ্ধান করতে করতে এবশেৰে বিদ্ধাপর্বভের পাদদেশে ঋক্ষবিল নামে এক প্রকাশু গুলা মধ্যে প্রবেশ করেন। সেই গুলার চারদিকেই জল, দূর থেকে প্রকাশু বিল বলে তাঁদের মনে হয়েছিল, এখন সেখানে নর্মদা গর্ভে নিমজ্জিত ছোট পাহাড় ও সুরুহৎ ত্রিশূলটি দেখছি, রাষারণ বর্ণিত ঋক্ষবিলের পরিবেশের সলে এখানকার পরিবেশ মিলে যাচ্ছে কিনা দেখ। বাল্মীকি কাঁ সুক্ষর ভাবে বিদ্ধাপ্রত এবং তৎসন্ধিহিত ভন্নমর বনের বর্ণন। দিয়েছেন, নিজেদের অভিজ্ঞতা হতে বুঝ, তাঁর বর্ণনা এতদিন পরেও কিরকম বাত্তব।

বিচিনোতি চ বিশ্বাস্থা গুহাশ্চ গছনানি চ।
সিংহশার্গলজুষ্টাশ্চ গুহাশ্চ পরিভক্তদা।
বিষ্মেয়ু নগেন্দ্রস্থা মহাপ্রস্রবণেয়ু চ।

বিদ্ধাপর্বতের প্রভাকটি গুছা, সিংহ শার্গ অধ্যুষিত গছন মরণা, গুই
নদীর সংগমস্থল প্রস্থানদি তর তর করে অনুসর্ধান করেও বানরের। সাঁতার
সন্ধান পেলন না। এইসময় তাঁরা সহসা একটা বিরাট বিলের মধ্যে অক্ষবিল
নামক গুছার মধ্যে প্রবেশ করলেন, প্রবেশ করেই তাঁরা বিশ্বরে হতবাক
হত্তে পড়লেন, কারণ সেই গুছা বর্ণপ্রভ জ্যোভিত্তে উন্তাসিত, সেখানকার
তর্জনতা সূদৃষ্ট ভবনাদিও বর্ণময়—

আপীড়েশ্চ লভাভিশ্চ হেমাভরণ ভূমিতান্ ভরুণাদিভাসস্থাশান্ বৈদুর্থময় বেদিকান্॥

किছुमृत थ्या करे का बा दिन्दा प्राप्त क्या किनवातिनी एक कामही अक ভাপদীকে—ভাগতে তে দদ ওপ্তত্ত্ব চীরকৃষ্ণাজিনাম্বাম্। এই মনৌকিক ম্বানে পৌছে বিশ্বরাবিউ বানবদের বাকাক্ষ্তি হল না। কেবলবাত্র বীর হণুমানই প্রণাম নিবেদন করে বিনম্মকর্ষ্টে তাঁর এবং সেই স্থানের পরিচয় জিজাগা করলেন, বললেন—'মা ৷ আমরা সূর্যবংশোত্তম শ্রীরামচন্দ্রের অপক্তা পত্নী সীতার অধেষণ করতে করতে এখানে দৈবাং এসে পৌচেছি। ফুখাতৃফার কর্মরিত, এই গোলকবাধা সদুশ সুড়ঙ্গ হতে নিজ্ঞান্ত হতে পার্চি ৰা। আপৰি দলা কলে আমাদেরকে আপনার পরিচর দিন বহিগমনের পথ দেখিয়ে দিন।' সেই তেজোমর তাপদা নিজের পরিচর দিতে গিরে বললেন-ছিতা নেক সাবর্ণেইং ভুগাঃ বরংপ্রভা। আমি মেকুসাব্লির কলা বরংপ্রভা, (हमा नाटम এक वर्ग-व्यव्यक्षतात करण मुध हरत मत्रहानन এই हित्रप्रेत उपन माग्राथल गुक्कि करत्र स्मारक निरंत्र मोर्थकान अथारन जानकविनान कत्ररङ পাকে। পরে ইন্দ্র কর্তক বর্দানর নিহত হলে ব্রহ্মা হেমাকে এই বিশাল হির্মার खरन **७ हित्रनारत्नत** अधिकातिनी करत (पन। आमि (हमात नशी, (हमात्रहे অুরোধে আমি এই এই পুরী রক্ষা করছি। এই মারাপুরীতে প্রবেশ করাই তুঃসাধা, দৈবাৎ কেট প্রবেশ করতে পারলেও এখান হতে কারও বেরিরে যাওরা সম্ভব নয়, ভারপক্ষে এখানে বেঁচে থাকাও হুম্বর—জীবতা তুদ্ধরং মলো প্রবিষ্টেন নিবভিত্র। এখান হতে নিজ্ঞান্ত হতে হলে বত তপ্সার প্রয়োজন হয়। হনুমান শব গুনে সেই তপখিনীকে বহুভাবে কাভর মিনতি জানাতে লাগলেন। অবশেষে ষয়ংপ্রভার দয়া হল। তিনি বানরদেরকে ফল-মূল ভোজাপানীয় দান করে বললেন—তোমরা নিজেদের হাতের আকৃল চোখে চাপা দিয়ে চোখ বন্ধ কর, খোলা চোখে কারও পকে এই সুভ্ল হতে বেরিয়ে যাওয়া সম্ভব নয়—ন হি নিজুমিতৃংশকাম অনিমীলিত লোচনৈ: তাঁর আদেশানুসারে সকল বানর পুলব চোধ বন্ধ করতেই নিবেৰকালের মধ্যে ষয়ংপ্রতা তাঁদেরকে সুভ্রপথ হতে বাইরে এনে বললেন-এম বিদ্ধাে গিরিঃ শ্রমালাক্রমলভাযুতঃ, চোধ ধুলে দেখ সামনেই নানা রক্ষণতা সমাকীর্ণ বিদ্ধাপর্যত বিরাজ করছে। তোমাদের সকলের 可可 (更本---

স্বস্তি বোহস্ত গমিয়ামি ভবনং বানরর্বভা: ইত্যুক্তা ভদ্বিলং শ্রীমং প্রবিবেশ স্বয়ংপ্রভা॥

-वान्योकि, विश्विता १३ मर्न

**এইবলে ভিনি সেই মহাবিলের মধ্যে প্রবেশ করে অন্তর্হিতা হলেন।** 

মোহাস্তজীর গল্প শেষ হতে রাত্রি দণটা বেছে গেল। খামরা থে যার কম্বল পেতে ভয়ে পডলাম। সকালে উঠে প্রাভঃকৃতা ও ব্রানাদি সেরে মন্দিরে গেলাম শিবপূজা করতে। মন্দিরে গিয়ে দেখি কপালীবাবা একটি প্রস্থালিত তামার যজ্ঞকৃত নিয়ে গিয়ে ব্যাকিপ মহাকচের উদ্দেশ্যে স্বতাহতি निष्क्त। आमारक एएरथ मख्या कत्रामन- आमात्र कारक अरे व्यवहे भूका। তিনি হবন শেষ করে ফিরে গেলেন আশ্রমে। আমি মন্দিরে বসে বসে ভশুকৃত মহান্ত্রৰ পাঠ করতে লাগলাম। পাঠান্তে ধর্মশালাতে ফিরে এসে দেবি, যোহান্তজী দোতলায় বদে বদে ধর্মশালার তত্তাবধায়ক রূপা কাণ্ডারীর मरक शक्त कत्राह्म। এक वे शरत हे त्या ५ दम भागारमत्र कानारमन-এখানে আরও তিনদিন বিপ্রায় করার ইচ্ছা। তার মধোই আশা করছি चनुष् मकन नागारे मुच स्टा छेऽटवन, पूर्व छन कि किटन भारतन। কপালীবাবার আগ্রহাতিশয়ে তাঁর কাছে আজ ও কাল নিয়ে গুদিন আতিথা গ্ৰহণ করাই যথেটা: ত্রিশক্ষন লোককে নিভা ভোক্ষন করাতে তাঁর হয়ত অসুবিধা হবে না, তবে আমার বিবেকে লাগছে। তাই কাণ্ডারীজীর नटक कथा तरक वत्कावक करत अनाम, वाकी जिनमिन यामता इत रूट चाहे। किका करत निरम्न अरम निरम्भात एका वानिएस निर्मा नहमन ভেইরা তুমি আজ বিকালে কাণ্ডারীজার সলে গিয়ে ছত্তে কথা বলে चानत्व। जात्र अरे श्रष्ठाव नकत्नरे नवर्थन कत्रत्नन।

আল্ও তুলে এনেছিলেন। নর্মদাতে ভ্র দিয়ে এসে তিনি একটি ধূনী জেলে
সেই আল্ওলো বলসে নিয়ে সকলকে ভাগ করে খেতে দিলেন। খেতে

বেশ ভালই লাগল। ঠিক রাঙা আলুর মত বাদ, অতান্ত মিক্টি। আমাদের খাওয়া যখন শেষ হল, তখন বেলা প্রায় সাড়ে পাঁচটা বেছে গেছে। তিনি প্রত্যেক ধূনীতে আগুন দিয়ে মোহান্তজীকে বলতে লাগলেন-মাপনি করপাত্রীজীর কৃণাদৃষ্টির কথা বলছিলেন, হরত তাঁর কৃপার আমাদের কোন विश्रम पहेटव ना । त्रवाकृट्ख व्यायज्ञा (वैटि श्रष्टमाय यहांच्या त्रायानमञ्जीत সহসা আবিভাবের ফলে। কিন্তু এখানে যে কার কুণা আমাদেরকে রক্ষা कत्रत्, তा आमारतत काना नारे। विधिष्ठ विरवक वृषि धारतांश करत আত্মরকার জন্য যতরকম সাবধানতা অবলম্বন করা যায় তা আগে করতে इत्र। छात्रभन्न मा नर्ममान्न हेच्छा। এই माक् एच छाट वह भन्निक मानानी প্রায় প্রতি বছর একজন হজন করে চিতার আক্রমণে প্রাণ হারিয়ে থাকেন। তাই এই রাতাকে পরিক্রমাবাদী সমত্বে এড়িরে চলেন। বুরপথ হলেও এই পথ ছাড়া আরও একটি পথ আছে। সে পথে ভাবর ঘাসের ঝোপ নাই, অপেকাকত নিরাপদ। কিন্তু পাগলী ঘাট থেকে আলার সময় পাগলী মার গল্প করতে করতে সে পথ আমি হারিরে ফেলেছি। চিতাবাবের এখানে আড্ডা আছে বলেই আমি সকলের কন্ট হবে জেনেও ধূনী আলার বাবস্থা করলাম। চিতার ষরপ আপনারা জানেন না, আমি গুরুদেবের সঙ্গে তাঁর দকল পরিক্রমায় যোগ দিয়েছি বলেই আমার এ বিবয়ে অনেক তিব্রু অভিজ্ঞত। আছে। আমি অনেক বড় বড় শিকারীর কাছে ওনেছি, চিতাবাখ জন্দে সকল হিংশ্ৰ প্ৰাণীর মধ্যে নিষ্ঠুরতম ঘাতক। আমরা এতগুলি লোক একসঙ্গে আছি বলে সহসা সে দাপট দেখিয়ে আক্রমণ করতে আসবে না, কারণ যুথবদ্ধ জীবজন্তকে এড়িয়ে চলাই তার ষভাব। সে কেবল সুযোগ বোঁজে দলের পিছনে যাকে একটুবানি আলাদাভাবে পাবে, নি:শব্দে ঝাঁপিয়ে পড়ে চোৰের নিমেৰে তাকে নিয়ে পালাবে। বাবের সঙ্গে চিতাবাবের बर्जादवत्र अहेबादबहे शार्थका। वारचत्र गठ हैकिजाक करत दिशद्वाज्ञाजादव চিতাবাথ কখনও শিকারের উপর ঝাঁপিয়ে পড়ে না। নিতাপ্ত প্রয়োজন না रुल, निভाश्च दिकाञ्चनात ना পড়ে গেলে চিঙা শক্র মুখোমুথী হয় ना। ঝোপঝাড় বা যে কোন আড়াল খেঁবে তারা রাস্তার ধার দিয়ে চলে। বাবের চেত্রে চিভাবাব ধ্ব তুবোড় শিকারী, নিঃশবে চলে আর কৌশলে ঘাড় মটকার। একনন্ধরে একটা বুনো কালো কুকুর আর চিভাবাদের মধ্যে ভফাৎ বুঝা কঠিন। বেড়ালের নত সে অনায়াসেই চটপট গাছ বা দেওয়াল বেয়ে উঠে থেতে পারে, নিজেকে গুটিয়ে ছোট করে ফেল্ডে পারে। মাত্তবগড়ে দেখেছেন ত গাছের মগভালে সুকিয়ে ভীলটা চিতা-বাঘটাকে তীর মেরেছিল, বিষাক্ত তীরের ঘা খেরেও লে চটপট বিগ্রাংগভিতে গাছের উপর উঠে গিয়ে ভীলের ঘাড় কামড়ে ধরে গাছ হতে নীচে টেনে এনেছিল। চিতা তার চেয়ে তিন চার গুণ ওছনে ভারী প্রাণীকে খাডে ফেলে চোখের নিমেবে পালাতে পারে। শিকারের আশায় এরা খন্টার পর ঘন্টা মড়ার মত চুপচাপ পড়ে থাকতে পারে, রেবাকুণ্ডে দেখেছেন অভগুলো िछ। चामारनत अकिनरक कम अवः अकिनरक धूनीत चाधरनत क्ना मुर्यारनत প্রতীক্ষার রাতভোর চুণচাপ পড়েছিল। বাগ আক্রাপ্ত হয়ে আগত পেলে যম্ভনার গোঙাতে থাকে, গোঙাতে গোঙাতেও গর্জন করে এবং কোন কিছুর ভোষাকা না করে পুনরাম আঘাতকারীর উপর বেপরোয়াভাবে ঝাঁপিয়ে পড়ে। চিতাবাব কদাচ এরকম করে না। জখম হলেও চিতাবাঘ মুখ বৃত্তে যন্ত্রণা শহ্ করে, মাইলের পর মাইল সে শিকারকে অনুসরণ করে যার, শক্তর সঙ্গে সে লড়ে খুব সুকৌশলে, অশেষ থৈর্যের সঙ্গে দারুণ নিঃশব্দে এবং শেষ পর্যন্ত জেতে। আকারে ছোট, আত্মগোপনে অবিতীর, ছোটায় विद्यारगिक अवर चान कान वृद्य काक्रमार निष्ट्र हिजानारवर ८४८म् छत्रकर ঘাতক আর কেউ নয়। কে জানে, ইতিমধোই কোন চিতা আমাদের গন্ধ পেরে এখানে কোথাও লুকিয়ে আছে কিনা।

—লছমন ভেইয়া, তুমি এমনভাবে চিতাবাবের বর্ণনা দিচ্ছ, যেন এখুনি
চিতাবাব আমাদের কারও-না-কারো বাড়ে ঝাঁপিয়ে পড়ল বলে ! যাই হোক,
জললপথের অভিজ্ঞতা তোমার আনেক বেনী। গুনেছি, তুমি ত আগে
শিকারী ছিলে। শিকার করতে এলেই পথ হারিয়ে তুমি গুলেবের দৃষ্টিতে
পড়। বলে সলে জীবনের ধারা তোমার বদলে গেল। তাই নয় কি !

**— भी हैं।** 

ভটা বেজে গেছে। ধীরে ধীরে সূর্যদেব চলে পড়ছেন পাহাড়ের আড়ালে, ভবুও এখনও চারদিকে বেশ রোদের আভাষ ভেগে আছে। আমরা ৬০/৭০ গছ দূরে একটা সম্বরকে কঠিন খান্খ্যানে আওয়াজে বাংক্ বাংক্ শব্দ ভূলে এই পথেই আসতে দেখলাম। হঠাং দেখলাম আগতে আগতে

নে ধনকে গাঁড়িরে পড়ল। ভার বন্টার মত কান ছটো সামনে এমনভাবে বুলে পড়ল যেন একটা কান আর একটা কানকে ছুঁরে আছে। কান গুটো উলচানো, তার মানে স্থাগ। লক্ষ্পভারতীকী মৃতু কঠে বলতে লাগলেন-লক্ষা করুন সম্বরটা তার একটা কান পাহাড়ের দিকে, আর একটাকে সমতলভূমির দিকে পুরিয়ে দিল। মোহান্তজী মৃত্ কর্ঠেই জিজ্ঞাসা করলেন---এারদা কেঁও করতা হৈ! শহ্মণভারতীকী উত্তর দিলেন—'স্থরটা ঐ রক্ম করছে যাতে জললের যে কোন দিক থেকে উঠে আসা শব্দ সে গুনতে পার। গুধু স্বন্ধ কেন, এইভাবে জল্পের স্মন্ত জল্প কান ছড়িরে नित्त कन्दमत প্রভোকটা শব্দ একসলে এবং আলাদা আলাদাভাবে ভনতে পার। দেখুন, দেখুন সম্বরটা আর এক পাও এদিকে এগিয়ে আসছে না. পরিবর্তে তার সামনের পা হটোকে মাটিতে ঠুকছে, তার মানে এদিকটাতে নে কোন বিপদের গন্ধ পেরেছে!' লক্ষণভারতীজীর কথা শেষ হতে না হতেই সম্বরটা পুরে পড়ে রণণা করে হাঁটার মত তার লমা লমা পা ফেলে य भारत जातिका, तारे भारते क्षीएक व्यक्त स्टा श्रम । नक्स नहां की की बच्चना कत्रत्मन, मश्रतिहोटक क्ले खाक्रमण कत्रम ना, जात्र मान्य खाक्रमण क्यार (गरे महलागत्र कोर निक्त वरे वामार एवर करे निमान। करत शास कारक কোথাও বাণটি বেরে বলে আছে। থাক্, এই আগুন ঠেলে কারও পক্ষে এখন আমাদেরকে আক্রমণ করা সম্ভব হবে না।

সন্ধা হরে গেছে। আর একদিন পরেই পূর্ণিমা। তাই স্থান্তের পরেই চাঁদের উদর হল আকাশে। জ্যোৎরার আলো ছড়িয়ে পড়েছে পাহাড়ের উপরে। পাহাড়ের আড়ালে চাঁদ আছে বলে দেখতে পাছি না। আর কিছুক্ষণ পরে চাঁদ আর একটু উপরে উঠে এলে তথন চাঁদকে দেখতে পাবো। লক্ষণভারতীজী আর কিছু কেবনা পাতা প্রত্যেকটি ধূনীর উপর চাপিয়ে দিলেন। দাউ দাউ করে আগুন কলে উঠল। মাঝে মাঝে 'ফটাস্ ফটাস্' শব্দে কাঠ ফাটার আগুরাক হতে লাগল। তু:সহ আগুনের তাপ, ততোধিক তু:সহ এই আতহকর পরিবেশ। শক্রকে দেখতে পাছি না, কিছ ভারই অনাগত আক্রমণের আশ্রমার আমরা প্রত্যেকেই জব্ধবৃ হরে বনে আছি। অন্তমনক্র হবার জন্য আমরা ক্ষণ্ডস্ব নর্মদা-জল স্পর্শ করে সান্ধা-

ক্রিয়ার বসে গেলাম। কিছুক্ষণের জন্য আমাদের মন অনুজ্গতের শাস্ত-রিয় নিভৃতিতে গিয়ে বন্ধির নিংখাস ফেলল।

व्यामारमत यथन नाकाकिया (भव हन, मठीन्त चिक रार्थ वनन त्राजि ১০টা বেজেছে। লক্ষণভারতীজী ক্রিরাতে বলেননি। তিনি এবং আর চারজন ৰাগা ত্রিশুল এবং বল্লম ছাতে স্মানে পাহারা দিচ্ছেন। মোহাল্ডলী वलरनन-भव रनिहे थांछ, काँहि किमीरका नाहि रावता है, नहमन एउदेशा का वार छेत्र हिछा का ममहारमाना हा। এই वाम छिनि देवछकीत একটি বড়ি খেয়ে শুয়ে পড়লেন। তাঁর পায়ের কততে রতনভারতীকী মলম লাগিয়ে দিলেন। মাঝে মাঝে আগুনের তাপ সত্ত্বে ফুরফুরে ঠাগু। বাতাবের দমকা আমাদের গারে এবে লাগছে। হুখনী ছাড়া ছাড়া চারজন করে পাহারা দেওরা এবং ধুনিতে কাঠ চাপানোর বন্দোবস্থ করে আমরা সবাই ওয়ে পড়লাম। শেষরাত্তে আমাদের ঘুম ভাঙল। বিবর্ণ চাঁদের কিরণে সবকিছু অস্পউভাবে দেশা যাচেছ। বুনো মুরগী ডাকছে। বুলার গাছে অন্যান্য পাথীরও কলরব শোনা যাচ্ছে ৷ বিচিত্র সব শব্দ উঠছে কললের মধা থেকে। লক্ষণভারতীজী তাঁর সঙ্গাদেরকে নিয়ে গোটা রাত্তি অভক্র व्यव्जान हिल्ला कोए हा-चा, हा-चा भरक वक्ता कर्तम भक छेन। তা শুনে আমি চমকে উঠলাম। লক্ষণভারতীন্ধী কানালেন-পাহাডের ধার থেকে 'কাকর' ডাকছে।

- -কাকর কি গ
- —নেহি দেখনেসে উহ্ জন্তকে। ক্যায়সে প্রছানেগা !
  আবার শব্ উঠ্স—খা-অখ্-উন্-আখ্।

শক্ষণভারতীজীর দিকে তাকাতেই বললেন—উহ্ লেস্ড হৈ। আমি ইতিপূর্বে লেস্ড মুগুমহারণো দেখেছি। দেখতে বাদমের মত। রঙ কালো। চোখের পাতার বড় বড় খাড়া খাড়া চুল। গাছের ডালে লাফিরে বেডার।

'উধর দেখিরে'—এই বলে লক্ষণভারতীজী আঙুল দিয়ে দেখাতেই আমরা দেখে চমকে গেলাম যে ছু'ছুটো কালো চিভা আমাদের কাছ হতে আর বিশ হাত দুরে লখা হয়ে ভয়ে আছে যেন নিরীহ ছটি কালো কুকুর। একবার করে আমাদের দিকে তাকাছে, বেরিয়ে পড়ছে তাদের লক্লকে লাল জিহবা। কারও মুখে কোন কথা নাই। ভারে স্বাই আড়েউ। মোহান্তভী ভারে কাঁপতে কাঁপতে 'হর নর্মদে হর নর্মদে' জপ করতে লাগলেন। ধূনীতে কিছু শুকনো পাতা ও কাঠ চাপালেন লক্ষণভারতীজী। আগুনের ফুলকি উঠতে তারা পিছন দিকে একটু সরে গেল। লক্ষণভারতীজী একটা জলন্ত কাঠ নিয়ে ছুঁড়ে মারলেন ভাদের দিকে। ভারা আর একটু সরে গিয়ে জলন্ত চোখে তাকিরে থাকল। মোহান্তভী চাপা ক্রুদ্ধরে বলে উঠলেন—লহ্মন ভেইরা, হিংত্র চিতাকে কেপিয়ে কি লাভ প

শক্ষণভারতীকী বললেন—আপনি নিশ্চিন্ত থাকুন যতক্ষণ আমরা ধূনীর কাছে আছি এবং দল বেঁধে আছি, ওরা কখনও আক্রমণ করতে আসবে না। অসীম ধৈর্ফ নিয়ে যেমন ওরা রাভ কাটিয়েছে, তেমনি দরকার হলে আরও কয়েকঘন্টা অপেক্ষা করবে। চিতার যভাব হচ্ছে, শিকারের উপর ঝাঁপিয়ে পড়ার আগে সে এ বিষয়ে নিশ্চত হয়ে নিবে যে শিকারের তুলনায় ভার নিজের জাের বেশী। আমি কখনও কােন চিতাবাঘকে এমন কােন ক্স শিকার করতে দেখিনি বা ভানিনি যে ভার চেয়ে বড় কিংবা গায়ের জােরে যার সলে টকর দিতে পাববে না। আমরা একসঙ্গে এতগুলি লােক আছি, ভার উপর ধূনীর গনগনে আগুন সহায়। ওদের লক্লকে জিহ্লা এবং ধারালাে দাঁতের চেয়ে এই লাল গনগনে আগুনের তেজ যে কােটিগুণ বেশী তা ওরা ভালভাবেই বােঝে। সকাল হয়ে গেছে। গাছপালায় ক্য়াশার ধ্যকাল ধীরে ধীরে অপসৃত হচ্ছে, আকাশ লাল হয়ে উঠেছে, সূর্য উঠবার আর দেরী নাই।

হঠাৎ ছটো চিতা একসঙ্গে তড়াক করে লাফিয়ে উঠে আমাদের বিপরীত দিকে ক্রতবেগে দৌড় লাগাল। আমরা দেখার আগেই তারা দেখতে পেয়েছে তিনটে হরিণ প্রায় ১০০ গজ দূর দিয়ে প্র দিকে দৌড়ে পালাছে। তয়ে থাকা অবস্থাতেই তারা গন্ধ পেয়েছে হরিণের! লক্ষণভারতীজী ভড়াক্ করে লাফিয়ে উঠে নিজের ঝোলা গাঁঠরী নিতে নিতে বললেন—'এই সুযোগ! যে যার ঝোলা গাঁঠরী নিয়ে এখন দৌড়ে পালাই চলুন। ওয়া ছুটে গেল পূর্বদিকে, আমরা যাব পশ্চিমদিকে! খাদের আর ফিয়ে আসার সম্ভাবনা নাই। শিকার করতে পায়লে ওয়া উপাদেয় হরিণ মাংলেই এ বেলার মত পরিতৃষ্ট থাকবে। হর নর্মদে, হর নর্মদে!'

'হর নর্মদে হর নর্মদে' করতে করতে আমরা স্বাই এলোপাতাভিভাবে কম্বল ঝোলা পিঠে ফেলে পড়িমড়ি করে হাঁটতে লাগলাম পশ্চিমদিকের পাহাড়ের গা বেয়ে। ভাগা ভাল যে, এই পাহাড়ের গা সূচালো কর্কশ এবড়ো-বেবড়ো পাবরে ভতি নয়। শিশিরে ভেজা পাহাড়ের ঢাল বেশ মদুন। এইরকম পাথর দেবে এসেছি মৃতমহারণা যেখানে শেষ হয়েছে त्नरे मान्तानाय, नर्व्यथावाव कार्छ। भाषत्वत शा त्यन वि निरम्न स्मरक धरव ठकठरक कत्रा हरतरह। वाँकिरक अहे स्नानानी जावत चारनत त्याप শুক হরেছে। সকলেই 'হর নর্মদে' জপতে জপতে ক্রত হেঁটে চলেছি। মোহান্তপীর পায়ে ক্ষত থাকা সত্তেও তিনিও প্রাণপণে হাঁটছেন। শিশির-ভেজা ভাবর ঘাদের ভগা হতে উপটপু করে শিশির গড়িয়ে পড়ছে। উচ্চিংড়ে, ভোমরার মত কালো পোকা এবং মাকড় আমাদের গায়ে খাপবন थ्यक ठिकरत ठिकरत अरन পড़रहा माकफ्रथहा विनात ! आमता आध-মাইলটাক হেঁটে ভাবর খালের ঝোপ শেষ হতে মাকডের উপদ্রব হতে রক্ষা পেলাম। আমরা নর্মদার চরে নেমে হাঁটতে হাঁটতে নর্মদার কিনারে এলে বদলাম। গোটা রাত্তি কেউ চিতার ভরে আগুনের গণ্ডী ছেডে প্রস্রাব করতেও যান নি। ঝোলা গাঁঠরী রেখে প্রভোকে প্রাত:কুডা লারতে বান্ত हरत १५८मन। প্রতিঃকৃত্য দেরে নর্মদা স্পর্শ করে যে যার কম্বলাদি भा**ठे करत शक्टित (तेंट्स निमाम। अवादत है।**हेट मानमाम नर्भमांत्र किनांत धरत, निका छत्रक वाकिएस इत नर्मर ध्वनि जूरन। नृत्त नृत्त भाराएक গারে গায়ে বড় বড় গাহপালার জলল দেখা যাচেচ বটে কিছু আমরা नर्मनात राजुहरबन উপन निरन्न हैं।हि। दिला नाएए क्हा नानान कामना পৌছে গেলাম পৃষ্করিনী ভীর্থে। মোহাগুজী তাববিজ্ঞল কর্চে নভমগুকে যুক্তরে সূর্যের দিকে ভাকিয়ে প্রণাম করে সকলকেই সৃথ প্রণাম করতে वलालन। आयदा त्यांना गाँठेवो त्वर्स एविनिवाकवाक नर्लमण्डक लागा করতে লাগলাম। যোহান্তজী বলতে লাগলেন---

শ্ৰীমাৰ্কণ্ডেম উবাচ-

ডভ: পুস্করিণীং গচ্ছেৎ সর্বপাপ প্রণাশিনীম। শ্রুতে যক্তা: প্রভাবে তু সর্বপাপেঃ প্রমূচ্যতে॥ রেবায়া উত্তরে কুলে ভীর্থং পরম শোভনম্। যত্রাক্তে সর্বদা দেবো বেদমূর্টি দিবাকর:॥

(वर्गार्थक्ष +> व्यव्यास

অর্থাৎ মহামূনি মার্কণ্ডের বলছের—অবস্তর সর্বপাপ-প্রবাশিনী পৃষ্করিণী তীর্থে গৰন করবে। এই পৃষ্করিণী তীর্থের মালাস্থ্য শুনলে মামূৰ সমস্ত কল্ম হতে মুক্ত হয়। এই পরম শোভন পৃষ্করিণী তীর্থ রেবার উক্তরভটে বিছমান। বেদমূতি বরং দিবাকর এই তীর্থে সর্বদা বিরাজমান আছেন।

আমি জিজ্ঞাসা করলাম—সামনে যে মন্দির দেখা যাছে, ঐখানে কি সূর্যদেবের বিগ্রহ আছে।

— না, না। নর্মদা ওপোভূমি। এখানে ওধু দাধু মহাদ্মারাই তপস্যা করেন না, দেবতারাও তপস্যা করেন। নর্মদা-তটে শিবলিক ছাড়া, আর কোন বিগ্রহ নাই। ভগবান সূর্যনারায়ণের তপস্যা ক্ষেত্র এই পুল্লবিণী তীর্থ।

यिमारबद शार्महे अकृषि शायरबद वाष्ट्री। अकृषि होना हम-थाब ४० कृष्ठे भीर्च ७० कृष्ठे छওड़ा। এই धदा कान नतका वा कानामा नारे। দেওৱালের উপরের দিকে চারদিকে প্রায় হু ফুট লম্বা এবং দেড়ফুট চওড়া करत चार्रे पुन्पूनि चार्छ। श्रादम बात अक्रि। नतका विशेष अरे প্রবেশ বাবে চুকে নাগারা বরটি পরিস্কার করতে গিরে সলে সলে বেরিরে अरम वन्द्रमन, चरत्र পतिश्वात कत्रात किहूरे नारे। পाधरतत्र स्टिय **जक्रक अक्याक्टे चार्छ। त्रशान 'नामान जेमान' (तर्थ नक्नारक** त्याहासकी नर्यमात्र किनात (शत्क अकर्षे उँदृष्ठ अकरे। समाधारतत कारह এনে দাঁড় করালেন। আমার ড দেবে মনে হল, পাহাড়ের গায়ে পাথরের र्थात कन करम এर कनामत मृष्टि रुताइ। सारासकी वनरनन-अरे পুষ्ठविभीत नामाञ्जादबरे अरे नर्मनाचाटनेत नाम स्टब्स्ट পुष्ठविभी छीर्थ। अथन हन, এই जन माथाक नित्त चामात्मत विधायम्हान कित गहे। अधात আমাদের কিছু ভীর্থকৃত্য আছে। আজ ও কাল ছদিন আমরা এখানে থাকব। যংকিঞ্চিৎ আমরা শান্ত্রবিধি অমুসার জপ ও যজ্ঞাদিরও অমুচান कत्रव । यार्क एकतकी वरन शिरहन- सहस्यकाः क्रम वस्त्र वर्क्ता नाम अव চ। न नमध्य त्वनम कनमारशां दिव नृष्। मार्कर अस सूनि सूर्वि इतक

বলেছিলেন, নাৰবেদান্ত্যভিই কোক আর যকুর্বেদান্ত্যভিই বোক, বে লোক পুডরিশী তীর্থে বে-কোন একটি বেলমন্ত জগ করে ভার নবগ্র বেদণাঠের ফললাভ হর। শুধু ভাই নর, যাক্তেরজী আরও বলে গেছেন—

> বঃ ত্র্যক্ষরং জপেয়ন্ত্রং ধ্যারমানো দিবাকরম্। আদিভ্যন্ত্রদরং জপড়া মুচ্যতে সর্বপাডকৈ:॥

অর্থাৎ যিনি ভগবান সূর্যনারারণের খান করে ত্রাক্ষর সূর্যবীজ এবং আদিতাহাদর এই তীর্থে বলে পাঠ করতে পারবেন, তাঁর সমূহ হরিভরাশি বিদ্রিত হবে। কাজেই যে যেমনভাবে পার এখানে সূর্যনারারণের খ্যানজ্প ইত্যাদি করে আজকাল চুদিন এখানে আনন্দে অতিবাহিত কর।

এইবলে তিনি লক্ষ্যণভারতীজীকে জিজাসা করলেন—কাল ত মাকড়-খেড়ার থেটে আলু সিদ্ধ খাইরে আমাদেরকে রেখেছ। এখানে ত স্ত্রাদি কিছু নাই। আজ আমাদের ভিক্ষার ব্যবস্থা কি হবে?

'লছ্মন ভেইরা' জানালেন—হাত্নী সংগ্মের সত্র হতে যে আটা পেরেছিলাম, তার থেকে প্রতিদিন যা বেঁচে যেত, তা জমিরে রেখেছিলাম, আপনাকে না জানিরে আমি 'পোরাভর' করে প্রত্যেকের ঝোলাতে রেখে দিরেছি। তাতে আজ কাল ছুদিনই আমাদের চলে যাবে।

এইবলে তিনি চারজন নাগাকে সঙ্গে নিয়ে কঠিকুটো সংগ্রহ করতে চলে গেলেন। আমরা রান করার জন্য নর্যদাতে নামলাম। দক্ষিণতটের দিকে তাকিয়েই আমার চক্স্ছির! বিরাট এক শিবমন্দিরের প্রজা এবং ঘন স্নিবিউ বড় বড় গাছপালার কাঁকে আরও কয়েকটি বড় বড় অট্টালিকার কিয়দংশ দেখা যাছে। এপারে এই শিবমন্দির এবং একটা পরিত্যক্ত পাধরের একতলা বাড়ী ছাড়া কিছু চোখে পড়ছে না কিছু ওপারে নর্মদার ঘাটে বছলোকের সমাগ্র দেখছি। ঐ স্থানের নাম কি?

শেহাত্তকী যুক্তকরে প্রণাৰ করতে করতে বললেন— ঐ যদ্দিরেই ত শ্লপাণীশ্ব মহাদেব বিরাজমান আছেন, এই পুক্রিণী তীর্থের টক বিপরীত দিকে। নর্মদাতটের অন্যতম প্রেষ্ঠতীর্থ। শ্লপাণীশ্ব মহাদেবের মর্মাদা উকারেশ্বের সমতুলা। এর নামেই এই মহারণোর নাম শ্লপাণির ঝাড়ি। শ্লপাণীশ্বের মহিমা অন্ত। দক্ষিণ্ডট দিয়ে পরিক্রমা করার সময় কারও না কারও মুখে তৃষি ওঁর মহিমা ক্রতে পাবে। রেবাখণ্ডে মার্কণ্ডেরজীও ওর মহিমা উচ্চুসিত হরে বর্ণনা করেছেন। আমরা এখন যে যদ্দিরে এসে পৌছেছি, এই যদ্দিরছিত শিবসিলের নামও শূলপাণি, সূর্বনারারণের তপস্মান্তরে বলে এঁকে কেউ কেউ হিরণাপাণিও বলে থাকেন। ঐ দক্ষিণতটের শূলপাণীশ্বর মহাদেবকে যখন দর্শন করবে তখন তাঁর অত্যুক্তন সুবর্ণবর্গরিজত বিরাট সিল্রপ দেখে শুন্তিত হয়ে যাবে, এখানেও মন্দিরে গিরে দেখবে এখানকার হিরণাপাণি মহাদেবও যর্পোক্তন।

ज्ञान छर्नभाषि त्रारत यायता मन्दितत पत्रका भूत्म हुकमाय।

সভাই ধর্ণোচ্ছল শিবলিক প্রায় এক ফুট উচ্। শিবলিকের উপরে চন্দললিপ্ত বিঅপত্র চাপানো আছে। সাফালে প্রণাম করলাম। মোহান্তজী প্রণাম করেই বেরিয়ে এসে রভনভারতীকে ভাক দিয়ে জিজ্ঞাসা করলেন—ভোমরা চন্দন ও বিঅপত্র কোধায় পেলে তা দিয়ে মহাদেবের অর্চনা করে গেছ ? আমালেরকেও দাও, আমরাও পূজা করব।

আমরা যথন রান করছিলাম, তখন অন্যান্য নাগারা একে একে রান করে পূজা করে গেছেন। তাই ডিনি ভেবেছিলেন যে নিশ্চয় তাঁরাই পূজা করে গেছেন। কিন্তু রভনভারতী মন্দিরে এসে জানালেন যে, তাঁরাও পূজা করতে এসে, শিবের মাধার চন্দন ও বেলপাভা দেখে গেছেন।

আমি বিশারভর। দৃষ্টিতে তাঁর দিকে তাকাতেই তিনি বললেন—'এতে বিশ্বিত হবার কিছু নাই। আমি গুরুদ্বের মুখে শুনেছি নর্মদাতটে কোন শিবলিলই অপুজিত থাকে না। মানুষের অগমা স্থানে ভরন্বর তুর্গম ক্ষলনের মধ্যে নর্মদাতটে কোন শিবলিল অপুজিত থাকলে সৃক্ষ্যেরহধারী দেববি মহবিরা এসে পূজা করে যান। তাঁরা না পূজা করলে নর্মদার মানসপুত্র, সপ্তকল্লান্তনীবী ষয়ং মার্কণ্ডের মুনি এগে শিবলিলের পূজা করে থাকেন। একথা যে গ্রুব স্তা, তার আজ প্রত্যক্ষ প্রমাণ পেলাম। এখন আমি মন্ত্রবলি, তুমি ধীরে বীরে জল ঢাল। এই দিবাকর-তীর্থে সূর্ব্যন্তেই শিবের অর্চনা করার নিরম। এইবলে তিনি বন্ধ প্রত্যক্ষ

ওঁ ভাষদ্ রত্বাচামৌলি: ক্রদধররুচা রঞ্জিভাচারুকেশো ভাষান্ যো দিবাডেক্সা:করকমলমুড: স্বর্ণর প্রভাভি:। বিশ্বাকাশবিকাশগ্রহণিডিশিখরে ভাতি যশ্চেদয়ান্তের সর্বানন্দপ্রদান্তা হরিহর নমিতঃ পাতৃ মাং বিশ্বচক্ষুঃ॥
উভয়ে সান্টালে প্রণিণাত করে বেরিয়ে এলাম মন্দির থেকে। এলে দেখি, লন্ধণভারতীকী এবং আরও চারজন নাগা বারা মাকড্খেড়ার জললে চিতা বাবের ভয়ে গোটা রাত্রি ধূনী জেলে অতন্ত্র প্রহার ছিলেন, তাঁরা পাথরের ঘরে থালি মেঝেতে শুয়েই ঘূমিরে পড়েছেন। 'আহা, মানুবের দেহ ত! গভকাল রাত্রে বেচারারা হই চোধের পাতা এক করতে পারে নি। রাত্রি জাগরণে এবং অসহ্য রায়ুর চাপে অবশ হয়ে ঘূমে চলে পড়া রাভাবিক। এখন মোটে ১২টা বেজেছে। আরও এক দেড়খনী ঘূমিয়ে নিক্। আমরা দেড়টার খেতে বসব।' মোহাস্তজীর কথা শুনে যে চারজন নাগা লিটি তৈরার করছিলেন, তাঁরা বললেন—'ভালই হবে। আমাদেরও ডোজন প্রত্তে আরও বোধহর ঘন্টাধানিক সময় লেগে যাবে।'

মোহান্তজীর আসন পাতাই ছিল, আমিও কম্বল বিছিল্পে বসলাম। তিনি বললেন—সূর্যমন্ত্রে শিবের পূজা করা যার আবার শিবমন্ত্রেও সূর্য ভগবানের পূজা করলে কোন লোব হয় না।

আমি বল্লাম—অভেদ দৃষ্টিতে বিচার করলে চ্জনেই ত মূলে একই পরমেশ্বর। কেবল বিভিন্ন গুণাল্সারে (attribute) একই পরমেশ্বরের ভিন্ন ভিন্ন নাম। বৈদিক বৃংপত্তি অমুসারে, (মৃঞ্ অভিনরে, মৃঞ্ প্রাণিগর্জ বিমোচনে) এইসকল খাতৃ হতে 'সবিভা' শব্দ সিদ্ধ হয়। 'অভিবরঃ প্রাণিগর্জ বিমোচনেং চোংপাদনং। যশ্চরাচরং জগং সুনোতি সূভে বোংপাদরতি স সবিভা পরমেশ্বরঃ' যিনি লকল জগতের সৃষ্টিকর্তা, পরম মললমর, সেই পরমেশ্বরের নাম সবিভা। আবার, (শিব্কল্যাণে) এই ধাতৃ হতে 'শিব' সিদ্ধ হয়। যিনি কল্যাপ্যরূপ এবং কল্যাপ্রতা, সেই একই পরমেশ্বরের নাম 'শিব'। সূর্যের আর এক নাম 'লাদিভা'। (দো অবশ্বতনে) এই ধাতৃ হতে 'অদিভি' এবং ভার ললে ভদ্ধিত প্রভার যোগে 'আদিভা' শব্দ হয়। 'ন বিভাতে বিনাশো যতা সোহর্মদিভিঃ অদিভিরেব আদিভাঃ' অর্থাং বীর ক্ষন্ত বিনাশা হয় না, সেই অবিনাশী প্রভুর নাম আদিভা। এইভাবে সূর্ধ, সবিভা, শিব, আদিভা প্রভৃতি শব্দের বৃংপত্তিগত বিচারে বিভিন্ন নাম রূপের অন্তঃরালে সেই একই পরমেশ্বর বন্দিত।

বেলা ১টার সময় লক্ষণভারতীকা এবং আরও চারজন নিদ্রাক্ষর নাগাকে ঘুম থেকে জাগানো হল। বেলা ২টার আহারপর্ব শেব হতেই আমরা চারে পড়লাম। অল্প বিভার স্বাই একটু ঘুমিয়ে নিয়ে বেলা সাড়ে চারটা নাগাদ আমরা স্বাই গিয়ে বসলাম সেই পুত্তরিশী তীর্থের পাড়ে। এখানকার পাথরও চকচকে মসৃণ, পায়ে ফোটে না। যেন সমগ্র অঞ্চলটার পার্বভালার যি দিয়ে মাজা। এই বিস্তৃত জলাধার যার গভীরতা কম কিন্তু বিভার বেশী, তার হচ্ছতা মনকে আকর্ষণ করে। এক ইাটু জলের তলাও পরিস্কারভাবে দেখা যাছে। পুত্তরিশীর সীমানা ধরে আমাদের প্রদক্ষিণ করার ইচ্ছা ছিল কিন্তু ধররোজের তাপে পাথর খুব তেঁতে গেছে। তাই ছারা খুঁজে খুঁজে আমরা ছড়িয়ে ছিটিয়ে গাছতলায় বসলাম।

याराख्यी रमर्गन- এই भाख शक्षीत छक পরিবেশ তপসার আদর্শ স্থান। আমাদের শাল্পে ২২ জন কণিলের সন্ধান পাই। তাঁদের মধ্যে আদি বিধান কপিল, যিনি সাংখ্যদর্শনের প্রণেডা তিনি শৈলেন্দ্রের দেশে বাংলার গলাতটে সিদ্ধিলাভ করেছিলেন। সেই গলালাগর সংগম মহর্ষি কণিলের তণস্যা প্রভাবে যুগযুগ ধরে একটি শ্রেষ্ঠ তীর্থের মর্যাদা লাভ করেছে। তিনিই ওণন্তা করেছিলেন রেবাতটে। অমরকটক হতে কিছুদুরে প্রসিদ্ধ কপিলধারা তাঁরই তপসাক্ষেত্র। কোন এক কপিল তপসা করেছিলেন গ্রাতে ব্ৰহ্মযোনি পাহাড়ের কোলে এক প্রাচীন গুহার। সে স্থানও কপিলধারা নামে প্রসিদ্ধ। আর এক কপিল তপস্যা করেছিলেন এই পুরুরিণী তীর্থে। ভাই এই পুঞ্ধরীণী ভীর্থকে কপিল ভীর্থও বলা হয়। একবার গুরুদেবের সঙ্গে अवादन अदनिक्नाम । तम नमाइन प्रतिकृ अवनन प्रतिकृ अवादन वमान यन बए:हे अन्तर्भूष इटिंड ठाम्न । एत्र्यायात्र दकन, शादन वनदन किःवा मान्त हरत हुल करत वरत थांकरत ट्यांमारनत्व मन क्रक चल्चर्य हरक वांवा। धत একটা কারণ আমার মলে হয়, যুগযুগ ধরে কত তপথী, সাধু এবং মহাছারা এখানে তণস্যা করে গেছেন। তারফলে এখানকার বায়্যগুল চিদ্-অণুর हिल्लाटन नर्दनाहे surcharged हत्त्व चाहि । बात अक्टा कात्र अथानकात चान वा शतिराम माहाचा। टेमरमन टामात कि मरन हत ?

— আপনার বর্ণিত ছটো কারণই ঠিক বলে মনে করি। তবে চিদ্-অণুর ভরদ-প্রবাহের চেরে আমি এশানকার পরিবেশকেই ধ্যানের বেশী অমুকূল বলে মনে করি। সামবেদের ঐক্রকাণ্ডের অন্তর্গত ২র অধ্যান্তের ওরা দশতিতে আমাদের গোত্র প্রবর্তক ঋষি বংস দৃষ্ট একটি মন্ত্রে এইরকম পর্বতপ্রান্তবিত জলাশরের সরিকটন্থ স্থল বা নদী-সঙ্গম যে খ্যানসিদ্ধি বা ভল্পসাক্ষাৎকারের আদর্শস্থল তা বোষণা করা হয়েছে। যথা—

উপহ্বরে গিরীণাং সক্ষমে চ নদীনাম্। ধিয়া বিপ্রো অজ্ঞায়ত॥ ৯

(গিরীণাং) গিরি সকলের (উপহ্বরে) স্মীপদেশে এবং (নদীনাং সদ্ধে) অর্থাৎ নদী সকলের স্থামে (ধিয়া) স্থতি এবং উপাসনার বারা (বিপ্রা) সর্বজ্ঞ পরমেশ্বর প্রকটিভূত হন (অভারত)।

এই সামগানের ভাবার্থ হল, পরমেশ্বর সর্ববাণী হলেও গিরিওহা সমীপে এবং নদী সকলের সদম্ভানে অর্থাং মনোরম নিভ্তভানে চিত্তের একাগ্রভা হেভু, ভগবানকে প্রভাক্ষ করা সহজ হয়।

- আমার কাছে 'আদিত্যজ্বরম্' পুঁথি আছে। মার্কণ্ডেরজীর
  নির্দেশানুসারে আমি ত কাল সকালেই সেই পুঁথি পড়ব। আমার পড়া শেষ
  হলেই একজন একজন করে আমার কাছ থেকে পুঁথি নিয়ে পাঠ করতে
  পার। শৈলেন্দ্রনারায়ণও ইচ্ছা করলে আদিত্যজ্বর পাঠ করতে পার নতুবা
  সামবেদ বা যজুর্বেদের কোন মন্ত্র মনন করতে পার। এ বিষয়ে ত মার্কণ্ডেরজীর
  সুস্পন্ত নির্দেশই আছে—'ঋচমেকাং জপেদ্যস্ত যজুর্বা সাম এব চ'ইত্যাদি।
- আমি সামবেদী বাংস্য গোত্তীয় ত্রাহ্মণ। কাজেই আমি সামবেদেরই কোন একটি বা ছটি মন্ত্র এই দিবাকর তীর্থে হিরণাপাণির ক্ষেত্রে মনন করার চেন্টা করন।
- —ভোষার কোন বিধা বা আপত্তি না থাকলে সেই মন্ত্রটি আমাকে শোনাও। এখন সাড়ে পাঁচটা বাজতে যার। দূরেই জলল আছে। আর এখানে বলে থাকা উচিত হবে না। মন্দিরে ফ্রি যাই চল। তুনি নপ্রটি আমাদেরকে শুনাও।

আমি সামবেদের ঐক্রকাণ্ডেরই অন্তর্গত (২র অধ্যার, ২রা দশতি) একটি
মন্ত্র ( দ্রন্থা বংসঃ ঋষি ) এবং এর্থ অধ্যারের বাদশী দশতির একটি মন্ত্র ( দ্রন্থা করতে করতে তাঁদের সলে মন্দিরের দিকে
টেটে চলপান—

১। (जुकी वत्मः अवि)

ওঁ উদেঘদভি শ্রুতামঘং বৃষভং নর্যাপসম্। অস্তারমেষি পূর্য॥ ৯

হে সৃষ ! হে শোভনবীর্যশালীন্ পরমান্ত্রন্ ! ( শ্রুতামঘং ), ছুমি সমস্ত ধন-সম্পদের আকর, ভূমি যাচমান ব্যক্তিদের সম্বন্ধে ধনবর্ষণকর্তা ( ব্যভং ) ভূমি নরছিতকারা ( নর্যাপসম্ ) দানশীল ও উদার হৃদের ব্যক্তিদের মজ্জে ( অভিউদেবি ) উদিত হয়ে থাক ।

২। ( দ্ৰফা নকুল ঋৰি )

ওঁ অভি তং দেবং সবিতারমোণো।
কবিক্রত্বং অর্চামি সভাসবং রত্মধামভি প্রিয়ং মতিম্।
উদ্ধা যস্থামভির্ভা অদিহ্যতং সবীমনি
হিরণাপাণি রমিমীত সুক্রতুঃ কুপা স্বঃ॥ ৮

(কবিক্রাণ্ড্রা) সর্বজ্ঞ (সভাসবং) সংকর্মের প্রেরণাদাতা (র এখাং) রমনীর ধনদাতা ( এভিপ্রিরং) সর্বজনপ্রির, সর্বভোভাবে প্রির (মতিং) সর্বদা মনন খোগা (সবিতারং) সর্বোৎপাদক (দেবং) হপ্রকাশ পর্মেহর সূর্বদেবকে (অভার্চামি) আমি অচনা কর্ছি, (ম্প্রু) যার (ভাঃ) জোভিঃ (উপর্বা) উৎকৃত্রপূপে (ওণাোঃ) গ্রাপ্রাক ও ভূলোকে (অদিহাতৎ) অভাস্ত দীপ্ত ররেছে এবং (স্বীমনি) যে কাপ্তির আবির্ভাব ঘটলে (অমতিঃ) সর্বকান্তি প্রকাশিত হয় সেই (সুক্রেতুঃ) শোভনক্ষা (হিরণাপানিঃ) জোভির্য় হপ্রকাশ সবিভূদের কুপাপূর্বক ্রঃ) সূর্যমণ্ডলকে ( মমিনিত) নির্মাণ করেছেন।

মনিরে এনে পৌছলাম, সুযাওও হয়ে গেল। আমরা স্বাই মন্তিরের চারদিকে িরে বসলাম। লক্ষাণভারতীলী টর্চের আলো জেলে হলধর থেকে পঞ্জনীপ সাজিয়ে পঞ্জনীপ ও কর্প্রদানী প্রভৃতি নিয়ে এলেন। নর্মদা স্পর্শ করে এলে মোহাস্থলী হিরণাপাণি মহাদেবের আরতি শেষ করলেন। হলবর স্বাই চুকে যাবার পর যে যার শ্যা পেতে সাল্ধাক্রিয়ায় বসে গেলেন। হলের প্রবেশধারে লক্ষ্মপভারতীলী একটি ধূনী আলতে চেয়েছিলেন কিন্তু মোহাস্থলী তাঁকে কিছুতেই ধূনী আলতে দিলেন না।

বপলেন—'গত রাত্রিতে তুমি মাকড়খেড়াতে চিতাবাথের ভরে ধূনী জেলে গোটা রাত্রি আমাদেরকে দথে দথে হায়রাণ করেছ। আজও কি আমাদেরকে দমবল্ধ করে মারবে নাকি? মা নর্মদার উপর নির্ভর করে পড়ে থাকব, যা ঘটে ঘটুক।' ধূনী জালা হল না। নিরাপদেই রাত্রি প্রভাত হল।

আজ কোজাগরা পূর্ণিমা। ভোরে উঠেই সকলে নর্মণতে রান করে স্থার্ঘা ধর্পণ করতে লাগলেন। রান ওপ্ণাদি সেরে সকলেই পুদ্ধরিণী তীর্থের সেই পুদ্ধরিণীর তীরে গিন্ধে বসলাম। সূর্যোদরের সচ্চে সচ্চে মোহাল্ডলী আদিতাহাদর পাঠ শুরু করলেন। তাঁর পাঠের পরে লক্ষ্মণভারতীলী মতীক্রজী, রতনভারতীলা এবং হুই পশ্তিসলী একে একে পাঠ করলেন। অল্যান্য নাগারা প্রবং করেই পরিত্ত্ত থাকলেন। মোহাল্ডলী লক্ষ্মণভারতীলীকে বললেন—থতটুকু বি আছে, আমাকে এনে দাও, আমার হবন করতে ইচ্ছা হচ্ছে। লক্ষ্মণভারতীলী ক্রন নাগাকে সচ্চে নিয়ে তৎক্ষণাং বি আনতে দৌড়ে গোলেন। পাথরের হল্যর থেকে বি এবং কাঠ এনে একটা গাধরের খোরে গ্রন্থ কাঠ সাজিয়ে তিনি মন্ত্রপাঠ করে হোমাগ্রি প্রজ্ঞালিত করলেন। তাঁর হোমের প্রতিটি অন্তৃত! বাঁ পাটিকে গুটিয়ে এনে বাঁ হাত দিয়ে ভা বেউন করে ভান হাতে চমদের সাহায্যে আহুতি দিতে লাগলেন। তাঁর হোমমন্ত্রটিও আমার কানে অন্তুত শোনাল।

ওঁ ত্রীং হিমাণীঢ়ং স্বাহা। ওঁ ত্রীং নিলীঢ়ং স্বাহা। ওঁ ত্রীং মালীঢ়ং স্বাহা॥

এই মন্ত্র ২৮ বার উচ্চারণ করে ২৮ বার আছেতি দিলেন। তারণর দণ্ডারমান হরে সূর্যের দিকে ভাকিয়ে করভোড়ে তিনি মণুর সূরে স্তব স্থক করলেন—

ওঁ যথাওলং সর্বগভদ্য বিক্ষো:
আজা প্রং ধান বিশুদ্দভত্ম।
স্লান্তবৈর্যোগপথাস্থ্যম্যং
পুনাতু মাং ভৎসবিভূর্বরেণ্যম্য

মোহান্তভীর হোম ও প্রণাম শেষ হতেই লক্ষণভারতীভী চারজন নাগাকে সলে নিয়ে ফিরে গেলেন আমাদের যাত্রীনিবাসে। ব্রলাম, তিনি গেলেন আমাদের ভিক্ষার বন্দোবন্ত করতে। এই বর্ষীরাণ সাধুর কর্মক্ষমতা, সর্বদিকে সমান দৃষ্টি, সেবা তৎপর বৃদ্ধি প্রথম থেকেই আমার প্রভা আকর্ষণ করেছে। ইনি আমাদের একাধারে পথপ্রদর্শক, যাওয়া দাওয়া, ভিক্ষা সংগ্রহ, তুর্গম পথের প্রয়োজনীয় সবকিছুর প্রবন্ধক এবং প্রেষ্ঠ সহায়ক। পরিক্রমার বেরিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন লোকের সলে আমার দেখা হয়েছে, বিভিন্ন সম্প্রদারের সলে মিশে অনেকক্ষেত্রেই আমাকে জললপথে পরিক্রমা করতে হয়েছে, কিছ এ'র মন্ত করিভক্মা লোক আর কাউকে দেখেছি বলে মনে হয় না। যে কোন ধর্মসম্প্রদারে ইনি একজন রত্নয়র্বন। নিজের ব্যক্তিগত ধর্মসাধনার চেয়ে সংখ্যের সেবাকেই ইনি অগ্রাধিকার দিয়েছেন।

লক্ষণভারতীকী চলে যাওয়ার পরেই মোহান্তকী লপে বসলেন। তাঁর দেখাদেখি সকলেই লপে মনোনিবেশ করলেন। আমি পূর্বোক্ত সামবেদের মন্ত্র বারবার মৃত্তকঠে পাঠ ও মনন করতে লাগলাম।

বেলা প্রায় ২০টা নাগাদ আমরা ঘর্মাক্ত কলেবরে ফিরে এলাম মন্দিরে।
এলে দেখি, যা ভেবেছিলাম তাই, লক্ষণভারতীজী লিটি তৈরী করতে
লেগে পড়েছেন। আমরা কিছুক্ষণ বলে জিরিয়ে নিলাম। তারপর স্বাই
মিলে গেলাম হিরণাপাণি মহাদেবের পূজা করতে। মন্দির খুলে দেখা গেল,
আজ আর নিবলিজের উপর বেলপাতা নাই। মোহাস্তজীকে সে কথা বলভেই
তিনি মন্তবা করলেন—'আজ ত আর মহাদেব অপৃজিত নাই। পুদ্ধরিণী
তীর্থে যাবার আগেই লছ্মন ভেইয়া এবং আরও অনেকে হিরণাপানির মাধায়
পবিত্র নর্মদাবারি চেলে পূজা করে গেছেন!' তিনি আমাকে বললেন—
'কাল আমি মন্ত্র পড়েছিলাম, সেই ধানমন্ত্র আদিতাহালরেরই মন্ত্র। আজ
তুমি বেদমন্ত্র পড়ে যাও, আমরা একে একে জল চালি।'

আমি তাঁর ইচ্ছানুসারে প্রথম গায়ত্রী মন্ত্র পড়লাম। কারণ আমি মনে করি গায়ত্রীই ভর্গ দেবতা সূর্যনারায়ণের সর্বশ্রেষ্ঠ পূজার মন্ত্র। পাঁচবার গায়ত্রী পাঠ করতেই সেই সময় করেকজন হিরণাপাণির মাধায় জল চাললেন। পাঁচবার পাঠ করলাম পূর্বোক্ত সেই সামবেদের মন্ত্র। সে সময়েও করেকজন পূলা নেবে নিলেন। বাকী রইলেন কেবল মোহান্তলী। ভিনি কমন্তলু

হাতে করে আমাকে হাসতে হাসতে বললেল, নৃতন কোন বেদময় পাঠ কর, আমি হিরণাপাণির পূজা করি। মহাদেবের কাছে নতজাল হয়ে তিনি বলতে লাগলৈন, 'হে হিরণাপাণি! আমি অত্যন্ত অভাজন, শুরু জল হাড়া এখানে আর কি দিয়ে তোমার পূজা করব প্রভা!' এই বলতে বলতে তিনি কেঁদে ফেললেন তার নেই ভক্তিভাব দেখে আমি উচ্ছুসিত কর্পে খ্যেদ হতে পাঠ করতে লাগলাম (১ম মণ্ডল, সৃ২২)—

ওঁ হিরণ্যপাণিমৃত্যে সবিভারমৃপহবয়ে। স চেতা দেবতা পদম্॥ ৫ অপাং নপাতমবসে সবিভারমৃপকু ছি। তত্য ব্রভাকু শাসি॥ ৬ বিভক্তারং হ্বামহে বসোল্চিত্রতা রাধসঃ। সবিভারং নৃচক্ষসম্॥ ৭ স্থায় আ নিষীদত সবিভা ভোমে। সুনঃ। দাতা রাধাংসি

আজকে ডাকি মোদের মাঝে
রক্ষা করুন হিরণপাণি
স্তুতি করি আমরা আজি
অজ্ঞান আধার দূর করে দিন
হবন করি সেই সবিভার
বিচিত্র ও রমনীয়
ঐ যে শোভেন সবিভূদেব
শীঘ এস হে সখাগণ

দিবাছাতি সে দেবতা !
পরম পদের জ্ঞাপয়িতা ॥ ৫
তমোনাশক সবিতারি
তিনিই মোদের রক্ষাকারী ॥ ৬
নরলোকের চক্ষু যিনি ।
বিভাগ করেন ধন গে তিনি ॥ ৭
অভীষ্ট ধন দিবার লাগি
স্থোত্রে তাঁরই কুপা মাগি ॥ ৮

পূজা ও প্রণাব সেরে আমরা বেরিরে এলাম। বেরিরে এসেই মোহান্তকী বললেন—'ভোমার কাছে বেদমন্ত্র তনে আমার গুবই আনক হল তবে তুমি বাংলার পদ্যান্থাদ যা ঠাকুরকে শোনালে, তাতে তুমি 'হিরণাপাণি' এবং 'অপাংনপাত' শব্দ তৃটির যে অর্থ প্রকাশ করলে, ঐ তৃটি শব্দার্থ সম্বদ্ধে আকই অপরাক্ষে ভোমার সলে কিঞ্ছিং আলোচনা করার ইচ্ছা রইল। এখন চল দেখি, লছ্মন ভেইরা আমাদের ভিক্ষার আরোজন কভদূর কিকরলেন।'

এনে দেখলাম, लिखि 'পাকানো' চলছে। বেলা সাড়ে বারটা নাগাদ

আমরা থেতে বসলাম। কিছুক্রণ বিশ্রাম করার পর আমরা সকলেই উদাহত 'হিরণাপাণি' শব্দের অর্থ তুমি করেছ 'দিবাগ্রাতি' আর 'অপাংনপাত' मात्मन वर्ष करत्रह 'टरमानामक'। किन्नु अहे रवनक शिक्षानत कारह छहे হুটি শব্দের অশ্তরকম অর্থ শুনেছি। গুরুজী যখন ভারোচে আসতেন, তখন তিনি একশাস থাকতেন। হাজার হাজার ভক্তের ভাড় হত। সেইসময় তিনি নানা শাল্পের আলোচনা ছাড়াও বেদক্ত পণ্ডিতদেরকে দিয়ে বেদ বাাখ্যা করাতেন। ঋথেদের যে চারটি মন্ত্র উচ্চারণ করে ভূমি আৰু स्तिनाशानित भूका कतारन, এই ठाति मञ्चरे छक्रराग्टवत चुवरे खित्रं हिन। कारकर धमनरे घटेनांत भातप्मर्थ । नगांभि ( coincidence of facts ) দেশ, তুমি যখন সেই বিশেষ চারটি মন্ত্রই পড়ে শোনালে, আমি হিরণাপাণি মহাদেবের বিশেষ দয়া ভেবে আনন্দে অধীর হয়ে পডেছিলাম। পণ্ডিভগণের মুখে বিৰণাপাণি শব্দের সায়ন-ভাগ্ন গুনেছি। সায়নাচার্য কৌশীতকী ত্রাহ্মণ হতে একটি উদ্বত করে ব্যাখ্যা করেছেন, দেবতাদের অনুষ্ঠিত কোন এক যজ্ঞে সবিভূদেৰ ৰৱং ঋত্বিক হয়ে ব্ৰহ্মা রূপে অবস্থিত ছিলেন। সেই সময় অধ্বযুলিণ সেই বক্ষারূপী সবিভাকে 'প্রাশিত্র' নামক পুরোভাগের ( হভাবশিষ্ট ছত) জংশ প্রদান করেন—অধ্বর্ষবঃ ওপ্রৈ সবিত্তে রক্ষণে প্রাশিত্রনামকং পুরোডাশভাগং দপ্তবন্ধ:। স্বিতা সেই প্রাশিত্র হল্তে গ্রহণ করলে তার হল্ত ছিল হয়। তখন অধ্বযুগণ তার সুবর্ণময় হস্ত তৈরী করে দিলেছিলেন-ভতঃ প্রাশিত্রস্য দাতাবোহধ্বর্যবঃ সুবর্ণমরং পাণিং নির্মার প্রক্ষিপ্তবন্তঃ। সেইজন্ত সূর্যদেবের অপর নাম হিরণাপাণি।

আবার কোন কোন ভায়কারের মতে, সবিতার গুটি হাতেই সুবর্ণবদর আছে, তিনি যক্তকর্তা যজমানকে দান করার জন্ম সুবর্ণবারণ করেছিলেন সেইজন্ম তাঁর নাম হিরণাপাণি। আমি ৩৩ শুনেছি, স্র্লেদেরর 'হিরণাপাণি' নাম উপলক্ষে এদেশে যেমন ঐরকম উপাধ্যান আছে, অন্যান্য দেশে অন্যান্য ভাষাতেও ঐরকম গল্প প্রচলিত আছে। গ্রীকদের Helios, ল্যাটিনদের Bol, টিউটনদের Tyr (টার) এবং ইরাণীদের 'খরসেদ' প্রভৃতি শব্দ স্থেরই নাম। এদেশের গল্প যেমন যক্তভাগ গ্রহণ করতে গিয়ে স্থের হাত কাটা পড়েছিল, তেমনি আর্মানদের টারদের (Tyr) বাবের মুধে হাত

দিয়ে হাত হারিরেছিলেন, এইরকন কিংবদন্তী আছে। এনভাবদায় জুনি হিরণা শব্দের প্রচলিত ফর্থ সুবর্ণের কথা উদ্ভিয়ে দিলে সেটা কি করে নানা যার ?

--- আগে আপনি বলুন বেদযাঙা সূৰ্য অর্থে এমন কোন নবনীত কোমলভত্ন कीरवत कथा वनहरून, यात প্রাশিত হাতে করণেই গুই হাত কাটা পড়ে किःश वारवत्र मूरव हाछ छाकारन नाम नाम हाउ छए यात्र १ दिनिक বাংপত্তি অনুসারে আগেই আমি দেখিয়েছি সুধ বা স্বিতা শ্লের অর্থ পর্মেশ্ব। পর্যেশ্ব কি সুল ও কড়পদার্থ সুবর্ণবদর পরবার ক্রা লালারিত ? দিবাতেকের আধার ভগবান সূর্যের কি সুবর্ণময় হস্ত ধারণ করার প্রয়োকন ? সায়ণাচাৰ্যই হোন বা কোন গ্ৰীক বা জাৰ্মান পণ্ডিত হোন, অবৈদিক রোচক উপাখ্যান রচনা করলে বেদনিছিত মূল দিব্যভাবকে উপেকা করে তা খেনে নিতে হবে নাকি ? হিরণাপাণিতে অর্থাৎ হতে বাঁহার মর্ণ তিনি হিরণাপাণি, এই সাধারণ অর্থ সকলেই জানেন। কিন্তু এই পৃথিবীতে সুবর্ণের মূল্য বতই হোক না কেন, আধাান্ত্রিক দৃষ্টিতে তার মূল্য কওটুকু? বেদের মূল মন্ত্রে হিরণ্যপাণি শব্দের সঙ্গে উভয়ে শব্দটি যুক্ত আছে। 'উতয়ে' শব্দের অর্থ রকা করার জন্য-অত্মাকং রক্ষণার্থ, পরিত্রানার্থং। সূবর্গ কি কাউকে কখনও রকা করতে পারে ? সুবর্ণের ছারা এই স্থুলজগতে সামরিকভাবে কোন প্রয়োজন সাধিত হলেও সভ্যাভিলাধী সাধকের সভ্যাকুল্বানে বা সভ্যে প্রতিষ্ঠিত হবার জন্ম কতটুকু কাজে লাগে ? জীবের চিরপরিত্রাণ বা মুক্তি সুবর্ণের बाরা কখনও মন্তব নয়। চিরপরিত্রাণ বটে দিবাজ্ঞানের বারা অর্থাৎ व्यानज्ञन विवर्णात याता। कारकरे विवनानानिः नरमत वर्ष मूर्यशाजिनः নয়, প্রজাপ্রদং হওরাই সকত। কড় স্থের উদয়ে যেমন অন্ধকার দূর হলে चारमात धकान राहे. हित्रनावर्ग त्रामा वा कित्रन इफिट्स शाफ हात्रमित्क. एकमि क्रथक व्यर्ख निशृष्ट कारमध्य त्रमध्य त्राम्ब स्टाहन, कीरवह कारम দিবাছাতিময় অর্থাৎ প্রজাময় সভাষরণ পরমেশ্বরের দিবাতেক প্রকটিত হলে **७८** व्हे कीरवज्ञ रेहजनकशट कांगवन वरहे। अहेकनहे के विनमस्बन विजीत भरकिरा वना स्टाइ, नाथक मिहेनकम 'नविकातः' सर्थार नूर्यनातात्रगरक আবাহন করুক 'স চেতা দেবতা পদং' যিনি পরন পদের জাপরিভা। 'চেন্তা' কৰেৰ অৰ্থ 'জাপরিভা ভৰভি',। সুবৰ্ণবদর পরিহিত সুবৰ্ণধারী কেউ আবাদের পরস্পদের আপরিতা হতে পার্বেন, না, দিবাজান ও দিবাতেজের আধার সভাবরূপ প্রমেশ্রই সে কাজে সমর্থ? কাজেই সারনাচার্য নদাইরা যাই বসূন, আমি মনে করি হিরণাতেজা দিবাজ্যোতির আধার ভগবান সূর্যদেবই পরম্পদের আতা এবং আপরিতা। তাই ঐ মজে হিরণাপাণি দক্ষের দিবাছাতি অর্থ করাই বেদসন্মত।

নাধ্! নাধ্! বাঙালীবাবা! ভোষার ব্যাখ্যাতে নৃতন আলোর নিশানা পেলাম। এবার 'অপাংনপাতং' শক্টির অর্থ ভোষার পছে কিভাবে 'ত্যোনাশক' অর্থ করলে তা ব্ঝিরে দাও। অপাংনপাতং শব্দের অর্থ ভ আমরা 'অলের শোহক' বৃবে থাকি। সার্থাচার্যও ভ শক্টির এইভাবে বৃংপত্তি করেছেন—'ন পাত্বতি' এই অর্থে গতার্থক নাম্ভ (পং) ধাতুর উদ্ভর কিপ্ প্রভার করে 'ন পাং' অগ্নাদিভোট হি অপাং ন প্রাণকেট প্রভাত ভং শোহকটে।

— 'অপাংনপাতং' বাক্য হতে তমোভাব-নাশের, অক্তান-আঁথার দ্রী-করণের ভাব কেন আসে, সামাগ্য অমুথাবন করসেই তা বুঝা যার। অল বা জলীর অংশই তমোভাবের, অককারের ছোতক। জড়ছ, লৈতা—জলের ধর্ম। সেইজগুই 'জলের' বা জলীরভাবের, যে-কোনও তরল লঘ্ভাবের 'নাশক' সংজ্ঞার সবিতাকে অভিহিত কর। হর। জলের আধিক্য, লৈতোর প্রাধান্য—ক্যোতির বা জ্ঞানের হানিকর। 'অপাংনপাতং' শব্দে যদি পৃথিবীর জল ভকিরে দেওরা বার কার্য, এইরকম বুঝাত, ভাহলে এইরকম প্রার্থনা বেদে থাকত না। যে জল মানুবের প্রাণ্যরূপ লেই জলকে শুকিরে শেষ করে ফোলার জন্ম কেউ আথার প্রার্থনা করেন নাকি? থাকে 'অপাংনপাতং' এর সলে 'অবসে' যুক্ত থাকার সবিতারূপী পরমেশ্বরের নিকট খুলিন্দিন মর্ত্যভাবের কবল থেকে পরিত্রাপের কথাই বলা হরেছে; কেননা, 'অবসে' শব্দের অর্থ 'রক্ষণার রক্ষণার্থং'। জাতা বা জড়তা দূর করে ইদিরে জীবের মধ্যে চিভিশক্তির উদ্বোধন হটান, অঞান-আঁথার দূর করে হৃদ্রে জ্ঞানলোক বিচ্ছুরিত করেন, তিনি ত্যোনাশক সবিতা, জলশোষক সবিতা নন।

वाक्षा करन बाहासकी हागरक हागरक वनरनन-बाहरत बाहरत

আপ্কা সাধ 'ছাওসেক' করুলা, এইবলে আমার ভাল হাভটা ভাপটে ধরে সন্ধোরে বাঁকিরে দিলেন।

সন্ধা হরে গেছে। পূর্ণচন্দ্রের উদর হরেছে। সমগ্র আকাশ জুড়ে আলোর বকা। হিরণগোণি মহাদেবের আরভির জন্ম মোহান্তভী মন্দিরের গর্ভগৃহে প্রবেশ করলেন। শিলা ভত্তর বাজাতে লাগলেন নাগারা। প্রঅলিভ পঞ্চনীপ অেলে আরভি করছে করতে সহসা তাঁর মধ্যে দেখলাম যেন ভাবের জোরার এনেছে। তিনি পঞ্চনীপ ঘোরাতে ঘোরাতে ভাবাবেগে উদ্ধে নৃত্য সুকু করে দিলেন। লহ্মণভারতীলী ও মতীক্র প্রভৃতির ভর হল হরত তিনি পড়ে যাবেন! তাঁরা চ্জন গর্ভগৃহে প্রবেশ করে পড়ে গেলে যাতে তাঁরা ধরে ফেলতে পাবেন সেইজন্ম হন্ত প্রসারিত করে দাঁড়িরে থাকলেন। কিন্তু তিনি পড়লেন না। চুল্চুল্ নেত্রে ভাব-বিহ্নল কর্তে তিনি নাচের ভালে ভালে গাইতে ধাকলেন—

ওঁ লোকাভিরামং আশুডোমং ডং রাজীবনেত্রং ভর্গনাথনাথং। কারুণ্যরূপং করুণাকরং ডং সর্বযোগসারং শিবমহং শরণং প্রপছে॥

জ্যোৎরা প্লাবিত বর্মদাতটে এই ধান গন্তীর পরিবেশে হিরণাপাণির বর্ণোব্দল কান্তির দিকে তাকিরে প্রত্যেকেরই দেখছি ধানাবিট অবস্থা। শ্রুতিমধুর স্থোত্রধ্বনি প্রত্যেকেরই কানে মধু বর্ষণ করছে। অপূর্ব ভাবের তরঙ্গে যেন ক্রমে হারিয়ে যাছি আমরা। এমন সমর মন্দিরের মধ্যে সহসাবিত্যং ঝলসে উঠল। হিরণাপাণির সামনে কর্প্রদানীতে রাখা কর্প্র আপনাহতেই দপ্করে বলে উঠল। পঞ্জানী রেখে বোহান্তব্দী কর্প্রদানী হাতে নিয়ে গ্রচারবার বোরাবার পরেই টলে পড়লেন। লক্ষ্ণভারতীব্দী এবং মতীক্র তাঁকে সব্বে সক্রে ধ্বে ফেলে হিরণাপাণি মহাদেবের সামনে স্কর্মে দিলেন।

আমরা সকলে তার হরে দাঁড়িয়ে রইলাম। প্রায় আধ্বকী এভাবে পড়ে থাকার পর তাঁর দেহটা কেঁপে উঠল করেকবার। অর্থকুট করে তিনি জড়িয়ে জড়িয়ে বলছেন তনতে পেলাম—ওঁ লোকাভিরামং আত্তোমং তং, রাজীবনেত্রং তর্গনাধনাথং····· নাগারা তথন নিজেদের যথা ফিস্ফিস্ করে বলাবলি করছেন মোহাজ্ঞনীকা 'সমাধিসে বৃষ্ণান হো গরি'। এঁদের মুখে 'সমাধি লাগ গরি' এবং 'সমাধিসে বৃষ্ণান' বছৰার শুনেছি। এঁরা সমাধি বলতে কি বুনে রেখেছেন জানি না, মাইহোক তাঁদের কথা আমার ভাল লাগল না, আমি নন্দির থেকে বেরিয়ে গিয়ে নর্মদার ঘাটে গিয়ে বসলাম। নর্মদার ছলে বাভাবের জন্ম যে হিরোল জেগেছে ভাতে চাঁদের আলো পড়ে এক অপরপ দুশ্মের রচনা করেছে, খনে হচ্ছে যেন বছতোরা নর্মদার বৃকে এ যেন চন্দ্রন্মা নর, চন্দ্র হতে সুবর্গ বিগলিত হয়ে গল্গল্ ধারার নিরন্তর পড়ে চলেছে। চেউ পর চেউ-এ বাধা পেয়ে নর্মদার অভান্তর হতে চন্দ্র যেন উপরে উঠে আসতে পারছে না! উধ্বাকাশে ভাকালেই দেখছি প্র্চন্দ্র তাঁর বনহিমার জ্বশেষ বিশেষ রুপলাবণা নিয়ে তাঁর আকাশজোড়া হাসিতে বিশ্বভ্রন ভরিয়ে রেখেছেন। 'চাঁদের হাসির বান ছেকেছে উগলে পড়ে আলো', কবিগুরুর এই গান কত সার্থক!

হঠাৎ 'নামহালকে, সামহালকে' শব্দ তানে পিছন দিকে তাকিয়ে দেখি, লক্ষণভাৱতীকী ও রতনভাৱতী মোহান্তকীকে ধরে ধরে নিয়ে এনে মন্দিরের দি দির উপর বসিয়ে দিলেন। তিনি এখনও কচি শিশুর মত আধো আধো বুলিতে অভিয়ে অভিয়ে কি যেন বিভ্বিভ করে বলে চলেছেন। আমার ধর্মপুরীর কথা মনে পড়ে গেল। সেদিনও ছিল পুর্ণিমা। সে রাজিতেও তিনি এইরকম ভাববিহনল অবস্থার তাঁর তাঁরু থেকে বেরিয়ে এলে জ্যোৎয়ালোকে লৃটিয়ে পড়েছিলেন।

একে একে লক্ষণভারতীকী, ষতীক্র, রতনভারতী প্রান্ধ প্রত্যেকেই তাঁকে হলগরে নিয়ে যাবার ছন্ত পীড়াপীড়ি করতে লাগলেন, কিন্তু তিনি কিছুতেই এখান থেকে উঠে যাবেন না। তাঁর মুখে একটিমাত্র বুলি—'এই অত্যাক্র্য রাত্রি ঘুমের ছন্ত সৃষ্টি হর নি।' এই একই বুলি তিনি আওড়ে ছিলেন ধর্মপুষীতেও। আমার মন ক্রমণঃ বিরক্তিতে ভরে উঠেছে। লক্ষণভারতীকীরা বারবার সাধাসাধি করে থকে গিয়ে বলে পড়েছেন। আর অন্যান্ত ভক্তরা, ভক্তরা সাধারণতঃ যেমন ল্যালাক্ষ্যাপা হয়, সেইরক্ষভাবে কেউ তাঁর পায়ে যাথা ঠুকছেন, কেউ তাঁকে একবার স্পর্শ করে নিজেকে ধন্ত করে নিজেন, কেউ বা হাভতালি দিতে দিতে মৃত্কর্ছে নমঃ শিবার নমঃ শিবার করচেন।

नव त्रारं सार जाराह जाह मह एन ना: नामि (माहासजीरक (र्रमा (यदत वननाय-गरथेके स्टाइ । आह नांठेक नांडे वा कहानन । आसि বাংলাদেশের ছেলে। সেধানে ভাবসমাধির নামে সাধ্বাবা এবং গুরুজীদের অনেক নাটুকেপনা করতে দেখেছি। কেউ বা কোন গান গুনে গাঁ ছাভকে মুদ্রা করে বুকে রেখে ভান হাতকে উপর দিকে তুলে দাঁত মুখ খিঁচে দাঁডিয়ে পড়েন, কেট বা অর্ধনিমীলিত নয়নে দ্বির হয়ে বলে সেই অবস্থার करते। हालित बिर्विकल नवाधि हरहरू वरन मःवाम्लर विखालन रमन। দরা কৰে আপনি আর দেইসৰ আল্পপ্রচারকামী তথাক্থিত সাধুর হুরে নিজেকে নামিয়ে আনবেন না। নর্মদাতটের কোন প্রির মহাত্মা সহজে এইরকম নীচু ধারণা নিয়ে আমি যেতে চাই না। কোন আধাদ্ধিক গান বা স্থোত্ত পাঠ করতে করতে কেউ যদি ধেই ধেই করে নাচতে থাকে বা নাচতে নাচতে ভুলুষ্ঠিত হন, দাঁত মুখ খিঁচে খাডা হয়ে দাঁডিয়ে পডেন, লাালাক্ষাপা ভক্তরা তাঁকে যাই ভাবুন, প্রকৃত সতা এই যে সেট মহালার স্নায়ুশিরা এমনই তুর্বল যে তাঁর দেহমন কোন অবস্থাতেই সমাধির উপযুক্ত নর। স্যাধি শব্দের অর্থ সম্পাবে অধিষ্ঠান, চৈতল্যে পরম প্রজার ভরে অধিরোহন ও স্থিতিকে বুঝার, তা কোন নাটুকেপনা নয়।

এক বিঃশাবে আমি কথাগুলি বলে গেলাম কোন দিকে জক্ষেপ না করে। আমার কথা শুনে মোহাস্তজী বললেন—সমাধি কাকে বলে বাবা ?

—পাতঞ্জল যোগদর্শনে সজীব নির্বীজ, সবিকল্প নির্বিকল্প, সম্প্রজ্ঞাত অসম্প্রজ্ঞাত প্রভৃতি সমাধির যে বিচার আচে, তা আমার চেয়ে আপনি ভালই জানেন।

> সলিলে সৈদ্ধবং যদ্বৎ সামাং ভবতি যোগতঃ তপাত্মমনসোৱৈক্যং সমাধিরভিধীয়তে॥

( इटे(यांश अमीनिका मार-१)

অর্থাং জলের সজে সৈত্ত্বর লবণের যোগ হলে যেমন উভরেই এক হরে যায়, সেই রকম মন যখন আত্মার সজে যুক্ত হয়ে একীভাবাপর হয়, তখন সেই অবস্থার নাম সমাধি। মণ্ডলব্রাহ্মণ উপনিষং ঘোষণা করেছেন— সমাধৌ মুদিভত্যোকিকার্স্য ভাগারকারিতাচশণ্ডাকারবভাত্মক সাহ্মিচৈতক্সে প্রপঞ্চনরঃ সম্পন্ততে, প্রপঞ্চন্ত মনঃ কল্লিভন্থাং—সমানিতে তমানিকার এককালীন বিন্তু হয় এবং নন অবস্থানিত নাকারে আকারিত হয় এবং ননের কল্লিভ এই প্রপঞ্চন্ত ক্ষাত্তরও লয় হয়। এই রক্ষ অবস্থার নাম সমানি। 'ফুল, চাঁদ, জ্যোৎরা বা যে কোন অপরূপ দৃশ্য দেখে কিংবা নধুর কোন স্দীত বা ভোত্তে গাইতে বা ভনতে ভনতে মনের মধ্যে যে ভারতরল সামরিকভাবে জাগ্রত হয় এবং দেহে নানা বিকার দেখা যায় তা সমানির অনুকুল নর, তা তমোনিকারের নামান্তর। আপনি এবার উঠে পড়ুন, রাত্রি ৯টা বেজে গেছে, আমাদের বুম পাচ্ছে।' এই বলে আমি তাঁর হাত ধরে চান দিত্তেই তিনি বীরে বীরে উঠে দাঁড়ালেন। লক্ষ্ণভারতীক্ষী ও আমার কাঁথে ভর দিয়ে তিনি হলবরে এনে ভরে পড়লেন। আমরাও যে যার আসনে বসলাম।

আধবন্দী পরেই মোহান্তজী পা টিপে টিপে উঠে হলবর থেকে বাইরে বেরিয়ে এলেন। অনেকেই ঘ্রিয়ে পড়েছেন, ১০।১২ র্জন জেগে ছিলাম। আমরা টের পেয়ে বেরিয়ে এলাম। আমাদেরকে দেবেই তিনি বললেন—লছমন ভেইরা, আমাকে বকো না বা বাধা দিরো না। পুরুরিণী তীর্থের পাড়ে যেতে আমার ইচ্ছা হয়েছে। এই বলেই তিনি দৌড় লাগালেন। লক্ষণভারতীজী ও ষতীক্র দৌড়ে গিয়ে হুজনে তাঁকে ধরে ফেললেন। লক্ষণভারতীজী ও রীতিমত তাঁকে ধমকাতে সুরু করেছেন। কুছ কর্তে তিনি বললেন—গুরুজী যে কেন আপনার মত একজন অর্ধাগালকে গদীতে বসিয়ে গেছেন জানিনা। আপনার কি থেয়াল আছে যে, আমরা এখনও শূলপাণির ঝাড়ির মধ্যে আছি! আপনার বেয়ালের বলে কি এতওলো লোক বেখারে মারা পড়বে নাকি ? ইডাাদি।

—'লছমন ভেইয়া ! হম্ তুমহারা গোড় পাকাড়তা হঁ, মুঝে একদকে যানে দিজিয়ে। আপলোগ্ভি হমারা সাথ মেঁ কুপয়া চলে।'

তাঁর এইরকম কাতর উক্তিতে বাধা হরে লক্ষণভারতীকী বরের মধ্যে চুকে করেকটা টালি এবং বল্লম বের করে নিয়ে এলেন। আমরা প্রভাবে এক একটা হাতে নিয়ে সেই বেদমৃতি দিবাকরের ভপসাত্ম হিসাবে বণিত পুছবিশীর দিকে যেতে লাগলাম। মন্দির থেকে মাত্র ২০০ গ্রাক্ত প্রির জলাধার। ধর্ধবে জোংয়ায় প্রতপ্রান্তর সব আলো হয়ে আছে।

যেন এক রূপকথার রাত্রি! যেন কোন এক রূপকথার দেশে আমর। এই ১২ জন যাত্রী এসে পৌঁছে গেছি। পুত্ররিণীর পূর্ব পাড়ে এসে আম্রা দাঁড়ালাম। পুঞ্জরিণীর জলে চাঁদের কিরণ পড়ায় মনে হচ্ছে ধর্ণগৃতিময় হির্পাপাণি যেন মন্দিরে নাই, আছেন এই পুঞ্জিনীর নীরে।

भाराखको खक राप्त में फिर्ड शर्फ अन्छन् यदा गारेट मागरन--

ওঁ যক্ষণ্ডলং বেদবিদো বদন্তি
গায়ন্তি যক্ষারণ সিদ্ধসংঘা:।
যদ্যোগিনো যোগধ্যাঞ্চ স্বাঃ

পুনাতু মাং ভৎসবিতৃর্বরেণাম্॥

এমন সময় রতনভারতী ফিস্ফিস্ করে বলে উঠলেন—'গুরুকী উত্তর এবং দক্ষিণপাড়ের দিকে ভাকিয়ে দেখুন ওঁরা কারা ?' আমরা ভাকিয়ে বিসারে স্তব্যিত হয়ে গেলাম। উত্তরপাড়ে গুটি এবং দক্ষিণপাড়ে গুটি ধূনী অলচে। প্রত্যেক ধূলীর কাছে ধানিক হবে বলে আছেন একজন করে জটাজুট সাধু। थानक्। धृनीत व्याखरन धरः हारमत वारमारक व्यक्तिकारन रम्भर भाकि, প্রত্যেকের গাত্রবর্ণ উজ্জ্বল ভাষার মত। জটার চুলও ভাষবর্ণ। তাঁদের প্রতাকের গলার রুদ্রাক্ষালাও ভাষ্ত্রবর্ণ। মতীন্ত্র আমার কানে কানে वमानन-'वायता व्यात्मता प्रविद्या ७ १' व्यापि ताच इति। तगाक निरम আবার তাকালাম। সেই একই দৃশ্য। মোহান্তকী বিশায় বিকারিত নেত্রে उाँदिन किरक मुक्ति दब्दथ जाँदिन काद्य यावाव क्या भा वाफारमन। লক্ষণভাৰতীকী তাঁকে কড়িয়ে ধৰে মৃত্যবে বললেন—'অবুঝ হবেন না, ওঁরা ছব্নত কোন সিদ্ধচারণ ব। সৃক্ষদেতী সিদ্ধযোগী। যতই কাছে যাবার চেষ্টা করবেন, হয় তাঁরা দূরে সত্তে যাবেন নতুবা চোখের পলকে অদৃশ্য হরে यादन। এইशान (शदक अशाय करन आगता किरत याहे हलून।' (माहासनी তাঁর কণা গ্রাক্ত করদেন না। ধ্বস্তাধ্বন্তি করে তিনি লক্ষণভারতীলীর ৰাত ছাড়িয়ে মাত্ৰ কল্লেক পাপড়ি গেছেৰ এমৰ সময় সমস্ত বৰভূমিকে প্রকম্পিত করে বাবের গর্জন উঠল। ভন্নারের পর হলার। এই চলারে মোহান্তলীর চৈতলোদর হল। তিনি নিজেই লক্ষণভারতীজীর হাত ধরে পিছৰ ফির্পেন। দ্রুত চলতে লাগুলেন মন্দিরের দিকে। প্রায় ১০০ গছ এলে একবার পিছন ফিরে দেখলাম, সকলেই দেখতে পেলাম সেই উত্তরদক্ষিণ পাড়ের চারজন মহাত্মা ছাড়া পশ্চিমপাড়েও একজন মহাত্মা, তাঁর
ধূনীর আগুন লাউলাউ করে জলছে, একই রকম জটাজুট তাম্রবর্গ শরীর.
তিনি অট্টাট্ট হাসিতে ফেটে পড়ছেন যেন। তাঁর গমকে গমকে হাসির
লহর আমাদের কর্ণকুহরে প্রতিধ্বনিত হতে লাগল। আমাদের গাত্র
রোমাঞ্চিত হয়ে উঠল। আমরা স্পন্টতঃ ভয় পেয়েছি। সম্বন্তলাবে আমরা
পড়ি মরি করে হলগরে এসে চুকলাম। এসে দেখি, আমাদের সাথীরা
অব্যোরে তুমাচ্ছেন। মোহাত্মজী বললেন—'বেচারারা জানতেও পারল না
আমাদের এই আশ্চর্য অভিযান এবং অভিজ্ঞতার কথা!' এখন তাঁর কর্পররে
তাঁকে সম্পূর্ণ প্রকৃতিত্ব বলে মনে হল: তাঁর ভাবের ধ্যার বা 'দশা' কেটে
গ্রেটে।

স্বাই ওয়ে পড়্লাম একে একে: মতীক্র জানাল রাত্রি ১২টা বাজতে আর ১০ মিনিট মাত্র বাকী। আমার কিছুতেই বুম আসছে না। সন্ধার नमन बात्रिक काटन दिवनानंनि महादिवदक विदत्त हठार विद्वार बनात छठा. আপনা হতে কর্পুরের প্রবাসন এবং একটু আগে পুষ্ণরিণীর তীরে রহস্মর সাধুদের দর্শন, পর পর এইসব দৃশাপটের কথা চিন্তা করতে করতে চোখ इट पुत्र हत्न (गन। यात्रि हित्रनाशानित উत्कर्ता প्रनिष्ठ कानिएक मत्न মনে প্রার্থনা করতে লাগলাম—হে হিরণারেতা! দুকা বিপদ আপদে তৃমিই আমানের রক্ষক। অদৃশ্য গোপন যত স্তান বা অভ্যায় ভূমি যদি তা নিবারণ না কর, তবে সভাপথের অভিযাত্রীকে কে তাহলে রক্ষা করবে ? ডিবের খোলার যেদিন পাণী থাকে বদ্ধ, সেদিন সপ্তয়রের মধুর মূর্ছনা ভার कार्ट बश्च-रामिन राशान श्रांक श्रुक श्रांत त्र चाकार्य अर्ड. रामिनहे छ ভার বংজনা, সভাজনা। সেই সভাজনা লাভের অভীপায় যেসব অভিযাত্রী পরিকেশাবাসী তোমার নাম নিয়ে বেরিয়ে পড়েছে, তাদেরকে তুমি ঘদি কুণা করে তণস্যার গোপন রহস্টি না শিখিরে দাও, তাহলে তাদের তণস্যা कि कानिएन नार्थक हरत ? यकि वन निष्कत युक्तित कना निष्कर छिए !! ধ একাগ্ৰ বত খপ পূজার ঢেলে দিতে হবে, ভবে তা কি সম্ভব ? মনে পড়ে বেদমন্ত্রের ড্রন্টা ত্রিত ঋষির ত্রিফুণ্ ছল্লের প্রার্থনা—

স্বয়ং যক্ত দিবি দেব দেবান্ কিংতে পাক: কুণবদপ্রচেডা:।
যথায়ক ধাতুভিদেব দেবানেবা যক্ত তথা স্কাত ॥ ৬ (১০ম,)
তিনি আমাদের সকলের আতিকে ভাষা দিরেছেন এইবলে—'হে ছাভিসমুদ্ধ
দেবভা, মানুষ আমরা জানহীন, আমরা কি পূজা করব ? কতটুকুই বা
পারব ? অজ্ঞান ও অবোধ আমাদের ভজন ও যজনের মূলা কডটুকু ?
ভূমি নিজেই নিজের আরাধনা করে আরাধনার মন্ত্র শিধিয়ে দাও, সেইখানেই
ত তোমার প্রমেশ্রহ !

মৃত্যুর অন্তরে পশি অমৃত না পাই যদি খুঁছে
সভ্য যদি নাহি মেলে তুঃখ সাথে যুঝে,
পাপ যদি নাহি মরে যায়,
আপনার প্রকাশ লজ্জায়,
অহংকার ভেঙে নাহি পড়ে আপনার অসহ্য সজ্জায়;
তবে ঘর-ছাড়া সবে
অন্তরের কী আখাস-রবে
মরিতে ছুটিছে শতশত

প্রভাত আলোর পানে লক্ষ লক্ষ নক্ষত্রের মতো ? (রবীশুনাগ)

বন্ধ নোরগের ডাক গুনতে পাচ্ছি, তার মানে সকাল হরে আগছে।
মনে পড়তে ছোটবেলাকার স্মৃতি। কোজাগরী পূর্ণিমার দিনে আমাদের
গ্রামের প্রত্যেক বাড়ীতেই ছোট ছোট শিশু ছাড়া প্রার প্রত্যেকেই জেগে
রাভ কাটাতেন। আজকাল যেমন কোন প্রজাপলকে রাভ জাগতে হলেই
তাস, পাশা, জ্রার আড়া বসে যায়, শিবরাত্রির সময় যায়া 'ভক্ত' হয়,
তারাও যেমন শিবনাম এবং শিব-মাহায়া পাঠ আলোচনা বাদ দিয়ে ভক্তবেশে সজ্জিত থেকে নেশার আসর জমায়, না হয় সিনেমার নায়ক-নারিকাদের
সম্বন্ধে নানা সরস চুটকী ঝেড়ে মনে করে ব্রত্পালন করা হল, আগে
গ্রামবাংলায় ধর্মের নামে এইরক্ষ ল্যকারজনক ক্রিয়াকলাপের কথা কেউ
চিন্তা করতেও পারতেন না। মা নাসীমা পিনীমার দল 'লক্ষীর পাঁচালী'

পাঠ করতেন। আর স্বাই তাঁদেরকে থিরে বঙ্গে সন্মীর মাহাত্ম্য ভক্তিভরে শুনতেন। সেই সুর ও কথা এখনও আমার কানে বাজে;

নমো নম: লক্ষ্মীমাত। নমো নার।রশী।
করহ সেবকে দয়া ক্ষীরোদ-নন্দিনী॥
বিনন্দ রাখাল নামে বিরাট নগরে।
হইল সে লক্ষপতি শ্রীলক্ষ্মীর বরে॥

সামান্য গরীব খরের সন্থান বিনন্দ রাখাল কিভাবে লক্ষ্মীর কুণাকটাক্ষেলকপতি ধনী হরে গেলেন, সেইকথা ভনতে ভনতে স্বাই ভক্তির আভিশিয়ে। কেঁলে ভাসাভেন। প্রভাকে গৃহে একটি প্রদীপ সারারাত্রি অলভ। বাভাসের ঝাপটার তা হঠাৎ নিভে না যার, সেইজন্য একটি বড় হাঁড়ির ভিতর রেখে ভার উপর সদা জাগ্রত দৃষ্টি রাখা হত। গ্রাম-বাংলার সকলের মনে এই সংস্কার ও বিশ্বাস ছিল যে, কোজাগরীর রাত্রে মা লক্ষ্মী প্রভাকে গৃহে একবার করে আসেন, ডাক দেন কো জাগরী অর্থাৎ কে আছো জেগেরে গ্রাদি কোন গৃহে তাঁর জন্য আবাহনী মলল-প্রদীপ অলে এবং তাঁর জন্য জারাহনী মলল-প্রদীপ অলে এবং তাঁর জন্ম জেগে থাকে, তাহলে তার উপর মা লক্ষ্মীর কুপাদৃষ্টি পড়ে নতুবা মা বিশ্ব হরে ফিরে যান , গৃহষামীর ভাগাবিপর্যর ঘটে। এই সংস্কার ও বিশ্বাসের জন্য কোজাগরী পূর্ণিমা গ্রামবাংলার এক নৃতন তাৎপর্য বহন করে আনে। আমার মনে পড়ল, যেহেত্ সকাল হয়ে গেছে, এখন নিশ্চরই মা কংসাবতী নদীর ঘাটে যাচ্ছেন, গোটারাত্রি জাগরণের ব্রভ পালন করে গেলা গলা' বলে ড্ব দিতে! মান্নের কথা মনে পড়তেই আমার চোধগুলো ছলোছলো হয়ে উঠল।

লক্ষণভারতীজীর কণ্ডষর শুনতে পেলাম, তিনি বলছেন ধ্বাঙালীবাবা উঠে পড়ুন, গাঁঠরী গুছিয়ে প্রাতঃকৃতা এবং রান সেরে ফেল্ন, আজ আমরা আদিতোশ্বরের পথে রওনা হব।

আমি তাঁকে কোন সাড়া বা উত্তর দিতে পারসাম না, তখন আমার কঠ বাম্পরত্ব। মন তখন নর্মদাতটে ছিল না, আমি তখন আমার প্রিয় পিতৃপিতামহের ভিটা কালিয়াড়া গ্রামে চলে গেছি!

চোবের জল মৃছে, কমল গাঁঠরী ওছাতে লাগলাম। অন্য নকলের

শুছানো হরে গৈছে। তাঁরা সকলেই চলে গেছেন প্রাভঃরভা ও রান নারতে। আমিও গিয়ে নর্মদাতে নেমে রান তর্পণ নেরে শেষবারের মত মন্দিরে চুকলাম বিরণাপাণিকে প্রণাম ও পূজা করতে। নির্মাণিকে রাধার কলে চালবার উদ্যোগ করতেই আমার কর্পে যেন যতঃই উদ্ধিরে এল সাম্বেদের উদ্ভরাচিকের অন্তর্গত তৃতীর যতের পঞ্চম স্কের একটি মন্ত্র। আমার জিল্লা যেন অবল হয়ে উচ্চারণ করতে থাকল—

ওঁ ইদং শ্রেষ্ঠং জ্যোতিষাং জ্যোতিরুত্তমং
বিশ্বজ্ঞিদ্ ধনজিত্চ্যতে বৃহৎ।
বিশ্বজাড্ ভাজোমহি সুর্যো দৃশ উরু
পপ্রথে সহ ওজো অচ্যুত্তম্॥ ৩

অর্থাৎ হে হিরণাণাণি! ভগবান সূর্যনারারণ! সকল জ্যোতির মধ্যে শ্রেষ্ঠ তোমার জ্যোতিকেই বিশ্বজ্ঞরী, ধনজরী ও রহং বলা হয়। তুমি অবিচলিত বল ও তেজঃবর্নণ, বিশ্বের সকল বস্তুকে তুমিই আলোকিত কর। সকল জীব যাতে তোমার সহজ্বে দর্শনলাভ করতে পারে এজন্য তুমি নিজেকে সর্বত্র বিস্তার করেছ। তোমার করণার অস্তঃ নাই।

আমি সান্টালে প্রণতি নিবেদন করে বেরিরে এলাম মলির থেকে।
অল্যাল নাগা সন্নাসীরা আমার আগেই পূজা করে গেছেন। হলঘরে গিরে
দেখলাম, সবাই যাত্রার জন্ম প্রস্তুত্ত হরেছেন। সকলের সলে আমিও ঝোলা
গাঁঠরী কমগুলু ও লাঠি হাতে বেরিরে পড়লাম। শিলা ডলক বাজাতে
বাজাতে হর নর্মদে ধ্বনি ভূলে তিনবার মলির প্রদক্ষিণ করে আমাদের যাত্রা
হল শুক্র। নর্মদার ভট ধরে কিছুটা পশ্চিমদিকে হেঁটে যাবার পরেই কঠিন
পার্বত্যপথ শুক্র হল। চড়াই-এর পথে এক বিরাট মালভূমির উপর উঠে
এলাম। চারদিকেই বড় বড় গাছের জটলা। শাল, মেহগিনি, পিশলাল
গাছ ছাড়াও বাংলাদেশে যে অর্জুন গাছ দেখা যার সেই অর্জুন গাছও প্রচুর
দেখলাম। আর এক রকন গাছ দেখাম নেগুলি বেশ উঁচু, তাদের
কাশুগুলিও অর্জুন গাছের চেয়ে অবেক সাদ্য। লক্ষ্মণভারতীজীকে জিজালা
করা মাত্রই তিনি বললেন—'ঐগুলির নাম ধর গাছ। মুগুমহারণা বা
গুকারেশ্বরের ঝাড়িতে যেমন একটি, শালের পরেই একটি সালা গাছ দেখা

যার, এথানেও তেমনি একটি ধব গাছের পরেই একটি তিলুক গাঁছ দেখা যার। এ দেখ ভিন্দুক গাছ। খব ও তিলুক গাছের কাছাকাছি বাঁদিকের ঢালের দিকে ভাকিরে দেখ, কুড, শ্মী, কেসর, শিমূল এবং খদির গাছের স্মাবেশ।

ধীরে ধারে আমরা আরও ঘনবোর জগণে প্রবেশ করলাম। পথ ক্রেমশাই ছুগম হয়ে উঠছে। পারের নীচে এবড়ো খেবড়ো পাথরের উপর হাঁটতে বেশ কট হচ্ছে। মোহান্তগীকে নীরব দেবছি, প্রায় ছ্র্ মাইল হাঁটা হয়ে গেল, তিনি একটিও কথা বলেন নি। মতীশ্রুকে চুপিসারে জিল্ঞাসা করণাম—'মোহান্তজী আজ যাভাবিক ও বটেই, গতকাল রাত্তিতে তার উন্তট্ট আচরণের কথা শুরণ করে লক্ষা পেয়েছেন বলে মনে হয়।'

'ভ' বিয়ার ৷ ভ' বিয়ার ৷' লক্ষণভারতী জীর সাবধান বাণীতে আমাদের আলোচনায় বাধা পডল। তিনি সকলকে ঢালের দিকে যে কোন বড গাছের चाड़ारन मुक्तित পড़र७ वनरनन। धामना धन कात्र किंहू वृक्षनाम ना। মোहासको গাছের আড়ালে দাঁড়িয়ে স্পউত:ই অনহিফু হয়ে १ড়দেন। ভিনি চাপা কর্পে জিজাদা কর্বেন-ক্যা হয়া ? কোন উত্তর না দিয়ে শক্ষণভারতীকা মূবে আঙ্ল চাপা দিলেন। ছ মিনিটও গেল না, আমরা (भनाम। अकड़े भरत्रहे शार्हत आष्ट्रांस स्थरक किकिन मूच वाष्ट्रित सिव, अक्ष कृष तुर्भा यहिव छूटि आगर्छ। आगता त्य पथ निरह (इँटिं) থাচ্ছিলাম, নেই পথেই ভাষা ছুটে আসছে। আমরা সামনা সামনি হলে থে कि मुना इठ, छ। विश्वारी इं क्षांतिन । किन्न धरे एटर खवाक नाशन (ध, লক্ষ্ৰভারতীক্ষী এত দূরে থেকেও বুনো মহিষের আভাগ পেলেন কি করে ? ভাববার আর সময় পেলাম না, বুনো মহিবের দল এসে গেছে। তার! चारमशारम (कानिहरक ना छाकिरत ७७०७ करत (मा (मा मास (मोरफ यात्क, शनाम थात्म थाठ्य नक छेऽद्रि—(शी, शी, र्काम, र्काम ! अत्य দেখলাম প্ৰেরটা মহিব পেরিয়ে গেল, ঐ বোল নম্বরেরটা আসছে। একটা ৰশুদ আলোর বিলিক খেলে গেল, প্রচত হ'বার দিয়ে মহিবের উপর বাঁপিরে পড়প একটা বাখ। এই অত্তিত আক্রমণে যোষটা চারপারে লাফিরে উঠল। প্রচণ্ড নাসিকা গর্ধন ও পদস্কালনের সঙ্গে তার বাঁকা भिः श्रुटी धन १न ध्रिति त वावहात्क ठिकावात ठिक्छ। कत्रण। महिबही

যে প্রচণ্ড শক্তিশালী তা বাঁকার করতেই হবে, এতবড় বাবের ঝাপটা সে অবলালাক্রমে সন্থ করেও লাঁড়িরে আড়ে, গড়িরে পড়ে নি, বরং শিং-এর উতো মেরে যুঝবার চেন্টা করছে। কিছু তার সব চেন্টাই রখা! এক সেকেণ্ডের জন্ম বান্টা মহিবের কাছ হতে সরে এগে বিশানের মন্ত আচমকা তার পিছনদিকে ঝাঁপিয়ে পড়ল। মহিবটা কিছু বুঝবার আগেই তার পা ধরে বাব এবন এক প্রচণ্ড টান দিল যে, মহিবটা টাল সামলাতে না পেরে মানিতে উপ্ত হরে পড়ল। মহিবটার গা দিয়ে দরদর করে রক্ত ঝরছে। সে উঠে লাঁড়ানোর চেন্টা করতেই বাবটা এগিয়ে এলে গলার লাঁত বলিয়ে দিল। ভারপর সমস্ত শক্তি দিয়ে এক ঝাঁড়্নিতে মনরাচ্ছের বাহনকে মাটিতে কেলে দিল। মহিবের বুক্টা প্রচণ্ড জোরে পাগরের উপর আগেত পেল কিছু লে কিছুতেই উপুড় হল না। ভার শিং ঘুরতে লাগল চড়ুদিকে, বাঁচার ভাগিছে। বাব নিজেকে সামলে নিয়ে এবার গলা ছেড়ে ঘাড়ে কামড় বসাল। মহিবটা মাথা ভোলার চেন্টা করলেই বাব পিছনের পায়ে হর দিয়ে এক ঝাঁকুনিতে আবার ভাকে মাটিতে চেণ্ডে ধরে।

এইরক্য একলেরে লড়াই কিছুক্ষণ চলার পর মহিষ্টা তার শেষ শক্তি
নিরে আর একবার উঠে দাঁড়াল। তারপর এক ঝাঁক্নিতে বাংকে বাটিতে
হিটকে ফেলল। নিমেষের মধ্যে বাবটা আবার ঝাঁপিয়ে পড়ে একটু ভান
দিকে হেলে গ্লায় শক্ত করে লাভ বলিয়ে বাঁ দিকে লাফ মারতেই মহিষের
মাগাটা ভাষণ জােরে মাটিতে এলে গড়ল আর হয়ত ভর নিজের দেহের
ভারেই হাড়টা গেল ভেঙে। বাবটা এবার গর্জন করে উঠল। এটা ভার
বিজয় গুলার। ভার গর্জনে কানে ভালা লাগার জােগাড়। চােথ বল
করে হই আঙুলে কান চেলে ধরলাম। যখন চােথ প্ললাম, গুখন দেশি
বাবত নাই, মহিষ্টাও নাই। বাবটা অস্বড় বুনাে মহিষ্টাকে দিঠে ফেলে
পালিয়ে গেছে! বাব মহিষের বণক্ষের হাড়ালে লুকিয়ে এওক্ষণ মরে গছ
নিঃগ্রাসে ছটো ভালা জানােরের লড়াই দেখিভিলাম। দেশে নেয়ে গেছ
একেবারে। তার-পাঁচ হাত দ্বে একটা লিমুল গাছের ভাড়ালে গাঁঠরী ও
কমণ্ড পড়ে থাতে। পিপালায় গলা শুকিয়ে গেছে। জল খাওয়ার কল্য
কমণ্ডপুটার কাছে যাওয়ার নরকার।, দাঁড়াতে গিয়ে গা ছটো পরথর করে

क्रिंग **अर्था। अक्**ठा हार्डेशाह्य छान बाद (म्थारमहे स्रायात्र वर्ग करत वरत भक्नाय। विकृत्र भरत कक्की नावरन निरम्न क्यलनुत कार्ट् शिरम हरूहरू करत गरेख जनहोरे शिल (क्लमार, (वन वान किरत (लनाय। কারও কোন সাড়া পাছি না। বাতাসে বাবের গারের বোটুকা চুর্গদ্ধ **এবনও (अरम दिखारकः। अपिक स्मिरिक पूर्व किर्द्र रम्थर** रम्थर একটু পূরে বড় বড় গাছের ধারে, বিভিন্ন ঝোপের আড়ালে কল্লেকজন নাগাকে দেখতে পেলাম। আরও পাঁচ সাভ মিনিট পরে দেখলাম লম্মণ ভারতীত্রী ঝোণঝাড় শ্রেছে ঢাল থেকে রান্তার উপর উঠে গেলেন। ক্ষওলুর জল পান করে হুতিন বার গলা-খাাকারি দিয়ে চাপা গলার রব कुनत्मन- इत नर्यत्म, इत नर्यत्म, इत नर्यत्म। जात छाठे जानात नर्दछ পেরে একে একে নাগারা ধুঁকতে ধুঁকতে এসে পৌছলেন। বোহান্তমীর কীণকঠে সাড়া পাওরা গেল—'যেরে হালং বহোং বুরা হ্যার। মুঝে লে यारे (ता। भन चनुनव करा मजी मुकी चाबि धवः वजन वाब जीकी लीए গেলাম। দেখলাম, আমি যে গাছটার আড়ালে ছিলাম, তার থেকে মাত্র ছটো গাছের পরেই একটা ধব গাছের তলায় বোপের মধ্যে মোহাছজী राष्ठ भा इफ़िरत नेचा रहत सहात बारइन। क्लार्ट्स कारत भाग किनाइन. তাঁর বৃক্টা খন খন উঠানাখা করছে। তাঁকে কওকটা জল খাইরে সৃত্ করা হল, তিনি মতীক্রজী এবং রতনভারতীজীর কাঁধে ভর দিয়ে উঠে এলেন তাঁর লছমন ভেইয়ার কাছে। এবেই বললেন—মাার কলম খাতা हं, क्षेत्र किं हेनी जबक बाउँका निहि। नवाहे अरन श्रीहरहन, त्कवन দ্ৰমন পণ্ডিতম্পাই-এর দেখা নাই। পন্মণভারতীকা ত্রন্তব্যক্ত হরে কয়েকজন জোওয়ান নাগাকে নলে নিয়ে বড় বড় গাছের তলায় খুঁজতে লাগলেন। কিছকণ পরে মতীন্দ্রের সাড়া পাওয়া গেল—মিল গরা লেকিন বেহোঁস স্থার। আমাকে মোহাস্তবী পাঠালেন দেখতে। গিরে দেখি, তাদের हारि मृत्य करनद वानहा दिखा हत्क, जाता थीरत थीरत हाथ दिल ভাকালের। তাঁদেরকে পাঁজাকোলা করে তুলে খানা হল। প্রায় আধ্বকী প্রেই তাঁরা কিছুটা সুত্ হতেই লক্ষণভারতীক্ষীর তাগিদে আবার ধীরে बीदा नवारे हैं।हेटल नाजनाम। पूरे পণ্ডिल प्रमन नाजात काँदि छव पिरम ধীরে ধীরে হাঁটতে লাগলেন। হিরণাণানির মন্দির থেকে স্কাল সাভটার

यांवा करबिह्नाय, अयारन अरन त्नीरहिह्नाय बांत नाए म्हांस, अयन रनना >>हा वाकटल यात्र । शात्र चादल चावमारेलहाक अरे हर्गम वनलटल हाहात्र পৰ আমরা উৎরাই-এর মূখে এনে পৌছলাম ৷ সাবধানে পা ফেলে লাটি ঠুকে ঠুকে নাৰভে লাগলাৰ চালুভে। একটু অসাবধান হলে গড়িরে পড়তে रूप भारत मूर्य। मानकृषित्र नीमा (अव, यरनत श्राकृष्ठि क्रम्भः वतरन যাছে। চার্বিকে শুধু পাধর আর পাধর কিছু বড় বড় বনস্পতির আর मिथा विनाह ना। श्राप्त चाथचका उरताह-अत शाय हाहात शत चामता (वाठामुणि नवडन शास्त्रत त्नरव कनाव। नामरवह मा वर्मनारक रमधा যাছে। যভক্ষণ ভূৰ্যম বৰপথে হাঁটছিলাম তথৰ বাঁদিকেই তাঁর জলধারা **(१४एछ शांकिनांग, अथन नांगत एकिनिएक छाकिएक (१४६) नर्गना वन** পাহাড় ভেদ করে বক্রয়ান গভিতে সামনে এসে উপস্থিত হয়েছেন! এ অঞ্চলে দেবছি, পাহাড় ভূলে ফেলে বহু চাৰযোগ্য জমি বের করা হরেছে, ভাতে চাৰবাদও হচ্ছে। কোন কোন কমিতে গম কোৱার ভুটার গাছ (मधा घाटकः । शीरत शीरत व्यायता नर्मनात किनारत अरन (भीइनाम । ৰৰ্মদার পৰিত্ৰ ধারাকে স্পূৰ্ণ ও প্ৰশাম করে আমরা পশ্চিমদিকে বাঁক নিতেই দূরে একটি যন্দিরের চুড়া দেখতে পেলাম। লক্ষ্ণভারতীকী त्मालात्म (ठॅठिएम वनत्मन--'अहि चिम्रिकाश्वत मन्तित (मथाहे (मणा (ह। শূলপাণিকা ঝাড়ি ৰতম হো গল্পি।' তাঁর এই কথার আনাদের কর্ণকুহরে थिन मनुवर्शन हल, नानावा প्रक्रणवादक क्रफ़ाक्फि कदब नाक्टल नानातन, नकरमत पूर्य तर উঠেছে—बन्डि । बन्डि । व बन्डि ।

জন্দের বিষয় জ্ব দ্র হরেছে, পদে পদে মৃত্যু যন্ত্রনা আর ভোগ করতে হবে না। লক্ষ্মণভারতীকী বুড়োর রস যেন উথলে উঠেছে। তিনি নর্মদার চরে গড়াগড়ি দিয়ে ছড়া কাটলেন—

নর্মদাপুরীকো বসবো বসিয়ে কৌন ঔর।

এ ভিনো ছংখ দেবভ হৈ বাঘ ভরু চোর॥

এখাং নর্মদাপুরীর কোন্ অংশে বাস করি ? বাঘ ভালুক আর ভীল দসুরা
এখানে ছংখ দের।

ৰয়ং মোহাল্কলীয়ও আনন্দের অবধি নাই। তিনি নাচতে নাচতে ঐ ছড়ার জবাব দিলেন— গুলা মারো বাষকে রাজ্ রাধিয়ে চোর।
ভক্ষন করে। ভগবান্কে ভীল্ লেগি পোর॥
বাহকে গুলি মার। রাত্তি কেগে ভগবানের ভজন কর। ভীলরা আর
কি নিবে?

শক্ষণভাৰতীকী আধার গড়াগড়ি দিতে দিতে বললেন---

জীবত মরে সোহি পৈচানে,
গৈব নগর সহজে চড় জানা
ইকলা পিকলা চামর ঢোরত হৈ নিশিদিন
শ্রথমনা হনে নিশানা।
দেখরে শুরু গম মন্তানা॥

যে বাজি জীবন্ত মরে, সেই জানে শরীর রূপ নগরে প্রবেশ করে সর্বোচ্চছানে আরোহণ করতে হবে অর্থাৎ মন্তকদ্বিত সহস্রার পল্লে উথিত হতে হবে। বাম দিকত্ব ইড়া এবং দক্ষিণ দিকত্ব পিল্লা নাড়ীর মধ্য দিয়ে খাস-প্রখাসের চামর অহনিশ বাজন করে চলেছে। হে গুরুপ্রেমে মন্ত মন্তানা, ভূমি সুমুন্না নাড়ীকে ধরে এগিরে যাও।

প্রভারতের যোহান্তকী গ্রুগদ কণ্ঠে আবার একটি ছড়া কাটলেন—

গকা যমুনা সরস্বতী ধারা,
লাগ্ মদোদর কর্ অস্মানা,
দেখরে গুরুগম মস্তানা॥
ভূরিয়া চড়চড়্ গর্জয়ে লাগে
দেখ্ রূপ যমরাজ ডবানা,
রেবা রেবা গুরু গুরু জপরে মস্তানা॥

দেশ্রে, গুরুগগুপ্রাণ মন্তান। গশা, ষমুনা, সরষ্ঠীর ধারা সরিধানে কেমন সুন্দর মেশা বসেছে, সেখানে রান কর। রসনার রেবা রেবা ও গুরু গুরু নাম নিয়ে তাতেই নয় হলে যা, তা দেশে যমরাজও ভর পাবেন, কারণ তাঁর আর জারিজুরি খাটবে না।

এইভাবে মানলে एए। कांहेट कांहेट अर नृष्ठा कत्रट कांबता

ৰন্দিরের কাছাকাছি পৌছে গেলাব। বোহান্তজী যুক্তকরে প্রণাম করে মন্দিরের দিকে ভাকিয়ে মুখন্থ বলতে লাগলেব—

শ্ৰীমাৰ্কতের উবাচ---

ভূরোহপ্যহং প্রবক্ষামি আদিভোশরমুত্তমম্। সর্বতঃখহরং পার্থ সর্ববিশ্ববিনাশনম॥

( (त्रवावक्ष .. चवात्र )

অর্থাৎ মার্কণ্ডের মূলি ষ্থিটিরকে বলেছিলেন, ছে রাজন! পুনরায় আমি স্ববিদ্নর অথিল ভঃখনাশন স্বোত্তম আদিতোশ্ব মার্লায়। বর্ণনা কর্ছি।

নালভন্ত গ্রিয়ং নাকে মর্ত্যে পাডাল গোচরে।
কুরুক্ষেত্রং গয়া গঙ্গা নৈমিষং পুষ্ণরং ভথা॥
বারাণসী চ কেদারং প্রয়াগং রুজনন্দনম্।
মহাকালং সহস্রাক্ষং শুকুডীর্থং নূপোত্তম!
রবিতীর্থস্য সর্বানি কলাং নাইন্তি ষোড্শীম॥

ৰৰ্গ মৰ্ত্য ও পাতালে যে সৰ তীৰ্থ বিশ্বমান, নৰ্মদাত ইছ এই আদিতাতীৰ্থের সলে নে সক্লের তুলনা হয় না। কুকক্ষেত্র গয়া গলা নৈমিৰ পুদ্ধর, বারাণদী কেদার প্রয়াগ ক্ষনন্দন, মহাকাল সহস্রাক্ষ শুক্লতীর্থ প্রভৃতি পবিত্র তীর্থভিলি এই আদিতোখন তীর্থের বোড়শাংদের একাংশ যোগাও নয়।

তাঁর কথা শেষ হতে না হতেই আমরা মন্দিরের ১ছরে এবে পৌছে গেলাম। শিলা ডম্মর বাজিরে হর নর্মদে ধ্বনি দিতে দিতে মন্দির প্রদক্ষিণ করা হল। মন্দিরের গর্ভগৃহে প্রায় পুফুট দীর্ঘ ডাম্রবর্ণের অভ্যুজ্জল আদিতোশ্বর মহাদেবকে দেখে আমাদের চক্ষু জৃডিরে গেল। প্রণাম করে উঠে দেখি, গলার কলাক ও ত্রিপুণ্ড শোভিত এক ত্রাহ্মণ মূর্তি লক্ষণভারতীকী ও মোহান্তকীর সঙ্গে অভ্যন্ত অন্তর্জভাবে বাকালাপ করছেন। মতাম্রকী আমাকে চুপিচুপি জানালেন—'ইনিই মন্দিরের পুরোহিত। গুরুকী ও লক্ষণভারতীকীর গুরুত্রাতা।' আমি কাছে গিয়ে দাঁডাতেই গুনতে পেলাম, তিনি বলছেন—'আফ অতি প্রভূবে এসেই দিগ্রুর করণারীকী আমাকে আপ্নাদের আগ্রন বার্ডা দিয়ে গেছেন। আপ্নাদের ভিকার ব্যবন্ধা আমি

কৰে বেংগছি। বোহাগুলীৰ কাছে তাঁর প্রদন্ত নর্মদা বান্নের কিনব সম্পত্তি আছে, তা তিনি এখানে নর্মদা বানের কাছে প্রভার্গন করতে বলে গেছেন।' তাঁর কথা তানে আমরা সকলেই চমকে উঠলান। তাহলে নতা সভাই মহাপুরুবের কপাদৃত্তি এখনও আমাদের উপর রায়েছে! বোহাগুলী নাক্রানেরে একটি ঝোলা হাতে নর্মদার খাটে গিয়ে উপস্থিত হলেন। আমরাও পিছনে পিছনে গিয়ে দাঁজালান। মোহাগুলী এক কোমর জলে নেমে হাতজাড় করে তার করতে লাগলেন—

ওঁ নমোহস্ততে সিদ্ধগণৈনিষেবিতে নমোহস্ততে সর্বপবিত্রমঙ্গলে।
নমোহস্ততে বিপ্রসহস্রসেবিতে নমোহস্ত রুদ্রাঙ্গসমূহবেবরে॥
মা নর্মদে! তুমি আমার প্রণাম গ্রহণ কর। সিদ্ধগণ তোমার সেবা করেন।
তুমি সকলেরই সর্ববিধ মঙ্গলসাধন করে থাক, তোমা হতেই সকলে পবিত্রতা
লাভ করে! তুমি রুদ্রদেহ হতে সমূত্তা হরেছ, সহস্র সহস্র বেদপাঠী ব্রাহ্মণ
ভঞ্জিতরে তোমার অর্চনা করে থাকেন. তোমাকে প্রণাম করি।

ত্তবপাঠ করেই তিনি কোটেশরের মন্দিরে করপাত্রীকীর প্রদত্ত তাত্রকৃত্ত, কোলাকুলী, পঞ্জলীপ, কর্প্রদানী প্রভৃতি যা কিছু ছিল, ঝোলা থেকে একে একে নর্মদার কলে অর্পণ করলেন। আমরাও আর একবার স্থান করে নিলাম। মন্দিরের কাছেই দেখছি একটা প্রাচীন ধর্মশালা আছে, একট্ দ্রেই একটা সদাবর্তও আছে। পুরোহিত মলাই আমাদেরকে নিয়ে ধর্মশালার দোতলার নিয়ে গোলেন। ধর্মশালার অধাক্ষ এবং অল্যান্ত লোকজন এলে মোহাজ্জীকে প্রণাম করে গোলেন। দোতলারই একটি খরে আমরা খেলে বসলাম। পর্যাপ্ত ঘি সহ থিচুছি আমাদেরকে পরিবেশন করা হল। আমাদের শাওয়া যখন লেম্ব হল, তখন মতীক্রের ঘড়িতে দেখলাম ২টা বেজে গেছে। দোতলার পাঁচখানা খরে আমরা আট দশক্ষন করে যে যার শ্যা পেতে হয়ে পড়লাম। গতরাত্রিতে 'হিরপাপাণিতে' আমি জেগে কাটিরেছি। কাজেই শ্যাগ্রহণের পরেই আমি ঘুনে ঢলে পড়লাম। ঘুম যখন ভাঙল, তখন বোধহল ৫টা বেজে গেছে। খরে শুরেই দেখতে পেলাম, ধর্মশালার বারান্দার বনে মোহাজ্জী লক্ষণভারতীক্ষী এবং মন্দিরের পুরোহিত ম্লাই এই ভিনক্ষন গুরুলাতা বনে ইউ গোষ্ঠী 'করছেন। তাদের গুরুলের হৈতল্য-

ভারতীজার প্রসদ ছাড়াও কোটেখর বন্দিরে তীল দুসাদের অভ্যাচার এবং কিভাবে করণাত্রীজী সংসা আবিভূতি হরে আবাদেরকে রক্ষা করেছিলেন সে প্রসদ্ধ আলোচিত হল, গুনতে পেলাব।

चामि वात्रान्तात विविद्य अत्म मैक्तिमाम। शुरवाहिक मनारे छन्द त्याराखनीरक रनरहन-नद्या ररनरे चात्रित यात्राचन कत्रव । ७४न छ আপৰারা নিশ্চরই উপস্থিত হবেৰ। তবে এখনই যদি বেলা থাকতে থাকতে बागांव नरक्रे मन्दित यान, खार्टन बार्क्ष मृत्वत अक एक एक एक एक एक शादन, कांत्र शान क्षमान नकत्मरे वित्याहिक रुद्ध यादन । धरे यनाथात्र चटकत नाम मुपर्नन बाष्ट्रका , महातारकेत मधान। धुवहे मञ्जूत गृहण्ड वाकीत সন্তান। পুনা বিশ্ববিভালয়ের ছাত্র ছিলেন। বালাকাল থেকে তাঁর সংগীতে অমুরাগ ছিল। বিধিদত প্রতিভা এবং সহজাত কঠনাধুর্যের ওপে অচিরাৎ जिनि गारन शातकम स्टा जिटेन। **अम. अ. १५**ए७ १५ए७हे अ∓ ब्राखिए অলোকিকভাবে শীরাবাঈ-এর রচিত একটি ভক্তিরলাশ্রিত গান তাঁর কানে एटरम चारम । आफुकात वक्षमून शातना यतः मोतावानेहे त्मिन छात्र नित्रदत দাঁড়িরে তাঁর দিবাকঠের গান ভনিয়েছিলেন। রাত্রি প্রভাত হলে সকলেই **(नथरमन अफ़्कांत ভाবোশাদ खरदा। मात्रापिन मिट धरदात थाकांत मत** রাত্রে গৃহত্যাগ করশেন। নানা তীর্থে পর্যটন করার পর আব্দ তিন বংসর ৰল এখানে এনে পৌচেছেন। তাঁর গানের আকর্ষণে প্রতি বছর এখানে বছ লোকের স্থাগ্য ঘটে। দেশ বিদেশের কত যে জ্ঞানীগুণী বড় বড় ওন্তাদ আদেন তার কাছে সুরসুধা পান করতে তার ইয়তা নাই। সুদর্শন ৰাডুকার গান বৈকুঠের গান, মনে হয় যেন কোন গম্বর্থ বা কৈলালের কোন কিন্তৰ হঠাৎ পথ ভূলে এখানে পৌছেছেন। তিনি এখানে যে কোথা থেকে चारमन छ। (कडे बारनन ना। छात्र रहम ७२/७८-धत्र (वनी स्टन ना। मिन्दत जात जानात कान निर्मिक नमत नारे। जत अनतारूकात्म किश्वा नमा।-कारमरे नाथावनणः अरम थार्कम । शंछ वरमञ्जू छात्र मा वावाध अरमहिरमन তার ব্যর পেরে। তিনি যতক্ষণ গান করেন, ততক্ষণ আদিভোশরের প্রতাদেশে মনিরের দরকা খোলাই রাখতে হয়। অণরাকে এলে ডিনি গান আরম্ভ করে দিলে আরভি পর্যন্ত করা হর না। সেদিন ঝাডুকা চলে श्रीम छर्दरे 'हिम्हन्तन' करन पत्रमा वक्त कति । कात्रणित शत अला एर्द নেদিৰ আরতি করতে পাই। বাড়ুকা মহারাজের আর একটি বৈশিন্টা তাঁকে কোন ভক্ত প্রশ্ন করলে ভার উত্তর দিয়ে থাকেন। ভবে তাঁর উপজীবা বিবরে প্রশ্ন করলে ভবেই উত্তর দেন। বভুবা আপন খনে গানই গাইতে থাকেন। গানই তাঁর পূজা।

তাঁর কথা শেব হতে না হতেই দেবলান, সকল নাগা সন্নাসী যন্ধিরে যাওরার হল অধীর আগ্রহে দাঁড়িরে আছেন। আমর। তবনই রওনা হলাম। আমাদের আগেই প্রায় হলা পঞ্চাশেক নরনারী মন্দিরের চন্ধরে এসে বলে আছেন। আদিভোশ্বর ভগবানকে প্রণাম করে আমরাও একথারে বলে পড়লাম। ক্রমে ওটা বাহ্মল, অন্তগামী সূর্যের রক্তরাগরশ্মি এলে পড়ে রাভিরে দিল বিদ্ধাপর্যতের চূড়াওলো। সেই রশ্মিচ্ছটা পড়েছে নর্মদার হলে, সেই অপরপ দৃশ্ব মুন্ধ হরে দেখছি, এমন সময় পিছন থেকে এক অপূর্ব কণ্ঠবর ভেষে এল। কেউ যেন ভ্রনমাতানো সুরের যাত্ব সৃষ্টি করে গাইতে গাইতে আসছেন, মীরাবাই-এর সর্বভ্রপ্রির গান—

নিত নহানে সে হরি মিলে ত জলজত হোই।
ফলমূলখাকে হরি মিলে ত বাল্ফর বাঁদরাই॥
তীরণ তখন-সে হার মিলে তো বছত মুগী অকা।
ত্রী ছোড়কে হরি মিলে তো বছত হৈ খোলা॥
ত্থ পিকে হরি মিলে তো বছত বংসবালা।
মীবা কছে বিনা প্রেমসে ন মিলে নম্পলালা॥

পান্নে পুঙ্রে বাঁধা, সৃ হাতের বাহতে কদ্রাক্ষ, কপালে হরিচন্দনের ভিলক, গলার তুলদীর বালা—এই অন্তুভ বেশে নাচতে নাচতে ভাবচুলুচুলু নেত্রে এলে মন্দিরের চন্দরে উপস্থিত হলেন এক ভাবোন্মাদ, আষরা অনুমানে ব্যলাম টনিই লেই কিয়ন্ত্র-কণ্ঠ ঝাডুকা।

এনেই প্রস্থ আদিতোখনকে সান্টালে প্রণিণাত করলেন, তারণর উঠে দাঁড়িরেই ভাবগদগদকণ্ঠে আপনমনেই বলতে লাগলেন মহাদেবের দিকে ভাকিরে—প্রাবণের বালল বর্ষণ করছে; প্রাবণের নর গো আবণের নর, এ হচ্ছে মন-ভাবনের বর্ষণ। দেখ, দেখ, আবণে আমার মন কেমন উন্মনা হয়ে উঠেছে হরির আগমন ধ্বনি শুনে। গুরুগন্তীর মেব চারদিক থেকে বিরে আসছে, দাবিৰী-লাবণার চকিত চৰক কেমৰ বিজুৱিত হচ্ছে দেখ ; উড়ি উড়ি যে বারিবিন্দু ববিত হচ্ছে এ আনার প্রিয়তবের আদর, শীতল পবনের বধা দিয়ে আনার প্রীতম্ রেহস্পর্শ বৃলিয়ে দিছেন। মীরার প্রভূ গিরিধারী নাগর আনন্দ-নক্ষণ গান করে শোনাচ্ছেন। এই বলেই তিনি উঠে দাঁডিয়ে নেচে নেচে গাইতে লাগলেন—

वज्ञस्य वम्तियां जावन-की।

जावन-की-मन-ভावन-की।

जावन-भि छेमर्गा स्मार्त मन-वा...

छनक चूनी हित-चावन-की॥

छेमछ घूमछ हर्टू मिज-स्म-चार्या,

मामिन-ममर्क नात मावन-की।

नन्हि नन्हि वूमन स्मार्थ वत्रस्य

नीजम পवन स्मार्थन की।

मोत्रास्क अस्त्र गितियां नागत,

चानम-मश्रम गावन-की॥

পারের তালে তালে বৃত্ত্রের ধ্বনি এবং হাতের আঙ্লে ধরা ত্টো পাথরের চাকতিতে 'চটাং চটাং চটাং' শব্দ তুলে এবন এক সুরের ইক্রজাল রচনা করলেন যে আমরা অন্ততঃ কিছুক্সণের জন্ম নিজেদেরকে হারিয়ে ফেললাম। এমন ভক্তিরদান্তিত দরদভরা মিন্টি গান আর কোলাও শুনেছি বলে মনে হল না। দিওরানাজীর গানও অন্তর্কে নাড়া দিত, তিনিও মহাভক্ত, তাঁর আবেগোজ্জল কণ্ঠ যখন তখন কোকিলের মত কলকণ্ঠে মধুর তান তুলত সন্দেহ নাই কিছে তাতে এতখানি মাদকতা ছিল বলে মনে হর নি।

সন্ধা হয়ে গেছে আরতির কাল অভিক্রান্ত হয়ে গেছে বলে মনে হচ্ছে। গর্ভগৃহে প্রদীপের আলোতে আলিভাশর অভান্ত দীপ্তিমর হয়ে উঠেছেন। ঝাডুকা নির্নিমের নেত্রে দাঁড়িয়ে দাঁড়িয়ে যেন তার প্রিয় পরমের রূপসুধা পান করছেন। সেই অবস্থাতেই জনৈক প্রোভা তাঁকে প্রশ্ন করলেন—'সংগীতের কগতে নীরাবাল, সুর্দাণ এবং ভাষসেনের বধ্যে কে বড় ?

क्षत्र छत्वरे जिनि वीवानस्य नत्य वनर्ष्ठ नाशरनन, त्यरत विठातस्य बीबाबांकेका नाथ किनीत्का कृतना छ कछी त्वहि ह्या नकछी। इबविनान ৰ্ণা কৃত 'নহারাণা দাঁগা' নামক পুছকের ১ৰ ভাগে উল্লেখ করা হয়েছে বে, ১৪৯৮ বন্ধাব্যের কাছাকাছি কোন সময় কৃষ্ণগতপ্রাণা নীরাবাঈ আবিভূতি र्दाहित्नन । जांत चार्श निष्ट चलाक कारनत नारवारन विवास करतिहरनन সংগীতগুরু তানদেন, ভক্তপ্রেষ্ঠ সুর্দাস ও তুলগীদাস্থী। তানদেনের গুরু ছিলেন বৈজু বাওরা। তিনি ছিলেন সংগীত জগতের সমাট। এক কথার এইসৰ সৰ্বজনপুজ্য ভারত-রত্ন সম্পামন্ত্রিক ছিলেন, সকলেই বোড়শ শতালীর লোক; প্রভাকে প্রভাকের পরিচিত এবং ঘনিষ্ঠ ছিলেন। সুরদাস তার প্ৰসিদ্ধ 'সুৰসাগৰ' গ্ৰন্থে বহু ভক্তিমূলক গান বচনা কৰে গেছেন। তাঁৱ ভক্তদের বিশ্বাস যে, সুরদাস উদ্ধবের অবতার ছিলেন এবং সেইজন্য তিনি প্রীক্ষকে স্থা ৬েবেই আজীবন পূজা করে গেছেন। ভানসেন সুরদাসের বদ্ধ ছিলেন। কিছু তানদেন 'নওরতনের' সামিল হল্পে প্রায়ই দিল্লীতে थाकराजन वरन मुत्रपारमत मार्क वर्ष अवही दिशा मान्तार रख ना। अकवात বহুদিন পরে সুরদাদের একটি ভক্তন ভানসেন গেরে খুবই পরিত্প্ত হন, ভিনি দিল্লী থেকে সুৰদাসকে চিঠি সিখে পাঠান--

'কি ধাঁ সুরকো শর লগেও কী ধাঁ। সুর কি পীর,
কি ধাঁ সুর কি তন লগেও তনমন দহত শরীর।'
'আজ আমার অলে কি সুরের (অর্থাৎ বীরের) তীর এসে বিঁধলো না
সুরদাসের বিরহ-বেদনা বাধিত করল! আজ কি সুরদাসের সলে আমার
মিলন হরেছে যে, আমার শরীরে একটি অমুভূতি জেগেছে! উত্তরে
সুরদাস লিখে পাঠালেন—

'বিধ্না এহ্ ভিয়া জান কর, শেষ ন দিছো কান, ধরা মেরু সব ডোলডো, ভানসেন কি ভান।'

'বিখাতা একথা পূর্ব হতে জেনেই ত শেষকে ( অর্থাৎ বাসুকী নাগকে, যার মন্তকে এই পৃথিবী আছে ) কর্ণ দান করেন নি। কেননা শেবনাগকে কান দিলে নে তানসেনের অপূর্ব সংগীত তানে যাথা দোলাতো আর নমন্ত পৃথিবীটা ছলে উঠে নৰ চুয়নার হলে যেতু!' ভাৰসেৰ প্ৰশংসা কৰেছিলেৰ সুৱদাসের মধুৰিক্সন্ধিৰী ভাষার আর সুৱদাস প্রশংসা করে পাঠালেন ভানসেনের সুধানিক্সন্ধিনী সুর-মাধুর্বের। এমনই ছিল উভরের মধ্যে উভরের নিবিদ্ধ অনুরাগ!

ঠিক এই রক্ষই মহাযোগিনী মীরাবাল-এর সজে পত্র বাবহার ছিল নহাত্বা তুলবীদাসজীর। যথন ক্ষণ্ণপ্রেম-পাগলিনী মীরাবালকৈ রাণার পক্ষ থেকে নানারক্ষ উৎপীত্দন ও নির্যাতন করা আরম্ভ হল, তাঁর সাধন পথের জয়যাত্রায় নানা বিঘবিপদ এলে পড়ল, তথন তিনি তৃ:থ ছন্চিন্তায় একেবারে ভেঙে পড়েন। অনেক ভেবেচিন্তে তিনি চিঠি লিখলেন। সেই চিঠির ভাষা সুরের যাত্তে ফুটিয়ে তুললেন শ্রীঝাড়কা। মীরার আতি যেন অশ্রুহয়ে ঝরে পড়তে লাগল ঝাড়কার অপূর্ব কণ্ঠবরে—

'শ্রীত্লসী সুপ্রনিধান, ত্থহরণ গুঁসাই,
পায়ের পর প্রণাম করু, অবহরো শোকসমুদাই।

ঘর কে স্বজন হমারে যেতে সবনে উপাধি বাঢ়াই,
সাধুসঙ্গ অরু ভদ্ধন করত মোহি দেত কলেশ মহাই।
বালপনসে মীরা কীন্হা গিরিধরলাল মিতাই,
সো ভো ছুটত নহি কৈঁসে, লগন লগি বরিয়াই।
মেরে মাতাপিতাকে সম হো, হরিভক্ত ন সুখদ।ই,
হম্কো কহা উচিত করিকে হয় সো লিখিয়ে সমঝাই।

অর্থাৎ 'হে হংশহরণ সুখনিধান গোষামী তুলসীদাসলা। আমি বারংবার তোমাকে প্রণতি লানাছি। তুমি আমার সকল শোক হরণ করে। আমার বজন আমার মিথা কলম রটনা করছে, তারা আমাকে ভজন করতে ও লাধুসল করতে অনেক ক্লেশ দিছে। শৈশব হতে মীরা গিরিধারীলালের সলে প্রেম করেছে এবং তা ক্রেমই গাঢ় হছে। অনেক চেউ! করেও তা এখন ছাড়তে পারি না। তুমি আমার মাতালিতা সদৃশ এবং তুমি হরি-ভক্তদের পরম মললাকাজনী। তুমি আমাকে ব্বিরে লিখে পাঠাও, এ অবস্থার আমার কি করা উচিত।'

এর উত্তরে গোষামী ভূলসীদানশী যা লিখিরে পাটিরেছিলেন, ভাও ভিনি গান গেরে ক্রনাতে লাগলেনু, কী বধুমাখা কণ্ঠবর, সুরের কী অপূর্ব কলভান! ভিনি পাধরের হুণানি চাকতি বাজিয়ে গাইতে লাগলেন ভূলনীদাসজীর ভাষা---

যাকে প্রিয় না রামবৈদেহী।
ভিজিয়ে ভায় কোটি বৈরীসম, যন্তুপি প্রম সনেহী।
ভজে পিভা প্রহলাদ, বিভীষণ বন্ধু, ভরত মহভারী।
বলি গুরু ভজে, কান্ত ব্রুবনিভা ভয়ে সব মঞ্চলকারী।
না ভো নেহ রাম সো মনিয়ভ, পুরুৎ স্থুসেব্য যহাঁলো;
অজন কহাঁ আঁখ সো ফুটে বছভক্ কাহাঁ কহালো।
ভূলসী! সো সব ভাঁভি প্রমহিভ, পূজ্য প্রাণ্ডে প্যারো;
যা সোঁ হোয় সনেহ রামপদ এহি মভো হমারো॥'

'ভোষার রামনাম নেওরার পথে যে বাধা জন্মার, সে যদি ভোষার পরমরেছের পাত্রও হর তব্ও তাকে তুমি কোটি বৈরী অর্থাং পরমশক্র ভেবে
অবিলম্বে তাগা করবে। প্রহলাদ পিতাকে, বিভীবণ বন্ধুকে, ভরত যাতাকে,
বিলি ওককে, ব্রজ্বনিতারা নিজেদের রামীকে, ভগবদ্-আরাধনার বিদ্ন হর
বলে চিরদিনের জন্ম ত্যাগ করেছিলেন এবং তাতে পরম মলল হয়েছিল।
চোথে জ্ঞানাঞ্জন লাগালে চোখের দীপ্তি উজ্জ্বল হয় এখং রামপদে ভক্তি
বাড়াবার জন্ম যদি পর্ম সুস্থদকেও তাগি করতে হয় তবে তাও ত্যাগ
করবে—আর আমি ভোষার কত বোঝাব। যে সব কাজ করলে রামের
উপর ভোষার অচলা ভক্তি হয় তা তুমি অবিলম্বে করবে—এই আমার ষত।'

গান ও কথা শেব করেই সুদর্শনকী পূর্ববং বীরাসনে বসলেন। এমনভাবে আদিভোশরকীকে সভ্ঞ নরনে দেখতে লাগলেন এবং তাঁর চোখেমুখে আনক্ষেচী। প্রকাল হতে লাগল, আমাদের মনে হল তিনি সভাসভাই লোকাতীত প্রভ্র দর্শন পেরেছেন। ভাবাবিক হয়ে তিনি চলতে লাগলেন। তাঁর শরীরে অঞ্চ পূলক শিহরণ রোমাখাদি সান্থিকী বিকার প্রকট হতে লাগল। আমরা তার বিশ্বরে সবাই বসে আহি। আকাশে চাঁদ উঠেছে। জ্যোধরা প্লাবিত নর্মদা-তটের মপরণ রূপসজা দেখে মুখ হলাম। বারেক মুখ ফিরিয়ে নর্মদাকে দর্শন করে মন্দিরের দিকে তাকাভেই দেখি এক বৃদ্ধা গুটিগুট করে বাডুকার কাছে গিরে ঠেটু হিন্দীতে তড়বড় করে বললেন---

ঠাকুরজী, মীরাবাইজাকে বারেমেঁ বুনে কুছ্ বাভাইরে। উন্কা মাডা-পিভাজী কোন্ থা ? উন্কা কোই মরদ্ ৰে কী নেহি ? উার ভাব দেশে মনে হচ্ছিল, তিনি হরত শ্রীঝাডুকার নিথর নির্ম ভাব দেখে ঠেলা মেরে বসবেন ! শশবান্ত হরে প্রোহিত মশাই ব্ছার হাত খরে দূরে সরিয়ে আনলেন ৷ শ্রীঝাডুকার শ্রীর থরথর করে কাঁপতে লাগল ৷ নিজেকে কিছুটা সামলে নিরে তিনি সম্রের দৃষ্টিতে পুরোহিত মশাই-এর দিকে থাকাতেই তিনি তাঁকে বুছার প্রশ্নভাল ব্রিরে বললেন ৷ ঝাডুকা ভখন প্রসার দৃষ্টিতে হাসিমুশে বলতে লাগলেন, তাঁর ইউ এবং উপাস্ত মীরাবাইন-এর পুণা জীবনকথা—

'মাড়োরার দেশে মেড্তা পরগনার অধিপতি ছিলেন একজন রাঠোর সামন্ত। তাঁর নাম ছিল রতন সিংহ। লোকে তাঁকে বলত রাতিরা রাণা। তাঁরই কলার নাম মীরাবাঈ। মীরার জন্ম হর, মেড্ডা পরগণারই অন্তর্গত কুড্কি গ্রামে। মীরা বালাকাল থেকেই অসাধারণ রূপবতী ছিলেন। যেই তাঁকে দেখত, সেই তাঁর সৌলর্মে মুদ্ধ ও আকৃষ্ট হত। এই গৌলর্মের সকে তাঁর কণ্ঠবরে এমন এক মোহিনী মাধুরী এবং সলীতের সহজপটুত্ব ছিল যে তাতে তিনি সকলেরই অভ্যন্ত আদরের ছিলেন। মীরা বালাকাল হতেই নির্জনে একাকিনী থাকতে ভালবাসতেন এবং আপনমনে গান গাইতেন। তিনি অন্য গানের চেয়ে হরিঞ্গ গাধাই গাইতে ভালবাসতেন। তাঁর পার একটি ভালবাসার সাম্প্রী ছিল চলন্চ্চিত পুস্পমালা।

মীরা বালাকালে কোন প্রতিবেশীর কন্মার বিবাহাৎসব দেখে নিজের মাতাজীকে জিজ্ঞানা করেন—আমার বামী কে? মাতাজী কৌতুকছলে নিজেদের গৃহদেবতার বিগ্রহকে দেখিয়ে দিয়ে বলেন—'এই গিরিধারীলাল তোর বামী।' বালিকা মীরা সেইদিন থেকে গিরীধারীলালকেই বামী ছেনে হৃদরের নমন্ত প্রেম ও ভক্তি দিয়ে পূজা করতে আরম্ভ করলেন ; এইভাবে বিশ্বধামী মীরার পার্থিব বামীর আসন আগেই দখল করে বললেন ! বয়োর্ছির সলে সলে মীরার রপগুণ এবং ভ্বনমোহিনী সলীত-খাতি দেশ-দেশান্তরে ছড়িয়ে পড়তে লাগল। সেই ঝাতিতে আর্ফ হয়ে দ্রদ্রান্ত হতে লোকে মীরাকে দর্শন এবং তার গাব ভালে চরিভার্য হবার জন্ম কুড় কি প্রামে এনে ভীড় করন্তে লাগলেন। মেড় তা বাড়োরারের একটি ভীর্ষানে পরিণত হল।

চিতোরের মহারাণা সংগ্রামসিংহের পুত্র ভোজরাজ মীরার সুখ্যাতি তানে তাঁকে দেখবার জন্য উৎসুক হলেন এবং একদিন ছল্লবেশে নীরার পিতৃগৃহে গিয়ে মীরার রূপ দেখে এবং গান তানে মুখ হলেন। ছ' তিনদিন অতিথি হিসাবে থাকার পর বিদার নিবার সময় আত্মবিত্মত হয়ে মীরার অঙ্গুলিতে একটি মহামূল্য হীরকাঙ্গুরীর পরিয়ে দিতে দিতে বললেন—মীরা, ভোষার সভ বর্গস্থতুলা, মনোহর। এই বর্গ ছেড়ে চিভোরে যেতে মন চাচ্ছে না। তুমি যদি চিভোরের ভবিত্যৎ রাজমহিনী হতে বীকার করো ভাহতে চিভোর ও মহারাণার কুল বন্য হয়। মীরার পিতৃদেব অভিথির পরিচর পেয়ে সানক্ষেই তাঁর হাতে কন্যা সম্প্রদান করলেন। বচ্ছক্ষবিহারিণী বিহলী হলেন বর্ণপিঞ্জরে।

নীরার খণ্ডরকুল শৈব। জনপ্রবাদ এই যে, মীরা খণ্ডরবাড়ীতে আনীত হলে তাঁকে কুলদেবতা মহাদেবকৈ প্রণাম করতে বলা হয়। তখন তিনি নেই অনুরোধ প্রত্যাধ্যান করে বলেন—'এক গিরিধারীলাল ছাড়া আর কাউকে প্রণাম করি না।'

সেইদিন থেকে সুক্ষ হল মীরার স্পালে লাঞ্চনভোগ। চারিদিকে কেবল নিষেধের বেড়ান্থাল, এমন গলা ছেড়ে গান গাওয়া রাণীর সাজে না, এমনভাবে যখন তখন গান গাওয়া এবং ঠাকুর নিয়ে পড়ে থাকা কুলবধুর যোগা নয়, লাধুসয়াশীদের সঙ্গে অবাধে মেলামেশা চলবে না ইভাদি। মীরা গুংখে ও বাথায় মিয়মানা হয়ে পড়লেন।

তিনি সদা-সর্বদ। হরি-সংকীর্তনে মন্ত থাকার ষামী সেবার ব্যাঘাত ঘটতে লাগল। রাণা রুই হলেন। মীরা বৈষ্ণব মহাদ্ধা পেলেই তাঁর সলে ভজনকীর্তনে মেতে উঠেন, এতে রাণা মীরার চরিত্রে সলেহ করতে লাগলেন। রাণা পুনরার বিবাহ করবেন বলে ভর দেখালেন। তাতে বিনমভাবে মীরা বললেন—'মহারাণা, আপনি বিবাহ করলে আমি অভান্ত সুথী হব। মীরার প্রতি রাণার সলেহ আরও প্রবল হয়ে উঠল। এই সল্পেহের আওনে বাভাগ দিতে লাগলেন মীরার ননদ প্রীমতী উদাবাল। মীরার উপর দিনরাত গঞ্জনা ও নির্বাতন চলতেই থাকল। তিনি তাঁর প্রাণের ঠাকুর গিরিধারীলালকে বুকে আঁকড়ে ধরে সব বাথা নীরবে সইতে লাগলেন।

ইতিমধ্যে নীরার বানীর মৃত্যু বলে তাঁর দেবর বিক্রমন্তিৎ মহারাপা হলেন। তিনি নীরার সাগুলেনা, সাগুসত ও সাধন-ভন্তনে নানারকর বাধা সৃষ্টি করতে থাকলেন, ননদ উদাবাইএর অভ্যাচার চতুও প বেছে গেল। নীরাকে মেরে ফেলবার জন্ম ফুলের ঝাঁপিতে ফুলের মধ্যে কালসর্প পাঠিয়ে দেওরা হল। কিন্তু এক্লেক্রেও ভজকে রক্ষা করলেন ভগবান। তাঁর প্রাণ্টালা ভজির ওপে তিনি বাঁপির মধ্যে পেলেন শালগ্রাম। এই আলোকিক কাও দেখেও মহারাণা এবং তাঁর ভগ্নির চোপ খুলল না, চৈতল্যোদয়ও হল না। তাঁরা সভ্যসভাই একদিন ঠাক্রের চরণামৃত বলে নীরাকে বিব খাওয়ালেন। চরণামৃত ভেবেই নীরা নাগ্রহে সেই বিষ পান করেছিলেন, কিন্তু তাতেও মহাসাধিকার কিছুই হল না, বরং তাঁর ভগবং প্রেমের মাদকতা আরও বেছে গেল। তিনি হরিনামে দিনরাত্রি ভূবে থাকলেন।

এই সময়েই হরি ভজনে নিরন্তর বাা্ছাত ঘটার তিনি মহারা তুলনীদানজীকে পত্র লেখেন। 'ভজিরে ভার কোটি বৈরীসম, যন্তাপি পরম সনেহী',
তুলনীজীর এই নির্দেশ পেরেই ভিনি আনন্দিত চিত্তে গিরিধারীলালকে বুকে
নিরে চিরকালের জন্য চিভোর ভাগে করলেন। সেই সময়কার আভি ও
গান মীরার সুধামাখা কণ্ঠয়রে যেভাবে ফুটে উঠেছিল, ভা ভনলে পাষাণও
দ্রবীভূত হয়। এই বলেই ঝাড়;কাজী ভাববিহলল অবস্থার উঠে গাঁড়িয়ে
নাচের ভলীতে ভাল ঠুকতে ঠুকতে এবং আঙ্লে পাধরের চাকতি বাজাতে
বাজাতে গাইতে লাগলেন—

ভূম্হরে কারণ সব স্থুখ ছোড়াঁ।
ভব মোহে কেঁও ভরসাবো।
বিরহ বিথা লাগি উর-অন্সর

এ কী গান! এ কী গলা! মামুৰের কঠমরে কি এত যাত্ থাকে ? কণ্ডমর তবে আমার মত নীরদ বাজিরও প্রাণে যেন হিলোল উঠেছে, সমস্ত ভন্তীতে কেগেছে কারার আবেগ। আমার ভিতরটা কাঁপছে, চক্রালোকিত নর্মদার তটের এই শাস্ত তাক ভূমিও যেন আবেগে উচ্চাদে কেঁপে কেঁপে উঠছে। অনেকে ভূকরে ভূকরে ভূকিরে ফুঁলিরে ফুঁলিরে কাঁলছেন। চাঁদের ক্রণালী ধারা

যেন গলে গলে কক্ষ হয়ে ঝাৰ পড়ছে এই বর্ডাপৃথিবীতে। অবর্ডালোকের কর্মণ-রিশ্ব-স্পর্ণে সম্বর্গ সন্তার আনন্দ শিহরণ !

ঝাড়কাকী গানের প্রভাকটি কলি ব্রিয়ে ফিরিয়ে গাইছেন; গান গাইতে গাইতে কখন যে তিনি বীরাসনে বলে পড়ে গুহাত তুলে গাইতে আরম্ভ করেছেন; তা ব্যতে পারিনি। আমার কেবলই মনে হচ্ছে প্রীঝাড়কা গাইছেন না, হয়ত বা তাঁর কঠের মাধ্যমে সুরলোকের কোন বাসিন্দা গর্মব বা কিয়র তাঁর মধ্যে খাবিন্ট হয়ে গেয়ে চলেছেন। মামুহের কঠররে কি এত উন্মাদনা, এত মাধুর্য থাকে? হয়ত বা য়য়ং মীরাবাটই আবিভূতি হয়ে গাইছেন আক— 'তুম্হারে কারণ সব সুখ হোড়াঁ।' হে আমার প্রীতম্ প্রিয়তম! ওগো তোমার জন্ম যে আমি সব সুখ পরিভাগে করে এসেছি, এখন তুমি আমাকে গ্রহণ না করার ভয় দেখাছে কেন? অন্তরের অন্তরের বিয়হ বাধা আলে উঠেছে, ওগো! এখন তুমি এসে আমাকে জড়িয়ে ধরে।, আমার আলা নির্বাণিত করো—পীতম্, সোতুম্ আরো ব্রাবো……

শ্বীঝাডুকার গুইচোখ দিয়ে জল গড়িয়ে পড়ছে, সুরের মৃর্ছনার এবং আনন্দের আবেশে তাঁর মুখে চোখে ফুটে উঠেছে এক অপূর্ব দীপ্তি। তিনি উদ্ধৃসিত কণ্ঠে আবার গেয়ে উঠলেন—

নয়ন ললচায়ত জিররা উদাসী।
শাঁগাওল বনমোঁ বা'জে শাঁগাওল কী বাঁশী॥
মধু! মেরে মধু!
বৈনা∹মে শয়না মে, মেরা নয়না না লাগে,
মেরা নীদি ন লাগে—

থাড়কা নন! যীরাই কেঁদে কেঁদে গাইছেন আর বলছেন—'আমার নরন হয় লালারিত আর জীবন হর উদাসী যখন শুনি শুগামল বনে বেজে উঠে শ্রামের বাঁলী। যণু, আমার মধু! রজনীতে শ্যার করে আমার নরন মুদ্রিত হর না, আমার নিদ্রা আদে না, ওগো প্রিরতম! আমার বুকের কাছে যে তোষার কুসুন-সুবালিত নিশ্বাস এসে পড়ে!'

পীভম্ কে শোঁয়াস আবে কুসুম-সুবাসী॥

এ কী প্রাণ-মাতানো গান! নাসিকার একি মণ্ব সুবাস! ছাণেপ্রিরের সাহাযো যেন এক ঘনীভূত আনক্ষ মন্তিয়ের কৃহরে কৃহরে প্রবেশ করে মূহূর্ভে আনার সমগ্র সন্তাকে আনক্ষ শিংরণে রোনাঞ্চিত করে ভূলল। এক অপূর্ব সুখানুভূতি আমাকে যেন একটা সুখ-সমূদ্রের মধ্যে ভূবিয়ে দিতে চাচ্ছে! সমস্ত ইন্সির্গাম শিথিল—মন্তিয় নিক্রিরভাবে তথু সেই সুবাসে সুবাসিত হয়ে যেতে চার!…

বুকের ভিতরটা গুমরে গুমরে উঠছে। দেহমন থখন বাভাবিক অবস্থা ফিরে পেল, তখনও আমি চোখ মেলে কি খেন দেখতে চাচ্ছি, কান দিয়ে কি খেন গুনতে চাচ্ছি!……

ধীরে ধীরে যশিবের দিকে তাকিরে দেখলায় যশিবের দরজা বন্ধ করে পুরোহিত যশাই বলে আছেন। প্রীঝাড়ুকা চলে গেছেন। কোন শ্রোডাই উঠে দাঁড়াতে পারছেন না ষাভাবিকভাবে। যিনিই উঠে দাঁড়াবার চেন্টা করছেন তাঁকে দেখছি টলটলারমান অবস্থার আবার বলে পড়ছেন। যাইছোক, আমরা অবশেবে পরস্পরকে ধরাধরি করে কোনমতে ধর্মশালার দোতলার পৌছে, যে যার শ্যার যেন নেশাচ্ছরের মত গড়িরে পড়লায়। আমার পাশেই মতীক্রজীর শ্যা। তিনি নিজেই নিদ্রাচ্ছর কর্ছে জানালেন 'এখন রাত্রি সাড়ে এগারোটা'। বলেই তিনি ঘুমিরে পড়লেন। আর কারও মুখে কোন সাড়া নাই। আমি ভাবতে লাগলায়; সন্ধাা সাড়ে ছটা হতে রাত্রি সাড়ে এগারটা এই পাঁচ পাঁচটা ঘন্টা স্বায় কোথা দিয়ে কেটে গেল, আমরা ব্যতে পারলাম না। একটা ভাবাচ্ছর অবস্থার মধ্য দিয়ে কেটে গেল। সত্যই এ যেন 'বৈকুঠের গান' শুনে এলাম।

কখন যে ঘ্যিরে পড়েছিলান জানি না, ঘ্যের মধ্যে যেন ঘ্ড,রের ঝুওর ঝুরুর ধনি শুনছি। কানের কাছে বাজছে দেই ছটি পাথরের চাকতির চটাচট্, চটাচট্ লক। বিভার হরে পড়লাম। সহসা মনে হল, বুকের উপর কারও যেন নিঃশ্বাস পড়ছে, তার অল-সৌরতে ভরে গেছে সারা ঘর, কানে ভেসে আসছে—'পীওম্ কে শোরাস আবে কুসুম-সুবাসী। কী মধুনিস্ফিনী কণ্ঠবর! ঘ্য ভেঙে গেল। আমি রভ্ষত করে উঠে বসলাম। কোকিল ডাকছে। সকাল হরে আসছে। বছদিন পরে কোকিলের ডাক শুনে মনে আনক হল। মনে পড়ল, আমরা গহন গভীর বাড়িপথ অতিক্রম

করে সমতল অঞ্চলে চলে এসেছি। এতদিন ভরংকর জনগে ভোর হওরার আগেই শুনতে পেতাম বনা মোরগের ডাক। জানালা দিরে দেখলাম আকাশ করসা হয়ে আসছে। গাছপালার আবছা জরকার থাকলেও পাথীর কলকাকলিতে মনে হচ্ছে, প্রকৃতিতে সাজা জেগেছে। মোহাজজীসহ নাগা সর্যাসীদের কারও সাজা নাই, স্বাই ঘুমে অচেতন, কি জানি বা, মহালারা সকলেই ভাব-স্মাধিতে আজ্জর। আমি পা টিপে টিপে বারান্দার এনে বসলাম।

ধর্মশালার একতলার পাঁচজন সাধু আছেন দেখেছিলাম। তাঁরাও গত-রাত্রে আমাদের সলে ঝাডুকা মহারাজের গান শুনছিলেন দেখেছিলাম। তাঁদেরকে দেখলাম তাঁরা কমগুলু হাতে বেরিয়ে যাচ্ছেন বোধহর রান ও প্রাত্যকৃত্য সারতে। সকাল হয়ে গেছে, আর বসে থাকার কোন মানে হয় না। আমিও গামছা কমগুলু হাতে রান ও প্রাতঃকৃত্য করতে চলে গেলাম।

রান ও তর্পণ সেরে আদিতোখনের মন্দিরে পৌছলাম। মন্দিরে কেউ
নাই। মন্দিরে দরজার কোন তালা নাই। শিকল খুলে ঠেলা দিতেই
দরজা খুলে গেল। আমি প্রণাম ও আচমন করে শিবের মাথার জল
ঢালতে ঢালতে শিবলিক ভাল করে মার্জনা করতে লাগলাম। প্রীলিকের
শীর্ষদেশে দেখছি একটি বর্ণময় র্ত্ত, একট্ নিচেই তিনটি সোনালী ত্রিপ্ত্র
শোহা পাক্ষে। আমি হাতজোড় করে ভোত্রপাঠ করতে লাগলাম—

ওঁ নমঃ কারণ কারণানাং নমো নমং কারণবজিতায়।
নমো নমঃ কার্যময়ায় তুভাং নমো নমং কার্যবিভিন্নরূপ॥
অরূপরূপায় সমস্তরূপিণে পরাণুরূপায় পরাপরায়।
অপারপারায় পরাক্তিপারপ্রদায় তুভাং শশিমৌলয়ে নমং॥
বির্ধান্ত কার্যা। তে মহাক্তিম রক্তা। কোরাকে প্রামা

হে কারণগাণের কারণ ! হে মহাকারণ বরূপ ! তোমাকে প্রণাম । হে কারণরহিত ! তোমাকে প্রণাম । হে কার্যমর ! অথচ হে কার্যবিভিন্নরূপ ! তোমাকে প্রণাম । হে অনির্বাচনীয় বরূপ ! হে সমস্তর্মপিন্ ! হে পরমামূ— বরূপ ! হে পরাপর ! তোমাকে প্রণাম ! হে অপারপার ! হে পরার্মিপার— প্রদ ! হে শনিশেষর শনিভূষণ ! তোমাকে প্রণাম ।

व्यनाम करतरे छेर्छ प्रिवे, मृद्धीएम हरत शाह । पूर्वमूची बन्धितत प्रतका

এবনভাবে স্থাপিত যে প্রভাত সূর্যের উদয়রশ্যি সোষণ এসে পড়েছে আদিতোখরের উপর। সূর্যকিরণে অন্অন্ করছেন শিবলিছ। একতলার সেই পাঁচজন সাধু স্থান সেরে এসে পোঁছলেন যন্দিরে। আমি মন্দির থেকে বেরিয়ে আসতেই তাঁর। যন্দিরে চুকে শিবের মাধার জল চালতে চালতে তুব করতে লাগলেন—

ওঁ উদয়গিরিম্পেতং ভাস্করং পদ্মহন্তং
নিখিল ভূবন নেত্রং রত্বরত্বোপমেয়ম্।
ভিমিরকরিম্গেল্রং বোধকং পদ্মিনীনাং
স্বরবরমভিবন্দে স্থুন্দরং বিশ্ববন্দ্যম॥

তব তবে আমি চমকে উঠলাম। এখানেও কি তাহলে সূর্যমন্ত্রে মহাদেবের আর্চনা করতে হর! আমি একথা তাঁদেরকে জিপ্তানা করতেই বেশ টেরিয়া মেকাজে বলে উঠলেন—'আপ্ক্যা নয়া পরিক্রমা কর্রহা হৈ! পুয়বিশী তীর্থ দে আদিভোশর তীর্থ তক্ ভগবান সূর্যনারারণকী তপস্যাক্ষেত্র হ্রার। ইধর সূর্যমন্ত্রনে হি শিবকীকো উশাসনা বিধি হৈ।'

—'তথান্ত ভগবন্ তথান্ত' এইবলে তাঁদেরকে শান্ত করলাম। তাঁরা চলে গেলেন। 'হর নর্মদে, হর নর্মদে' বপতে বলতে পুরোহিত মশাই অনেক পুস্পসন্তার এবং রৌপ্যপাত্তে পঞ্চাম্ত নিয়ে পূজা করতে উপস্থিত হলেন। আমি তাঁকে 'হর নর্মদে' বলে অভিবাদন করে ধর্মশালার দিকে যেতে লাগলাম। একবার নর্মদার ঘাটের দিকে তাকিয়ে দেখে নিলাম, মোহান্তজী তাঁর দলবল নিয়ে য়ান করতে এসেছেন কিনা। কাউকে দেখতে পেলাম না। কী আশ্চর্য! প্রায় সাতটা সাড়ে সাতটা হয়ে গেছে, সমস্ত অঞ্চল রৌদ্রে ঝলমল করছে, এখনও তাঁরা উঠেন নি ! তাঁদের কি তাহলে ভাবের খোর এখনও কাটে নি ! ধর্মশালার প্রালমে চুকেট মহাত্মাদের সাড়া পেলাম। দোভলায় উঠে দেখি, সকলেই বারান্সার বলে আরাম করছেন। নির্বিষে জীবিত অবস্থায় এবং অক্তমেছে সকলেই যে শূলপাণির ঝাড়ি অভিক্রম করে আগতে পেরেছেন, এই আনন্দে সকলেই মশগুল। মতীক্র আমাকে জিঞানা করলেন—আপনার রান পূজা হয়ে গেল ভাই !

খোহান্তলী বললেন—কহিরে বালালীবাবা, বৈকুঠকা গান ক্যারনা মিঠা !
রভনভারতী বছবা করলেন—হম্ শোচভা হঁ, কৈলানশিবরে রবো
শিবভবন মেঁ ঝাডুকাজী কোট কিলল থে; হো সক্তা হৈ নাল্লী ইয়া
ভ্ৰজীনে কোই বখত্ ইন্কো শলাপ দিলে থে, ইনীওরাভে ইনোনে ফিন্
জনম্ লিলা!

লক্ষণভারতীকী টাগ্লনি কাটলেন—হাঁ হাঁ হম্ শোচতা হুঁ উস্বৰণ তুম্ উমর বিরাক্ষান থে শুর নারদকী ইরা ভ্গুজীকা গোড়কা ঠোক্কর খা কর্, ইস্মধাপ্রদেশ মেঁ গির গিয়া!

जांत्र कथा अत्म नकरनहे हा हा करन रहरत छेर्रानम।

ৰোহান্তজী বললেন—হাসিঠাটা থাক্। ব্বলে লছমন ভেইয়া, মণ্ডলেশ্বর থেকে আমাদের গদী এথানে উঠিয়ে নিয়ে এলে কেমন হয় ? ভাহলে রোজই আমরা ঝাডুকাজীর মধুময় কণ্ঠয়রে ঐ অলৌকিক ভজন ভনতে পেডাম!

- —ভালই হয় তবে ঝাডুকাজী যদি এখান থেকে চলে যান, তখন কি করবেন! আবার ভল্লীভল্লা নিয়ে মগুলেশ্ব ফিরে যাবেন!
- —তব ত বহুৎ ঝঞ্চাট হোগা। অব চলিয়ে নর্মদা ঘাটমেঁ নাহায়েগা।
  তাঁরা স্বাই দল বেঁথে রান করতে গেলেন। আমি লক্ষণভারতীজীর
  কাছে একটি ছুরি চেয়ে নিলাম। লিড পেলিলের মুখটা একটু চেঁছে নিয়ে
  ভায়েরী লিখতে বসব। হাত্নী সদম পর্যন্ত সব বিবরণ লিপিবছ করেছি,
  পাগলী ঘাট, মাকড্খেড়া এবং হিরণাপাণি তথা পুদ্ধরিণী তীর্থ সম্বন্ধে নোট
  লেখা হয় নি। ঝোলা থেকে ভায়েরীটি বের করে লিখতে বসব, এমন
  সময় মতীক্রলী আবার ফিরে এলেন—'ভূল করে ঘড়িটা সলে নিয়ে গেছলাম।
  ঘড়িটা আপনার কাছে রাখুন ত ভাই। গুরুলী আপনাকে জানাতে বললেন,
  আন পূলা সেরে আসতে আমাদের কিঞ্চিং দেরী হবে, আপনি কিছু ভাববেন
  না। আপনি যখন রান করতে গেছলেন সেই সময় পুরোহিভন্দী এলে তাঁর
  বগ্রেই ভিক্ষাইহণের আমন্ত্রণ জানিয়ে গেছেন।'

—এই সুৰংবাদ প্ৰদাৰের জন্ম ধন্মবাদ! মভীপ্ৰজনী হাৰতে হাৰতে চলে গোলেন।

আমি ভারেরী লিখতে বসলাম। আমার এই ভারেরী লেখা মানে সংক্রিপ্ত নোট নেওরা। বাণপক সদক্ষের কিছু প্রাকৃতিক বৈশিক্টা লিখে

পাগলী ঘাটের পাগলী বামের সম্বন্ধে লক্ষ্ণভারতীঞ্চীর কাছে যা স্ক্রমেটিলাম. ला नियमाम। माक्फरबर्फाए कारना हिकाब एख किलारव ट्रिके कानवाति कांगितिहिमान (म मन्दत्त किছ मिट्य हिणावाद्यत होतितिक देविमक्का मन्द्रत যা যা শুৰেছিলাম তাও সংক্ষেপে লিখলাম। পুষ্কবিনী তীর্থে নেই কোজাগরী পৃথিমার রাত্রে মোহাল্কীর ভাবোলাদ অবস্থা, পুরুরিণীর পাড়ে চারজন রহস্যমর সাধুর দর্শন, তাঁদের অলোকিক গাত্তবর্ণ, তাঁদের দিকে এগিরে যাওয়ার চেন্টা করতেই মূহর্মূহ বাবের হকার, সকালে হিরণাণাণির পুখ। क्रवट एराउरे या:रे कर्छ नागरवरमत्र मखाविकान, नरना मन्नित मर्था विकार बिनिक, ध्वात ज्ञानात्र नमप्त राच महित्यत नड़ारे, तारे वी छरन जुना, नर्वत्मव গভরাত্রে আডুকাজীর কঠে 'বৈকৃষ্ঠের গান', সব বিবয়েই কিছু কিছু নোট निर्द छादाती त्नथा यक कतनाम। चछित्र मिरक छाकिएस समि त्यारहे न'है। द्वरक्रह्। व्यामि धर्मगानात हाए छेट्ठे एनथनाम, दमाहास्त्रकीत एन বেইমাত্র স্থানাদি সেরে মন্দিরে এসে পৌটেচছেন। ৩০ জন নাগার একে একে পুজা করে আগতে দেরী হবে। আমার কৌতুহল হল, একতলার ঘরে গিরে সেই পাঁচজন সাধুর সঙ্গে আলাপ করতে। ভারেরী হাতে নিয়েই त्माय (श्रमाय उँ। एक नामा कि एक रे एक एक नाम, उँ। अर्थाएक स्वाप्त के प्रमाय के प्रमाय के प्रमाय के प्रमाय के प ভত্মলেপন করছেন। তাঁরা সকলেই উলজ্ হয়ে বসে আছেন। প্রভাকের লিঙ্গদেশ মোটা লোহার ভিঞ্জির দিয়ে দুচ্ভাবে বছ। তাঁদেরকে গতরাত্তে ঝাডুকাজীর গানের আগরে কিংবা আজ সকালে নর্মদার ঘাটেও দেখেছিলাম, তাঁদের পরিধানে ছিল একখণ্ড গেরুৱা বস্ত্র। ঘরে চুকব, না, দোভলার ফিবে যাব ইতন্ততঃ করছি এমন সময় তাঁলের একজন আমাকে দেখতে পেরে णक नित्नब—'वाहेत्त, वाहेत्त, चन्नतामँ वाहेत्ता।'

আশৃত্ত হরে বরে চুকলাম। প্রথমেই তাঁরা আমার পরিচয় জানতে চাইলেন। আমি জানি সম্প্রদারে সম্প্রদারে সাধারণতঃ বিরোধ থাকে। যে যার সম্প্রদারকেই চরম এবং একমাত্র খাঁটি ভেবে থাকেন। তাই প্রথমেই আমি জানালাম, 'বাবার ইচ্ছাক্রমে ষাধীন ভাবে নর্মদা পরিক্রমা করচি। শূলগাণির ঝাড়িতে পরিক্রমার সময় পথিমধ্যে এঁদের সঙ্গে দেখা হয়। হরিধামে পীছে এঁদের সঙ্গে ছাড়াছাড়ি হয়ে যাবে।' আমার কথা শুনে মনে হল তাঁরা খুনী হলেন। মন্দিভর বাঁকে 'টেরিয়া মেন্ডাজের সাধু' বলে

यत्व रुदाहिन, छिनिरे धार्याक बनएक नाशरनन-'ভार्याट धार्याद्य विवाहे चाथव। चार्यात्मव वाहासचीव विर्तृत्म चायवा परम परम विकक হুরে চভুদিকে খুরে ফিরে ভিক্লা করি। ভিক্লালক অর্থে দরিত্র নারারণের সেবা হর। এখানে আরও তিন চার দিন থেকে আমরা ভারোচে ফিরে यात। आयता निकटक लाहात निक्कित दाँदध ताथि वटन आयादमत्रक কেউ বলে 'লোহিয়া', গাত্তে ভদ্মনেপন করি বলে কেউ বলে 'থাকি', কারণ খাক শব্দের অর্থ ভন্ম। পাঁচটি বাঁক দেখিরে বললেন-আমাদের এই ভিক্ষাবন্ত্রের নাম 'কামধেনা' এই কামধেন কাঁথে নিরে ভিক্ষা করি বলে অনেকে আমাদেরকে বলে 'কামধেম্বী।' আমরা কোন গৃহত্বের বাড়ীতে প্রবেশ করি না। ওরুপরস্পরাক্রমে ঘেসব উপদেশ বাক্য আমাদের সম্প্রদারে প্রচলিত, আমরা সেইসর দোঁহা গাইতে গাইতে রাভা দিয়ে হেঁটে যাই, गृहीता नित्कतारे अत्म छिका नित्त यान। आयता या नर्मना, मिन, मूर्य, রাম ও নারারণকে একই পরমেশ্রের প্রকাশ বলে মানি, তাই পরমেশ্রর জ্ঞানে এই পাঁচ দেৰতারই উপাসনা করি। তুমি ভারোচে গিরে আমাদের বিখ্যাত খাকি-কামধেন্ত্রী আত্রমে গেলে আমরা ধুশী হব। আমাদের खिकायश्वक्षनि **खान करत नका क**र।

তাঁর কথার ভিক্ষা যন্ত্রগানিকে ভাল করে খুঁটিরে দেখতে লাগলান। ভিক্ষাযন্ত্র একগাছি করে বাঁক ছাড়া কিছু নর। ভারীরা যেমন বাঁকে ভার নিরে যার ঠিক লেই রকমই এই কামধেন্ন নামক যন্ত্রের ছুই দিকে ছুই গাছি শিকা আছে। প্রত্যেক শিকার একটি করে ছোটু চালারী বলানো থাকে। শিকাগুলি লাল রংএর কাপড়ের টুকরো দিয়ে জড়ানো। একদিকের শিকার গাভী এবং অন্তাদিকের শিকার হনুমানের মূর্তি অন্ধিত আছে দেখলাম।

আমি তাঁদেরকে জিলাস। করলাম—আপনারা যখন ভ্সালেপন করছিলেন, ভখন বিভূবিভূকরে কোন মন্ত্র আওড়াচিছলেন বলে মনে হল। ভাস মাধার কোন মন্ত্রাহে না কি ?

—আছে বৈকি! ওধু ভত্মদেপন নর, লিম্পকে জিঞ্জিরে বছ করারও সংয্য-সাধনী যন্ত্র আছে। জিঞ্জির বন্ধনের মন্ত্র—

> মৃঞিকো বন্ধন ধরমকো ধাগা। লোহাকো এড়বন্দ্কমরমেঁ লাগা। শুরুকা দোহাই কামনাশ হোগা॥

আর ভন্ম নাধার মন্ত্রন্দেগা মেঁহ জমেগা, ছব্চরেগা গৌহগেগা, গোবর অগিশ্ মুখ জনে সূর্য মুখ তপে ওহি খাক, সন্তনকে চঢ়ে লগা, খাক্ হয়া দিল্ পাক, অলখ নিরঞ্জন আগহি আগ্।

আন্তারা বা প্রশ্রর পেরে আমার সাহস আরও বেড়ে গেল। আমি হাতজ্ঞাড় করে বললাম—আমাকে দরা করে যদি তু চারটি দোঁহা বলেন ভাহলে ধনা হই।

- —আপকা পাশ ভারেবী ত হার; আচ্ছা হ্যারা গুরুজীকা উপদেশ দো চারঠো লিখ লো। অপর গুরুভাতাদের দিকে তাকিয়ে বললেন— ক্যা ভেইরা ? ইস্যে কোট হরজা হার ?
- —ৰেহি, নেহি, কা। হরজা ? ইয়ে ভকত্ আদমী স্থায়। ইনকো ভুনা দিজিয়ে—
- ১। সোই হমারা সাইয়া জো সবকা পূর্ণহার।
  থাকি জীবন মরণকা জাকৈ হাথি বিচার॥
  থিনি সকল বল্পকে স্থালসুদ্দর করে সৃষ্টি করেছেন, তিনিই আমার ঈশ্বর।
  জীবনমরণের বিচার তাঁরই হাতে, তাঁরই চিন্তা কর।
- ১। সাঁই কিয়া সব হৈ রক্ষা যো কুছ্ করৈ সো হোই।
  করতা করৈ স হোতে হৈ কাহে কলপৈ কোই॥
  পরমেশ্র যা করেছেন, তাই হরেছে। তিনি যা করবেন, তাই হবে।
  তিনিই তাবং বিভ্যান্ পদার্থের কর্তা। তবে লোকে কেন শোক করে দ
- ৩। সুমিরণসে প্রেমধন জাগৈ কৌন্ কিয়া সব হোই।
  থাকি মারগ মেহের কা বিরলা বুঝে কোই॥
  যে বাজি লম্মরকে স্মরণ করে, ভারই প্রেমানলের উদর হয় এবং কোন
  বিবরের চেন্টা না করলেও তার সকল সম্পদই আপনা হভেই সম্পন্ন হয়।
  থাকিদের পথ মেহের বা দয়ার পথ। এই দয়ার পথ বুঝতে পারে, এমন
  লোক অতি অল্ল।
  - ৪। পূরণহারা পরশি ক্রোচিড রহসী ঠাম। অস্তর তেঁহরি উমগ্রসী সকল নিরস্তর রাম॥

পূরণ-কর্তা পরবেশর যদি ভোষার ক্ষরবাদী হয়ে ভোষাকে স্পর্শ করেন, তবে ভোষার অন্তর হতে হয়ি আপনা হতেই উদ্ধৃদিত হয়ে উঠবেন। রাম দকল বস্তুতে নিরস্তর শ্বিতি করেন।

- ৫। মূরথ ! সোডো পাস হি হৈ নাহাঁী দ্রীগবার।
  সব জানত হৈ বাপুরে ! দেবে কোঁ হুসিয়ার॥
  বারে মূঢ় ! ঈশ্বর ভোর দ্বে নন, ভোর নিকটেই আছেন। তবে বাপু!
  তিনি সকলই জানেন এবং স্যত্নে যথায়ও দান করে চলেছেন।
- ৬। চিন্তা কর্ণা কুছ নহঁী, চিন্তা জীবকো খাই।
  হোনা থা সৌ হৈ রহ্যা, জানা হৈ সো জাই॥
  চিন্তা করা কিছু নর , চিন্তা জীবনকে শোষণ করে। যা হবার চিল তাই
  হরেচে। যা যাবার তাই যার।
- ৭। ক্লোরচিয়া সোই হোগা কাহেকো শির মেঁলে।
  সাহিত উপরি রাখিয়ে দেখি ভামাসা ইয়ে॥
  ঈশ্বর যা বিধান করেছেন, তাই ঘটবে। অতএব, তুমি কি জন্ম নিজের
  মাধার ভার গ্রহণ কর ় প্রমেশ্বকে সর্বোপরি বলে জান : বলে বলে
  তথু কৌতুক দেখ।

যদিবের দিক থেকে শিলা ভয়কর নাদ নহ 'হর-নর্মদে' ধ্বনি উঠতেই 'থাকিবাবা' বললেন, 'ভূমহারা সাথীরো নে, আ রহা হৈ।' বেলা ১১টা বেলে গেছে। আমি তাঁলেরকে নমন্তার জানিরে উঠে পড়লাম। যিনি আমাকে উপদেশ শুনাচ্ছিলেন, ভিনি বললেন—'ভারোচ মেঁ পৌছকর্ খাকিবাবা কো আশ্রম মেঁ জরুর ঘাইরে গা।' আমি উত্তর দিলাম 'লোরচিয়া সোই হোগা অর্থাৎ ঈশ্রর বা বিধান করেছেন, ভাই ত ঘটবে!'

এইবলে দোতলার উঠে গেলাম। হু' এক মিনিট পরেই নাগা সন্নাদীর দল পৌছে গেলেন। মোহান্তনী বললেন, 'বালালীবাবা, আদিতোশব ভগবানের পূরা করে আজ বড় তৃত্তি পেলাম। তৃষি ও আমাদেরকে হেড়ে একলাই সর্বাহ্যে পূজা করে এলেছ। ভালই করেছ। তৃষি এখন আমাদের বলে থাকলে বড় আমল পেতে।'

আমি সন্ত শেষা বুলি আওড়ালাম—'জো রচিরা সোই হোগা।' অর্থাং ঈশ্বর যা ঘটাবেল তাই ত ঘটবে।

किहुक्र शराई शूरवादिङ मणाई अरमन मम्बद अिविद्यान्तरक आवादन करत बगुरर निरत यानात कना। 'रत नर्भरिं श्रीन विरक्त विरक्त कामता তার বারদেশে উপস্থিত হলাম। বাক্ষণের সংখ্যিনীসং পাঁচ পুঞ সকলের भा शृहेरक पिरमन । वातवात वातम कता मर्थक छाता अनरमन ना । मन्दित হতে বোধহয় ৫০০ গভ দূরেই তাঁর দোতলা পাকাবাড়ী। প্রশন্ত প্রাচন এবং শক্তভাতার আছে দেশলাম। প্রায় ৪০টি গাঙী আছে। পুরোহিও यमाहित्क त्वम मन्नात शृह्य बर्लाहे मत्न हल। वाष्ट्रीत छिख्रतत वातानात মহারা কমলভারতীকী এবং চৈতন্তভারতীকীর বড় তৈলচিত্র দেবলাম। পুপামালো সুসজ্জিত। 'ব্ৰহ্মাৰ্পনং ব্ৰহ্মহ্বি' মথোচ্চারণ করে পুরী ভাল এको। नजीत उत्रकाती रानुता अठूत १६ नत नर्यारण आयता नकरनर পরিভৃত্তি সহকারে ভোজন করলাম। এদেশে যেকোন শাকপাভার ভরকারীই হোক, মূলো শাক, সরবে শাক, হিংচা, ধনেপাতা, পলতা বা আলু-পটল नहर्यारण कान जान्ना वा त्यानहे हाक, जात नर्वजनीन नाम मकी! ত। बाक्टक दर नेकी दिनाम, जात मत्या नाना नाना रूड्राइ बामातित দেশের কচুর মত কিছু মিশানো ছিল। সেই বস্তুটা কি তা জিঞালা করতেই পুরোহিত মশাই বললেন—'উস্কা নাম পেক্চি।'

কিছুই ব্রলাম না। তিনি তখন বললেন যে পেকৃচি এক ধরণের কান্দা, মাটির নিচে হয়। তব্ও ছুর্বোধা ঠেকল। লক্ষণভারতীকী বললেন—ধর্মশালার গিয়ে তোমাকে ব্রিয়ে দিব চল। ঝোহান্তলীকে পুরোহিতকী প্রাম করতে উল্লত হতেই মোহান্তলী তাঁকে ছড়িয়ে ধরলেন। পূর্বেই শুনেছি লক্ষণভারতীসহ এই তিনজনই পরস্পারের ওকভাই। তাঁরা পরস্পারকে কোলাকুলি করলেন, বাকী আমরা স্বাই 'হয় নর্মদে' বলে অভিবাদন জানিয়ে ফিয়ে এলাম ধর্মশালায়। সকলেই বিশ্রাম করতে লাগলেন। আমাকে বারান্দার ওেকে নিয়ে গিয়ে লক্ষণভারতীকী জানালেন—'অভিধি হিসাবে গৃহধানী প্রদন্ত বজছি না। তোমার কৌতৃহল নির্ভির জন্ম জানাছি, পেকৃচি কোন কান্দান্ধানা নয়, বনকচ্। অভি অখাছ বস্তু।

আনি স্পর্শপ্ত করি নি। হুর্গন জলুলের যথো যারা বাস করে, সেই ভীল, ওয়াঞ্চি, হো প্রভৃতি জাভির গরীব লোকরাই বাধা হরে বনকচু খার। আঞ্জণ, সরাসীদের ভাগুরার পরিপাটি বাবছাই করেছিলেন, ঐ জাভীর সজী না বানালেই পারভেন।' আমাদের কথা শেব হতে না হতেই মোহান্তলী বারান্দার বেরিরে এলে বলুলেন—আডুকালী আজ সামকা ববং আরোগা ত টু উন্কা 'বৈকুণ্ঠ কী গানা' কি লিয়ে যেরা দিল তড়পাতা হৈ।

— এই নিরে আপনি তিনবার ঝাডুকার তালাশ করলেন। পুরোহিত ভেইরাকেও ত্বার বিজ্ঞাসা করেছেন। তাঁর কাছে ত ভানে এলেন ঝাডুকালীর আসা না আসা তাঁর মর্জি। আসতে পারেন, নাও আসতে পারেন। এলে তাঁর গান আর একবার ভানব, না এলে শোনা হবে না। পরিক্রমাবাসীর কাছে পরিক্রমাটাই মুখা। এখন আমরা ঘ্মাব; পাঁচটার আগে উঠিছি না। আপনার ইচ্ছা হলে আপনি মন্দিরে গিরে ঝাডুকাজীর পথের দিকে সভ্যুম্ব নয়নে তাকিয়ে বলে থাকুন।

জাঠ ওক্সাতার ধনক খেরে মোহান্তকী শুক্নো মুখে গিরে বসলেন নিজের আসনে। স্বাই অল্লবিশুর আমরা ঘূমিরে নিলান, কিন্তু মোহান্তকী ঠার বলে রইলেন। বিকেল ৫টা বাজতে না বাজতেই মোহান্তকী লক্ষণভারতীজীকে কাডর বিনতি জানালেন—'অব চলিয়ে মন্দ্রমেঁ।'

—নেহি জী! ঝাড়কাজী সামক। বৰং আরেছে! নেহি আনেসে আচ্ছাই হোগা! এইবলে ভিনি আনাদের ছিকে চোব টিপলেন। ঠোঁটে চোৱা হাসি! তাঁর কথা গুনে মোহাজ্ঞী চোধ বন্ধ করে বসে রইলেন।

লক্ষ্মণভারতীকী মূথে ঐ রক্ষ কথা বললেন বটে কিন্তু মূপ হাত ধুরে ভক্ষ্মি তিনি মন্দিরে যাবার ক্ষম্ম প্রস্তুত হতে লাগলেন। উভন্ন গুরুত্রাভার এই রাগ ক্ষ্মরাগের পালা আযার ধুবই ভাল লাগল।

লক্ষণভারতীকী প্রস্ত হরে বললেন—উঠিরে জী, আণ্কো আশিক্ কা পাশ লে চল্তা হ'। যোহাস্থলী লাফিয়ে উঠে তাঁর লছ্যন ভেইয়াকে জড়িয়ে ধরলেন।

আমরা মন্দিরে বধন পৌছলাম, তখন মতীক্রের বড়িতে দেখলাম সাড়ে পাঁচটা বেজেছে। গিরে দেখি, যন্দিরের চম্বর তবে গেছে। গান শুনার আগ্রহে সকলেই এসে ঝাড়,কান্সীর আগমনের প্রতীক্ষা করছেন। গত- রাত্রে থিনি বারাবাল-এর পুণা জীবনচরিত জানতে চেরেছিলেন তিনিও এনে বনে আহেন। স্কাা ৬টা বাজতেই প্ত্রের ধানি শোলা গেল। বাজ্,কাজী আসহেন, আসহেন স্বাবর্ডের পাশ দিয়ে। তাঁর পিছনেও দেবছি, তাঁকে অনুসরণ করে করজোড়ে আসহেন দশ বার জন ভক্ত।

ভিনি গুন্গুন্ করে গাইতে গাইতে আসছেন,

মীরা কে প্রভু গহীর গম্হীরা, হাদয় রহেঁ জী ধীরা।
আধী রাজ প্রভু দরশন দীন্হে প্রেম নদী-কী জীরা॥
অর্থাৎ নীরার প্রভু গজীর গজীর, বড় গহন সেই রহয়। হাদয় বৈর্ধা
ধরে থাকো, অর্থরাত্তে প্রেম-নদীর জীরে প্রভু ডোমাকে দর্শন দিবেন।……

তাঁকে দেখা মাত্রই সকলেই শশবাত্তে উঠে দাঁড়াবার উভোগ করভেই পুরোহিতজা, বললেন—'এারদা বং করনা। ইরে উন্কা বিলক্ল বেপদন। চুপচাপ বৈঠা রহিরে।'

বাড়কাজী কারও দিকে না তাকিরে মিনিট হুই ভগবান আদিতোখরজীকে বিহলে দৃষ্টিতে নিরীক্ষণ করলেন, পরে ভুল্ঠিত হলে প্রণাম করতে লাগলেন। প্রণাম করে উঠেই ভিনি বারাসনে বসেই সেই বৃদ্ধামারীর দিকে তাকিয়ে বলতে লাগলেন—'গতকাল শুনিয়েছি যে পরম বৈক্ষণী নীরাবাল জন্মছিলেন যেড়্ভার কাছে কুড়্কি গ্রামে। ভিনি জন্মেছিলেন বৈক্ষণী ভিনিতে। সূর্য তথন মেনরালিতে, ভুলী। তাই সূর্যের নামানুসারে তাঁর নাম রাখা হয় 'মিছিরা', মিছিরা থেকেই অপজলে বীরা। বীরাবাল যথন জন্মগ্রহণ করেন তথন দিল্লীতে লোলী সাম্রান্তা অন্তোলুখ। ইত্রাহিম লোলীকে পানিপথের যুদ্দে হারিয়ে বাবর বসেছেন দিল্লীর সিংহাসনে। ইতিহাসের রলভূমিতে যোগলের সেই প্রথম পদস্কার। মহারালা সংগ্রামসিংহ তথন বপ্র দেখছেন ভারতে পুনরায় হিন্দু সাম্রান্তা প্রতিষ্ঠার। তাঁর বপ্র যদি সফল হড, তাহলে মহারাণা সংগ্রামসিংহের পুত্র বীরার বামী কুমার ভোজরাজ বসতে পারতেন ভারতের সিংহাসনে আর আমার উপাক্যা দেবী মীরাবালজী হতে পারতেন ভারতের পট্রম্থিনী।

ৰহারাণা সংগ্রাৰণিংহের বাত্ঠিাকুরাণী রতনকুমারী আলা একবার

কালী গিরেছিলেন। সেধানেই বহাযোগী বৈদাস বা কইদাসজীর সঙ্গে তাঁর সাক্ষাং ঘটে। তিনি কইদাসজীর কাছে দীক্ষা গ্রহণ করেন। তাঁর কাছে অপূর্ব কাক্রকার্য বিশিষ্ট গিরিধারীর একটি বিগ্রহ ছিল। তিনি সেটি জকদেবকে সমর্পণ করেন। কইদাসজীর বরস তথন ২০০, সেইসমর তিনি একবার রাঠোর সর্দার রতনসিংহের গৃহে অতিথি হল। নীরাবাঈ তথন শিশু, বরস মাত্র পাঁচ বংসর। গিরিধারীজীর সুক্ষর মৃতিটি দেখে বাচ্চা মেরে আবদার করেন সেই মৃতিটি পাবার কর। কইদাসজী প্রথমে সেটি দিতে চান নি। কিছু সেধানে থাকতে থাকতেই কইদাসজী গভীর রাত্রিতে শুরে শুরে শুনতে থাকেন মীরার কঠমর, তাঁর আতি , তিনি অনুভব করেন গিরিধারীজীও যেন মীরার কাছেই থাকতে চান। মহাযোগী অগত্যা সেই গিরীধারীলালের বিগ্রহ মীরার হাতেই সমর্পণ করে আনেন।

অনেক বই-এ মীরাকে রাণা কুজের পত্নী বলে বর্ণনা করা হরেছে।
এটি মারাক্সক ভূল তথা। তেমনি বৃন্দাবনে তাঁর শেষ জীবনের কাহিনীও
গালগল্প, বিলকুল ঝুট়। মীরা ছিলেন বাবর ও গুরুনানকের সমসাময়িক।
তরুণ আকবরের সঙ্গে যখন তাঁর দেখা হয়, তখন তিনি ১০০ বংসরের র্দ্ধা!
দেখা হয়েছিল চিতোরে নয়; সমস্ত তীর্থ পরিক্রমান্তে মীরা তখন পরিচয়
গোপন করে বাস করছিলেন বজোগড়ের বাবেল। রাজা রামচক্রের
রাজশোলাদে।

সেই শিশুকালে গিরিধারীলাশকে পাবার পর থেকে তিনিই হরে উঠেন
মীরাবাদ-এর ধানিজ্ঞান। গিরিধারীলালের সেবা পূজা করতে করতেই
তার কঠে বতঃই উৎসারিত হতে থাকে বিচিত্র সব গান ও গানের ভাষা।
সংগীত জগতে তাঁর অভিনব সৃষ্টি মল্লার। তীর সুরার মত একটা মাদকভার
এই ভক্তি রলাপ্রিত গান মনকে আচ্চল্ল করে ফেলে। তথু আত্মনিবেদন
নর, প্রীতম্ প্রির্জনের উপর জোর-খাটানো আবদার তাঁর গানের চত্রে
হত্রে—যারীরী, মারিরী, মার ভো গোবিন্দ লীনো মৌল, মাগো! আমি
ত গোবিন্দকে একেবারে কিনে নিয়েছি। বলেই উঠে দাঁড়িয়ে নাচতে
নাচতে গাইতে লাগ্লেন—

অঁপ্য়ন ফল সাঁচি সাঁচি প্রেম বেলি বোঈ।

## অব ভো বেলি ফ্যায়ল গঈ আনন্দ ফল হোঈ॥

অর্থাৎ বারাদেরী তার গোবিন্দকে বলছেন—চোধের ছলে নিঞ্চ করে বুনে দিরেছি প্রেষ ভালবাসার লতা। এখন ত সেই লভার ফুল ফুটেছে, জন্মেছে সেথার আনন্দ ফল!

ঝাডুকাজীর কণ্ঠ দিরে উৎসারিত হচ্চে সেই সুধানাখা 'বৈকুণ্ঠের গান', স্বাই তার হরে বসে আছি, ভন্তীতে ভন্তীতে একটা সুধাবেশ সঞ্চারিত হরে গেল।

তিৰি গেৱে চলেছেৰ—

বিরহিনী বৈঠা জাওঁ
জগৎ শোয়রে আনি,
ভারা গিন্ গিন্ রৈন বিহানী॥
হারে মেরা জনমমরণকে সাথী
রাজা মেরে রাজা!
থানে নহাঁ বিসকু দিন রাভি।
হে-রী মাঁ।রভ দরদ দিওয়ানী
মেরে দরদ ন জানে কোয়।
মীরা দাসী জনম জনম কী
পড়ি তুম্হারে পায়॥

মীরা প্রাণ চেলে তাঁর অন্তর বেদনা ব্যক্ত করছেন গিরিধারীলালের চরণকমলে—'নারা জগৎ বুমিয়ে আছে, একা আমি জেগে বলে আছি বিরহিনী। আকাশের তারা ওনে গুনে আমার সময় কাটছে। ওগো আমার জীবন-মরণের সাথী। মধু। আমার মধু। দিনে রাতে নারেকের জন্যও ভোমাকে ভূলতে পারছি না। ওরে, আমি যে ভালবালার বেদনার বিবাগী, আমার বাধা ও কেউ বুবে না!'

সূরের ইন্দ্রজালে আচ্ছর হরে ঝিম্ থেবে বলে আছি সবাই। হঠাৎ দেখলাম, যদ্দিরের গর্ভগৃছ হতে বেরিরে এলে ছটি কালো সাপ ঝাডুকালীর কাছ হ'ছে গুভিন ফুট দূৰেই ফণা বিস্তার করে গুলছে ' এখন সকলের যা বিগলিত তন্মর অবহা দেখছি, তাতে ঐ গুটো বিষদে সাপ যদি তেন্তে এসে দংশন করে, কারও দৌড়ে পালানোর ক্ষমতা নাই। আডুকাজীর অবিরাষ অঞ্চধারা এবং যভোৎসারিত সুরের লহবীতে কোন ছেদ পড়ল না, যতিভদ হল না। তিনি পূর্ববং ভাবচুলুচুলু নেত্রে তান ধরলেন—

স্থী, মেরো নী দ নসানী হো।
পিয়কো পছ্ নিহারত সিগরী
রৈণ বিহানী হো।
জুঁট চাতক ঘন কুঁরটে,
মছরী জিমি পানী হো,
মীরা ব্যাকুল বিরহিনী
সুধ বুধ বিসরানী হো।
স্থী মেরো নী দ নসানী হো……

ৰীরার আতি আমাদের সকলেরই বুকে এসে বি'ধছে, তার চোধের ক্ষল আমাদের চোধ দিরে ঝরঝর করে গড়িরে পড়ছে। আর চোধ ধূলে রাধতে পারলাম লা। আবেশে চলে পড়লাম স্বাই। ময়চৈতক্ত্রের ভরে লেমে এসেছে ক্যোতির প্লাবন·····

যখন চেতনা ফিরে এল, তখন দেখলাম ঝাড়ুকাজী চলে গেছেন। সাপ 
ফুটোও নাই। স্বাই টলতে টলতে উঠে দাঁড়ালাম। তগবান আদিতোখরকে
প্রণাম করতে গিয়ে সকলেই কিছুল্প নির্ম হয়ে পড়ে রইলাম। প্রত্যেকে
প্রত্যেককে ধরে জড়াজড়ি করে কোনমতে ফিরে এলাম ধর্মশালার, কারও
মূখে কথা নাই।, কেবলই কানে বাজছে অপরূপ সুরের মূর্ছনা—'স্থী মেরো
নী'ন নসানী হো'·····নীরা যেন কানে কানে বলছেন—'ও স্থী, আমার
চোখ থেকে ঘুম চলে গেছে। সারা সমন্ন কেটে যাছে প্রিয়ত্যের পথ চেয়ে।
যেমন মেবের প্রত্যাশার থাকে চাতক আর মাহ পড়ে থাকতে চার জলে ·· ·
তেমন ভাবেই ব্যাকুল বিরহিনী হলে আছে মীরা, ভার সব হ'স চলে
গেছে·····ও স্থী। আমার চোখ থেকে ঘুম চলে গেছে—স্থী মেরো
নী'ন নসানী হো·····।

হাপেশ্বর মহাদেবের বন্দিরের সেই বটভলায় করণাত্রীকী একগভে আমাদের ৩০ করকে এক মলোকিক আনল্যের জগতে টেনে নিয়ে গেছলেন, আর এখানে ঝাড়্কাজী বে তাঁর গানের সূত্র প্রায় একশ জনকে একগভে চুবিয়ে দিলেন আনল্যের সমৃত্রে! ঋষির কথা কত আক্ষরিক ধর্ণে সভা, তা আজ মর্মে বর্মে উপলব্ধি করলাম—

যোগানাং যোগ শাস্ত্রাণাং সারং আকৃষ্ণ পদ্মভূ:।
ইদস্তং সর্বযোগসারং সঙ্গীভাখ্যং অকল্পরং॥
সমল যোগ ও বোগের সার নিয়ে বছং পদ্মযোগি ব্রহ্মা সর্বযোগের সার এই

ান্যান্ত নামক মহাযোগ সৃষ্টি করেছেন।

ঝাডুকাছী চলে গেলেন। তাঁর গানের প্রভাব কিছুক্রণ আবিউ করে রাখল ; ভারণর নেই ভাবাক্ষর অবস্থা ধীরে ধীরে কাটল। আমরা কালকের 🖁 মতই পরস্পরের হাত ধরে ধর্মশালার পৌচে ওরে পড়লাম। আজ একগুমে नकान । वाजान्मात्र (विदाद एम्बि, वन कुत्राभात्र ठाविनक छाका পড़েছে। गाहणानात ठेपटेप करत मिमित पड़रह। दिशाद करत (त्यनाय, काषांगती পূর্ণিমা কেটেভিল হিরণাপাণির মন্দিরে সেদিন ছিল মঙ্গলবার। বুধ ও इहन्लिक कृषिन कांहेल ध्यादि। खांक ১৩৬১ नाल्य २३८म खासिन, एक्वात । आधिन मात्र चात्र कृतिन शरतहे (नव हरत वारव । शारत वस चत्र नीराज्य व्यवका कर्या निकार निकार कार्य करें कि निकार करा निकार अध्यादे निकार करा कि कि निकार करा कि कि कि कि कि यांखा कबटक हरत। चलाझ नगरबन गरबार नगारे त्य यांब गाँठेवी अहिरब , দোতলা বেকে নেমে দেই বোর কুয়াশার মধোই আদিভোশ্বর মন্দিরে এসে ্ৰভো হলাম। মোহান্তকী তাঁর লছমন ভেইয়াকে সলে নিয়ে গেলেন তাঁদের ওকুলাতা পুরোহিতকীর কাছে বিদায় নিতে ৷ এই সুযোগে আমরা প্রাত্তঃকৃত্য त्नद्व नर्मात्र चाटि नामनाम मा-नर्माटक ज्लार्थ कदछ। जामता कदतककन हान् करत निभाव। चर्नाकर हान करामन ना। याशका किरत আসতেই লক্ষণভারতীলী 'হর নর্মদে' ধানি তুলে সকসকে সলে নিয়ে यथां ब्रीजि मन्दि शतिकमा करत नाकाल धनाम निर्देशन कत्रानन कर्मान वामिट्डाब्र अंदर डांब 'नीबाकाबा' शुबी या नर्यमात हत्रत्।